প্রকাশেতি। প্রকাশবহুলঃ অতিশয়েন প্রতিভাশালী, ধীরো ধৈর্য্যশালী, নির্বিধিৎসঃ সর্ব্বিরতকার্য্যকরণানিচ্ছুঃ। ধীমান্ বুদ্ধিমান্, দান্তো জিতেন্দ্রিয়ঃ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

২৮—৩১॥ দুর্হ্ণীকঃ দুঃস্থেন্দ্রিয়ঃ ॥৩২॥ বিধিৎসা বিশেষতৃষ্ণা, ধেট্ পানে অস্য রূপম্। প্রবৃত্তবাক্যঃ প্রবৃত্তিবাক্। অনসূয়কঃ পরদোষাদর্শী। তত্র হেতুঃ বিধিৎসমান ইতি। স্তব্ধো নমস্কারাদ্যকরণম্, মানস্তদ্ধেতুমহত্ত্বাভিমানস্তদ্বদ্ভবান্ ॥৩৩—৩৪॥ লোকবৃত্তে রজ-

তমোগুণের কার্য্য—মোহ, রজোগুণের কার্য্য—প্রবৃত্তি এবং সত্ত্বগুণের কার্য্য—সাতিশয় প্রকাশ। সুতরাং এগুলির মধ্যে সত্ত্বগুণকেই প্রধান বলা হয় ॥৩১॥

তামস লোক—অত্যন্ত অজ্ঞান, মূঢ়, নিদ্রালু, বিকৃতচিত্ত, বিকলেন্দ্রিয়, অজ্ঞানবশতঃ কার্য্যভ্রষ্ট, ক্রোধী ও অলস হয় ॥৩২॥

ব্রহ্মর্ষি! যে লোক রজোগুণবহুল, সে লোক—বহুভাষী, মন্ত্রণানিপুণ, মনুষ্যপ্রধান, অসূয়াশূন্য, সর্ব্বদা কার্য্যকরণেচ্ছু, জড় ও গর্বিত হয় ॥৩৩॥

যে লোক অত্যন্ত প্রতিভাসম্পন্ন, ধৈর্য্যশীল, সর্ব্বদা কার্য্যকরণে অনিচ্ছু, অসূয়াশূন্য, ক্রোধহীন, বুদ্ধিমান্ ও জিতেন্দ্রিয়, সেই লোক সাত্ত্বিক ॥৩৪॥

সাত্ত্বিকস্ত্বথ সম্বুদ্ধো লোকবৃত্তৈর্ন লিপ্যতে।
যদা বুধ্যতি বোদ্ধব্যং লোকবৃত্তং জুগুপ্সতে ॥৩৫॥
বৈরাগ্যস্য চ রূপন্তু পূর্বমেব প্রবর্ত্ততে।
মৃদুর্ভবত্যহঙ্কারঃ প্রসীদত্যার্জবঞ্চ যৎ ॥৩৬॥
ততোঽস্য সর্ব্বদ্বন্দ্বানি প্রশাম্যন্তি পরস্পরম্।
ন চাস্যাসংযমো নাম কচিদ্ভবতি কশ্চন ॥৩৭॥
শূদ্রযোনৌ হি জাতস্য সদ্গুণানুপতিষ্ঠতঃ।
বৈশ্যত্বং ভবতি ব্রহ্মন্! ক্ষত্রিয়ত্বং তথৈব চ ॥৩৮॥

ভারতকৌমুদী

সাত্ত্বিক ইতি। সম্বুদ্ধো জ্ঞানবান্, অতএব লোকানাং বৃত্তৈর্ব্যবহারৈর্ন লিপ্যতে। তত্র হেতুমাহ যদেতি। যদা যতঃ, বোদ্ধব্যং তত্ত্বং বুধ্যতি, অতো লোকবৃত্তং জুগুপ্সতে ॥৩৫॥

বৈরাগ্যস্যেতি। রূপং লক্ষণম্। তীব্রোঽহঙ্কারঃ মৃদুর্ভবতি। আর্জবং সারল্যম্ ॥৩৬॥

তত ইতি। সর্ব্বদ্বন্দ্বানি মানাপমানাদীনি, প্রশাম্যন্তি নিবর্ত্তন্তে ॥৩৭॥

শূদ্রেতি। উপতিষ্ঠতঃ সেবমানস্য। বৈশ্যত্বং বৈশ্যতুল্যত্বম্। এবমন্যত্র ॥৩৮॥

ভারতভাবদীপঃ

সুমঃকার্য্যো, যদা যতঃ তত্ত্বজুগুপ্সতে নিন্দতি ॥৩৫॥ বিরাগস্য রাগহীনস্য, রূপং লক্ষণম্, মৃদুঃ স্তম্ভাদিহীনঃ, আর্জবমকৌটিল্যম্ ॥৩৬॥ দ্বন্দ্বানি মানাপমানাদীনি ॥৩৭॥ জাতস্যেতি

তা'র পর, সাত্ত্বিক লোক জ্ঞানবান্ হন বলিয়া লোকব্যবহারে লিপ্ত হন না। যে হেতু, তিনি জ্ঞাতব্য তত্ত্ব জানেন বলিয়া লোকব্যবহারের নিন্দাই করেন ॥৩৫॥

সাত্ত্বিকলোকের পূর্ব্বেই বৈরাগ্যের লক্ষণ প্রকাশ পায় এবং তীব্র অহঙ্কার কোমল হয় এবং সরলতা উপস্থিত হয় ॥৩৬॥

তাহার পর সাত্ত্বিকলোকের মান ও অপমানপ্রভৃতি সমস্ত দ্বন্দ্ব পরস্পর নিবৃত্তি পায় এবং কোন সময়েও তাঁহার কোনপ্রকার অসংযম উপস্থিত হয় না ॥৩৭॥

ব্রাহ্মণ! মানুষ যদি শূদ্রযোনিতে জন্মিয়াও সদ্গুণের সেবা করে, তবে তাহার বৈশ্যত্ব ও ক্ষত্রিয়ত্ব হইতে পারে ॥৩৮॥

---

(৩৫)…লোকবৃত্তৈর্ন লিপ্যতে…বা ব কা পি। (৩৬) বিরাগস্য চ রূপন্তু…বা ব কা পি। (৩৭)…ন চাস্য সংশয়ো নাম…বা ব কা…ন চাস্য সংযমো নাম…পি। (৩৮)…বৈশ্যত্বং লভতে ব্রহ্মন্…বা ব কা পি।

আর্জবে বর্ত্তমানস্য ব্রাহ্মণ্যমভিজায়তে।
গুণাস্তে কীর্ত্তিতাঃ সর্ব্বে কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং দ্বিজব্যাধসংবাদে অষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(:০:)———

উনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ

———:(*):———

ব্রাহ্মণ উবাচ।
পার্থিবং ধাতুমাসাদ্য শারীরোঽগ্নিঃ কথং ভবেৎ।
অবকাশবিশেষেণ কথং বর্ত্তয়তেঽনিলঃ ॥১॥

ভারতকৌমুদী

আর্জব ইতি। আর্জবে সারল্যে, বর্ত্তমানস্য শূদ্রযোনৌ জাতস্যেতি সম্বন্ধঃ ॥৩৯॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়ামষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(:*:)———

পার্থিবমিতি। অগ্নিঃ, পার্থিবং পার্থিববহুলমেব ধাতুং মাংসরূপাদিমাসাদ্য কথং শারীরঃ শরীরস্থো ভবেৎ, যেনান্নাদিকং পরিপাচয়েৎ। বহিঃপাষাণাদাবিব শারীরে পার্থিবে ধাতৌ অগ্নেঃ স্থিত্যসম্ভব ইতি প্রশ্নাশয়ঃ। কিঞ্চ অনিলঃ শারীরো বায়ুঃ, অবকাশবিশেষেণ কথং বর্ত্তয়তে রসরক্তাদিকং চালয়তি ॥১॥

ভারতভাবদীপঃ

কর্ম্মণি যঃ। বৈশ্যত্বং কৃত্ত, সদ্গুণবত্বং বৈশ্যত্বাদয়ঃ স্বয়মায়ান্তীতি গুণকৃত এব বর্ণবিভাগো ন জাতিকৃত ইতি ভাবঃ ॥৩৮॥ ব্রাহ্মণ্যং ব্রহ্মবিত্বম্ ॥৩৯॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৮॥

———:০:———

আর যদি সে সরল হয়, তবে তাহার ব্রাহ্মণত্বও জন্মিতে পারে। এই আপনার নিকট সমস্ত গুণের বিষয় বলিলাম; এখন আর কি শুনিতে ইচ্ছা করেন? ॥৩৯॥

———:(০):———

* '…সপ্তাধিক…' পি, '…একাদশাধিক…' বা ব, '…দ্বাদশাধিক…' কা, অধ্যায়-সমাপ্তির্নাস্তি নি।

মার্কণ্ডেয় উবাচ ।

প্রশ্নমেতং সমুদ্দিষ্টং ব্রাহ্মণেন যুধিষ্ঠির ! ।
ব্যাধস্তু কথয়ামাস ব্রাহ্মণায় মহাত্মনে ॥২॥

ব্যাধ উবাচ ।

মূর্দ্ধানমাশ্রিতো বহ্নিঃ শরীরং পরিপালয়ন্ ।
প্রাণো মূর্দ্ধনি চাগ্নৌ চ বর্ত্তমানো বিচেষ্টতে ॥৩॥
ভূতং ভব্যং ভবিষ্যচ্চ সর্ব্বং প্রাণে প্রতিষ্ঠিতম্ ।
শ্রেষ্ঠং তদেব ভূতানাং ব্রহ্মযোনিমুপাস্মহে ॥৪॥

ভারতকৌমুদী

প্রশ্নমিতি। প্রশ্নং প্রশ্নবিষয়ম্, সমুদ্দিষ্টং সমুল্লিখিতম্ ॥২॥

মূর্দ্ধানমিতি। বায়ুকৃতধাতুসংঘর্ষজাতো বহ্নিঃ, মূর্দ্ধানং তদবধিমবয়বম্ আশ্রিতঃ সন্ শরীরং পরিপালয়ন্ বর্ত্ততে। কিঞ্চ প্রাণো বায়ুঃ, মূর্দ্ধনি চ ষোৎপাদিতে অগ্নৌ চ বর্ত্তমানঃ, বিচেষ্টতে হৃদাদৌ স্পন্দতে ॥৩॥

ভারতভাবদীপঃ

জ্ঞানক্রিয়াশক্তিমতোর্ধীপ্রাণয়োরাত্মত্বমগ্নির্মূর্দ্ধা দিবঃ ককুৎপতিঃ পৃথিব্যা অয়ম্। অপাং রেতাংসি জিন্বতীতি মন্ত্রপ্রকাশিতং বক্তুমারভতে পার্থিবমিতি। পার্থিবং পৃথিবী-বাহুল্যাৎ ধাতুং ত্বগাদিময়ং দেহম্, আসাদ্য প্রাপ্য প্রকাশপ্রবৃত্তিমোহাত্মাশ্রয়েঽগ্নির্বিজ্ঞানাখ্য-স্তেজোধাতুঃ শারীরঃ শরীরাভিমানী কথং ভবেৎ; অবকাশবিশেষেণ নাড়ীমার্গভেদেন বর্ত্তয়তে শরীরং চেষ্টয়তে ॥১—২॥ মূর্দ্ধনি সহস্রারে স্থিতত্বাৎ শ্রেষ্ঠত্বাচ্চ মূর্দ্ধানং চিদাত্মানম্ অগ্নির্বিজ্ঞানাখ্যাশ্রিতস্তদুপাধিত্বাৎ প্রাপ্তঃ সন্ শরীরং পরিপালয়ন্ চিৎপ্রতিবিম্বং প্রাপ্য ধীধাতুঃ শরীরং চেতয়তীত্যর্থঃ। এতেনাগ্নির্মূর্দ্ধেতি পদদ্বয়ং ব্যাখ্যাতম্। প্রাণস্তু তয়ো রুভয়োরপ্যুপাধিরিত্যাহ প্রাণ ইতি। এতেন চিদ্বিজ্ঞানং দ্বয়ং বায়ুশব্দিতং তচ্চ ককুদিব ককুৎ চালকত্বয়া শ্রেষ্ঠঃ প্রাণ ইত্যুক্তম্ ॥৩॥ অস্য ককুত্ত্বং ব্যাচষ্টে ভূতমিতি। প্রাণে চিদ্বিজ্ঞানাভ্যাং যুক্তে সূত্রাত্মরূপে ব্রহ্মকার্য্যরূপং যোনিং বিরাড়াদেঃ ॥৪॥ সঃ চিদ্বিজ্ঞান

ব্রাহ্মণ বলিলেন—'পার্থিববহুল মাংসপ্রভৃতি ধাতু অবলম্বন করিয়া 'অগ্নি' কি প্রকারে শরীরে থাকে? এবং বায়ুই বা কি প্রকারে স্থানবিশেষ দ্বারা রস-রক্তাদি চালনা করে?' ॥১॥

মার্কণ্ডেয় বলিলেন—'যুধিষ্ঠির! কৌশিক এইরূপ প্রশ্ন করিলে, ধর্ম্মব্যাধ সেই মহাত্মার নিকট বলিতে লাগিলেন ॥২॥

ধর্ম্মব্যাধ বলিলেন—'বায়ুকৃতধাতুসংঘর্ষজাত অগ্নি মস্তকপ্রভৃতি অবয়বে থাকিয়া শরীর রক্ষা করিতেছে এবং প্রাণবায়ু মস্তকপ্রভৃতি স্থানে এবং সেই অগ্নিতে থাকিয়া স্পন্দিত হইতেছে ॥৩॥

স জন্তুঃ সর্ব্বভূতাত্মা পুরুষঃ স সনাতনঃ।
মহান্ বুদ্ধিরহঙ্কারো ভূতানাং বিষয়শ্চ সঃ ॥৫॥
এবং ত্বিহ স সর্ব্বত্র প্রাণেন পরিপাল্যতে।
পৃষ্ঠতস্তু সমানেন স্বাং স্বাং গতিমুপাশ্রিতঃ ॥৬॥ (যুগ্মকম্)
বস্তিমূলে গুদে চৈব পাবকং সমুপাশ্রিতঃ।
বহন্ মূত্রং পুরীষঞ্চাপ্যপানঃ পরিবর্ত্ততে ॥৭॥

ভারতকৌমুদী

প্রাণবায়ুং স্তৌতি ভূতমিতি। সর্বং কার্য্যং প্রাণে প্রতিষ্ঠিতম্, অসতি প্রাণে তেষামসম্ভবাৎ। তত্তস্মাদেব হেতোঃ, শরীরস্থানাং ভূতানাং মধ্যে শ্রেষ্ঠম্, ব্রহ্মণো জীবস্ত যোনিং স্থিতিকারণং প্রাণমুপাস্মহে দেবমিব সেবামহে ॥৪॥

স ইতি। স জন্তুস্তদাখ্যঃ সনাতনঃ সাংখ্যসম্মতঃ স পুরুষঃ, স মহান্ ব্যাপী পরমাত্মা "তত্ত্বমসি" ইতি শ্রুতেস্তদভিন্নঃ, সর্বেষাং ভূতানামাত্মা জীবঃ, বুদ্ধিরহঙ্কারঃ, ভূতানাং ভৌতিকানামিন্দ্রিয়াণাং স বিষয়ঃ শব্দাদিশ্চ, ইত্যাদিঃ স সর্ব্বো গণঃ, সর্বত্র সর্বেষেব ইহ শরীরেষু প্রাণেনৈব পরিপাল্যতে রক্ষ্যতে, অসতি প্রাণে তেষামপ্যসত্ত্বাৎ। কিঞ্চ পৃষ্ঠতঃ পরতঃ সমানেন তদাখ্যেন বায়ুনাপি, স্বাং স্বাং গতিমবস্থাম্, উপাশ্রিতঃ স জীবাদিঃ পরিপাল্যতে, তস্যাপ্যভাবে তদভাবাৎ ॥৫—৬॥

ভারতভাবদীপঃ

প্রাণানাং সঙ্ঘাতো জন্তুঃ সমষ্টিজীবঃ, সর্বেষাং ভূতানাং কার্য্যকারণরূপাণাম্, আত্মা চেতয়িতা সনাতনঃ পুরুষঃ পরং ব্রহ্ম চ স এব নিরস্তোপাধিঃ সন্ স এবোপাধিপক্ষপাতী সন্ মহদাত্মাত্মা ভবতি, বিষয়শ্চ শব্দাদিঃ স এব। এতেন পতিঃ পৃথিব্যা অয়মিতি দ্বিতীয়ঃ পাদো ব্যাখ্যাতঃ। অয়ং চিদ্বিজ্ঞানপ্রাণসঙ্ঘাতঃ পৃথিব্যাঃ ক্ষেত্রস্তেতি শ্রুতিপদয়োরর্থঃ ॥৫॥ এবমিতি। সর্ব্বত্র অন্তর্ব্বহিশ্চ স্থিতং সর্বং প্রাণেন দেহলীদীপবন্মধ্যস্থেন আন্তরং বিজ্ঞানং বাহ্যং দেহেন্দ্রিয়াদিকঞ্চ পাল্যত ইত্যর্থঃ। অপাং রেতাংসি জিন্বতীত্যন্তপাদং ব্যাচষ্টে পৃষ্ঠত ইত্যাদিনা। "অন্নময়ং হি সৌম্য মন আপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাক্" ইতি শ্রুতেঃ। সাক্ষাৎ পরম্পরয়া বা প্রাণমন-ইন্দ্রিয়াণ্যপাং রেতাংসি জিন্বতি তর্পয়তি সঙ্ঘাতাত্মেতি

ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান সমস্ত কার্য্যই প্রাণে রহিয়াছে। সেই জন্যই শরীরস্থ ভূতগুলির মধ্যে প্রাণবায়ুই শ্রেষ্ঠ ও জীবস্থিতির কারণ; তাই আমরা প্রাণের উপাসনা করি ॥৪॥

(লোকসমাজে) প্রাণী বলিয়া প্রসিদ্ধ, (সাংখ্যমতে) সনাতন পুরুষ বলিয়া বিখ্যাত এবং (বেদান্তমতে) পরমাত্মা বলিয়া প্রথিত—সমস্ত প্রাণীর জীব, আর বুদ্ধি, অহঙ্কার ও শব্দপ্রভৃতি ইন্দ্রিয়বিষয়, সর্ব্বশরীরস্থ এই সমস্তগুলিকেই এক প্রাণ রক্ষা করিতেছে। তা'র পর আপন আপন অবস্থাপ্রাপ্ত ঐ জীবপ্রভৃতিকে সমান বায়ুও রক্ষা করিতেছে ॥৫—৬॥

প্রযত্নে কর্ম্মণি বলে য এষ ত্রিষু বর্ত্ততে।
উদানমিতি তং প্রাহুরধ্যাত্মবিদুষো জনাঃ ॥৮॥
সন্ধৌ সন্ধৌ সন্নিবিষ্টঃ সর্ব্বেষ্বপি তথাঽনিলঃ।
শরীরেষু মনুষ্যাণাং ব্যান ইত্যুপদিশ্যতে ॥৯॥
ধাতুষ্বগ্নিস্তু বিততঃ স তু বায়ুসমীরিতঃ।
রসান্ ধাতূংশ্চ দোষাংশ্চ বর্ত্তয়ন্ পরিধাবতি ॥১০॥

ভারতকৌমুদী

বস্তীতি। পাবকং জঠরানলং সমুপাশ্রিতঃ অপানো নাম বায়ুঃ, মূত্রং বহন্ বস্তিমূলে নাভেরধোদেশে, পুরীষঞ্চ বহন্ গুদে পায়ুদেশে পরিবর্ত্ততে। স এব চ মূত্রং পুরীষঞ্চ নিঃসারয়তি ॥৭॥

প্রযত্ন ইতি। জনাঃ, অধ্যাত্মবিদুষো জনাদাকর্ণ্যেতি শেষঃ, প্রযত্নে কার্য্যচেষ্টায়াম্, কর্ম্মণি গমনাদৌ, বলে ভারোত্তোলনাদিশক্তৌ চ এষু ত্রিষু য এষ বর্ত্ততে, তং বায়ুম্ উদানং প্রাহুরিতি ॥৮॥

সন্ধাবিতি। তথা যোঽনিলঃ, মনুষ্যাণাং সর্ব্বেষু শরীরেষু, সন্ধৌ সন্ধৌ প্রত্যেকসন্ধিস্থানে, সন্নিবিষ্টঃ তত্তদঙ্গচালনায় স্থিতঃ, স ব্যান ইত্যুপদিশ্যতে ॥৯॥

ধাতুষ্বিতি। ধাতুষু মাংসাদিষু, বিততো ব্যাপ্য স্থিতঃ, বায়ুভিঃ প্রাণাদিভিঃ সমীরিতঃ সর্ব্বাঙ্গেষু সঞ্চালিতঃ, সঃ অগ্নিস্তু, রসান্ ভুক্তদ্রব্যদ্রবান, ধাতূন্ মাংসাদীন্, দোষান্ বাতপিত্ত-কফাংশ্চ, বর্ত্তয়ন্ পরিণময়ন্, পরিধাবতি ॥১০॥

ভারতভাবদীপঃ

শ্রুতিপদানামর্থঃ। পূর্ব্বতঃ উপাধ্যায়েণাজীবত্বপ্রাপ্ত্যনন্তরং সমানেন ইত্থম্ভাবে তৃতীয়া, স্বাং স্বাং পৃথক্পৃথগ্ভূতাং গতিম্ আশ্রিতো ভবতি, সমানবায়ুঃ প্রাপ্তঃ পাবকং জাঠরমাশ্রিতঃ সন্ বস্তি-মূলং মূত্রাশয়ং গুদং পুরীষাশয়ঞ্চ জাঠরস্থঃ সমানোঽশিতপীতাদিকং পাচয়িত্বাপানরূপী ভূত্বা স্বং স্বং স্থানং নয়তীত্যর্থঃ। শ্লোকদ্বয়ম্ ॥৬—৭॥ কর্ম্ম গমনাদিপ্রযত্নস্তদনুকূলা চেষ্টা, বলং ভারোদ্যমনাদৌ সামর্থ্যম্, বিদুষঃ সকাশাৎ শ্রুত্বেতি শেষঃ ॥৮—৯॥ ধাতুষু ত্বগাদিষু অগ্নি-র্জাঠরঃ, বিততো ব্যাপ্তঃ, রসাদীন্ পরিবর্ত্তয়ন্ পরিণাময়ন্ রসান্ অন্নাদীন্ ধাতূংস্ত্বগাদীন্

জঠরানলসংশ্রিত অপানবায়ু মূত্র ও বিষ্ঠা বহন করিতে থাকিয়া নাভির নিম্নভাগে এবং মলদ্বারে অবস্থান করিতেছে ॥৭॥

বুদ্ধিমান্ লোকেরা আত্মতত্ত্বজ্ঞ লোকের নিকট শুনিয়া বলিয়া থাকেন যে, যত্ন, ক্রিয়া ও বল এই তিনটীর উপরে যে বায়ু থাকে, তাহার নাম—'উদান' ॥৮॥

আর, প্রাণিগণের সমস্ত শরীরে প্রত্যেক সন্ধিস্থানে যে বায়ু থাকে, তাহাকে 'ব্যানবায়ু' বলা হয় ॥৯॥

অগ্নি, শরীরের সমস্ত ধাতুতে ব্যাপ্ত থাকিয়া এবং প্রাণাদিবায়ুকর্ত্তৃক

প্রাণানাং সন্নিপাতাচ্চ সন্নিপাতঃ প্রজায়তে।
উষ্মা চাগ্নিরিতি জ্ঞেয়ো যোঽন্নং পচতি দেহিনাম্ ॥১১॥
অপানোদানয়োর্মধ্যে প্রাণব্যানৌ সমাহিতৌ।
সমন্বিতস্ত্বধিষ্ঠানং সম্যক্ পচতি পাবকঃ ॥১২॥
অস্যাপি পায়ুপর্য্যন্তস্তথা স্যাদ্গুদসংজ্ঞিতঃ।
স্রোতাংসি তস্মাজ্জায়ন্তে সর্ব্বপ্রাণেষু দেহিনাম্ ॥১৩॥

ভারতকৌমুদী

অথ শরীরে অগ্নিঃ কুত ইত্যাহ প্রাণানামিতি। প্রাণানাং প্রাণাদীনাং পঞ্চানাং বায়ূনাম্, সন্নিপাতাম্মেলনাৎ, সন্নিপাতঃ সংঘর্ষঃ প্রজায়তে। তেন চ উষ্মা প্রজায়তে, কাষ্ঠসংঘর্ষেণ অগ্নিরিবেতি ভাবঃ, স এব চাগ্নিরিতি জ্ঞেয়ঃ। যশ্চাগ্নিঃ, দেহিনামন্নং ভুক্তমন্নাদিকং পচতি ॥১১॥

অপানেতি। "হৃদি প্রাণো গুদেঽপানঃ সমানো নাভিসংস্থিতঃ। উদানঃ কণ্ঠদেশস্থো ব্যানঃ সর্ব্বশরীরগঃ।" ইত্যমরটীকায়াং রঘুনাথধৃতং বচনম্। তথা চ গুদকণ্ঠস্থয়োরপানোদানয়োর্মধ্যে প্রাণব্যানৌ সমাহিতৌ বিধাত্রা নিহিতৌ। সন্দংশপাতন্যায়াৎ সমানস্যাপি তয়োর্মধ্যে নিধানং জ্ঞেয়ম্। ব্যানস্য সর্বশরীরগতত্বেঽপি তন্মূলস্য তন্মধ্যগতত্বেন তন্মধ্যসমাধানোক্তিঃ সঙ্গচ্ছতে। পাবকো জঠরানলস্ত অধিষ্ঠানং পক্বাশয়ং সমন্বিতঃ প্রাপ্তঃ সন্, অন্নাদিকং সম্যক্ পচতি ॥১২॥

ভারতভাবদীপঃ

দোষান্ পিত্তাদীন্ ॥১০॥ কথং বর্ত্তয়তেঽনিশ ইতি পৃষ্টং তত্রাহ প্রাণানামিতি। সন্নিপাতঃ সঙ্ঘর্ষস্তজ্জ উষ্মাগ্নির্জাঠরো ভবতি ॥১১॥ সন্নিপাতং ব্যাকরোতি সমানেতি। নাভিস্থঃ সমানঃ হৃদিস্থঃ প্রাণ এতি গুদস্থোঽপানঃ কণ্ঠস্থমুদানমেতি তেন প্রাণাপানসমানানাং নাভিদেশে সঙ্ঘর্ষেণ সমন্বিতো নিষ্পাদিতঃ অধিষ্ঠানং সপ্তধাতুময়ং শরীরং সম্যক্ পচতি বৃদ্ধ্যাদি-

---

সঞ্চালিত হইয়া রস, ধাতু, বায়ু, পিত্ত ও কফকে পরিণত করিতে থাকিয়া বিচরণ করিতেছে ॥১০॥

প্রাণ, সমান, অপান, উদান ও ব্যান এই পাঁচটী বায়ুর সম্মেলনে একটী সংঘর্ষ জন্মে; তাহাতে একপ্রকার উষ্মা উৎপন্ন হয়; সেই উষ্মাকেই অগ্নি বলিয়া জানিবেন; যে অগ্নি প্রাণিগণের ভুক্ত অন্নপ্রভৃতিকে পরিপাক করিয়া থাকে ॥১১॥

(অপানবায়ু গুহ্যদেশে, সমানবায়ু নাভিদেশে, প্রাণবায়ু হৃদয়দেশে, উদানবায়ু কণ্ঠদেশে এবং ব্যানবায়ু সমস্ত শরীরে রহিয়াছে) সুতরাং প্রাণবায়ু ও সমানবায়ু এবং ব্যানবায়ুর মূল—অপান ও উদানবায়ুর মধ্যে স্থাপিত আছে। আর, জঠরাগ্নি পাকস্থলীতে থাকিয়া ভুক্ত বস্তুকে যথাযথভাবে পরিপাক করিতেছে ॥১২॥

---

(১২) সমানোদানয়োর্মধ্যে প্রাণাপানৌ সমাহিতৌ···বা ব কা পি।

অগ্নিবেগবহঃ প্রাণো গুদান্তে প্রতিহন্যতে।
স ঊর্দ্ধমাগম্য পুনঃ সমুৎক্ষিপতি পাবকম্ ॥১৪॥
পক্কাশয়ত্ত্বধো নাভ্যা ঊর্দ্ধমামাশয়ঃ স্থিতঃ।
নাভিমধ্যে শরীরস্য প্রাণাঃ সর্ব্বে প্রতিষ্ঠিতাঃ ॥১৫॥

ভারতকৌমুদী

অন্তেতি। অন্তাপি পাবকস্য, পায়ুপর্য্যন্তো দেশঃ অধিষ্ঠানস্থানম্, স চ দেশঃ গুদসংজ্ঞিতঃ স্যাৎ। তস্মাদ্গুদাদারভ্য দেহিনাং সর্বপ্রাণেষু সর্বপ্রাণপ্রসরণস্থানেষু, স্রোতাংসি সূক্ষ্মা রসরক্তপ্রবাহাঃ, জায়ন্তে প্রসৃতানি ভবন্তি ॥১৩॥

অগ্নীতি। অগ্নিনা জনিতং বেগং বহতীতি স তাদৃশঃ প্রাণো বায়ুঃ, গুদান্তে তন্মাংসাদিনা প্রতিহন্যতে। তেন চ স প্রাণঃ পুনরূর্দ্ধমাগম্য, জঠরস্থং পাবকং সমুৎক্ষিপতি। অত-এব হৃদয়াদৌ তাপ উপলভ্যত ইত্যাশয়ঃ ॥১৪॥

পক্কেতি। নাভ্যা অধোদেশে পক্কাশয়ঃ পাকস্থলী, নাভ্যা ঊর্দ্ধং দেশং প্রাপ্য চ আমাশয় আমস্থলী স্থিতঃ। সর্বে প্রাণাঃ প্রাণাদয়ঃ পঞ্চ বায়বঃ, শরীরস্য নাভিমধ্যে প্রতিষ্ঠিতাঃ। মূলপ্রতিষ্ঠয়ৈব তেষাং প্রতিষ্ঠা বেদিতব্যা ॥১৫॥

ভারতভাবদীপঃ

পরিণামং নয়তি ॥১২॥ অন্ত পাবকস্য পায়ুপর্য্যন্তে। গুদপ্রবেশো গুদসংজ্ঞিতোঽপানো ভবতি স্রোতাংসি নাড়ীমার্গাঃ তস্মাদপানাৎ প্রাণেষু প্রাণাদিষু পঞ্চসু প্রাণাদিভ্যঃ পাবকোৎপত্তিঃ পাবকাচ্চাপানদ্বারা প্রাণাদ্যুৎপত্তির্ভবতীতি প্রঘট্টকার্থঃ ॥১৩॥ এতদেবোপপাদয়তি অগ্নীতি। অগ্নিবেগাৎ কন্দুকবদূর্দ্ধমুৎপ্লুতঃ প্রাণো গুদান্তে প্রতিহতঃ পুনরুৎপতন্নগ্নিমপ্যুৎক্ষিপতীত্যর্থঃ। দৃশ্যতে চাগ্নিবেগাৎ বাষ্পবায়ুবৃদ্ধির্ব্বায়ুবেগাচ্চাগ্নিবৃদ্ধিঃ, তথা চ প্রাণরোধে সতি জাঠরং ভয়ং নিবর্ত্ততেঽতঃ প্রাণো রোদ্ধব্য ইতি ভাবঃ ॥১৪॥ জাঠরনিরোধে সর্ব্বেষামিন্দ্রিয়াণাং নিরোধো ভবতীত্যাশয়েনাহ পক্কেতি। পক্কাশয়ঃ পক্কান্নস্থানম্, আমাশয়ঃ অপক্কান্নস্থানম্। নাভিমধ্যে ইতি তাৎস্থ্যাজ্জাঠরে প্রাণা ইন্দ্রিয়াণি প্রতিষ্ঠিতা লীনা ভবন্তীত্যর্থঃ ॥১৫॥ সর্ব্বে রসাঃ হৃদয়াৎ

এই জঠরানলের স্থানও গুহ্যদেশপর্য্যন্ত এবং সেই স্থানটাকেই 'গুদ' বলে, আর সেই স্থান হইতেই দেহস্থ সমস্ত বায়ুর সঞ্চরণস্থানে রস-রক্তাদির ক্ষুদ্র ক্ষুদ্র স্রোত বহিয়া থাকে ॥১৩॥

অগ্নির বেগবাহী প্রাণবায়ু গুদের প্রান্তে আসিয়া প্রতিহত হয়; সুতরাং সেই প্রাণবায়ুই আবার উপরের দিকে যাইতে থাকিয়া জঠরাগ্নিকেও উত্তোলন করে ॥১৪॥

নাভির নিম্নে পাকস্থলী এবং উপরে আমাশয় রহিয়াছে; আর প্রাণপ্রভৃতি সকল বায়ুরই মূলভাগ শরীরের নাভিমধ্যে আছে ॥১৫॥

(১৫) পক্কাশয়মধ্যে নাভ্যাম্···বা ব কা পি।

প্রবৃত্তা হৃদয়াৎ সর্ব্বাস্তির্য্যগূর্দ্ধমধস্তথা।
বহন্ত্যন্নরসান্ নাড্যো দশ প্রাণপ্রচোদিতাঃ ॥১৬॥
যোগিনামেষ মার্গস্তু যেন গচ্ছন্তি তৎ পরম্।
জিতক্লমাঃ সমা ধীরা মূর্দ্ধন্যাত্মানমাদধুঃ।
এবং সর্ব্বেষু বিততৌ প্রাণাপানৌ হি দেহিষু ॥১৭॥
একাদশবিকারাত্মা কলাসম্ভারসম্ভৃতঃ।
মূর্ত্তিমন্তং হি তং বিদ্ধি নিত্যং কর্ম্মজিতাত্মকম্ ॥১৮॥

ভারতকৌমুদী

প্রবৃত্তা ইতি। হৃদয়াদ্বক্ষোদেশাৎ তির্য্যক্ ঊর্দ্ধম্ অধশ্চ প্রবৃত্তাঃ প্রসৃতাঃ সর্ব্বা এব দশ নাড্যঃ শিরাঃ, প্রাণৈর্যথাসম্ভবং প্রাণাদিবায়ুপঞ্চকেন প্রচোদিতাঃ পরিচালিতাঃ সত্যঃ, সর্ব্বাঙ্গেষু অন্নরসান্ বহন্তি উদ্বা নয়ন্তি ॥১৬॥

যোগিনামিতি। জিতক্লমা অভ্যাসেন নিরায়াসাঃ, সমাঃ শত্রুমিত্রয়োঃ সমভাবাপন্নাঃ, যে ধীরা জ্ঞানিনঃ, মূর্দ্ধনি মূর্দ্ধস্থিতসহস্রদলপদ্মগতপরমাত্মনি, আত্মানং জীবম্, আদধুঃ সংস্থাপয়ন্তি, বর্ত্তমানে পরোক্ষাপ্রয়োগ আর্ষঃ, তে ধীরা যেন মার্গেণ, তৎ পরং ব্রহ্ম গচ্ছন্তি, তেষাং যোগিনাম্, এষ পায়ুপ্রভৃতিমূর্দ্ধপর্য্যন্তো মার্গঃ। সর্ব্বেষু দেহিষু, প্রাণাপানৌ উপলক্ষণ-ত্বাৎ প্রাণাদয়ঃ পঞ্চ বায়বঃ, এবমুক্তক্রমেণ বিততৌ ব্যাপ্তৌ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

হৃদয়ং প্রাপ্য দশভিঃ প্রাণৈঃ প্রেরিতাঃ। তে চ প্রাণাদয়ঃ পঞ্চ নাগকূর্ম্মকৃকলদেবদত্তধনঞ্জয়াশ্চ পঞ্চ ॥১৬॥ এষ মূর্দ্ধাদিপায়ুপর্য্যন্তঃ তৎপরং ব্রহ্ম মূর্দ্ধনি সুষুম্নয়া নাড্যা সহস্রারং প্রাপ্য যে তত্রাত্মানং প্রাণোপাধিমাহিতবন্তস্তে গচ্ছন্তি দেহিষু জীবদ্দেহেষু, সর্ব্বেষামপ্যেষ মার্গো গন্তুং যোগ্য ইতি ভাবঃ ॥১৭॥ ন কেবলং প্রাণরোধ এব পুরুষার্থঃ কিন্তু তৎসাধ্যং বিজ্ঞানমিত্যাহ একাদশেত্যাদিনা। "স প্রাণন্নেব প্রাণো নাম ভবতি। বদন্ বাক্, পশ্যন্ চক্ষুঃ, শৃণ্বন্ শ্রোত্রম্, মন্বানো মনঃ" ইতি শ্রুতেরেকাদশবিকারা লিঙ্গশরীরং তদাত্মা তত্তাদাত্ম্যং গতঃ। যদ্যপি "পঞ্চপ্রাণমনোবুদ্ধিদশেন্দ্রিয়সমন্বিতম্। অপঞ্চীকৃতভূতোত্থং সূক্ষ্মাঙ্গং ভোগসাধনম্" ইতি

বক্ষঃস্থল হইতে ঊর্দ্ধ, অধঃ ও তির্য্যক্ দিকে দশটী শিরা গিয়াছে; সেই শিরাগুলি প্রাণপ্রভৃতি বায়ুকর্ত্তৃক সঞ্চালিত অন্নরসপ্রভৃতি সকল শরীরে বহন করিয়া লইয়া যায় ॥১৬॥

ক্লান্তিশূন্য ও শত্রু–মিত্রে সমভাবাপন্ন যে জ্ঞানীরা মস্তকস্থিত সহস্রদল-পদ্মগত পরমাত্মাতে জীবাত্মাকে সংস্থাপিত করেন, সেই জ্ঞানীরা যে পথে যাইয়া পরব্রহ্ম লাভ করেন, যোগিগণের এই সেই (পায়ু হইতে মস্তকপর্য্যন্ত) পথ। সমস্ত জীবদেহেই এই ভাবে প্রাণাদি পঞ্চ বায়ু ব্যাপ্ত রহিয়াছে ॥১৭॥

(১৬) প্রবৃত্তা হৃদয়াৎ সর্ব্বে…বা ব কা নি।

তস্মিন্ যঃ সংস্থিতো হ্যগ্নির্নিত্যং স্থাল্যামিবাহিতঃ।
আত্মানং তং বিজানীহি নিত্যং যোগজিতাত্মকম্ ॥১৯॥
দেবো যঃ সংস্থিতস্তস্মিন্ অব্বিন্দুরিব পুষ্করে
ক্ষেত্রজ্ঞং তং বিজানীহি নিত্যং যোগজিতাত্মকম্ ॥২০॥

ভারতকৌমুদী

একেতি। একাদশসু মনঃসহিতদশেন্দ্রিয়রূপেষু বিকারেষু আত্মা প্রতিবিম্বিততয়া স্বরূপং যস্ত সঃ, তথা কলাসম্ভারেণ পঞ্চমহাভূতাংশসমূহেন সম্ভৃতঃ অন্তর্গতীকৃতো জীবঃ, অয়ঃপিণ্ডেন বহ্নিরিবেতি ভাবঃ। অতএব তং জীবম্, অমূর্ত্তমপি মূর্ত্তিমন্তম্, তথা অকর্ম্মাণমপি দেহ-কর্ম্মভিঃ জিতাত্মকং বিজিতরূপং কর্ম্মবন্তমিত্যর্থঃ, নিত্যং বিদ্ধি জানীহি ॥১৮॥

তস্মিন্নিতি। স্থাল্যাম্ আহিতঃ স্থাপিতঃ অগ্নিরিব, তস্মিন্ একাদশবিকারাত্মকে লিঙ্গদেহে প্রতিবিম্বরূপেণ, কলাসম্ভারাত্মকে স্থূলদেহে চ গৃহস্থদীপরূপেণ যঃ সংস্থিতঃ, তম্, যোগেন লিঙ্গদেহস্থূলদেহসম্বন্ধেন জিতাত্মকং বিজিতস্বরূপং লৌহপিণ্ডগতবহ্নিমিব তদভিন্নী-কৃতমিত্যর্থঃ, আত্মানং জীবং নিত্যং বিজানীহি ॥১৯॥

দেহ ইতি। পুষ্করে পদ্মপত্রে অব্বিন্দুর্জলবিন্দুরিব, তস্মিন্ দেহদ্বয়ে, যো দেবঃ, নির্লিপ্ত-ভাবেন সংস্থিতঃ, তং যোগজিতাত্মকং ব্যাখ্যাতরূপং ক্ষেত্রজ্ঞং জীবম্, নিত্যং বিজানীহি ॥২০॥

ভারতভাবদীপঃ

সপ্তদশাত্মকং লিঙ্গং তথাপি মনসি বুদ্ধের্দশেন্দ্রিয়েষু সামান্যা করণবৃত্তিঃ প্রাণাদ্যা বায়বঃ পঞ্চেতি সাংখ্যমতেন প্রাণপঞ্চকস্য চান্তভাবং বিবক্ষিত্বা একাদশবিকারাত্মেতি জ্ঞেয়ম্। কলা ষোড়শ প্রাণঃ শ্রদ্ধাখ্যং বায়ুর্জ্যোতিরাপঃ পৃথিবীন্দ্রিয়ং মনোঽন্নং বীর্য্যং তপোমন্ত্রাঃ কর্ম্ম লোকা নাম চেতি এতাসাং সম্ভারেণ সম্ভৃতঃ কলারূপোপাধিনঃ মূর্ত্তিহীনমপি মূর্ত্তিমন্তং সূক্ষ্মস্থূলদেহ-বন্তম্ আত্মানং বিদ্ধি বিজানীহি। জ্ঞানসাধনমাহ নিত্যমিতি। যোগেন জিত আত্মা বুদ্ধির্যেন তম্ আত্মানমিত্যুত্তরাদপকৃষ্যতে ॥১৮॥ প্রাণাদিভ্যো জীবং বিবিনক্তি তস্মিন্নিতি। তস্মিন্ কলাসম্ভারে অগ্নিবদাত্মা প্রকাশরূপঃ স্থালীবৎ কলা অপ্রকাশাত্মিকাঃ আত্মানং ত্বংপদার্থম্ ॥১৯॥ অস্য তৎপদার্থাভেদমাহ দেব ইতি। অব্বিন্দুদৃষ্টান্তেনাসঙ্গত্বং দর্শিতম্

একাদশ ইন্দ্রিয় ও পাঞ্চভৌতিক দেহে জীবাত্মা রহিয়াছেন ; তিনি কিন্তু নিরাকার ও নিষ্ক্রিয় ; তথাপি দেহের আকারে ও ক্রিয়াতে তাঁহাকেও সাকার ও সক্রিয় বলিয়া সর্ব্বদা জানিবেন ॥১৮॥

স্থালীর ভিতরে যেমন অগ্নি থাকে, তেমন সেই দেহে যিনি রহিয়াছেন, তাঁহাকে জীবাত্মা বলিয়া জানিবেন ; তিনি নিষ্ক্রিয় হইলেও দেহের ক্রিয়াতেই ক্রিয়াবান্ হন ॥১৯॥

জলবিন্দু যেমন পদ্মপত্রে নির্লিপ্তভাবে থাকে, তেমন যে দেবতা সেই দেহে নির্লিপ্তভাবে আছেন, তাঁহাকে ক্ষেত্রজ্ঞ বলিয়া জানিবেন। দেহের সম্বন্ধ থাকায় তাঁহার স্বরূপ বোঝা যায় না ॥২০॥

জীবাত্মকানি জানীহি রজঃ সত্ত্বং তমস্তথা।
জীবমাত্মগুণং বিদ্ধি তথাত্মানং পরাত্মকম্ ॥২১॥
অচেতনং জীবগুণং বদন্তি স চেষ্টতে চেষ্টয়তে চ সর্বম্।
ততঃ পরং ক্ষেত্রবিদো বদন্তি প্রাকল্পয়দ্‌যো ভুবনানি সপ্ত ॥২২॥

ভারতকৌমুদী

জীবেতি। রজঃ সত্ত্বং তমস্তথা এতানি, জীবাত্মকানি জীবস্য প্রতিবিম্বিততয়া তৎস্বরূপাণি জানীহি, চন্দ্রপ্রতিবিম্ববন্তি জলানীবেতি ভাবঃ। জীবম্, আত্মনঃ অংশিরূপস্যেশ্বরস্য গুণমংশং বিদ্ধি, তথা আত্মানং তমীশ্বরঞ্চ, পরাত্মকং পরব্রহ্মাংশস্বরূপং বিদ্ধি ॥২১॥

অচেতনমিতি। ক্ষেত্রবিদঃ শরীরতত্ত্বজ্ঞাঃ, অচেতনং দেহাদিজড়বর্গম্, জীবস্য গুণং ভোগ্যং বদন্তি। স জীবঃ, চেষ্টতে দেহে তিষ্ঠন্ তৎক্রিয়য়া ক্রিয়াং কুরুতে, সর্বং দেহাদিকঞ্চ, চেষ্টয়তে ক্রিয়াং কারয়তি। যঃ সপ্ত ভুবনানি ভূরাদীনি প্রাকল্পয়ৎ "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" ইত্যাদিশ্রুতেরসৃজৎ, তং পরমাত্মানম্, ততো জীবাৎ, পরমুত্তমং বদন্তি, নিরুপাধিকত্বাদিত্যাশয়ঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

ক্ষেত্রজ্ঞং পরমাত্মানম্ ॥২০॥ নন্বু ত্বংপদার্থঃ সঙ্গী তৎপদার্থোঽসঙ্গঃ কথমনয়োরভেদ ইত্যাশঙ্ক্য বিম্বপ্রতিবিম্বয়োরিবৈক্যাশয়েনাহ জীবাত্মকানীতি। রজ আদিনা প্রকৃত্যাদয়ো ধর্ম্মা জীবাত্মকা উপাধিবিশিষ্টাশ্রিতাশ্চাকল্যাদয় ইব জলচন্দ্রে তং জীবম্ আত্মগুণং ঈশ্বরস্য গুণং ভূতাবৎ প্রেয়াম্ আত্মানম্ ঈশ্বরং পরাত্মকং নির্গুণং বিদ্ধি। অয়মর্থঃ—তরঙ্গতটাকপ্রতিবিম্বকল্পৌ ধীমায়োপাধী জীবেশ্বরৌ নিয়ম্যনিয়ামকৌ; তয়োর্জীব ঈশ্বরাত্মা, ঈশ্বরস্তু বিম্বস্থানীয়াসঙ্গচিদ্রূপ ইতি। তথাচ শ্রুতিঃ—"এক এব তু ভূতাত্মা ভূতে ভূতে ব্যবস্থিতঃ। একধা বহুধা চৈব দৃশ্যতে জলচন্দ্রবৎ" ইতি। ভূতাত্মা নিত্যসিদ্ধচিদাত্মা, একধেতি ঈশ্বররূপেণ, বহুধেতি জীবরূপেণ ॥২১॥ অচেতনং জড়ং শরীরাদি সচেতনমিতি তদেব গ্রাহ্যং তং জীবস্য গুণং ভোগ্যং বদন্তি, স আত্মা চেষ্টতে জীবরূপেণ চেষ্টয়তে ঈশ্বররূপেণ, ততস্তাভ্যাং জীবেশ্বরাভ্যাং পরম্ উৎকৃষ্টং তং বদন্তি যো ভুবনানি সপ্ত ভূরাদীনি প্রাকল্পয়ৎ প্রাবর্ত্তয়ৎ। নন্বু কথং নিরুপাধেঃ প্রবর্ত্তকত্বমুচ্যতে অধিষ্ঠানত্বয়েতি ব্রুমঃ। তথা চ শ্রুতিঃ—"যতো বা ইমানি ভূতানি জায়ন্ত" ইতি। ব্রহ্মণো লক্ষণমুক্ত্বা অন্নময়াদিকোশকারণীভূতানামন্নাদিশব্দিতানাং বিরাড়াদীনাং জগৎকারণত্বম্। "অন্নাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্ত" ইত্যাদিনা স্থূলারুন্ধতীন্যায়েন বিরাড়াদীনি সোপাধিকানি ব্রহ্মাণি উক্ত্বা প্রজ্ঞানঘন এবানন্দভুক্চেতোমুখঃ প্রাজ্ঞস্তৃতীয়ঃ পাদ এষ সর্ব্বেশ্বর ইতি মাণ্ডুক্যশ্রুতিপ্রসিদ্ধস্যানন্দময়স্য ঈশ্বরস্য

সত্ত্ব, রজ ও তম এই তিনটা গুণে জীবের প্রতিবিম্ব পতিত হওয়ায় ঐ তিনটা গুণকে জীবস্বরূপ জানিবেন, জীবকে ঈশ্বরের অংশ জানিবেন এবং ঈশ্বরকে পরব্রহ্মের অংশ জানিবেন ॥২১॥

(২২) সচেতনং জীবগুণম্···বা ব কা।

এবং সর্ব্বেষু ভূতেষু ভূতাত্মা সম্প্রকাশতে ।
দৃশ্যতে ত্বগ্র্যয়া বুদ্ধ্যা সূক্ষ্ময়া জ্ঞানবেদিভিঃ ॥২৩॥
চিত্তস্য হি প্রসাদেন হন্তি কর্ম্ম শুভাশুভম্ ।
প্রসন্নাত্মাত্মনি স্থিত্বা সুখমানন্ত্যমশ্নুতে ॥২৪॥

ভারতকৌমুদী

এবমিতি। ভূতাত্মা জীবঃ, সর্ব্বেষু ভূতেষু, এবং সম্প্রকাশতে। কিন্তু জ্ঞানবেদিভি-স্তত্ত্বজ্ঞানপ্রাপিভিঃ "বিদ. লাভে" ইত্যস্য প্রয়োগাৎ, সূক্ষ্ময়া, অতএব অগ্র্যয়া বুদ্ধ্যা, স জীবো দৃশ্যতে স্বরূপেণ জ্ঞায়তে, ন ত্বজ্ঞানিভিঃ ॥২৩॥

চিত্তস্যেতি। যোগী চিত্তস্য প্রসাদেন হি মৈত্র্যাদিভাবনয়া রাগদ্বেষাদ্যপগমাদ্বৈশদ্যেনৈব প্রাক্তনং শুভাশুভং কর্ম্ম তৎফলং হন্তি নিবর্ত্তয়তি। পরঞ্চ স প্রসন্নাত্মা, আত্মনি স্থিত্বা "তদা দ্রষ্টুঃ স্বরূপেঽবস্থানম্" ইতি যোগসূত্রাৎ যোগেন চিত্তনাশাৎ স্বরূপে স্থিত্বা, সুখমনায়াসং যথা স্যাত্তথা আনন্ত্যং মুক্তিমশ্নুতে ॥২৪॥

ভারতভাবদীপঃ

কারণীভূতে আনন্দাখ্যে ব্রহ্মণি আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্ত ইতি মুখ্যং কারণত্বং ব্যবস্থাপিতম্ ; তথা প্রদেশান্তরেঽপি, "কো হ্যেবান্যাৎ কঃ প্রাণ্যাদ্যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ" ইতি শ্রুতিরাকাশাখ্যে কারণে যদ্যানন্দো ন স্যাত্তর্হি তৎকার্য্যে দেহাদৌ কুতঃ প্রাণনাদি স্যাদিতি তত্রৈব মুখ্যং প্রবর্ত্তকত্বং দর্শয়তি ॥২২॥ নন্বীশ্বরসদ্ভাবে ভুবনপ্রবৃত্তিরেব কারণং দৃশ্যতে, ন তু তদন্তস্য নির্গুণস্য ঈশ্বরস্যৈব তস্যান্যথাসিদ্ধত্বাদিত্যাশঙ্ক্যাহ এবমিতি। ভূতাত্মা নিত্যসিদ্ধ আত্মা আনন্দাখ্যঃ ঐশ্বর্য্যস্য তু ঈশিতব্যসাপেক্ষত্বান্ন নিত্যসিদ্ধত্বং সুপ্তি-প্রলয়য়োরীশিতব্যাভাবাদনীশ্বরত্বাপত্তেরিত্যানন্দস্যৈব নিত্যমৈশ্বর্য্যং মায়য়াভিব্যক্তম্ ইতি ভাবঃ। জ্ঞানং ব্রহ্মাকারাবৃত্তিস্তৎসাক্ষিভিন্নেন বেদ্যাদীশাদন্যস্তৎপ্রকাশক ইতি দর্শিতম্ ॥২৩॥ প্রসন্নাত্মা বৃত্তিজনিতকালুষ্যত্যাগাদ্বিশুদ্ধচিত্তঃ, আত্মনি স্থিত্বা চিত্তসারূপ্যমপি ত্যক্ত্বা সুখম্

শরীরতত্ত্বজ্ঞ মহাত্মারা দেহপ্রভৃতি জড়পদার্থসমূহকে জীবের ভোগ্য বলেন ; সেই জীব দেহের ক্রিয়াদ্বারা ক্রিয়া করেন এবং দেহপ্রভৃতিকে ক্রিয়া করান। আর যিনি সপ্ত ভুবন সৃষ্টি করিয়াছেন, সেই পরমাত্মাকে জীব হইতে শ্রেষ্ঠ বলেন ॥২২॥

এই ভাবে জীব সমস্ত ভূতে প্রকাশ পাইতেছেন ; কিন্তু জ্ঞানীরাই সূক্ষ্ম ও শ্রেষ্ঠ বুদ্ধিদ্বারা তাঁহাকে দেখিতে পান ॥২৩॥

যোগী প্রথমে চিত্তের নির্ম্মলতাদ্বারা প্রাক্তন শুভাশুভ কর্ম্ম নষ্ট করেন, পরে সেই প্রসন্নাত্মা স্বরূপে থাকিয়া অনায়াসে মুক্তি লাভ করেন ॥২৪॥

(২৩)···ভূতাত্মা ন প্রকাশতে···নি। (২৪)···সুখমানন্ত্যমাপ্নুয়াৎ—পি।

লক্ষণস্তু প্রসাদস্য যথা তৃপ্তঃ সুখং স্বপেৎ।
নিবাতে বা যথা দীপো দীপ্যেৎ কুশলদীপিতঃ ॥২৫॥
পূর্বরাত্রেঽপরে চৈব যুঞ্জানঃ সততং মনঃ।
লঘ্বাহারো বিশুদ্ধাত্মা পশ্যন্নাত্মানমাত্মনি ॥২৬॥
প্রদীপ্তেনেব দীপেন মনোদীপেন পশ্যতি।
দৃষ্ট্বাত্মানং নিরাত্মানং স তদা বিপ্রমুচ্যতে ॥২৭॥ (যুগ্মকম্)
সর্বোপায়ৈস্তু লোভস্য ক্রোধস্য চ বিনিগ্রহঃ।
এতৎ পবিত্রং লোকানাং তপো বৈ সংক্রমো মতঃ ॥২৮॥

ভারতকৌমুদী

লক্ষণমিতি। প্রসাদস্য চিত্তনৈর্ম্মল্যস্য ইদমেব লক্ষণম্, যথা—ভোজনাদিনা তৃপ্তো জনঃ সুখং স্বপেৎ স্বপ্যাৎ সুষুপ্তিকালে চিত্তসত্ত্বেঽপি তদ্বৃত্তিশূন্যস্তিষ্ঠেৎ, যথা বা নিবাতে বায়ুশূন্যে দেশে, কুশলেন পুরুষেণ দীপিতঃ জ্বালিতো দীপো দীপ্যেৎ দীপ্যেত, তাদৃশচিত্ততা চিত্তপ্রসাদঃ ॥২৫॥

পূর্ব্বেতি। বিশুদ্ধাত্মা প্রসন্নচিত্তো লঘ্বাহারশ্চ জনঃ, পূর্ব্বরাত্রে অপরে চ রাত্রিভাগে সততং মনঃ যোগে যুঞ্জানঃ, আত্মনি হৃদয়ে, আত্মানং ব্রহ্ম পশ্যন্, প্রদীপ্তেন দীপেনেব মনোদীপেন সর্ব্বদৈব পশ্যতি, তদা সঃ, নিরাত্মানং নিরাকারম্, আত্মানং দৃষ্ট্বা বিপ্রমুচ্যতে নির্ব্বাণং লভতে ॥২৬—২৭॥

ভারতভাবদীপঃ

অনায়াসেন আনন্ত্যং মোক্ষম্ ॥২৪॥ যথা জলাদুত্তীর্ণস্য শরীরে সংশ্লিষ্টঃ সূক্ষ্মতমঃ পটঃ সন্নপ্যসন্নিব ভাতি এবং সমাধৌ বিকল্পাভাবাৎ সদপি চিত্তং ন ভাতীতি সুষুপ্তিতুল্যত্বাৎ প্রসাদস্যাহ লক্ষণমিতি ॥২৫॥ বিশুদ্ধাত্মা শুদ্ধচিত্তঃ, আত্মানং ব্রহ্ম, আত্মনি হৃদয়ে ॥২৬॥ নিরাত্মানং নির্গুণং নিলীনং চিত্তং যস্মিন্ মৃতম্; "তাবন্মনো নিরোদ্ধব্যং হৃদি যাবৎ ক্ষয়ং গতম্। এতজ্জ্ঞানঞ্চ ধ্যানঞ্চ শেষোঽন্যো গ্রন্থবিস্তরঃ" ইতি শ্রুতিঃ। চিত্তক্ষয় এবাত্ম-

চিত্তনির্ম্মলতার এই লক্ষণ—তৃপ্ত লোক যেমন চিত্তবৃত্তিশূন্য হইয়া সুখে নিদ্রা যায় এবং বায়ুশূন্য স্থানে নিপুণলোকের জ্বালিত দীপ যেমন জ্বলিতে থাকে, (তেমন চিত্ত হওয়াই চিত্তনির্ম্মলতা) ॥২৫॥

লঘুভোজী ও নির্ম্মলচিত্ত যোগী রাত্রির প্রথমভাগে ও পরভাগে সর্ব্বদা মনোনিবেশপূর্ব্বক হৃদয়ে আত্মাকে দেখিতে আরম্ভ করিয়া যখন জ্বলিত প্রদীপের ন্যায় মনোদীপ দ্বারা অবিরত আত্মাকে দেখিতে পান, তখন তিনি সেই নিরাকার আত্মাকে দেখিয়া নির্বাণ লাভ করেন ॥২৬—২৭॥

সমস্ত উপায়ে লোভ ও ক্রোধের দমন করিবে; ইহাই লোকের পবিত্র তপস্যা এবং ইহাই সংসারসাগর পার হইবার সেতু ॥২৮॥

নিত্যং ক্রোধাত্তপো রক্ষেদ্ধর্ম্মং রক্ষেচ্চ মৎসরাৎ।
বিদ্যাং মানাপমানাভ্যামাত্মানন্তু প্রমাদতঃ ॥২৯॥
আনৃশংস্যং পরো ধর্ম্মঃ ক্ষমা চ পরমং বলম্।
আত্মজ্ঞানং পরং জ্ঞানং সত্যং ব্রতপরং ব্রতম্ ॥৩০॥
সত্যস্য বচনং শ্রেয়ঃ সত্যং জ্ঞানং হিতং ভবেৎ।
যদ্ভূতহিতমত্যন্তং তদ্ধি সত্যং পরং মতম্ ॥৩১॥
যস্য সর্ব্বে সমারম্ভা নিরাশীর্ব্বন্ধনাঃ সদা।
ত্যাগে যস্য হুতং সর্ব্বং স ত্যাগী স চ বুদ্ধিমান্ ॥৩২॥
যতো ন গুরুরপ্যেনং শ্রাবয়েদুপপাদয়েৎ।
তং বিদ্যাদ্ব্রহ্মণো যোগং বিয়োগং যোগসংজ্ঞিতম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

সর্ব্বেতি। বিনিগ্রহঃ কর্ত্তব্য ইতি শেষঃ। সংক্রমঃ সংসারপারাবারতরণসেতুঃ ॥২৮॥
নিত্যমিতি। মৎসরাৎ অন্যশুভদ্বেষাৎ। প্রমাদতঃ অনবধানতাতঃ ॥২৯॥
আনৃশংস্যমিতি। আনৃশংস্যম্ অনিষ্ঠুরতা দয়েত্যর্থঃ ॥৩০॥
সত্যস্যেতি। বচনং ভাষণম্। ভূতানাং প্রাণিনাং হিতমিতি পারিভাষিকম্ ॥৩১॥
যস্যেতি। নিরাশীর্ব্বন্ধনা নিষ্কামাঃ। ত্যাগে ফলত্যাগে, হুতং হোমাদি ॥৩২॥
যত ইতি। যতো গুরুরপি এনং যোগং শ্রাবয়েদেব, ন তু উপপাদয়েৎ সম্পাদয়িতুং

ভারতভাবদীপঃ

ধর্ম্মনিত্যর্থঃ ॥২৭॥ সংক্রমঃ সেতুঃ, পারপ্রাপকো মার্গঃ ॥২৮—৩০॥ ভূতহিতমনৃতমপি সত্যমেব ভূতানামহিতকরং সত্যমপ্যনৃতমেবেত্যর্থঃ ॥৩১॥ ত্যাগে ফলত্যাগে, হুতং হোম-যজ্ঞদানাদি, ত্যাগী সন্ন্যাসী ॥৩২॥ এনং ব্রহ্মণা যোগং ন শ্রাবয়েৎ অপদার্থত্বাৎ, কিন্তু উপপাদয়েল্লক্ষণয়া জ্ঞাপয়েৎ। তং চিত্তবিয়োগমেব বিরুদ্ধলক্ষণয়া যোগসংজ্ঞিতং প্রাহুঃ— "তং বিদ্যাদ্দুঃখসংযোগবিয়োগং যোগসংজ্ঞিতম্" ইত্যাগমা স্মৃত্যর্থঃ ॥৩৩॥ মৈত্রং মিত্র-

---

সর্ব্বদা ক্রোধ হইতে তপস্যাকে, পরের বিদ্বেষ হইতে ধর্ম্মকে, মান ও অপমান হইতে বিদ্যাকে এবং প্রমাদ হইতে আত্মাকে রক্ষা করিবে ॥২৯॥

দয়াই পরম ধর্ম্ম, ক্ষমাই পরম বল, আত্মজ্ঞানই পরম জ্ঞান এবং সত্যব্রতই পরম ব্রত ॥৩০॥

সত্যবাক্য বলা মঙ্গলজনক, সত্যজ্ঞান হিতকারী এবং প্রাণিগণের যাহা অত্যন্ত হিত, তাহাই পরম সত্য ॥৩১॥

যাঁহার সমস্ত কার্য্যই সর্ব্বদা নিষ্কামভাবে সম্পাদিত হয় এবং যিনি ফল ত্যাগী হইয়া হোমাদি সমস্ত কার্য্য করেন, তিনিই বাস্তবিক সন্ন্যাসী এবং তিনিই যথার্থ বুদ্ধিমান্ ॥৩২॥

ন হিংস্যাৎ সর্বভূতানি মৈত্রায়ণগতির্ভবেৎ।
নেদং জীবিতমাসাদ্য বৈরং কুর্বীত কেনচিৎ ॥৩৪॥
অকিঞ্চনত্বং সন্তোষো নিরাশিত্বমচাপলম্।
এতদেব পরং জ্ঞানং সদাত্মজ্ঞানমুত্তমম্ ॥৩৫॥
পরিগ্রহং পরিত্যজ্য ভবেদ্বুদ্ধ্যা যতব্রতঃ।
অশোকং স্থানমাশ্রিত্য নিশ্চলং প্রেত্য চেহ চ ॥৩৬॥
তপোনিত্যেন দান্তেন মুনিনা সংযতাত্মনা।
অজিতং জেতুকামেন ভাব্যং সঙ্গেষ্বসঙ্গিনা ॥৩৭॥

ভারতকৌমুদী

শক্নুয়াৎ স্বয়মেব কুর্য্যাদিত্যর্থঃ, অতস্তং বিয়োগং ফলসন্ন্যাসরূপং যোগসংজ্ঞিতং ব্রহ্মণো যোগং বিদ্যাজ্জানীয়াৎ, ন পুনঃ কেবলশ্রবণার্থং গুরুমভিগচ্ছেৎ ॥৩৩॥

নেতি। মৈত্রং মিত্রস্যৈব অয়নং পন্থাস্তত্র গতির্যস্য সঃ ॥৩৪॥

অকিঞ্চনেতি। অকিঞ্চনত্বং নিঃস্বত্বম্, অলাভাদাবপি সন্তোষঃ, নিরাশিত্বং নিষ্কামত্বম্, অচাপলং বিষয়েষু অচাঞ্চল্যঞ্চ, এতৎ সর্ব্বমেব পরং জ্ঞানং পরমজ্ঞানসাধকম্। তচ্চ পরং জ্ঞানম্, আত্মজ্ঞানমেব, তদপি চ সদা উত্তমম্ ॥৩৫॥

পরীতি। প্রেত্য পরলোকে, ইহলোকে চ, অশোকং শোকরহিতং নিশ্চলঞ্চ, স্থানং স্বর্গাদিকং রাজ্যাদিকঞ্চ দেশমাশ্রিত্যাপি, পরিগ্রহং সর্ব্ববিধবিষয়গ্রহণম্, পরিত্যজ্য বুদ্ধ্যা যতব্রতঃ সংযমনিষ্ঠো ভবেৎ, মুক্তিলাভায়েত্যাশয়ঃ ॥৩৬॥

তপ ইতি। অজিতম্ অজ্ঞানিভিরনায়ত্তীকৃতং মোক্ষম্, জেতুকামেন লব্ধুমিচ্ছুনা।

ভারতভাবদীপঃ

ভাবস্থদেবায়নং মার্গস্তত্রতশ্চরেৎ ॥৩৪॥ জ্ঞানং জ্ঞানসাধনম্, জ্ঞানমপি কোতি সাধনে প্রবৃত্ত্যর্থং সদাত্মজ্ঞানমুত্তমমিতি ॥৩৫॥ অশোকং স্থানং বৈরাগ্যম্, প্রেত্য মৃত্বা স্বর্গাদৌ ইহ

গুরুও যখন ব্রহ্মযোগের বিষয় কেবল শুনাইতেই পারেন, কিন্তু সম্পাদন করিয়া দিতে পারেন না ; তখন ফলসন্ন্যাসকেই যোগনামক প্রসিদ্ধ ব্রহ্মযোগ বলিয়া জানিবে (এবং নিজেই তাহা করিবে) ॥৩৩॥

কোন প্রাণীর হিংসা করিবে না, সর্বত্র মিত্রভাব অবলম্বন করিবে এবং এই নশ্বর জীবন পাইয়া কাহারও সহিত শত্রুতা করিবে না ॥৩৪॥

দারিদ্র্য, সন্তোষ, নিষ্কামভাব ও অচাঞ্চল্য এই কয়টী তত্ত্বজ্ঞানের সাধক। ব্রহ্মজ্ঞানই তত্ত্বজ্ঞান এবং তাহাই সর্বদা সর্ব্বাপেক্ষা উত্তম ॥৩৫॥

ইহলোকে বা পরলোকে শোকবিহীন ও দৃঢ় স্থান আশ্রয় করিয়াও সর্বপ্রকার পরিগ্রহ ত্যাগ করিয়া মুক্তির জন্য বুদ্ধি অনুসারে সংযমী হইবে ॥৩৬॥

(৩৫) আকিঞ্চন্যং সুসন্তোষঃ...বা ব কা নি।

গুণাগুণমনাসঙ্গমেকচর্য্যমনন্তরম্ ।
এতত্তু ব্রহ্মণো বৃত্তমাহুরেকপদং সুখম্ ॥৩৮॥
পরিত্যজতি যো দুঃখং সুখং বাপ্যুভয়ং নরঃ ।
ব্রহ্ম প্রাপ্নোতি সোহত্যন্তমসঙ্গেন চ গচ্ছতি ॥৩৯॥
যথাশ্রুতমিদং সর্ব্বং সমাসেন দ্বিজোত্তম ! ।
এতত্তে সর্ব্বমাখ্যাতং কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ॥৪০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং দ্বিজব্যাধসংবাদে ঊনাশীত্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

মুনিনা, তপো নিত্যং যস্য তেন, দান্তেন ইন্দ্রিয়দমনশীলেন, সংযতাত্মনা সংযতচিত্তেন, সঙ্গেষ্বপি সঙ্গসক্তবেষ্বপি অসঙ্গিনা, ভাব্যং ভবিতব্যম্ ॥৩৭॥

গুণেতি। গুণা লৌকিকোৎকর্ষা অপি অগুণা দোষা যস্মিন্ তৎ, অনাসঙ্গং সর্ব্বসঙ্গরহিতম্, একেন বৈরাগ্যেণৈব চর্য্যং গম্যম্, অনন্তরম্ অজ্ঞানধ্বংসাৎ পরং গম্যম্, সুখং সুখময়ম্, একপদম্ অদ্বিতীয়বস্তুভূতম্, ব্রহ্মণ এতদ্বৃত্তং স্বরূপমাহুঃ ॥৩৮॥

পরীতি। যো নরঃ দুঃখং সুখম্ উভয়মপি বা তৎসাধনানীত্যর্থঃ, পরিত্যজতি, সঃ, অসঙ্গেন বৈরাগ্যেণ, গচ্ছতি জীবনশেষপর্য্যন্তং যাতি, অত্যন্তমেব ব্রহ্ম প্রাপ্নোতি মোক্ষং লভতে চ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

চ রাজ্যাদৌ আশ্রিত্য যতব্রতো ভবেৎ ॥৩৬—৩৭॥ গুণাঃ লোকবেদাদয়ঃ, অগুণাঃ যস্মিন্ তৎ গুণাগুণম্। অত্র "লোকা, অলোকা বেদা অবেদা" ইত্যাদিশ্রুতেঃ অনাসঙ্গং ধ্যাদিসঙ্গহীনম্ অতএব এককার্য্যম্ একেন প্রত্যগাত্মনৈব নিষ্পাদ্যম্ অনন্তরং অজ্ঞানমাত্রাপনয়াদ্গম্যং ন তু ক্রিয়াব্যবহিতং স্বর্গাদিসুখবৎ ভক্তং প্রাকৃসিদ্ধম্, একমেব পদ্যতে গম্যতে ন তু জ্ঞানজ্ঞেয়বিভাগো যস্মিন্ তৎ একপদম্ ॥৩৮—৪০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনাশীত্যধিকশততমোহধ্যায়ঃ ॥১৭৯॥

মুক্তিকামী মুনি সর্ব্বদা তপস্বী, ইন্দ্রিয়দমনশীল, সংযতচিত্ত এবং সঙ্গসক্তবস্থলেও অসঙ্গ হইবেন ॥৩৭॥

লৌকিক গুণ যাহার বিষয়ে দোষ, যাহাতে কোন আসঙ্গ নাই, একমাত্র বৈরাগ্য দ্বারা যাহাকে পাওয়া যায়, অজ্ঞাননাশের পরই যাহা প্রাপ্য হয় এবং যাহা সুখময়, তাহাই অদ্বিতীয় বস্তু ব্রহ্ম ॥৩৮॥

যে লোক দুঃখ, সুখ ও সেই উভয়ের সাধক সমস্ত বিষয় পরিত্যাগ করে, সে লোক বৈরাগ্যদ্বারাই জীবনের শেষপর্য্যন্ত যাইতে পারে এবং অন্তিমে ব্রহ্ম লাভ করে ॥৩৯॥

---

(৩৮)…এককার্য্যমনন্তরম্…বা ব ক। নি। * '…অষ্টাধিক…' পি, '…দ্বাদশাধিক…' বা ব, '…ত্রয়োদশাধিক…' ক, ষোড়শাধিক…নি।

অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ

——:(*):——

মার্কণ্ডেয় উবাচ।

এবং সংকথিতে কৃৎস্নে মোক্ষধর্ম্মে যুধিষ্ঠির!।
দৃঢ়ং প্রীতমনা বিপ্রো ধর্ম্মব্যাধমুবাচ হ ॥১॥
ন্যায়যুক্তমিদং সর্ব্বং ভবতা পরিকীর্ত্তিতম্।
ন তেঽস্ত্যবিদিতং কিঞ্চিদ্ধর্ম্মেম্বিহ হি দৃশ্যতে ॥২॥

ব্যাধ উবাচ।

প্রত্যক্ষং মম যো ধর্ম্মস্তঞ্চ পশ্য দ্বিজোত্তম!।
যেন সিদ্ধিরিয়ং প্রাপ্তা ময়া ব্রাহ্মণপুঙ্গব! ॥৩॥

ভারতকৌমুদী

যথেতি। ইদং সর্বং ময়া গুরুমুখাৎ যথা শ্রুতম্, তথৈব এতৎ সর্ব্বং তে সমাসেন সংক্ষেপেণ আখ্যাতম্। অতো ব্যাধোক্তিতয়া হেয়জ্ঞানং ন কর্ত্তব্যমিত্যাশয়ঃ ॥৪০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াম্ ঊনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ।০।

——(:*:)——

এবমিতি। দৃঢ়ং সাতিশয়ং প্রীতমনাঃ, তস্য প্রাজ্ঞত্বদর্শনাৎ স্বয়ং জ্ঞানলাভাচ্চ ॥১॥
ন্যায়েতি। ন্যায়যুক্তং যুক্তিযুক্তম্। অবিদিতং নাস্তি, সারার্থকথনাদিত্যাশয়ঃ ॥২॥
প্রত্যক্ষমিতি। তং ধর্ম্মঞ্চ প্রত্যক্ষং পশ্যেতি সম্বন্ধঃ। সিদ্ধির্ধর্ম্মজ্ঞানস্য ॥৩॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি গুরুর নিকট এই সকল বিষয় যেমন শুনিয়াছিলাম, তেমন ভাবেই আপনার নিকট এই সকল বলিলাম। এখন আপনি আর কি শুনিতে ইচ্ছা করেন?' ॥৪০॥

——:(*):——

মার্কণ্ডেয় বলিলেন—'যুধিষ্ঠির! ধর্ম্মব্যাধ এইভাবে সমস্ত মোক্ষধর্ম্ম বলিলে, কৌশিক অত্যন্ত সন্তুষ্ট হইয়া ধর্ম্মব্যাধকে কহিলেন—॥১॥

'আপনি এই সমস্ত বিষয়ই যুক্তিযুক্তভাবে বলিয়াছেন। অতএব দেখা যাইতেছে যে, ধর্ম্মবিষয়ে আপনার কিছুই অবিদিত নাই' ॥২॥

ধর্ম্মব্যাধ বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমার যে ধর্ম্ম, তাহা আপনি আসিয়া প্রত্যক্ষ দর্শন করুন; যাহাতে আমি এই সিদ্ধি লাভ করিয়াছি ॥৩॥

উত্তিষ্ঠ ভগবন্ ! ক্ষিপ্রং প্রবিশ্যাভ্যন্তরং গৃহম্ ।
দ্রষ্টুমর্হসি ধর্ম্মজ্ঞ ! মাতরং পিতরঞ্চ মে ॥৪॥
মার্কণ্ডেয় উবাচ ।
ইত্যুক্তঃ স প্রবিশ্যাথ দদর্শ পরমার্চ্চিতম্ ।
সৌধং হৃদ্যং চতুঃশালমতীব চ মনোরমম্ ॥৫॥
দেবতাগৃহসঙ্কাশং দৈবতৈশ্চ সুপূজিতম্ ।
শয়নাসনসংবাধং গন্ধৈশ্চ পরমৈর্যুতম্ ॥৬॥ (যুগ্মকম্)
তত্র শুক্লাম্বরধরৌ পিতরাবস্য পূজিতৌ ।
কৃতাহারৌ সুসন্তুষ্টাবুপবিষ্টৌ বরাসনে ।
ধর্ম্মব্যাধস্তু তৌ দৃষ্ট্বা পাদেষু শিরসাঽপতৎ ॥৭॥
বৃদ্ধাবূচতুঃ ।
উত্তিষ্ঠোত্তিষ্ঠ ধর্ম্মজ্ঞ ! ধর্ম্মস্ত্বামভিরক্ষতু ।
প্রীতৌ স্বস্তব শৌচেন দীর্ঘমায়ুরবাপ্নুহি ॥৮॥

ভারতকৌমুদী

উত্তিষ্ঠেতি । গৃহং তদভ্যন্তরঞ্চ প্রবিশ্যেত্যর্থঃ ॥৪॥

ইতীতি । পরমার্চ্চিতম্ আদরেণ সুপরিষ্কৃতম্ । হৃদ্যং প্রিয়ম্, চতসৃষু দিক্ষু শালা যস্য তম্ । শয়নাসনৈর্যোগ্যশয্যাসনৈঃ সংবাধং ব্যাপ্তম্ ॥৫—৬॥

তত্রেতি । পিতরৌ মাতাপিতরৌ, অস্য ধর্ম্মব্যাধস্য । ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

উত্তিষ্ঠেতি । স্ব আবাম্, শৌচেন বহিরন্তরে চ পবিত্রতয়া ॥৮॥

ভগবন্ ! ধর্ম্মজ্ঞ ! আপনি উঠুন, আমার বাড়ীর ভিতরে প্রবেশ করিয়া আমার মাতা ও পিতাকে দর্শন করুন' ॥৪॥

মার্কণ্ডেয় বলিলেন—'ধর্ম্মব্যাধ এইরূপ বলিলে, কৌশিক তাঁহার বাড়ীর ভিতরে প্রবেশ করিয়া দেখিলেন—সুপরিষ্কৃত, চিত্তাকর্ষক, পরমসুন্দর, দেবগৃহতুল্য, দেবগণেরও পরম আদৃত এবং মনোহরসৌরভযুক্ত চতুঃশালাময় অট্টালিকা রহিয়াছে এবং তাহার ভিতরে যথাস্থানে উপযুক্ত শয্যা ও আসন সংস্থাপিত আছে ॥৫—৬॥

এবং ধর্ম্মব্যাধের পিতা ও মাতা আহার করিয়া, আদৃত হইয়া শুক্লবস্ত্র-পরিধানপূর্ব্বক সন্তুষ্টচিত্তে উৎকৃষ্ট আসনে সেখানে উপবিষ্ট রহিয়াছেন। তখন ধর্ম্মব্যাধ তাঁহাদিগকে দেখিয়াই মস্তকদ্বারা তাঁহাদের চরণে নমস্কার করিলেন ॥৭॥

পতিমিষ্টাং তপো জ্ঞানং মেধাঞ্চ পরমাং গতঃ।
সৎপুত্রেণ ত্বয়া পুত্র! নিত্যং কালে সুপূজিতৌ ॥৯॥
ন তেঽস্ত্যদৈবতং কিঞ্চিদ্দৈবতেষ্বপি বর্ত্ততে।
প্রয়তত্বাদ্দ্বিজাতীনাং দমেনাসি সমন্বিতঃ ॥১০॥
পিতুঃ পিতামহা যে চ তথৈব প্রপিতামহাঃ।
প্রীতাস্তে সততং পুত্র! দমেনাবাঞ্চ পূজয়া ॥১১॥
মনসা কর্ম্মণা বাচা শুশ্রূষা নৈব হীয়তে।
ন চান্যা হি তথা বুদ্ধির্দৃশ্যতে সাম্প্রতং তব ॥১২॥
জামদগ্ন্যেন রামেণ যথা বৃদ্ধৌ সুপূজিতৌ।
তথা ত্বয়া কৃতং সর্ব্বং তদ্বিশিষ্টঞ্চ পুত্রক! ॥১৩॥

ভারতকৌমুদী

পতিমিতি। ইষ্টাং গতিং চরমে স্বর্গলাভযোগ্যতাম্। সুপূজিতাবাবাম্ ॥৯॥
নেতি। দ্বিজাতীনাং দমেন ব্রাহ্মণতুল্যেন্দ্রিয়নিগ্রহেণ ॥১০॥
পিতুরিতি। পূজয়া তব পরিচর্য্যয়া, আবাঞ্চ প্রীতৌ স্বঃ ॥১১॥
মনসেতি। অন্যা আবয়োঃ শুশ্রূষাভিন্নবিষয়া ॥১২॥
জামেতি। বৃদ্ধৌ মাতাপিতরৌ। তদ্বিশিষ্টং ততোঽতিরিক্তম্ ॥১৩॥

তখন বৃদ্ধেরা বলিলেন—'ধর্ম্মজ্ঞ! উঠ উঠ, ধর্ম্ম তোমাকে সর্বপ্রকারে রক্ষা করুন, তোমার পবিত্রতায় আমরা সন্তুষ্ট আছি, তুমি দীর্ঘ আয়ু লাভ কর ॥৮॥

পুত্র! তুমি অভীষ্ট গতিলাভের যোগ্যতা, তপস্যা, জ্ঞান ও পরম মেধা লাভ করিয়াছ এবং তুমি আমাদের সৎপুত্র বলিয়া প্রত্যহই যথাকালে আমাদের পূজা করিতেছ ॥৯॥

বৎস! দেবতাদের মধ্যেও অন্য কোন দেবতা তোমার নাই। আর তুমি সংযত বলিয়া ব্রাহ্মণতুল্য ইন্দ্রিয়সংযমী হইয়াছ ॥১০॥

পুত্র! আমার পিতার যাঁহারা পিতামহ বা প্রপিতামহ, তাঁহারা তোমার এই ইন্দ্রিয়সংযমে সর্ব্বদাই তোমার উপরে সন্তুষ্ট আছেন এবং আমরাও তোমার শুশ্রূষায় সন্তুষ্ট আছি ॥১১॥

মন, কার্য্য বা বাক্য ইহার কোনটাদ্বারাই তোমাকর্ত্তৃক আমাদের পরিচর্য্যা ন্যূন হইতেছে না এবং এখন অন্যবিষয়ে তোমার বুদ্ধি দেখিতে পাই না ॥১২॥

পুত্র! পূর্বকালে পরশুরাম যেমন বৃদ্ধ পিতা-মাতার শুশ্রূষা করিয়াছিলেন, তুমিও তেমনই—কিংবা তদপেক্ষা অধিক শুশ্রূষাই করিতেছ ॥১৩॥

ততস্তং ব্রাহ্মণং তাভ্যাং ধর্ম্মব্যাধো ন্যবেদয়ৎ।
তৌ স্বাগতেন তং বিপ্রমর্চ্চয়ামাসতুস্তদা ॥১৪॥
প্রতিগৃহ্য চ তাং পূজাং দ্বিজঃ পপ্রচ্ছ তাবুভৌ।
সপুত্রাভ্যাং সভৃত্যাভ্যাং কচ্চিদ্বাং কুশলং গৃহে।
অনাময়ঞ্চ বাং কচ্চিৎ সদৈবেহ শরীরয়োঃ ॥১৫॥

বৃদ্ধাবুচতুঃ।

কুশলং নৌ গৃহে বিপ্র! ভৃত্যবর্গে চ সর্বশঃ।
কচ্চিত্ত্বমপ্যবিঘ্নেন সম্প্রাপ্তো ভগবন্নিতি ॥১৬॥

মার্কণ্ডেয় উবাচ।

বাঢ়মিত্যেব তৌ বিপ্রঃ প্রত্যুবাচ মুদান্বিতঃ।
ধর্ম্মব্যাধো নিরীক্ষ্যাথ ততস্তং বাক্যমব্রবীৎ ॥১৭॥
পিতা মাতা চ ভগবন্নেতৌ মে দৈবতং মহৎ।
যদ্দৈবতেভ্যঃ কর্ত্তব্যং তদেতাভ্যাং করোম্যহম্ ॥১৮॥

ভারতকৌমুদী

তত ইতি। তাভ্যাং তয়োর্মাতাপিত্রোঃ সমীপে। স্বাগতেন তৎপ্রশ্নেন ॥১৪॥
প্রতীতি। বাং যুবয়োঃ। অনাময়ম্ আরোগ্যম্। সট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥
কুশলমিতি। নৌ আবয়োঃ। সর্বশঃ সর্বৈঃ প্রকারৈঃ ॥১৬॥
বাঢ়মিতি। বাঢ়ম্ অবশ্যমেবাবিঘ্নেন সম্প্রাপ্ত ইত্যর্থঃ ॥১৭॥
পিতেতি। এতাভ্যাম্ এতয়োঃ পিত্রোঃ সম্বন্ধে ॥১৮॥

তাহার পর ধর্ম্মব্যাধ তাঁহাদের নিকটে কৌশিকের পরিচয় জানাইলেন। তখন তাঁহারা স্বাগতপ্রশ্ন করিয়া কৌশিকের সম্মান করিলেন ॥১৪॥

পরে কৌশিক সেই সম্মান গ্রহণ করিয়া তাঁহাদের নিকট জিজ্ঞাসা করিলেন—'ঘরে পুত্র ও ভৃত্যবর্গের সহিত আপনাদের মঙ্গল ত? এবং আপনাদের এই শরীর দুইটীতে সর্ব্বদাই আরোগ্য আছে ত?' ॥১৫॥

বৃদ্ধেরা বলিলেন—'ব্রাহ্মণ! আমাদের ঘরের ও ভৃত্যবর্গের সর্ব্বপ্রকারেই মঙ্গল। ভগবন্! আপনিও নির্ব্বিঘ্নে আসিয়াছেন ত?' ॥১৬॥

মার্কণ্ডেয় বলিলেন—'তখন ব্রাহ্মণ আনন্দিত হইয়া বলিলেন—আমি নিশ্চয়ই নির্ব্বিঘ্নে আসিয়াছি'। পরে ধর্ম্মব্যাধ তাঁহার প্রতি দৃষ্টিপাত করিয়া বলিলেন—॥১৭॥

(১৫) প্রতিপূজ্য চ তাং পূজাম্…বা ব কা। (১৭) শ্লোকাৎ পরঃ 'ব্যাধ উবাচ' বা ব কা পি। (১৮)…যদ্দৈবতং পরম্…বা ব কা নি।

ত্রয়স্ত্রিংশদ্‌যথা দেবাঃ সর্ব্বে শক্রপুরোগমাঃ।
সম্পূজ্যাঃ সর্ব্বলোকস্য তথা বৃদ্ধাবিমৌ মম ॥১৯॥
উপহারানাহরন্তো দৈবতানাং যথা দ্বিজাঃ।
কুর্ব্বন্তি তদ্বদেতাভ্যাং করোম্যহমতন্দ্রিতঃ ॥২০॥
এতৌ মে পরমং ব্রহ্মন্! পিতা মাতা চ দৈবতম্।
এতৌ পুষ্পৈঃ ফলৈরত্নৈস্তোষয়ামি সদা দ্বিজ! ॥২১॥
এতাবেবাগ্নয়ো মহ্যং যান্ বদন্তি মনীষিণঃ।
যজ্ঞা বেদাশ্চ চত্বারঃ সর্বমেতৌ মম দ্বিজ! ॥২২॥
এতদর্থং মম প্রাণা ভার্য্যা পুত্রঃ সুহৃজ্জনঃ।
সপুত্রদারঃ শুশ্রূষাং নিত্যমেব করোম্যহম্ ॥২৩॥

ভারতকৌমুদী

ত্রয় ইতি। শক্রপুরোগমা ইন্দ্রপ্রভৃতয়ঃ ॥১৯॥
উপেতি। কুর্ব্বন্তি পূজামিতি শেষঃ, এতাভ্যাং এতয়োঃ সম্বন্ধে ॥২০॥
এতাবিতি। পরমং দৈবতং দেবতেতি সম্বন্ধঃ ॥২১॥
এতাবিতি। মহ্যং মম, যান্ দক্ষিণাগ্নিগার্হপত্যাহবনীয়ান্ ॥২২॥
এতদিতি। এতদর্থম্ এতয়োর্নিমিত্তম্। শুশ্রূষামেতয়োঃ পরিচর্য্যাম্ ॥২৩॥

'ভগবন্! আমার এই পিতা ও মাতা—আমার নিকট পরমদেবতা। সুতরাং দেবতাদের সম্বন্ধে যাহা করা উচিত, আমি উঁহাদের সম্বন্ধে তাহাই করি ॥১৮॥

ইন্দ্রপ্রভৃতি তেত্রিশ দেবতা যেমন সকল লোকেরই পূজনীয়, তেমন এই বৃদ্ধেরাও আমার পূজনীয় ॥১৯॥

ব্রাহ্মণেরা যেমন উপহার সংগ্রহ করিয়া দেবগণের পূজা করেন, আমিও তেমন সতর্ক হইয়া ইঁহাদের পূজা করি ॥২০॥

ব্রাহ্মণ! এই পিতা ও মাতা আমার নিকট পরমদেবতা; এই জন্যই আমি সর্ব্বদা ফল, ফুল ও রত্নদ্বারা ইঁহাদিগকে সন্তুষ্ট করি ॥২১॥

ব্রাহ্মণ! জ্ঞানীরা যে তিনটী অগ্নির কথা বলিয়া থাকেন, ইঁহারাই আমার নিকট সেই তিনটী অগ্নি এবং যজ্ঞ ও চারিটী বেদ ইত্যাদি সমস্ত আদরণীয় বস্তুই আমার নিকট ইঁহারা ॥২২॥

ইঁহাদের জন্যই আমার প্রাণ, পুত্র, কলত্র ও বন্ধুজন। সুতরাং আমি পুত্র ও কলত্রপ্রভৃতির সহিত মিলিত হইয়া সর্ব্বদাই ইঁহাদের শুশ্রূষা করি ॥২৩॥

স্বয়ঞ্চ স্নাপয়াম্যেতৌ তথা পাদৌ প্রধাবয়ে।
আহারং সম্প্রয়চ্ছামি স্বয়ঞ্চ দ্বিজসত্তম ! ॥২৪॥
অনুকূলং তথা বচ্মি বিপ্রিয়ং পরিবর্জয়ে।
অধর্ম্মেণাপি সংযুক্তং প্রিয়মাভ্যাং করোম্যহম্ ॥২৫॥
ধর্ম্মমেব গুরুং জ্ঞাত্বা করোমি দ্বিজসত্তম ! ।
অতন্দ্রিতঃ সদা বিপ্র ! শুশ্রূষাং বৈ করোম্যহম্ ॥২৬॥
পঞ্চৈব গুরবো ব্রহ্মন্ ! পুরুষস্য বুভূষতঃ।
পিতা মাতাগ্নিরাত্মা চ গুরুশ্চ দ্বিজসত্তম ! ॥২৭॥
এতেষু যস্তু বর্ত্তেত সম্যগেব দ্বিজোত্তম ! ।
ভবেয়ুরগ্নয়স্তস্য পরিচীর্ণাস্তু নিত্যশঃ।
গার্হস্থ্যে বর্ত্তমানস্য এব ধর্ম্মঃ সনাতনঃ ॥২৮॥

ভারতকৌমুদী

স্বয়মিতি। প্রধাবয়ে প্রক্ষালয়ামি ॥২৪॥

অম্বিতি। বচ্মি ব্রবীমি, বিপ্রিয়মপ্রিয়ম্। আভ্যামনয়োঃ ॥২৫॥

ধর্ম্মমিতি। গুরুং মাতরং পিতরঞ্চ, ধর্ম্মং ধর্ম্মপুরুষমেব জ্ঞাত্বা ॥২৬॥

পঞ্চেতি। বুভূষতঃ কল্যাণার্থিনঃ। গুরুরাচার্য্যশ্চ ॥২৭॥

এতেম্বিতি। নিত্যশঃ পরিচীর্ণা নিত্যহোমাদিনা শুশ্রূষিতাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥

আমি নিজেই ইঁহাদিগকে স্নান করাই, ইঁহাদের পাদপ্রক্ষালন করিয়া দিই এবং নিজেই ইঁহাদিগকে খাদ্য দিয়া থাকি ॥২৪॥

আর, প্রিয়বাক্য বলি, অপ্রিয় করি না এবং পাপযুক্ত হইলেও ইঁহাদের প্রিয়কার্য্যই করি ॥২৫॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! পিতা ও মাতাকে সাক্ষাৎ ধর্ম্ম মনে করিয়াই আমি আলস্য পরিত্যাগপূর্ব্বক সর্বদাই ইঁহাদের শুশ্রূষা করি ॥২৬॥

ব্রাহ্মণ ! কল্যাণকামী পুরুষের পক্ষে পিতা, মাতা, অগ্নি, আত্মা ও আচার্য্য এই পাঁচটীই গুরু ॥২৭॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! যে লোক এই গুরুদের বিষয়ে যথানিয়মে চলে, তাহার পক্ষে নিত্যই অগ্নিত্রয়ের সেবা করা হয় এবং গৃহস্থ ব্যক্তির ইহাই সনাতন ধর্ম্ম' ॥২৮॥

(২৮) শ্লোকাৎ পরম্ '…ত্রয়োদশাধিকদ্বিশততমঃ…' বা ব, '…চতুর্দ্দশাধিকদ্বিশততমঃ…', কা, '…সপ্তদশাধিকদ্বিশততমঃ…' নি।

মার্কণ্ডেয় উবাচ।

গুরূ নিবেদ্য বিপ্রায় তৌ মাতাপিতরাবুভৌ।
পুনরেব স ধর্ম্মাত্মা ব্যাধো ব্রাহ্মণমব্রবীৎ ॥২৯॥
প্রবৃত্তচক্ষুর্জাতোঽস্মি সংপশ্য তপসো বলম্।
যদর্থমুক্তোঽসি তয়া গচ্ছস্ব মিথিলামিতি ॥৩০॥
পতিশুশ্রূষপরয়া দান্তয়া সত্যশীলয়া।
মিথিলায়াং বসেদ্ব্যাধঃ স তে ধর্ম্মান্ প্রবক্ষ্যতি ॥৩১॥ (যুগ্মকম্)

ব্রাহ্মণ উবাচ।

পতিব্রতায়াঃ সত্যায়াঃ শীলাঢ্যায়া যতব্রত !।
সংস্মৃত্য বাক্যং ধর্ম্মজ্ঞ ! গুণবানসি মে মতঃ ॥৩২॥

ব্যাধ উবাচ।

যত্তয়া ত্বং দ্বিজশ্রেষ্ঠ ! নিযুক্তো মাং প্রতি প্রভো !।
দৃষ্টমেব তয়া সম্যগেকপত্ন্যা ন সংশয়ঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

গুরূ ইতি। গুরূ নিবেদ্য গুরুত্বেন বিজ্ঞাপ্য ॥২৯॥

প্রবৃত্তেতি। প্রবৃত্তচক্ষুর্দিব্যচক্ষুঃ। তপসঃ পিত্রোঃ শুশ্রূষারূপস্য। যদর্থং যত্তপস্কার্থম্। শুশ্রূষেতি স্ত্রিয়ামপ্রত্যয়াভাব আর্ষঃ ॥৩০—৩১॥

পতীতি। সত্যায়াঃ সত্যপরায়ণায়াঃ। গুণবান্ তপঃপ্রভাববান্ ॥৩২॥

যদিতি। নিযুক্তঃ প্রেরিতঃ। তৎ তয়া সম্যগেব দৃষ্টং জ্ঞাতম্ ॥৩৩॥

মার্কণ্ডেয় বলিলেন—'ধর্ম্মব্যাধ কৌশিকের নিকটে সেই মাতা ও পিতাকে গুরু বলিয়া জানাইয়া পুনরায় তাঁহাকে বলিলেন—॥২৯॥

'আমার দিব্য চক্ষু হইয়াছে ; আমার তপস্যার শক্তি দেখুন—যে তপস্যার জন্য সেই পতিশুশ্রূষাপরায়ণা, সত্যবাদিনী ও জিতেন্দ্রিয়া পতিব্রতা আপনাকে বলিয়াছিলেন যে, আপনি মিথিলায় গমন করুন, সেখানে এক ব্যাধ বাস করেন, তিনি আপনার নিকট ধর্ম্ম বলিবেন' ॥৩০—৩১॥

ব্রাহ্মণ বলিলেন—'সেই সত্যবাদিনী ও সচ্চরিত্রা পতিব্রতার বাক্য স্মরণ করিয়া আমার ধারণা হইয়াছে যে, আপনি বাস্তবিকই তপঃপ্রভাবসম্পন্ন' ॥৩২॥

ধর্ম্মব্যাধ বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ ! সেই পতিব্রতা যে আপনাকে আমার নিকট পাঠাইয়া দিয়াছেন, তাহা তিনি ভালই করিয়াছেন ॥৩৩॥

(৩৩) যত্তদা ত্বং দ্বিজশ্রেষ্ঠ ! ত্বয়োক্তো মাং প্রতি প্রভো !·· বা ব কা পি।

ত্বদনুগ্রহবুদ্ধ্যা তু বিপ্রৈতদ্দর্শিতং ময়া।
বাক্যঞ্চ শৃণু মে তাত! যত্তে বক্ষ্যে হিতং দ্বিজ! ॥৩৪॥
ত্বয়া বিনিকৃতা মাতা পিতা চ দ্বিজসত্তম!।
অনিসৃষ্টোঽসি নিষ্ক্রান্তো গৃহাত্তাভ্যামনিন্দিত!।
বেদোচ্চারণকার্য্যার্থমযুক্তং তত্ত্বয়া কৃতম্ ॥৩৫॥
তব শোকেন বৃদ্ধৌ তাবন্ধীভূতৌ তপস্বিনৌ।
তৌ প্রসাদয়িতুং গচ্ছ মা ত্বাং ধর্ম্মোঽত্যগাদয়ম্ ॥৩৬॥
তপস্বী ত্বং মহাত্মা চ ধর্ম্মে চ নিরতঃ সদা।
সর্ব্বমেতদপার্থং তে ক্ষিপ্রং তৌ সম্প্রসাদয় ॥৩৭॥
শ্রদ্দধস্ব মম ব্রহ্মন্! নান্যথা কর্ত্তুমর্হসি।
গম্যতামদ্য বিপ্রর্ষে! শ্রেয়স্তে কথয়াম্যহম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

ত্বদিতি। ত্বয়ি অনুগ্রহবুদ্ধ্যা, এতৎ সর্ব্বজ্ঞত্বরূপং তপোবলম্ ॥৩৪॥
ত্বয়েতি। বিনিকৃতা অবজ্ঞাতা। অনিসৃষ্টঃ অবিসৃষ্টঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৫॥
তবেতি। তপস্বিনৌ শোচ্যৌ। মা অত্যগাৎ ন অতিক্রামতু ॥৩৬॥
তপস্বীতি। অপার্থং পিত্রোঃ প্রসাদাভাবে ব্যর্থম্ ॥৩৭॥

ব্রাহ্মণ! আপনার প্রতি অনুগ্রহবুদ্ধিবশতই আমি এই তপোবল দেখাইলাম। বৎস! ব্রাহ্মণ! আমি আপনার পক্ষে যে হিতকর বাক্য বলিব, আপনি তাহা শ্রবণ করুন ॥৩৪॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি আপনার পিতা ও মাতাকে অবজ্ঞা করিয়াছেন। কারণ, আপনি তাঁহাদের নিকট বিদায় না লইয়াই বেদ অধ্যয়ন করিবার জন্য গৃহ হইতে নির্গত হইয়া আসিয়াছেন; ইহা আপনি অসঙ্গত কার্য্য করিয়াছেন ॥৩৫॥

তাহাতে আপনার শোকে সেই শোচনীয় বৃদ্ধ দুই জন অন্ধ হইয়া গিয়াছেন। সুতরাং আপনি তাঁহাদিগকে প্রসন্ন করিবার জন্য সত্বর যান। এই ধর্ম্ম যেন আপনাকে অতিক্রম করে না ॥৩৬॥

আপনি তপস্বী, মহাত্মা এবং সর্ব্বদাই ধর্ম্মে নিরত বটেন; কিন্তু পিতা ও মাতাকে প্রসন্ন না করিলে আপনার এ সমস্তই ব্যর্থ। অতএব আপনি সত্বর যাইয়া তাঁহাদিগকে প্রসন্ন করুন ॥৩৭॥

ব্রাহ্মণ! আপনি আমার বাক্যে বিশ্বাস করুন, অন্যথা যেন করেন না, অদ্যই গমন করুন; আপনার মঙ্গলের কথাই আমি বলিতেছি' ॥৩৮॥

ব্রাহ্মণ উবাচ।

যদেতদুক্তং ভবতা সর্বং সত্যমসংশয়ম্।
প্রীতোঽস্মি তব ভদ্রং তে ধর্ম্মাচারগুণান্বিত! ॥৩৯॥

ব্যাধ উবাচ।

দৈবতপ্রতিমো হি ত্বং যত্ত্বং ধর্ম্মমনুব্রতঃ।
পুরাণং শাশ্বতং দিব্যং দুষ্প্রাপমকৃতাত্মভিঃ ॥৪০॥
মাতাপিত্রোঃ সকাশং হি গত্বা ত্বং দ্বিজসত্তম!।
অতন্দ্রিতঃ কুরু ক্ষিপ্রং মাতাপিত্রোর্হি পূজনম্।
অতঃ পরমহং ধর্ম্মং নান্যং পশ্যামি কঞ্চন ॥৪১॥

ব্রাহ্মণ উবাচ।

ইহাহমাগতো দিষ্ট্যা দিষ্ট্যা মে সঙ্গতং ত্বয়া।
ঈদৃশা দুর্লভা লোকে নরা ধর্ম্মপ্রদর্শকাঃ ॥৪২॥

ভারতকৌমুদী

শ্রদিতি। মম বাক্যং শ্রদ্ধধস্ব বিশ্বসিহি। শ্রেয়ো মঙ্গলম্ ॥৩৮॥
যদিতি। তে তব, ভদ্রং মঙ্গলম্, অস্ত্বিতি শেষঃ ॥৩৯॥
দৈবতেতি। দৈবতপ্রতিমো দেবতুল্যঃ। অনুব্রতঃ অনুসৃতঃ ॥৪০॥
মাতেতি। অতন্দ্রিতঃ অনলসঃ। পরমুত্তমং তব ধর্ম্মম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥
ইহেতি। দিষ্ট্যা ভাগ্যেন। সঙ্গতং সম্মেলনং জাতম্ ॥৪২॥

ব্রাহ্মণ বলিলেন—'হে ধর্ম্মাচারগুণান্বিত! আপনি যাহা বলিলেন, এ সমস্তই সত্য, এ বিষয়ে কোন সন্দেহ নাই। সুতরাং আমি আপনার উপরে সন্তুষ্ট হইয়াছি, আপনার মঙ্গল হউক' ॥৩৯॥

ধর্ম্মব্যাধ বলিলেন—'যে হেতু আপনি—প্রাচীন, নিত্য, অলৌকিক ও অসংযতচিত্ত লোকের পক্ষে দুর্লভ ধর্ম্মের অনুসরণ করিতেছেন, সেই হেতু আপনি দেবতার তুল্য ॥৪০॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি সত্বর মাতা-পিতার নিকটে যাইয়া আলস্য পরিত্যাগ করিয়া তাঁহাদেরই সেবা করুন। আমি ইহা অপেক্ষা অধিক অন্য কোন ধর্ম্মকার্য্যই আপনার দেখিতেছি না' ॥৪১॥

ব্রাহ্মণ বলিলেন—'আজ ভাগ্যবশতই আমি এখানে আসিয়াছিলাম এবং ভাগ্যবশতই আপনার সহিত আমার সম্মেলন হইয়াছে। কারণ, এইরূপ ধর্ম্মপ্রদর্শক লোক জগতে দুর্লভ ॥৪২॥

একো নরঃ সহস্রেষু ধর্ম্মবিদ্বিদ্যতে ন বা।
প্রীতোঽস্মি তব সখ্যেন ভদ্রং তে পুরুষর্ষভ ! ॥৪৩॥
পতমানোঽদ্য নরকে ভবতাস্মি সমুদ্ধৃতঃ।
ভবিতব্যমথৈবঞ্চ তদ্দৃষ্টোঽসি ময়ানঘ ! ॥৪৪॥
রাজা যযাতির্দৌহিত্রৈঃ পতিতস্তারিতো যথা।
সদ্ভিঃ পুরুষশার্দ্দূল ! তথাহং ভবতা ত্বিহ ॥৪৫॥
মাতাপিতৃভ্যাং শুশ্রূষাং করিষ্যে বচনাত্তব।
নাকৃতাত্মা বেদয়তি ধর্ম্মাধর্ম্মবিনিশ্চয়ম্ ॥৪৬॥
দুর্জ্ঞেয়ঃ শাশ্বতো ধর্ম্মঃ শূদ্রযোনৌ হি বর্ত্ততে।
ন ত্বাং শূদ্রমহং মন্যে ভবিতব্যং হি কারণম্ ॥৪৭॥

ভারতকৌমুদী

এক ইতি। সহস্রেষু নরাণাম্। তে তব, ভদ্রং মঙ্গলমস্তু ॥৪৩॥
পতেতি। এবমিত্থম্, ভবিতব্যং মমাদৃষ্টমাসীৎ ॥৪৪॥
রাজেতি। বৃত্তান্তোঽয়মাদিপর্ব্বণি দ্রষ্টব্যঃ। ভবতা নরকাত্তারিতঃ ॥৪৫॥
মাতেতি। মাতাপিতৃভ্যাং মাতাপিত্রোঃ। অকৃতাত্মা অশিক্ষিতচিত্তঃ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—৫॥ শয়নাসনসম্বাধং শয়নাদিসঙ্কীর্ণানাম্ ॥৬—১৪॥ বাং যুবয়োঃ ॥১৫॥ নৌ আবয়োঃ ॥১৬—২৯॥ প্রবৃত্তচক্ষুর্দ্দিব্যদৃষ্টিঃ। তপসঃ পিত্রোঃ শুশ্রূষাত্মকস্য ॥৩০—৪৭॥

পুরুষশ্রেষ্ঠ ! সহস্র সহস্র লোকের মধ্যে একটী ধর্ম্মজ্ঞ লোক থাকে কি না সে বিষয়েও সন্দেহ। (সে যাহা হউক,) আপনার সহিত সৌহার্দ্দ হওয়ায় আমি সন্তুষ্ট হইয়াছি, আপনার মঙ্গল হউক ॥৪৩॥

আমি আজ নরকে পতিত হইতেছিলাম, আপনি উদ্ধার করিলেন। অথবা আমার এইরূপই শুভাদৃষ্ট ছিল, তাই আপনাকে দেখিতে পাইয়াছি ॥৪৪॥

পুরুষশ্রেষ্ঠ ! পূর্ব্বকালে যযাতিরাজা পতিত হইতেছিলেন, তখন যেমন তাঁহার ধার্ম্মিক দৌহিত্রেরা তাঁহাকে উদ্ধার করিয়াছিলেন, তেমন আপনিও আমাকে এখন উদ্ধার করিলেন ॥৪৫॥

আমি আপনার উপদেশ অনুসারে মাতা-পিতার শুশ্রূষা করিব। অশিক্ষিত লোক ধর্ম্মাধর্ম্মের নিশ্চয় বলিতে পারে না ॥৪৬॥

শূদ্রজাতির মধ্যেও সনাতন ধর্ম্ম দুর্জ্ঞেয় অবস্থায় থাকে। অথবা আমি আপনাকে শূদ্র বলিয়া মনে করি না ; তবে, আপনার এই শূদ্রভাবের মূলে কোন কারণ থাকিবে ॥৪৭॥

যেন কর্ম্মবিশেষেণ প্রাপ্তেয়ং শূদ্রতা ত্বয়া।
এতদিচ্ছামি বিজ্ঞাতুং তত্ত্বেন হি মহামতে!।
কাময়া ব্রূহি মে সর্ব্বং সত্যেন প্রয়তাত্মবান্ ॥৪৮॥

ব্যাধ উবাচ।

অনতিক্রমণীয়া বৈ ব্রাহ্মণা মে দ্বিজোত্তম!।
শৃণু সর্ব্বমিদং বৃত্তং পূর্বদেহে মমানঘ! ॥৪৯॥
অহং হি ব্রাহ্মণঃ পূর্ব্বমাসং দ্বিজবরাত্মজ!।
বেদাধ্যায়ী সুকুশলো বেদাঙ্গানাঞ্চ পারগঃ।
আত্মদোষকৃতে ব্রহ্মন্নবস্থামাপ্তবানিমাম্ ॥৫০॥
কশ্চিদ্রাজা মম সখা ধনুর্ব্বেদপরায়ণঃ।
সংসর্গাদ্ধনুষি শ্রেষ্ঠস্ততোঽহমভবং দ্বিজ! ॥৫১॥
এতস্মিন্নেব কালে তু মৃগয়াং নির্গতো নৃপঃ।
সহিতো যোধমুখ্যৈশ্চ মন্ত্রিভিশ্চ সুসংবৃতঃ ॥৫২॥

ভারতকৌমুদী

ত্বরিতি। শাশ্বতো নিত্যঃ। কারণম্ ঈদৃক্শূদ্রভাবস্য হেতুঃ ॥৪৭॥
যেনেতি। কাময়া কাম্যয়া। প্রয়তাত্মবান্ শুদ্ধচিত্তবান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৮॥
অনতীতি। ব্রাহ্মণা ব্রাহ্মণাদেশাঃ। বৃত্তং বৃত্তান্তম্ ॥৪৯॥
অহমিতি। সুকুশলঃ কর্ম্মমাত্রে অতীবনিপুণঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৫০॥
কশ্চিদিতি। সখা আসীদিতি শেষঃ। সংসর্গাৎ তস্য সাহচর্য্যাৎ ॥৫১॥

মহামতি! আপনি যে কর্ম্মবশতঃ এই শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছেন, তাহা আমি যথার্থভাবে জানিতে ইচ্ছা করি। সুতরাং হে শুদ্ধচিত্ত! আপনি আমার ইচ্ছা অনুসারে সমস্ত বৃত্তান্ত সত্য বলুন' ॥৪৮॥

ধর্ম্মব্যাধ বলিলেন—'নিষ্পাপ ব্রাহ্মণশ্রেষ্ঠ! ব্রাহ্মণের আদেশ আমার অলঙ্ঘনীয়। সুতরাং আপনি আমার এই পূর্ব্বজন্মের সমস্ত বৃত্তান্ত শ্রবণ করুন ॥৪৯॥

দ্বিজবরপুত্র! আমি পূর্ব্বজন্মে বেদাধ্যায়ী, বেদাঙ্গপারদর্শী ও সর্বকর্ম্ম-নিপুণ ব্রাহ্মণ ছিলাম; তা'র পর নিজের দোষেই এই অবস্থা প্রাপ্ত হইয়াছি ॥৫০॥

ধনুর্ব্বেদপরায়ণ কোন রাজা সেই জন্মে আমার সখা ছিলেন; তাঁহার সংসর্গে আমিও ধনুর্ব্বেদে শ্রেষ্ঠ হইয়াছিলাম ॥৫১॥

(৪৮)…ব্যাধতা ময়া…পি,…প্রয়তাত্মনা—নি। (৫০)…আত্মদোষকৃতৈর্ব্রহ্মন্!…বা ব ক। নি।

তেতোঽভ্যহন্ মৃগাংস্তত্র সুবহূনাশ্রমং প্রতি।
অথ ক্ষিপ্তঃ শরো ঘোরো ময়াপি দ্বিজসত্তম ! ॥৫৩॥
তাড়িতশ্চ ঋষিস্তেন শরেণানতপর্বণা।
ভূমৌ নিপতিতো ব্রহ্মন্ বাচ প্রতিনাদয়ন্ ॥৫৪॥
নাপরাধ্যাম্যহং কিঞ্চিৎ কেন পাপমিদং কৃতম্।
মত্বানস্তং মৃগঞ্চাহং সম্প্রাপ্তঃ সহসা বিভো ! ॥৫৫॥
অপশ্যং তমৃষিং বিদ্ধং শরেণানতপর্ব্বণা।
অকার্য্যকরণাচ্চাপি ভৃশং মে ব্যথিতং মনঃ ॥৫৬॥
তমুগ্রতপসং বিপ্রং নিষ্টনন্তং মহীতলে।
অজানতা কৃতমিদং ময়েত্যহমথাব্রুবম্।
ক্ষন্তুমর্হসি মে সর্ব্বমিতি চোক্তো ময়া মুনিঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। যোধমুখ্যৈঃ প্রধানযোদ্ধৃভিঃ। সুসংবৃতঃ পরিবেষ্টিতঃ ॥৫২॥
তত ইতি। অভ্যহন্ স রাজা নিহতবান্। আশ্রমং প্রতি তৎসমীপে ॥৫৩॥
তাড়িত ইতি। প্রতিনাদয়ন্ প্রতিধ্বনিনা তং দেশং পূরয়ন্ ॥৫৪॥
নেতি। কেন হেতুনা, কৃতং ত্বয়া। সম্প্রাপ্তস্তদন্তিকং গতঃ ॥৫৫॥
অপশ্যমিতি। আনতম্ ঈষদ্বক্রং পর্ব্ব উপান্তভাগো যস্য তেন ॥৫৬॥
তমিতি। নিষ্টনন্তং যাতনয়া আর্ত্তনাদং কুর্ব্বন্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৭॥

এই সময়েই সেই রাজা মন্ত্রিগণে পরিবেষ্টিত হইয়া প্রধান প্রধান যোদ্ধাদের সহিত মৃগয়া করিতে নির্গত হইয়াছিলেন ॥৫২॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! তাহার পর তিনি কোন আশ্রমের নিকটে বহুতর মৃগ বধ করেন। তৎপরে আমিও একটা ভয়ঙ্কর বাণ নিক্ষেপ করি ॥৫৩॥

ব্রাহ্মণ ! পরে কোন ঋষি সেই নতপর্ব বাণদ্বারা তাড়িত ও ভূতলপতিত হইয়া সেই স্থান নিনাদিত করিয়া বলিলেন—॥৫৪॥

'আমি কোন অপরাধ করি নাই, তথাপি তুমি কেন এই পাপ করিলে'। ব্রাহ্মণ ! আমি পূর্ব্বে তাঁহাকে মৃগ মনে করিয়াছিলাম ; তাই তৎক্ষণাৎ তাঁহার নিকট উপস্থিত হইলাম ॥৫৫॥

এবং দেখিলাম—এক ঋষি আনতপর্ব্ব বাণদ্বারা বিদ্ধ হইয়াছেন। তখন অকার্য্য করায় আমার মন অত্যন্ত ব্যথিত হইল ॥৫৬॥

সেই উগ্রতপা ব্রাহ্মণ ভূতলে পতিত হইয়া আর্ত্তনাদ করিতেছিলেন ; তখন আমি তাঁহাকে বলিলাম—আমি না জানিয়া এই কার্য্য করিয়াছি। আবার

ততঃ প্রত্যব্রবীদ্বাক্যমৃষির্মাং ক্রোধমূর্চ্ছিতঃ।
ব্যাধস্ত্বং ভবিতা ক্রূর! শূদ্রযোনাবিতি দ্বিজ! ॥৫৮॥

ব্যাধ উবাচ।

এবং শপ্তোঽহমৃষিণা তদা দ্বিজবরোত্তম!।
অভিপ্রসাদয়মৃষিং গিরা ত্রাহীতি মাং তদা ॥৫৯॥
অজানতা ময়া কার্য্যমিদমদ্য কৃতং মুনে!।
ক্ষন্তুমর্হসি তৎ সর্ব্বং প্রসীদ ভগবন্নিতি ॥৬০॥

ঋষিরুবাচ।

নান্যথা ভবিতা শাপ এবমেতদসংশয়ম্।
আনৃশংস্যাদহং কিঞ্চিৎ কর্ত্তাস্ম্যনুগ্রহমদ্য তে ॥৬১॥
শূদ্রযোন্যাং বর্ত্তমানো ধর্ম্মজ্ঞো হি ভবিষ্যসি।
মাতাপিত্রোশ্চ শুশ্রূষাং করিষ্যসি ন সংশয়ম্ ॥৬২॥

ভারতকৌমুদী

তত ইতি। হে ক্রূর! নিষ্ঠুর! শূদ্রযোনৌ জাতঃ সন্ ॥৫৮॥

এবমিতি। অভিপ্রসাদয়ং প্রসন্নমকরবম্, অড়াগমাভাব আর্ষঃ ॥৫৯॥

অজানতেতি। কৃষ্ণসারচর্ম্মাবৃতগাত্রতয়া ভবন্তং কৃষ্ণসারং মত্বেত্যর্থঃ ॥৬০॥

নেতি। আনৃশংস্যাৎ ত্বাং প্রতি দয়াবশাৎ। কর্ত্তা করিষ্যামি ॥৬১॥

আমি ইহাও মুনিকে বলিলাম যে, আপনি আমার সমস্ত অপরাধ মার্জনা করুন ॥৫৭॥

তাহার পর মুনি ক্রোধে জ্ঞানহীন হইয়া আমাকে এই কথা বলিলেন যে, 'নিষ্ঠুর! তুমি শূদ্রযোনিতে জন্মিয়া ব্যাধ হইবে' ॥৫৮॥

ধর্ম্মব্যাধ বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি তখন সেই ঋষিকর্ত্তৃক এইরূপ অভিশপ্ত হইয়া এই বাক্যদ্বারা তাঁহাকে প্রসন্ন করিবার চেষ্টা করিলাম যে, আপনি আমাকে রক্ষা করুন ॥৫৯॥

আমি না জানিয়া আজ এই কার্য্য করিয়া ফেলিয়াছি। অতএব ভগবন্! মুনি! আপনি প্রসন্ন হউন এবং সে সমস্ত অপরাধ মার্জনা করুন ॥৬০॥

মুনি বলিলেন—'এ শাপ অন্যরূপ হইবে না, ইহা নিঃসন্দেহ। তবে, আমি দয়া করিয়া তোমার প্রতি কিছু অনুগ্রহ করিব ॥৬১॥

তুমি শূদ্রযোনিতে জন্মিয়াও ধর্ম্মজ্ঞই হইবে এবং নিশ্চয়ই মাতা-পিতার শুশ্রূষা করিবে ॥৬২॥

(৫৮) শ্লোকাৎ পরং কতিপয়পুস্তকে অধ্যায়সমাপ্তির্দৃশ্যতে।

তয়া শুশ্রূষয়া সিদ্ধিং মহতীং ত্বমবাপ্স্যসি ।
জাতিস্মরশ্চ ভবিতা স্বর্গঞ্চৈব গমিষ্যসি ।
শাপক্ষয়ে তু নির্বৃত্তে ভবিতাসি পুনর্দ্বিজঃ ॥৬৩॥
আহ্নিকং ভগবন্! কৃত্বা শীঘ্রমেহীতি চাব্রবীৎ ॥৩॥
জগাম চ মুনিঃ সোঽপি স্নাতুং শিষ্যৈঃ সহানঘঃ।
ভোজয়েৎ সহশিষ্যং মাং কথমিত্যবিচিন্তয়ন্।
ন্যমজ্জৎ সলিলে চাপি মুনিসংঘঃ সমাহিতঃ ॥৪॥
এতস্মিন্নন্তরে রাজন্! দ্রৌপদী যোষিতাং বরা।
চিন্তামবাপ পরমামন্নহেতোঃ পতিব্রতা ॥৫॥
সা চিন্তয়ন্তী চ যদা নান্নহেতুমবিন্দত।
মনসা চিন্তয়ামাস কৃষ্ণং কংসনিসূদনম্ ॥৬॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। শ্রীমান্ কান্তিমান্। অচ্যুতো বৈধনিয়মাদভ্রষ্টঃ ॥২॥
তস্মা ইতি। তস্মৈ দুর্ব্বাসসে, অঞ্জলিং বদ্ধা বিধায়। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৩॥
জগামেতি। কথং ভোজয়েৎ, তাদৃশভোজ্যসংগ্রহাসম্ভবাদিত্যাশয়ঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৪॥
এতস্মিন্নিতি। অন্তরে অবসরে। অন্নহেতোঃ অন্নসংগ্রহার্থম্ ॥৫॥

করিতেছেন ইহা জানিয়া দুর্ব্বাসামুনি অযুত শিষ্যে পরিবেষ্টিত হইয়া সেই বনে আগমন করিলেন ॥১॥

তখন সদাচারপরায়ণ ও মনোহরমূর্ত্তি রাজা যুধিষ্ঠির সেই অতিথিকে আসিতে দেখিয়া, ভ্রাতাদের সহিত মিলিত হইয়া, তাঁহার অভিমুখে গমন করিলেন ॥২॥

এবং তিনি দুর্ব্বাসামুনিকে উত্তম আসনে উপবেশন করাইয়া, যথাবিধানে তাঁহার পূজা করিয়া, তাঁহার প্রতি কৃতাঞ্জলি হইয়া, অতিথি হইবার জন্য তাঁহাকে নিমন্ত্রণ করিলেন এবং 'ভগবন্! আপনারা আহ্নিক করিয়া সত্বর আগমন করুন' এই কথা বলিলেন ॥৩॥

'যুধিষ্ঠির এখনে শিষ্যবর্গের সহিত আমাকে কি করিয়া ভোজন করাইবেন' ইহা চিন্তা না করিয়াই নিষ্পাপ দুর্ব্বাসামুনিও শিষ্যগণের সহিত স্নান করিতে গেলেন এবং যাইয়া একাগ্রচিত্ত হইয়া জলে নিমগ্ন হইলেন ॥৪॥

রাজা! এই সময়ে নারীশ্রেষ্ঠা ও পতিব্রতা দ্রৌপদী অন্নের জন্য গুরুতর চিন্তায় আকুল হইয়া পড়িলেন ॥৫॥

কৃষ্ণ! কৃষ্ণ! মহাবাহো! দেবকীনন্দনাব্যয়!।
বাসুদেব! জগন্নাথ! প্রণতার্ত্তিবিনাশন! ॥৭॥
বিশ্বাত্মন্! বিশ্বজনক! বিশ্বহর্ত্তঃ প্রভোঽব্যয়!।
প্রপন্নপাল! গোপাল! প্রজাপাল! পরাৎপর! ॥৮॥
আকূতীনাঞ্চ চিত্তীনাং প্রবর্ত্তক! নতাস্মি তে।
বরেণ্য! বরদানন্ত! অগতীনাং গতির্ভব ॥৯॥ (বিশেষকম্)
পুরাণপুরুষ! প্রাণ! মনোবৃত্ত্যাদ্যগোচর!।
সর্বাধ্যক্ষ! পরাধ্যক্ষ! ত্বামহং শরণং গতা ॥১০॥

ভারতকৌমুদী

সেতি। অন্নহেতুম্ অন্নসংগ্রহোপায়ম্, অবিন্দত চিন্তয়াপি নালভত ॥৬॥

কৃষ্ণেতি। হে অব্যয়!। অবিনশ্বর! হে বিশ্বহর্ত্তঃ! জগৎসংহারক!। হে অব্যয়! অচল! চিত্রপতয়া নিষ্ক্রিয়ত্বাদিত্যাশয়ঃ, বিশেষেণান্বিত ইতি ব্যয়ঃ ন ব্যয়ঃ অব্যয় ইতি চ ব্যুৎপত্তেঃ। হে প্রপন্নপাল! বিপন্নরক্ষক!। পরাৎ হিরণ্যগর্ভাদপি পর! শ্রেষ্ঠ!। আকূতীনামভি-প্রায়রূপচিত্তবৃত্তীনাম্, চিত্তীনাং নির্ণয়রূপচিত্তবৃত্তীনাঞ্চ প্রবর্ত্তক! জীবরূপত্বাৎ। অগতীনাং নিরুপায়ানামস্মাকম্, গতিরুপায়ঃ ॥৭—৯॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৫॥ এতস্মিন্নন্তরে কালে ॥৬—৭॥ কৃষ্ণং পাপকর্ষকম্, কংসস্য কামাদের্দুষ্ট-রাজ্যো বা নিসূদনং হে কৃষ্ণ কৃষ্ণ অত্যাদরসূচনার্থং দ্বির্বচনম্। "কৃষির্ভূবাচকঃ শব্দো ণশ্চ নির্বৃতিবাচকঃ। তয়োরৈক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়তে" ইতি শ্রুতিপ্রণীতঃ কৃষ্ণপদস্যার্থঃ। মহান্তৌ ব্রহ্মাণ্ডপিণ্ডাবষ্টম্ভকৌ বাহূ যস্য। "সং বাহুভ্যাং ধমতি সং পতত্রৈর্দ্যাবাভূমী জনয়ন্ দেব এক" ইতি শ্রুতেঃ। অব্যয়াবিনাশিন্! অত্র দেবকীনন্দনস্যাব্যয়ত্বং বদন্ত্যা কৃষ্ণমূর্ত্তে-রভৌতিকত্বমুক্তম্, এবমাদিনাম্নামর্থঃ শঙ্করভগবৎপাদীয়ে বিষ্ণুসহস্রনামব্যাখ্যানে এব দ্রষ্টব্যঃ

তিনি চিন্তা করিয়াও যখন অন্নসংগ্রহের উপায় দেখিলেন না, তখন মনে মনে কংসনিসূদন কৃষ্ণের চিন্তা করিতে লাগিলেন ॥৬॥

'কৃষ্ণ! কৃষ্ণ! মহাবাহু! দেবকীনন্দন! অবিনশ্বর! বাসুদেব! জগন্নাথ! প্রণত লোকের পীড়ানাশক! বিশ্বাত্মা! বিশ্বজনক! বিশ্বনাশক! প্রভু! অচল! বিপন্নরক্ষক! গোপাল! প্রজারক্ষক! পরাৎপর! আকূতি ও চিত্তি-নামক চিত্তবৃত্তির প্রবর্ত্তক! আমি তোমার উদ্দেশে নমস্কার করিতেছি। আমরা নিরুপায় হইয়া পড়িয়াছি; অতএব হে বরেণ্য! হে বরদ! হে অনন্ত! তুমি আমাদের উপায় হও ॥৭—৯॥

পুরাণপুরুষ! প্রাণ! মনোবৃত্তিপ্রভৃতির অগোচর! সর্ব্বাধ্যক্ষ! শ্রেষ্ঠা-ধ্যক্ষ! আমি তোমার শরণাপন্ন হইলাম ॥১০॥

পাহি মাং কৃপয়া দেব ! শরণাগতবৎসল ! ।
নীলোৎপলদলশ্যাম ! পদ্মগর্ভারুণেক্ষণ ! ।
পীতাম্বরপরীধান ! লসৎকৌস্তুভভূষণ ! ॥১১॥
ত্বমাদিরন্তো ভূতানাং ত্বমেব চ পরায়ণম্ ।
পরাৎ পরতরং জ্যোতির্বিশ্বাত্মা সর্ব্বতোমুখঃ ॥১২॥
ত্বামেবাহুঃ পরং বীজং নিধানং সর্বসম্পদাম্ ।
ত্বয়া নাথেন দেবেশ ! সর্বাপদ্ভ্যো ভয়ং নহি ॥১৩॥
দুঃশাসনাদহং পূর্ব্বং সভায়াং মোচিতা যথা ।
তথৈব সঙ্কটাদস্মান্মামুদ্ধর্ত্তুমিহার্হসি ॥১৪॥

বৈশম্পায়ন উবাচ ।

এবং স্তুতস্তদা কৃষ্ণঃ কৃষ্ণয়া ভক্তবৎসলঃ ।
দ্রৌপদ্যাঃ সঙ্কটং জ্ঞাত্বা দেবদেবো জগৎপতিঃ ॥১৫॥
পার্শ্বস্থাং শয়নে ত্যক্ত্বা রুক্মিণীং কেশবঃ প্রভুঃ ।
তত্রাজগাম ত্বরিতো হ্যচিন্ত্যগতিরীশ্বরঃ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পুরাণেতি। হে প্রাণ ! প্রাণনহেতো ! জীবরূপত্বাৎ। আদিপদেন বুদ্ধিবৃত্তের্গ্রহণম্ ॥১০॥
পাহীতি। পদ্মগর্ভবৎ রক্তপদ্মকোষবৎ, অরুণে ঈক্ষণে যস্য সঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥১১॥
ত্বমিতি। পরায়ণং পরমাশ্রয়ঃ। সর্ব্বত এব মুখং যস্য সঃ, সহস্রশীর্ষত্বাৎ ॥১২॥
ত্বামিতি। বীজং জগৎকারণম্, নিধানমাশ্রয়ম্। নহি বিদ্যত ইতি শেষঃ ॥১৩॥
দুরিতি। দুঃশাসনাৎ দুঃশাসনকর্তৃকবস্ত্রহরণবিপদঃ। সঙ্কটান্মহাবিপদঃ ॥১৪॥
এবমিতি। কৃষ্ণয়া দ্রৌপদ্যা। অচিন্ত্যগতিত্বাদেব ত্বরিতমাগমনমিতি ভাবঃ ॥১৫—১৬॥

দেব ! শরণাগতবৎসল ! নীলোৎপলতুল্য শ্যাম ! পদ্মকোষতুল্য রক্তনয়ন ! পীতবসন ! উজ্জ্বলকৌস্তুভভূষণ ! কৃপা করিয়া আমাকে রক্ষা কর ॥১১॥

তুমি জগতের আদি ও অন্ত, তুমি পরম আশ্রয়, তুমি শ্রেষ্ঠ হইতে শ্রেষ্ঠতর জ্যোতি, তুমি জগতের আত্মা এবং তোমার মুখ সকল দিকে রহিয়াছে ॥১২॥

দেবদেব ! জ্ঞানীরা তোমাকেই জগতের প্রধান বীজ ও সমস্ত সম্পদের আশ্রয় বলিয়া থাকেন এবং তুমি রক্ষা করিলে কোন বিপদেই ভয় থাকে না ॥১৩॥

কৃষ্ণ ! তুমি পূর্ব্বে দ্যূতসভায় দুঃশাসন হইতে আমাকে যেমন উদ্ধার করিয়াছিলে, তেমন এই মহাবিপদ হইতেও আমাকে উদ্ধার কর' ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—দ্রৌপদী এইরূপ স্তব করিলে, তখনই ভক্তবৎসল দেবদেব জগৎপতি কৃষ্ণ শয্যায় পার্শ্ববর্ত্তিনী রুক্মিণীকে পরিত্যাগ করিয়া সত্বর

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

বনপর্ব্ব

অষ্টাদশখণ্ডম্

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়েন

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা ৪১ সংখ্যকস্থূরিবর্ম্মহসিদ্ধান্তবিদ্যালয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব সম্পাদিতং প্রকাশিতঞ্চ

১৩৪০ বঙ্গাব্দে

গ্রাহকপক্ষে মূল্যং

সাধারণপক্ষে মূল্যং ১।০

ততস্তং দ্রৌপদী দৃষ্ট্বা প্রণম্য পরয়া মুদা।
অব্রবীদ্বাসুদেবায় মুনেরাগমনাদিকম্ ॥১৭॥
ততস্তামব্রবীৎ কৃষ্ণঃ ক্ষুধিতোঽস্মি ভৃশাতুরঃ।
শীঘ্রং ভোজয় মাং কৃষ্ণে! পশ্চাৎ সর্ব্বং করিষ্যসি ॥১৮॥
নিশম্য তদ্বচঃ কৃষ্ণা লজ্জিতা বাক্যমব্রবীৎ।
স্থাল্যাং ভাস্করদত্তায়ামন্নং মদ্ভোজনাবধি ॥১৯॥
ভুক্তবত্যস্ম্যহং দেব! তস্মাদন্নং ন বিদ্যতে।
ততঃ প্রোবাচ ভগবান্ কৃষ্ণাং কমললোচনঃ ॥২০॥
কৃষ্ণে! ন নর্ম্মকালোঽয়ং ক্ষুচ্ছ্রমেণাতুরে ময়ি।
শীঘ্রং গচ্ছ মম স্থালীমানয়িত্বা প্রদর্শয় ॥২১॥
ইতি নির্ব্বন্ধতঃ স্থালীমানায্য স যদূদ্বহঃ।
স্থাল্যাঃ কণ্ঠেঽথ সংলগ্নং শাকান্নং বীক্ষ্য কেশবঃ ॥২২॥

ভারতকৌমুদী

তত ইতি। পরয়া অত্যন্তয়া, মুদা আনন্দেন ॥১৭॥
তত ইতি। ভৃশাতুরো নিতান্তপীড়িতঃ, ক্ষুধয়েবেত্যাশয়ঃ ॥১৮॥
নিশম্যেতি। অন্নং মদ্ভোজনাবধি তিষ্ঠতীতি শেষঃ, তথৈব ভাস্করবরদানাৎ ॥১৯॥
ভুক্তেতি। অহং ভুক্তবতী, সর্ব্বেষাং ভোজনস্তৈবাবসিতত্বাদিতি ভাবঃ ॥২০॥
কৃষ্ণ ইতি। নর্ম্মকালঃ পরিহাসসময়ঃ। আনয়িত্বা আনীয় ॥২১॥

সেই স্থানে আগমন করিলেন। কারণ, প্রভাবশালী ও জগদীশ্বর কৃষ্ণের গতি অচিন্তনীয় ॥১৫—১৬॥

তাহার পর দ্রৌপদী কৃষ্ণকে দেখিয়া প্রণাম করিয়া পরম আনন্দে তাঁহার নিকট দুর্ব্বাসামুনির আগমনাদির কথা বলিলেন ॥১৭॥

তদনন্তর কৃষ্ণ দ্রৌপদীকে কহিলেন—'কৃষ্ণা! আমিও ক্ষুধায় অত্যন্ত পীড়িত। সুতরাং তুমি সত্বর আমাকে ভোজন করাও, পরে অন্য সকল করিবে' ॥১৮॥

কৃষ্ণের বাক্য শুনিয়া দ্রৌপদী লজ্জিত হইয়া এই কথা বলিলেন—'সূর্য্যদত্ত স্থালীতে আমার ভোজনপর্য্যন্তই অন্ন থাকে ॥১৯॥

কিন্তু দেব! আমি ভোজন করিয়াছি; অতএব অন্ন আর নাই।' তখন কমললোচন ভগবান্ কৃষ্ণ দ্রৌপদীকে কহিলেন—॥২০॥

'দ্রৌপদি! আমি ক্ষুধায় ও পরিশ্রমে অত্যন্ত পীড়িত। সুতরাং এটা পরিহাসের সময় নহে। অতএব সত্বর যাও, স্থালীটা আনিয়া আমাকে দেখাও' ॥২১॥

উপযুজ্যাব্রবীদেনামনেন হরিরীশ্বরঃ।
বিশ্বাত্মা প্রীয়তাং দেবস্তুষ্টশ্চাস্ত্বিতি যজ্ঞভুক্ ॥২৩॥ (যুগ্মকম্)
আকারয় মুনীন্ শীঘ্রং ভোজনায়েতি চাব্রবীৎ।
সহদেবং মহাবাহুঃ কৃষ্ণঃ ক্লেশবিনাশনঃ ॥২৪॥
ততো জগাম ত্বরিতো সহদেবো মহাযশাঃ।
আকারিতুং তু তান্ সর্ব্বান্ ভোজনার্থং নৃপোত্তম ! ॥২৫॥
স্নাতুং গতান্ দেবনদ্যাং দুর্বাসঃপ্রভৃতীন্ মুনীন্।
তে চাবতীর্ণাঃ সলিলে কৃতবন্তোঽঘমর্ষণম্ ॥২৬॥ (যুগ্মকম্)
দৃষ্ট্বোদ্গারান্ সান্নরসান্ তৃপ্ত্যা পরময়া যুতাঃ।
উত্তীর্য্য সলিলাত্তস্মাদ্দৃষ্টবন্তঃ পরস্পরম্ ॥২৭॥
দুর্বাসসমভিপ্রেক্ষ্য সর্ব্বে তে মুনয়োঽব্রুবন্।
রাজ্ঞা হি কারয়িত্বান্নং বয়ং স্নাতুং সমাগতাঃ ॥২৮॥

ভারতকৌমুদী

ইতীতি। নির্ব্বন্ধত আগ্রহাতিশয়াৎ। উপযুজ্য ভুক্ত্বা। প্রীয়তাং তৃপ্যতু ॥২২—২৩॥
আকারয়েতি। আকারয় আহ্বয়, "হূতিরাকারণাহ্বানম্" ইত্যমরঃ ॥২৪॥
তত ইতি। আকারিতুমাকারয়িতুমাহ্বাতুম্। অঘমর্ষণং তৎসূক্তজপম্ ॥২৫—২৬॥
দৃষ্ট্বেতি। দৃষ্টবন্তঃ, অকস্মাদুদ্গারদর্শনেন বিস্ময়াদিতি ভাবঃ ॥২৭॥

যদুকুলশ্রেষ্ঠ কৃষ্ণ এইরূপ বিশেষ আগ্রহ করিয়া স্থালী আনাইয়া তাহার কণ্ঠলগ্ন শাকান্ন দেখিয়া তাহাই ভোজন করিয়া দ্রৌপদীকে বলিলেন—'আমার এই ভোজনদ্বারাই যজ্ঞভোক্তা, জগদীশ্বর ও বিশ্বাত্মা নারায়ণদেব তৃপ্ত ও তুষ্ট হউন' ॥২২—২৩॥

তদনন্তর জগতের ক্লেশনাশক মহাবাহু কৃষ্ণ সহদেবকে বলিলেন—'সহদেব! ভোজন করিবার জন্য মুনিগণকে সত্বর আহ্বান কর' ॥২৪॥

রাজশ্রেষ্ঠ! তখন মহাযশা সহদেব ভোজন করিবার জন্য মুনিগণকে আহ্বান করিতে সত্বর গমন করিলেন; ওদিকে দুর্ব্বাসাপ্রভৃতি মুনিরা তখন স্নান করিবার জন্য দেবনদীতে যাইয়া তাহার জলে নামিয়া অঘমর্ষণসূক্ত জপ করিতেছিলেন ॥২৫—২৬॥

কিন্তু তাঁহারা তখন পরমতৃপ্তিযুক্ত হইয়া অন্নরসের সহিত আপন আপন উদ্গার দেখিয়া সেই জল হইতে উঠিয়া পরস্পর পরস্পরের মুখাবলোকন করিতে লাগিলেন ॥২৭॥

(২৪)···ভীমসেনং মহাবাহুঃ···নি।

আকণ্ঠতৃপ্তা বিপ্রর্ষে! কিংস্বিদ্ভুঞ্জামহে বয়ম্।
বৃথা পাকঃ কৃতোঽস্মাভিস্তত্র কিং করবামহে ॥২৯॥

দুর্ব্বাসা উবাচ।

বৃথা পাকেন রাজর্ষেরপরাধঃ কৃতো মহান্।
মাস্মানধাক্ষুর্দৃষ্টৈ্যব পাণ্ডবাঃ ক্রূরচক্ষুষা ॥৩০॥
স্মৃত্বানুভাবং রাজর্ষেরম্বরীষস্য ধীমতঃ।
বিভেমি সুতরাং বিপ্রাঃ! হরিপাদাশ্রয়াজ্জনাৎ ॥৩১॥
পাণ্ডবাশ্চ মহাত্মানঃ সর্ব্বে ধর্ম্মপরায়ণাঃ।
শূরাশ্চ কৃতবিদ্যাশ্চ ব্রতিনস্তপসি স্থিতাঃ।
সদাচাররতা নিত্যং বাসুদেবপরায়ণাঃ ॥৩২॥
ক্রুদ্ধাস্তে নির্দ্দহেয়ুর্বৈ তূলরাশিমিবানলঃ।
তত এতানদৃষ্ট্বৈব শিষ্যাঃ! শীঘ্রং পলায়ত ॥৩৩॥

ভারতকৌমুদী

দুর্বাসসমিতি। মুনয়ঃ শিষ্যাঃ। রাজ্ঞা যুধিষ্ঠিরেণ ॥২৮॥

আকণ্ঠেতি। আকণ্ঠতৃপ্তাঃ ভোজনেনাকণ্ঠপূর্ণা ইব। কুতঃ কাবিতঃ ॥২৯॥

বৃথেতি। অধাক্ষুরিতি মাযোগেঽপ্যড়াগম আর্ষঃ ॥৩০॥

স্মৃত্বেতি। অনুভাবং প্রভাবম্, "অনুভাবঃ প্রভাবেঽপি" ইত্যমরঃ। সুতরামত্যর্থম্ ॥৩১॥

পাণ্ডবা ইতি। এভিঃ সর্বৈর্গুণৈরেব পাণ্ডবেভ্যো ভয়সম্ভব ইতি ভাবঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩২॥

তাহার পর সেই মুনিরা সকলে দুর্ব্বাসাকে দেখিয়া বলিলেন—'মহর্ষি! আমরা রাজা দ্বারা অন্ন প্রস্তুত করাইয়া স্নান করিতে আসিয়াছিলাম ॥২৮॥

এখন বোধ হইতেছে—যেন ভোজন করায় কণ্ঠপর্য্যন্ত পূর্ণ হইয়া গিয়াছে। সুতরাং আমরা এখন ভোজনই বা করিব কি, অনর্থক পাক করাইয়াছি, সে বিষয়েই বা করিব কি?' ॥২৯॥

দুর্বাসা বলিলেন—'অনর্থক পাক করাইয়াছি বলিয়া আমরা রাজর্ষি যুধিষ্ঠিরের নিকট গুরুতর অপরাধ করিয়াছি। অতএব পাণ্ডবেরা যেন ক্রূর দৃষ্টিতে দর্শন করিয়া আমাদিগকে দগ্ধ না করেন ॥৩০॥

ব্রাহ্মণগণ। রাজর্ষি ও জ্ঞানী অম্বরীষরাজার প্রভাব স্মরণ করিয়া আমি হরির চরণাশ্রিত ব্যক্তি হইতে অত্যন্ত ভীত হইতেছি ॥৩১॥

পাণ্ডবেরা সকলেই মহাত্মা, ধার্ম্মিক, বীর, কৃতবিদ্য, ব্রতী, তপস্বী, সদাচার-নিরত এবং সর্ব্বদা কৃষ্ণপরায়ণ' ॥৩২॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্তাস্তে দ্বিজাঃ সর্ব্বে মুনিনা গুরুণা তদা।
পাণ্ডবেভ্যো ভৃশং ভীতা দুদ্রুবুস্তে দিশো দশ ॥৩৪॥
সহদেবো দেবনদ্যামপশ্যন্ মুনিসত্তমান্।
তীর্থেষ্বিতস্ততস্তস্থা বিচচার গবেষয়ন্ ॥৩৫॥
তত্রস্থেভ্যস্তাপসেভ্যঃ শ্রুত্বা তাংশ্চৈব বিদ্রুতান্।
যুধিষ্ঠিরমথাভ্যেত্য তং বৃত্তান্তং ন্যবেদয়ৎ ॥৩৬॥
ততস্তে পাণ্ডবাঃ সর্ব্বে প্রত্যাগমনকাঙ্ক্ষিণঃ।
প্রতীক্ষন্তঃ কিয়ৎকালং জিতাত্মানোঽবতস্থিরে ॥৩৭॥
নিশীথেঽভ্যেত্য চাকস্মাদস্মান্ স ছলয়িষ্যতি।
কথঞ্চ নিস্তরেমাস্মাৎ কৃচ্ছ্রাদ্দৈবোপসাদিতাৎ ॥৩৮॥

ভারতকৌমুদী

ক্রুদ্ধা ইতি। পলায়ধ্বেতি পরস্মৈপদমার্ষম্ ॥৩৩॥
ইতীতি। দুদ্রুবুর্দ্রুতং পলায়িতাঃ ॥৩৪॥
সহেতি। তীর্থেষু ঘট্টেষু তীরস্থপুণ্যক্ষেত্রেষু বা। গবেষয়ন্ অন্বিষ্যন্ ॥৩৫॥
তত্রেতি। বিদ্রুতান্ দ্রুতং গতান্। ন্যবেদয়ৎ সহদেব ইত্যনুবৃত্তিঃ ॥৩৬॥
তত ইতি। প্রত্যাগমনকাঙ্ক্ষিণো দুর্বাসঃপ্রভৃতীনামিতি শেষঃ ॥৩৭॥
নিশীথ ইতি। স দুর্বাসাঃ। দৈবেন উপসাদিতাদানীতাৎ ॥৩৮॥

অগ্নি যেমন তূলরাশি দগ্ধ করেন, তেমন তাঁহারা আমাদিগকে দগ্ধ করিতে পারেন। অতএব শিষ্যগণ! ইঁহাদিগকে না দেখিয়া সত্বর পলায়ন কর' ॥৩৩॥

বৈশম্পায়ন বলিলেন—গুরু দুর্বাসামুনি এইরূপ বলিলে, সেই ব্রাহ্মণেরা সকলেই পাণ্ডবগণ হইতে অত্যন্ত ভীত হইয়া তখনই দশ দিকে দ্রুত পলায়ন করিলেন ॥৩৪॥

তাহার পর সহদেব আসিয়া সেই দেবনদীতে মুনিগণকে না দেখিয়া তাহার ঘাটগুলিতে এবং তীরবর্ত্তী আশ্রমগুলিতে ইতস্ততঃ তাঁহাদের অন্বেষণ করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিলেন ॥৩৫॥

'তাঁহারা চলিয়া গিয়াছেন' এই কথা তত্রত্য তপস্বিগণের নিকট শুনিয়া সহদেব যুধিষ্ঠিরের নিকট আসিয়া সেই বৃত্তান্ত জানাইলেন ॥৩৬॥

তদনন্তর সংযতচিত্ত পাণ্ডবেরা সকলেই সেই মুনিগণের প্রত্যাগমনের আশা করিয়া কিয়ৎকাল প্রতীক্ষায় রহিলেন ॥৩৭॥

(৩৫) ভীমসেনো দেবনদ্যাম্…নি।

ইতি চিন্তাপরান্ দৃষ্ট্বা নিশ্বসন্তো মুহুর্মুহুঃ।
উবাচ বচনং শ্রীমান্ কৃষ্ণঃ প্রত্যক্ষতাং গতঃ ॥৩৯॥

শ্রীকৃষ্ণ উবাচ।

ভবতামাপদং জ্ঞাত্বা ঋষেঃ পরমকোপনাৎ।
দ্রৌপদ্যা চিন্তিতঃ পার্থা অহং সত্বরমাগতঃ ॥৪০॥
ন ভয়ং বিদ্যতে তস্মাদৃষের্দুর্ব্বাসসোঽল্পকম্।
তেজসা ভবতাং ভীতঃ পূর্ব্বমেব পলায়িতঃ ॥৪১॥
ধর্ম্মনিত্যাস্তু যে কেচিন্ন তে সীদন্তি কর্হিচিৎ।
আপৃচ্ছে বো গমিষ্যামি নিয়তং ভদ্রমস্তু বঃ ॥৪২॥

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বৈতৎ কেশবস্য বভূবুঃ স্বস্থমানসাঃ।
দ্রৌপদ্যাঃ সহিতাঃ পার্থাস্তমূচুর্বিগতজ্বরাঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

ইতীতি। নিশ্বসন্ত ইতি নকারলোপাভাব আর্ষঃ। প্রত্যক্ষতাং গতঃ দ্রৌপদ্যন্তিকাদাগম্য ॥৩৯॥

ভবতামিতি। হে পার্থাঃ পাণ্ডবাঃ! সপত্নীপুত্রেঽপি পুত্রত্বাতিদেশাদিত্যাশয়ঃ ॥৪০॥

নেতি। তস্মাদ্দুর্বাসসঃ, অল্পকমপি। পলায়িতঃ সশিষ্যো দুর্বাসা ইতি শেষঃ ॥৪১॥

উক্তার্থে হেতুমাহ ধর্ম্মেতি। ধর্ম্মো নিত্যো নিত্যানুষ্ঠেয়ো যেষাং তে। সীদন্তি বিপদ্যন্তে ॥৪২॥

'হয় ত, দুর্ব্বাসামুনি রাত্রিদ্বিতীয়প্রহরের সময় অকস্মাৎ আসিয়া আমাদিগকে প্রতারিত করিবেন। অতএব এই দৈবানীত বিপদ হইতে আমরা কিপ্রকারে উদ্ধার পাইব' ॥৩৮॥

এইরূপ চিন্তায় আকুল হইয়া পাণ্ডবেরা বার বার নিশ্বাস ত্যাগ করিতেছেন ইহা জানিয়া শ্রীমান্ কৃষ্ণ আসিয়া এই কথা বলিলেন ॥৩৯॥

কৃষ্ণ বলিলেন—'পাণ্ডবগণ! অত্যন্তকোপনস্বভাব দুর্বাসা হইতে আপনাদের বিপদ্ উপস্থিত হইয়াছে ইহা জানিয়া দ্রৌপদী আমাকে স্মরণ করিয়াছিলেন; তাই আমি সত্বর আসিয়াছি ॥৪০॥

এখন সেই দুর্ব্বাসা হইতে আপনাদের একটুকু ভয়ও নাই। কারণ, তিনি আপনাদের প্রভাবে ভীত হইয়া পূর্ব্বেই পলায়ন করিয়াছেন ॥৪১॥

যাঁহারা সর্ব্বদা ধর্ম্মানুষ্ঠান করেন, তাঁহারা কখনও বিপন্ন হন না। সে যাহা হউক, আমি আপনাদের অনুমতি চাহিতেছি, আমি যাইব; আপনাদের নিয়তই মঙ্গল হউক' ॥৪২॥

ত্বয়া নাথেন গোবিন্দ ! দুস্তরামাপদং বিভো ! ।
তীর্ণাঃ প্লবমিবাসাদ্য মজ্জমানা মহার্ণবে ॥৪৪॥
স্বস্তি সাধয় ভদ্রং তে ইত্যাজ্ঞাতো যযৌ পুরীম্ ।
পাণ্ডবাশ্চ মহাভাগ ! দ্রৌপদীসহিতাঃ প্রভো ! ॥৪৫॥
ঊষুঃ প্রহৃষ্টমনসো বিহরন্তো বনাদ্বনম্ ।
ইতি তেঽভিহিতং রাজন্ ! যৎ পৃষ্টোঽহমিহ ত্বয়া ॥৪৬॥ (যুগ্মকম্)
এবংবিধান্যলীকানি ধার্ত্তরাষ্ট্রৈর্দুরাত্মভিঃ ।
পাণ্ডবেষু বনস্থেষু প্রযুক্তানি বৃথাঽভবন্ ॥৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি দ্রৌপদী-হরণে দুর্বাস উপাখ্যানে অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

শ্রুত্বেতি । ঈরিতং বাক্যম্ । স্বস্থমানসাঃ সুস্থচিত্তাঃ । বিগতজ্বরা নিরুদ্বেগাঃ ॥৪৩॥

ত্বয়েতি । নাথেন রক্ষকেণ । তীর্ণা বয়মিতি শেষঃ ॥৪৪॥

স্বস্তীতি । সাধয় গচ্ছ, "প্রায়েণ প্যন্তকঃ সাধির্গমেঃ স্থানে প্রযুজ্যতে" ইতি সাহিত্য-দর্পণোক্তেঃ । যযৌ কৃষ্ণ ইতি শেষঃ । বিহরন্তো বিচরন্তঃ ॥৪৫—৪৬॥

ভারতভাবদীপঃ

॥৮॥ আকূতীনাং চিন্তীনাঞ্চেতি চেতোবৃত্তিবিশেষাণাম্ ॥৯—২৫॥ দেবনত্বং তত্রস্থ এব তীর্থবিশেষে ॥২৬—৪৬॥ অলীকানি ছদ্মানি । "অলীকং ত্বপ্রিয়েঽনৃতে" ইতি নানার্থঃ ॥৪৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৮॥

বৈশম্পায়ন বলিলেন—কৃষ্ণের কথা শুনিয়া পাণ্ডবেরা দ্রৌপদীর সহিত সুস্থচিত্ত হইলেন এবং নিরুদ্বেগে কৃষ্ণকে বলিলেন—॥৪৩॥

'প্রভু ! গোবিন্দ ! মহাসমুদ্রে মজ্জনোন্মুখ লোক যেমন ভেলা পাইয়া উত্তীর্ণ হয়, সেইরূপ আমরা তোমাকে রক্ষক পাইয়া দুস্তর বিপদ হইতে উত্তীর্ণ হইলাম ॥৪৪॥

আশীর্ব্বাদ করি—তোমার মঙ্গল হউক, তুমি যাইতে পার' । এইরূপ আদেশ করিলে কৃষ্ণ দ্বারকানগরীর দিকে প্রস্থান করিলেন । মহাভাগ রাজা ! পাণ্ডবেরাও দ্রৌপদীর সহিত হৃষ্টচিত্তে এক বন হইতে অপর বনে বিচরণ করতঃ কাম্যকবনে বাস করিতে লাগিলেন । রাজা ! তুমি এখন আমার নিকট যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, এই তোমার নিকট তাহা বলিলাম ॥৪৫-৪৬॥

পাণ্ডবেরা বনে বাস করিবার সময়ে দুরাত্মা ধার্ত্তরাষ্ট্রেরা এইরূপ অনেক অনিষ্ট প্রয়োগ করিয়াছিল এবং সে সমস্তই নিষ্ফল হইয়াছিল ॥৪৭॥

* '...দ্বিষষ্ট্যধিকদ্বিশততমঃ...' ব। ব, '...ত্রিষষ্ট্যধিকদ্বি...' কা '...চতুঃষষ্ট্যধিকদ্বি...' নি ।

ঊনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

———:*:———

বৈশম্পায়ন উবাচ ।

তস্মিন্ বহুমৃগেঽরণ্যে অটমানা মহারথাঃ ।
কাম্যকে ভরতশ্রেষ্ঠা বিজহ্রুস্তে যথামরাঃ ॥১॥
প্রেক্ষমাণা বহুবিধান্ বনোদ্দেশান্ সমন্ততঃ ।
যথর্ত্তুকালরম্যাশ্চ বনরাজীঃ সুপুষ্পিতাঃ ॥২॥ (যুগ্মকম্)
পাণ্ডবা মৃগয়াশীলাশ্চরন্তস্তন্মহদ্বনম্ ।
বিজহ্রুরিন্দ্রপ্রতিমাঃ কঞ্চিৎ কালমরিন্দমাঃ ॥৩॥
ততস্তে যৌগপদ্যেন যযুঃ সর্ব্বে চতুর্দ্দিশম্ ।
মৃগয়াং পুরুষব্যাঘ্রা ব্রাহ্মণার্থে পরন্তপাঃ ॥৪॥
দ্রৌপদীমাশ্রমে ন্যস্য তৃণবিন্দোরনুজ্ঞয়া ।
মহর্ষেদীপ্ততপসো ধৌম্যস্য চ পুরোধসঃ ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি । অলীকানি অপ্রিয়াণি, "অলীকন্ত্বপ্রিয়েঽনৃতে" ইত্যমরঃ ॥৪৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে অষ্টাদশাধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(:*:)———

তস্মিন্নিতি । বহবো মৃগা যত্র তস্মিন্ । বনোদ্দেশান্ বনসন্নিহিতস্থানানি ॥১—২॥

পাণ্ডবা ইতি । তৎ কাম্যকাখ্যম্ । ইন্দ্রপ্রতিমাঃ শক্তিসৌন্দর্য্যাদৌ ॥৩॥

তত ইতি । যৌগপদ্যেন একদৈবেত্যর্থঃ । মৃগয়াং কর্ত্তুম্ । ন্যস্য স্থাপয়িত্বা ॥৪—৫॥

বৈশম্পায়ন বলিলেন—তদনন্তর ভরতবংশশ্রেষ্ঠ মহারথ পাণ্ডবগণ সকল দিকে বনসন্নিহিত নানাবিধ স্থান এবং পুষ্পসমন্বিত তত্তৎকালমনোহর বহুতর বন দেখিতে থাকিয়া বহুমৃগে পরিপূর্ণ সেই কাম্যকবনে দেবগণের ন্যায় বিচরণ করতঃ বিহার করিতে লাগিলেন ॥১—২॥

এবং ইন্দ্রের তুল্য শক্তিশালী, শত্রুবিজয়ী ও মৃগয়াশীল পাণ্ডবেরা কাম্যক-নামক সেই মহাবনেও কিছু কাল বিহার করিলেন ॥৩॥

তাহার পর কোন সময়ে পুরুষশ্রেষ্ঠ ও শত্রুবিজয়ী পাণ্ডবগণ—মহাতেজা ও মহর্ষি তৃণবিন্দুর এবং ধৌম্যপুরোহিতের অনুমতিক্রমে দ্রৌপদীকে আশ্রমে রাখিয়া ব্রাহ্মণগণের জন্য মৃগয়া করিতে একদাই সকলে চতুর্দ্দিকে চলিয়া গেলেন ॥৪—৫॥

ততস্তু রাজা সিন্ধূনাং বার্দ্ধক্ষত্রির্মহাযশাঃ।
বিবাহকামঃ শাল্বেয়ান্ প্রয়াতঃ সোঽভবত্তদা ॥৬॥
মহতা পরিবর্হেণ রাজযোগ্যেন সংবৃতঃ।
রাজভির্বহুভিঃ সার্দ্ধমুপায়াৎ কাম্যকঞ্চ সঃ ॥৭॥
তত্রাপশ্যৎ প্রিয়াং ভার্য্যাং পাণ্ডবানাং যশস্বিনীম্।
তিষ্ঠন্তীমাশ্রমদ্বারি দ্রৌপদীং নির্জনে বনে ॥৮॥
বিভ্রাজমানাং বপুষা বিভ্রতীং রূপমুত্তমম্।
ভ্রাজয়ন্তীং বনোদ্দেশং নীলাভ্রমিব বিদ্যুতম্ ॥৯॥ (যুগ্মকম্)
অপ্সরা দেবকন্যা বা মায়া বা দেবনির্ম্মিতা।
ইতি কৃত্বাঞ্জলিং সর্ব্বে দদৃশুস্তামনিন্দিতাম্ ॥১০॥
ততঃ স রাজা সিন্ধূনাং বার্দ্ধক্ষত্রির্জয়দ্রথঃ।
বিস্মিতস্ত্বনবদ্যাঙ্গীং দৃষ্ট্বা তাং দুষ্টমানসঃ ॥১১॥

ভারতকৌমুদী

তত ইতি। বার্দ্ধক্ষত্রির্জয়দ্রথঃ। শাল্বেয়ান্ শাল্বদেশম্ ॥৬॥
মহতেতি। পরিবর্হেণ পরিচ্ছদেন। কাম্যকং বনম্ ॥৭॥
তত্রেতি। অপশ্যৎ স ইত্যনুবৃত্তিঃ। নীলাভ্রং নীলমেঘম্ ॥৮—৯॥
অপ্সরা ইতি। দেবৈর্নির্ম্মিতা কৃতা। ইতি ইত্থং বিকল্পেন ॥১০॥
তত ইতি। বৃদ্ধক্ষত্রস্যাপত্যং বার্দ্ধক্ষত্রিঃ। বিস্মিতঃ অভবদিতি শেষঃ ॥১১॥

সেই সময়ে সিন্ধুদেশের রাজা মহাযশা জয়দ্রথ বিবাহ করিবার ইচ্ছায় শাল্বদেশে গমন করিতেছিলেন ॥৬॥

তিনি রাজার যোগ্য মূল্যবান্ পরিচ্ছদে আবৃত হইয়া বহুতর রাজার সহিত কাম্যকবনে উপস্থিত হইলেন ॥৭॥

এবং দেখিলেন—পাণ্ডবগণের প্রিয়তমা ভার্য্যা, যশস্বিনী, শরীরশোভায় দীপ্তিমতী ও পরম সুন্দরী দ্রৌপদী তখন সেই নির্জন-বন-মধ্যে আশ্রমদ্বারে অবস্থান করিতেছেন এবং বিদ্যুৎ যেমন নীলমেঘকে উজ্জ্বল করে, সেইরূপ সেই বনপ্রদেশটাকে উজ্জ্বল করিতেছেন ॥৮—৯॥

'ইনি কি অপ্সরা, না দেবকন্যা, না দৈবী মায়া' এইরূপ নানাবিধ কল্পনা করিয়া তাঁহারা সকলেই কৃতাঞ্জলি হইয়া সেই অনিন্দ্যসুন্দরী দ্রৌপদীকে দেখিতে লাগিলেন ॥১০॥

তাহার পর সিন্ধুদেশের রাজা ও বৃদ্ধক্ষত্রনন্দন দুরাত্মা জয়দ্রথ সেই অনিন্দ্যসুন্দরী দ্রৌপদীকে দেখিয়া বিস্মিত হইলেন ॥১১॥

স কোটিকাস্তং রাজানমব্রবীৎ কামমোহিতঃ।
কস্ত ষেষাঽনবস্তাঙ্গী যদি বাপি ন মানুষী ॥১২॥
বিবাহার্থো ন মে কশ্চিদিমাং প্রাপ্যাতিসুন্দরীম্।
এতামেবাহমাদায় গমিষ্যামি স্বমালয়ম্ ॥১৩॥
গচ্ছ জানীহি সৌম্যেমাং কস্ত বাত্র কুতোঽপি বা।
কিমর্থমাগতা সুভ্রুরিদং কণ্টকিতং বনম্ ॥১৪॥
অপি নাম বরারোহা মামেষা লোকসুন্দরী।
ভজেদগ্যায়তাপাঙ্গী সুদতী তনুমধ্যমা ॥১৫॥
অপ্যহং কৃতকামঃ স্যামিমাং প্রাপ্য বরস্ত্রিয়ম্।
গচ্ছ জানীহি কো স্বস্যা নাথ ইত্যেব কোটিক ! ॥১৬॥

ভারতকৌমুদী

স ইতি। কোটিকাস্তং তদাখ্যম্। যদি বেতি সম্ভাবনায়াম্ ॥১২॥
বিবাহেতি। বিবাহস্ত অর্থঃ প্রয়োজনং নাস্তি, অনয়ৈব তস্ত সিদ্ধত্বাদিত্যাশয়ঃ ॥১৩॥
গচ্ছেতি। হে সৌম্য ! কোটিকাস্ত !। সুভ্রূঃ ইয়ং সুন্দরভ্রূযুগলা রমণী ॥১৪॥
অপীতি। বরারোহা মনোহরনিতম্বা। সুদতী সুন্দরদন্তশালিনী ॥১৫॥
অপীতি। কৃতকামঃ সম্পাদিতাভিলাষঃ। নাথো রক্ষকঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—৬॥ পরিবর্হৈণ পরিচ্ছদেন। 'পরিবর্হস্ত রাজার্হবস্তুন্যপি পরিচ্ছদে" ইতি বিশ্বঃ ॥৭—৮॥ নীলাভ্রং নীলমেঘম্ ॥৯—১১॥ কোটিকাস্তং কোটী স্বর্ণময়ঃ পুরং তত্রাধিকৃতাঃ কোটিকাস্তেষামাস্তমিব মুখ্যম্। আখ্যমিতি পাঠে সংখ্যান্তরং বক্তারমিতি বা। অস্তেতি পাঠে কোটিকা অস্তা ব্যাপ্যা যস্তেতি বা রাজানং ক্ষত্রিয়ং প্রভুং বা। "রাজা প্রভৌ চ নৃপতৌ ক্ষত্রিয়ে রজনীপতৌ" ইতি মেদিনী ॥১২—১৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২১৯॥

এবং তিনি কামমোহিত হইয়া কোটিকাস্ত রাজাকে বলিলেন—'এই অনিন্দ্যসুন্দরী কাহার ? আমার মনে হয়—ইনি মানুষী নহেন ॥১২॥

এই পরমসুন্দরীকে লাভ করায় আমার আর বিবাহের কোন প্রয়োজন নাই। কারণ, আমি ইহাকে লইয়াই আপন ভবনে চলিয়া যাইব ॥১৩॥

অতএব সৌম্য কোটিকাস্ত ! তুমি ইহার নিকট যাও, যাইয়া জান যে, এই সুন্দরী কাহার, কি জন্যই বা কোথা হইতে এই কণ্টকপূর্ণ বনে আসিয়াছেন ॥১৪॥

সুন্দরনিতম্বা, ভুবনসুন্দরী, আয়তনয়না, মনোহরদন্তশালিনী ও ক্ষীণমধ্যা এই রমণী আজ আমাকে ভজন করিবেন কি ? ॥১৫॥

স কোটিকাস্তস্তচ্ছ্রুত্বা রথাৎ প্রস্কন্দ্য কুণ্ডলী।
উপেত্য পপ্রচ্ছ তদা ক্রোষ্টা ব্যাঘ্রবধূমিব ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদী-হরণে জয়দ্রথাগমনে ঊনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

কোটিকাস্য উবাচ।

কা ত্বং কদম্বস্য বিনাম্য শাখামেকাশ্রমে তিষ্ঠসি শোভমানা।
দেদীপ্যমানাগ্নিশিখেব নক্তং ব্যাধূয়মানা পবনেন সুভ্রু! ॥১॥
অতীব রূপেণ সমন্বিতা ত্বং ন চাপ্যরণ্যেষু বিভেষি কিন্নু।
দেবী নু যক্ষী যদি দানবী বা বরাপ্সরা দৈত্যবরাঙ্গনা বা ॥২॥

ভারতকৌমুদী

স ইতি। প্রস্কন্দ্য অবপ্লুত্য, কুণ্ডলী কর্ণকুণ্ডলযুগলধারী। ক্রোষ্টা শৃগালঃ ॥১৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে ঊনবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

কেতি। কদম্বস্য বৃক্ষস্য, একা একাকিনী। নক্তং রাত্রৌ, ব্যাধূয়মানা কম্প্যমানা ॥১॥

অতীবেতি। ভয়কারণে সত্যপি যন্ন বিভেষি তদেবাশ্চর্য্যমিতি ভাবঃ ॥২॥

আমি এই উত্তম রমণীটীকে পাইয়া পূর্ণমনোরথ হইব কি?। অতএব কোটিক! যাও, যাইয়া জান যে, ইহার রক্ষক কে আছে' ॥১৬॥

কুণ্ডলধারী কোটিকাস্য সেই কথা শুনিয়া রথ হইতে লাফাইয়া পড়িয়া তখনই যাইয়া—শৃগাল যেমন ব্যাঘ্রবধূর নিকট জিজ্ঞাসা করে, সেইরূপ দ্রৌপদীর নিকট জিজ্ঞাসা করিল—॥১৭॥

——(০:*:০)——

কোটিকাস্য বলিল—'সুন্দরি! রাত্রিতে বায়ুকম্পিত দেদীপ্যমানা অগ্নি-শিখার ন্যায় শোভা পাইতে থাকিয়া, কদম্ববৃক্ষের একটা শাখাকে নোয়াইয়া ধরিয়া আশ্রমদ্বারে একাকিনী দাঁড়াইয়া রহিয়াছ; তুমি কে? ॥১॥

---

* '…চতুঃপঞ্চাশদধিকদ্বিশততমঃ…' পি, '…ত্রিষষ্ট্যধিকদ্বি…' বা ব, '…চতুঃষষ্ট্যধিক-দ্বি…' কা, '…পঞ্চষষ্ট্যধিকদ্বি…' নি।

(১)…নিরম্য শাখাম্…পি।

বপুষ্মতী বোরগরাজকন্যা বনেচরী বা ক্ষণদাচরস্ত্রী।
যদ্বেব রাজ্ঞো বরুণস্য পত্নী যমস্য সোমস্য ধনেশ্বরস্য ॥৩॥
ধাতুর্বিধাতুঃ সবিতুর্বিভোর্ব্বা শুক্রস্য বা ত্বং সদনাৎ প্রপন্না।
ন হ্যেব নঃ পৃচ্ছসি যে বয়ং স্ম ন চাপি জানীম তবেহ নাথম্ ॥৪॥
বয়ং হি মানং তব বর্দ্ধয়ন্তঃ পৃচ্ছাম ভদ্রে! প্রভবং প্রভুঞ্চ।
আচক্ষ্ব বন্ধূংশ্চ পতিং কুলঞ্চ তত্ত্বেন যচ্চেহ করোষি কার্য্যম্ ॥৫॥
অহন্তু রাজ্ঞঃ সুরথস্য পুত্রো যং কোটিকাস্যেতি বিদুর্মনুষ্যাঃ।
অসৌ তু যস্তিষ্ঠতি কাঞ্চনাঙ্গে রথে হুতোঽগ্নিশ্চয়নে যথৈব।
ত্রিগর্ত্তরাজঃ কমলায়তাক্ষঃ ক্ষেমঙ্করো নাম স এব বীরঃ ॥৬॥

ভারতকৌমুদী

বপুরিতি। বপুষ্মতী মানুষীমূর্ত্তিধারিণী। উরগঃ সর্পঃ, ক্ষণদাচরো রাক্ষসঃ ॥৩॥
ধাতুরিতি। বিভোঃ প্রভোঃ। স্ম ইতি বিসর্গলোপ আর্ষঃ। নাথং রক্ষকম্ ॥৪॥
বয়মিতি। প্রভবত্যস্মাদিতি প্রভবঃ পিতা তম্, প্রভুং স্বামিনম্ ॥৫॥
অহমিতি। কাঞ্চনাঙ্গে স্বর্ণময়ে। চীয়তে অস্মিন্নিতি চয়নং স্থণ্ডিলং কুণ্ডং বা তত্র। কমলায়তাক্ষঃ পদ্মপত্রবৎ দীর্ঘনয়নঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

কেতি ॥১—৩॥ ধাতুঃ প্রজাপতেঃ সরস্বতী ২।, বিধাতুঃ কশ্যপস্য কদ্রুস্ত বা, অদিতিঃ পার্ব্বতী বা, বিভোর্বিষ্ণোর্লক্ষ্মীর্বা ॥৪॥ প্রভবং পিতরম্, প্রভুং মহান্তম্ ॥৫॥ রাজ্ঞঃ ক্ষত্রিয়স্ত,

তুমি পরম রূপবতী, অথ চ বনের ।ভতরে ভয় পাইতেছ না কেন? তুমি কি কোন দেবী, না যক্ষী, না দানবী, না কোন প্রধান অপ্সরা, কিংবা কোন প্রধান দৈত্যের পত্নী? ॥২॥

অথবা তুমি নাগরাজের কন্যা, মানুষীর মূর্ত্তি ধারণ করিয়া আসিয়াছ, কিংবা কোন রাক্ষসের স্ত্রী বনে বিচরণ করিতেছ; অথবা রাজা বরুণ, যম, চন্দ্র কিংবা কুবেরের পত্নী ॥৩॥

অথবা তুমি—প্রভু ধাতা, বিধাতা, সূর্য্য বা শুক্রের ভবন হইতে আসিয়াছ। কিন্তু আমরা যাহারা, তাহা ত তুমি আমাদের নিকট জিজ্ঞাসা করিলে না; কিংবা আমরাও তোমার অভিভাবকের বিষয় জানিলাম না ॥৪॥

ভদ্রে! আমি তোমার সম্মানবৃদ্ধি করতঃ জিজ্ঞাসা করিতেছি—তোমার পিতা কে? অভিভাবকই বা কে? বন্ধু কাহারা? স্বামী কে? কোন্ বংশে জন্মিয়াছ? এখানে যে কার্য্য করিতেছ, তাহাই বা কি? এই সকল বিষয় সত্য বল ॥৫॥

তবে আমি সুরথরাজার পুত্র, যাঁহাকে লোকে 'কোটিকাস্য' বলিয়া জানে।

অস্মাৎ পরস্ত্বেষ মহাধনুষ্মান্ পুত্রঃ কুলিন্দাধিপতের্বরিষ্ঠঃ।
নিরীক্ষতে ত্বাং বিপুলায়তাক্ষঃ সুপুষ্পিতঃ পর্ব্বতবাসনিত্যঃ ॥৭॥
অসৌ তু যঃ পুষ্করিণীসমীপে শ্যামো যুবা তিষ্ঠতি দর্শনীয়ঃ।
ইক্ষ্বাকুরাজ্ঞঃ সুবলস্য পুত্রঃ স এব হন্তা দ্বিষতাং সুগাত্রি! ॥৮॥
যস্যানুযাত্রা ধ্বজিনঃ প্রযান্তি সৌবীরকা দ্বাদশ রাজপুত্রাঃ।
শোণাশ্বযুক্তেষু রথেষু সর্ব্বে মখেষু দীপ্তা ইব হব্যবাহাঃ ॥৯॥
অঙ্গারকঃ কুঞ্জরো গুপ্তকশ্চ শত্রুঞ্জয়ঃ সঞ্জয়সুপ্রবৃদ্ধৌ।
প্রভঙ্করোঽথ ভ্রমরো রবিশ্চ শূরঃ প্রতাপঃ কুহনশ্চ নাম ॥১০॥
যং ষট্‌সহস্রা রথিনোঽনুযান্তি নাগা হয়াশ্চৈব পদাতিনশ্চ।
জয়দ্রথো নাম যদি শ্রুতস্তে সৌবীররাজঃ সুভগে! স এষঃ ॥১১॥
(বিশেষকম্)

ভারতকৌমুদী

অস্মাদিতি। সুপুষ্পিতঃ শোভনপুষ্পমালাধারী, পর্ব্বতবাসো নিত্যো যস্য সঃ ॥৭॥

অসাবিতি। দর্শনীয়ো মনোহরমূর্ত্তিঃ। হে সুগাত্রি! সুন্দরাঙ্গি! ॥৮॥

যস্যেতি। অনু পশ্চাদ্‌যাত্রা গমনং যেষাং তে, সৌবীরকাঃ সৌবীরদেশীয়াঃ। অথ কে তে দ্বাদশেত্যাহ অঙ্গারক ইতি। এতানি তেষাং দ্বাদশানাং নামানি। পদাভ্যামতন্তি সততং গচ্ছন্তীতি পদাতিনঃ পদাতয়ঃ ॥৯—১১॥

ভারতভাবদীপঃ

চয়নে ইষ্টকোচ্চয়ে ॥৬—৮॥ অনুচক্রং সৈন্যমনু লক্ষীকৃত্য প্রযান্তি। "চক্রং সৈন্যরথাঙ্গয়োঃ" ইতি বিশ্বঃ। পাঠান্তরেঽনুযাত্রা যাত্রোপকরণপালা ইত্যর্থঃ ॥৯—১০॥ পদাতিনঃ পত্ত্যা-

---

আর স্থণ্ডিলে আহুত অগ্নির ন্যায় ঐ যিনি স্বর্ণময় রথে অবস্থান করিতেছেন, উনি ত্রিগর্ত্তদেশের রাজা পদ্মনয়ন ও বীর 'ক্ষেমঙ্কর' ॥৬॥

উঁহার পরবর্ত্তী বিশালনয়ন ও সুন্দরপুষ্পমালাধারী যে পুরুষটী তোমাকে দর্শন করিতেছেন, ইনি পর্ব্বতবাসী পুলিন্দাধিপতির জ্যেষ্ঠপুত্র এবং ইনি মহাধনুর্দ্ধর ॥৭॥

সুন্দরি! পুষ্করিণীর নিকটে ঐ যে শ্যামবর্ণ সুন্দর যুবকটী দাঁড়াইয়া আছেন, ইনি শত্রুহন্তা ইক্ষ্বাকুবংশীয় রাজা সুবলের পুত্র ॥৮॥

অঙ্গারক, কুঞ্জর, গুপ্তক, শত্রুঞ্জয়, সঞ্জয়, সুপ্রবৃদ্ধ, প্রভঙ্কর, ভ্রমর, রবি, শূর, প্রতাপ ও কুহন—এই বার জন সৌবীররাজপুত্র রক্তবর্ণ ঘোটকযুক্ত রথে আরোহণ করিয়া ধ্বজ ধারণপূর্ব্বক প্রজ্বলিত যজ্ঞাগ্নির ন্যায় যাঁহার পশ্চাতে গমন করিতেছেন এবং ছয় হাজার রথী, হস্তী, অশ্ব ও পদাতি যাঁহার অনুগমন

তস্যাপরে ভ্রাতরোঽদীনসত্ত্বা বলাহকানীকবিদারণাদ্যাঃ।
সৌবীরবীরাঃ প্রবরা যুবানো রাজানমেতে বলিনোঽনুযান্তি ॥১২॥
এতৈঃ সহায়ৈরুপযাতি রাজা মরুদ্‌গণৈরিন্দ্র ইবাভিগুপ্তঃ।
অজানতাং খ্যাপয় নঃ সুকেশি ! কস্যাসি ভার্য্যা দুহিতা চ কস্য ॥১৩॥

বৈশম্পায়ন উবাচ।

অথাব্রবীদ্‌দ্রৌপদী রাজপুত্রী পৃষ্টা শিবীনাং প্রবরেণ তেন।
অবেক্ষ্য মন্দং প্রবিমুচ্য শাখাং সংগৃহ্নতী কৌশিকমুত্তরীয়ম্ ॥১৪॥
বুদ্ধ্যাভিজানামি নরেন্দ্রপুত্র ! ন মাদৃশী ত্বামভিভাষ্টুমর্হা।
ন ত্বেব বক্তাস্তি তবেহ বাক্যমন্যো নরো বাপ্যথবাপি নারী ॥১৫॥

ভারতকৌমুদী

তস্যেতি। অদীনসত্ত্বা অনল্পাধ্যবসায়াঃ, বলাহকাদীনি ত্রীণি নামানি ॥১২॥

এতৈরিতি। মরুতাং দেবানাং গণৈঃ, অভিগুপ্তো রক্ষিতঃ। খ্যাপয় ব্রূহি ॥১৩॥

অথেতি। শিবীনাং শিবিবংশীয়ানাম্, তেন কোটিকাস্যেন। কৌশিকং কুশময়ম্ ॥১৪॥

বুদ্ধ্যেতি। অভিভাষ্টুম্ অভিভাষিতুম্, ইড়াগমাভাব আর্ষঃ। বক্তেতি সাধুকারিণ্যর্থে তৃন্, তস্য চ নিষ্ঠাদিত্বাদ্বাক্যমিত্যত্র ন কর্ম্মণি ষষ্ঠী। বাক্যং বাক্যোত্তরম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

মতিভূং সত্ততং গন্তুং শীলং যেষাং তে পদাত্রয়ঃ ॥১১—১৩॥ শিবীনাং শিবিবংশানাং ক্ষত্রিয়াণাম্, মন্দং স্বৈরম্, অবেক্ষ্য সঙ্কোচ্য। তদেবাহ—বিমুচ্যেতি। কৌশিকং কোশজম্

করিতেছে, ইনি সেই সৌবীররাজ 'জয়দ্রথ'। সুন্দরি। তুমি সম্ভবতঃ ইঁহার নাম শুনিয়াছ ॥৯—১১॥

এবং বলাহক, অনীক ও বিদারণপ্রভৃতি উঁহার অপর ভ্রাতারাও উঁহার অনুগমন করিতেছেন; উঁহারা অসাধারণ অধ্যবসায়ী, সৌবীরদেশের মধ্যে প্রধান বীর ও বলবান্ ॥১২॥

সুকেশি। দেবগণরক্ষিত ইন্দ্রের ন্যায় এই সকল-সহায়-কর্ত্তৃক রক্ষিত রাজা জয়দ্রথ গমন করিতেছেন। এদিকে আমরা তোমার বৃত্তান্ত কিছুই জানি না। সুতরাং তুমি বল যে, তুমি কাহার ভার্য্যা এবং কাহার কন্যা' ॥১৩॥

বৈশম্পায়ন কহিলেন—শিবিবংশপ্রধান কোটিকাস্য এইরূপ জিজ্ঞাসা করিলে, কুশময় উত্তরীয়ধারিণী রাজনন্দিনী দ্রৌপদী কদম্বশাখা পরিত্যাগপূর্ব্বক অল্প দৃষ্টিপাত করিয়া বলিলেন—॥১৪॥

(১৩) শ্লোকাৎ পরম্ '…পঞ্চপঞ্চাশদধিকদ্বিশততমঃ…' পি, '…চতুঃষষ্ট্যধিকদ্বিশততমঃ…' বা ব, '…পঞ্চষষ্ট্যধিকদ্বি…' কা, '…ষট্‌ষষ্ট্যধিকদ্বি…' নি।

একা হ্যহং সম্প্রতি তেন বাচং দদানি বৈ ভদ্র! নিবোধ চেদম্।
অহং হ্যরণ্যে কথমেকমেকা ত্বামালপেয়ং নিরতা স্বধর্ম্মে ॥১৬॥
জানামি চ ত্বাং সুরথস্য পুত্রং যং কোটিকাস্যেতি বিদুর্মনুষ্যাঃ।
তস্মাদহং শৈব্য! তথৈব তুভ্যমাখ্যামি বন্ধূন্ প্রথিতং কুলঞ্চ ॥১৭॥
অপত্যমস্মি দ্রুপদস্য রাজ্ঞঃ কৃষ্ণেতি মাং শৈব্য! বিদুর্মনুষ্যাঃ।
সাহং বৃণে পঞ্চ জনান্ পতিত্বে যে খাণ্ডবপ্রস্থগতাঃ শ্রুতাস্তে ॥১৮॥
যুধিষ্ঠিরো ভীমসেনার্জ্জুনৌ চ মাদ্র্যাশ্চ পুত্রৌ পুরুষপ্রবীরৌ।
তে মাং নিবেশ্যেহ দিশশ্চতস্রো বিভজ্য পার্থা মৃগয়াং প্রয়াতাঃ ॥১৯॥
প্রাচীং রাজা দক্ষিণাং ভীমসেনো জয়ঃ প্রতীচীং যমজাবুদীচীম্।
মন্যে তু তেষাং রথসত্তমানাং কালোঽভিতঃ প্রাপ্ত ইহোপযাতুম্ ॥২০॥

ভারতকৌমুদী

একেতি। তিষ্ঠামীতি শেষঃ। দদানি উত্তরতয়া কথয়ানি। স্বধর্ম্মে গার্হস্থ্যে ॥১৬॥
জানামীতি। হে শৈব্য! শিবিকুলোদ্ভব!। আখ্যামি ব্রবীমি ॥১৭॥
অপত্যমিতি। খাণ্ডবপ্রস্থগতা ইন্দ্রপ্রস্থস্থিতাঃ, তে ত্বয়া ॥১৮॥
যুধীতি। নিবেশ্য স্থাপয়িত্বা। বিভজ্য অহমস্যাং দিশি গচ্ছামীত্যাত্মনো বিভক্তীকৃত্য ॥১৯॥
প্রাচীমিতি। জয়োঽর্জ্জুনঃ। প্রয়াত ইতি বচনবিপরিণামেনানুবৃত্তিঃ। অভিতঃ সম্মুখে ॥২০॥

'রাজপুত্র! আমি আপন বুদ্ধিতেই বুঝিতেছি যে, আপনার সহিত আমার মত লোকের কথা বলা উচিত নহে। কিন্তু আপনার কথার উত্তর দেয়, এমন অন্য পুরুষ বা স্ত্রীলোক এখানে নাই ॥১৫॥

ভদ্র! আমি এখন এখানে একা রহিয়াছি; সেই জন্যই আপনার কথার উত্তর দিতেছি। কিন্তু স্বধর্ম্মনিরতা একা আমি বনের ভিতরে একক আপনার সহিত কি করিয়া কথোপকথন করিতে পারি ॥১৬॥

শিবিনন্দন! আমি জানিলাম যে, আপনি সুরথরাজার পুত্র, লোকে যাঁহাকে 'কোটিকাস্য' বলিয়া জানে। সেই জন্যই আমি আপনার নিকট বন্ধুবর্গের কথা ও প্রসিদ্ধ বংশের কথা বলিব ॥১৭॥

শিবিনন্দন! আমি দ্রুপদরাজার সন্তান, লোকে আমাকে 'কৃষ্ণা' বলিয়া জানে; আর আপনি যাঁহাদিগকে ইন্দ্রপ্রস্থবাসী বলিয়া শুনিয়াছেন, সেই পাঁচজনকে আমি পতিত্বে বরণ করিয়াছি ॥১৮॥

যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন এবং পুরুষশ্রেষ্ঠ নকুল ও সহদেব ইঁহারা-সকলেই আমাকে এই আশ্রমে রাখিয়া আপনাদিগকে বিভক্ত করিয়া মৃগয়া করিবার জন্য চারি দিকে গিয়াছেন ॥১৯॥

সম্মানিতা যাস্যথ তৈর্যথেষ্টং বিমুচ্য বাহানবরোহয়ধ্বম্।
প্রিয়াতিথির্ধর্ম্মসুতো মহাত্মা প্রীতো ভবিষ্যত্যভিবীক্ষ্য যুষ্মান্ ॥২১॥
এতাবদুক্ত্বা দ্রুপদাত্মজা সা শৈব্যাত্মজং চন্দ্রমুখী প্রতীতা।
বিবেশ তাং পর্ণশালাং প্রশস্তাং সঞ্চিন্ত্য তেষামতিথিত্বধর্ম্মম্ ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি দ্রৌপদী-হরণে দ্রৌপদীবাক্যে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

সম্মানিতা ইতি। বাহান্ যানানি, অবরোহয়ধ্বম্ অপরান্ সর্বানিতি শেষঃ ॥২১॥
এতাবদিতি। প্রতীতা অতিথিপ্রাপ্তাদেব হৃষ্টা। অতিথিত্বমেব ধর্ম্মস্তম্ ॥২২॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:(০):——

ভারতভাবদীপঃ

॥১৪॥ অভিভাষ্টুম্ অভিভাষিতুম্ ॥১৫॥ তেন কারণেন ॥১৬—১৭॥ পঞ্চ জনান্ পঞ্চ পুরুষান্ ॥১৮—১৯॥ জয়োঽর্জ্জুনঃ ॥২০—২১॥ তেষামর্থে অতিথিষু যোগ্যং স্বধর্ম্মং পূজাদিকং কর্ত্তুং সঞ্চিন্ত্য শালাং বিবেশ ॥২২॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২০॥

——০:*:০——

যুধিষ্ঠির পূর্ব্বদিকে, ভীম দক্ষিণদিকে, অর্জ্জুন পশ্চিমদিকে এবং নকুল ও সহদেব উত্তরদিকে গিয়াছেন। আমি মনে করি—সেই রথিশ্রেষ্ঠগণের আশ্রমে আসিবার সময় সম্মুখে উপস্থিত হইয়াছে ॥২০॥

সুতরাং আপনারা তাঁহাদের দ্বারা যথেষ্ট সম্মানিত হইয়া যাইতে পারিবেন। অতএব আপনি যান-বাহন পরিত্যাগ করাইয়া উঁহাদিগকে অবতরণ করান। অতিথি যাঁহার প্রিয়, সেই মহাত্মা ধর্ম্মপুত্র আপনাদিগকে দেখিয়া সন্তুষ্ট হইবেন' ॥২১॥

কোটিকাস্যকে এই পর্য্যন্ত বলিয়া চন্দ্রমুখী দ্রৌপদী তাঁহাদিগকে অতিথি ভাবিয়া আনন্দিত হইয়া সেই প্রশস্ত পর্ণশালার ভিতরে প্রবেশ করিলেন ॥২২॥

——:(০):——

(২২)…অতিথিত্বধর্ম্মম্—কা নি,…অতিথিং স্বধর্ম্মম্—পি। * '…ষট্‌পঞ্চাশদধিকদ্বি-শততমঃ…' পি, '…পঞ্চষষ্ট্যধিকদ্বি…' বা ব, '…ষট্‌ষষ্ট্যধিকদ্বি…' কা, 'সপ্তষষ্ট্যধিকদ্বি…' নি।

একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——০:(*):০——

বৈশম্পায়ন উবাচ।

তথাসীনেষু সর্ব্বেষু তেষু রাজস্থ ভারত ! ।
যদুক্তং কৃষ্ণয়া তত্র তৎ সর্বং প্রত্যবেদয়ৎ ॥১॥
কোটিকাস্যবচঃ শ্রুত্বা শৈব্যং সৌবীরকোঽব্রবীৎ।
যদা বাচং ব্যাহরন্ত্যামস্যাং মে রমতে মনঃ।
সীমন্তিনীনাং মুখ্যায়াং বিনিবৃত্তঃ কথং ভবান্ ॥২॥
এতাং দৃষ্ট্বা স্ত্রিয়ো মেঽন্যা যথা শাখামৃগস্ত্রিয়ঃ।
প্রতিভান্তি মহাবাহো ! সত্যমেতদ্ব্রবীমি তে ॥৩॥
দর্শনাদেব হি মনস্তয়া মেঽপহৃতং ভৃশম্।
তাং সমাচক্ষ্ব কল্যাণীং যদি স্যাচ্ছৈব্য ! মানুষী ॥৪॥

কোটিক উবাচ।

এষা বৈ দ্রৌপদী কৃষ্ণা রাজপুত্রী যশস্বিনী।
পঞ্চানাং পাণ্ডুপুত্রাণাং মহিষী সম্মতা ভৃশম্ ॥৫॥

ভারতকৌমুদী

তথেতি। তথা দূরে, আসীনেষু স্থিতেষু। প্রত্যবেদয়ৎ কোটিকাস্য ইতি শেষঃ ॥১॥
কোটিকেতি। শৈব্যং কোটিকাস্যম্, সৌবীরকো জয়দ্রথঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥
এতামিতি। শাখামৃগস্ত্রিয়ো বানরস্ত্রিয়ঃ, প্রতিভান্তি জ্ঞানবিষয়া ভবন্তি ॥৩॥
দর্শনাদিতি। সমাচক্ষ্ব কুলশীলাদিভির্বর্ণয়, যদি সা মানুষী স্যাৎ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন জনমেজয়! সেই রাজারা সকলে সেইরূপ দূরে অবস্থান করিতেছিলেন, এমন সময়ে আশ্রমদ্বারে দ্রৌপদী যাহা বলিয়াছিলেন, সেই সকল বিষয় যাইয়া কোটিকাস্য তাঁহাদিগকে জানাইলেন ॥১॥

কোটিকাস্যের কথা শুনিয়া জয়দ্রথ তাঁহাকে বলিলেন—'এই রমণীপ্রধানা যখন কথা বলিতেছিলেন, তখন উঁহার প্রতি আমার মন আকৃষ্ট হইয়াছিল। অতএব তুমি ফিরিয়া আসিলে কেন? ॥২॥

মহাবাহু কোটিকাস্য! আমি তোমার নিকট সত্য বলিতেছি যে, এই রমণীটাকে দেখিয়া অন্য রমণীগুলিকে আমার বানরীর মত বোধ হইতেছে ॥৩॥

শিবিনন্দন! দর্শনমাত্রই সেই রমণী আমার মনটাকে গুরুতর আকর্ষণ করিয়াছে। অতএব সে যদি মানবী হয়, তবে তাহার বিষয় বর্ণনা কর।' ॥৪॥

সর্ব্বেষাঞ্চৈব পার্থানাং প্রিয়া বহুমতা সতী।
তয়া সমেত্য সৌবীর! সৌবীরাভিমুখো ব্রজ ॥৬॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তঃ প্রত্যুবাচ পশ্যামো দ্রৌপদীমিতি।
পতিঃ সৌবীরসিন্ধূনাং দুষ্টভাবো জয়দ্রথঃ ॥৭॥
স প্রবিশ্যাশ্রমং পুণ্যং সিংহগোষ্ঠং বৃকো যথা।
আত্মনা সপ্তমঃ কৃষ্ণামিদং বচনমব্রবীৎ ॥৮॥
কুশলং তে বরারোহে! ভর্ত্তারস্তেঽপ্যনাময়াঃ।
যেষাং কুশলকামাসি তেঽপি কচ্চিদনাময়াঃ ॥৯॥

ভারতকৌমুদী

এষেতি। রাজপুত্রী চেৎ কোঽসৌ রাজেত্যাহ দ্রৌপদীতি। কৃষ্ণা নাম ॥৫॥

সর্ব্বেষামিতি। সমেত্য মিলিত্বা। সৌবীরাভিমুখঃ সৌবীরদেশাভিমুখঃ ॥৬॥

এবমিতি। সৌবীরসিন্ধূনাং তন্নামকয়োর্দেশয়োঃ পতিঃ ॥৭॥

স ইতি। অত্র গোষ্ঠপদমাবাসপরম্, "নলিনীদলতোয়তরলম্" ইত্যাদৌ তরলত্বধর্ম্মস্য ব্যঞ্জনমাত্রপরত্ববৎ। আত্মনা সপ্তম ইত্যনেন অন্যেঽপি ষট্ প্রবিবিশুরিতি সূচিতম্ ॥৮॥

কুশলমিতি। অনাময়া নীরোগাঃ। যেষামপরেষাং বন্ধূনাম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

তথেতি ॥১॥ সৌবীরকো জয়দ্রথঃ। যদাস্মাং মে মনো রমতে, তদা ভবান্ কথং বিনিবৃত্ত ইতি যোজ্যম্ ॥২—৭॥ সিংহগোষ্ঠং সিংহসভাম্। "গোষ্ঠং গোস্থানকং গোষ্ঠী

কোটিকাস্য বলিলেন—'ইনি দ্রুপদরাজার তনয়া যশস্বিনী 'কৃষ্ণা' এবং ইনি পঞ্চ পাণ্ডবেরই পরমসম্মতা মহিষী ॥৫॥

আর ইনি পাণ্ডবদের সকলেরই প্রীতি ও আদরের পাত্রী। অতএব সৌবীরনাথ! তুমি তাঁহার সহিত মিলিত হইয়া সৌবীরদেশের দিকেই গমন কর' ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—কোটিকাস্য এইরূপ বলিলে, সৌবীর ও সিন্ধুদেশের অধিপতি দুষ্টস্বভাব জয়দ্রথ বলিলেন—'দ্রৌপদীকে দেখিব' ॥৭॥

তাহার পর ক্ষুদ্র ব্যাঘ্র যেমন সিংহের আবাসে প্রবেশ করে, সেইরূপ জয়দ্রথ অপর ছয় জন সহচরকে লইয়া সেই পবিত্র আশ্রমে প্রবেশ করিয়া দ্রৌপদীকে এই কথা বলিলেন—॥৮॥

'বরবর্ণিনি! তোমার মঙ্গল ত? তোমার ভর্ত্তারা সুস্থ আছেন ত? এবং তুমি অন্য যাঁহাদের মঙ্গল কামনা কর, তাঁহারাও ভাল আছেন ত?' ॥৯॥

দ্রৌপদ্যুবাচ।

কৌরব্যঃ কুশলী রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
অহঞ্চ ভ্রাতরশ্চাস্য যাংশ্চান্যান্ পরিপৃচ্ছসি ॥১০॥
অপি তে কুশলং রাজ্যে রাষ্ট্রে কোষে বলে তথা।
কচ্চিদেকঃ শিবীনাঢ্যান্ সৌবীরান্ সহ সিন্ধুভিঃ।
অনুতিষ্ঠসি ধর্ম্মেণ যে চান্যে বিদিতাস্ত্বয়া ॥১১॥
পাদ্যং প্রতিগৃহাণেদমাসনঞ্চ নৃপাত্মজ!।
মৃগান্ পঞ্চাশতঞ্চৈব প্রাতরাশং দদানি তে ॥১২॥
ঐণেয়ান্ পৃষতান্ ন্যঙ্কূন্ হরিণান্ শরভান্ শশান্।
ঋষ্যান্ রুরূন্ শম্বরাংশ্চ গবয়াংশ্চ মৃগান্ বহূন্ ॥১৩॥
বরাহান্ মহিষাংশ্চৈব যাশ্চান্যা মৃগজাতয়ঃ।
প্রদাস্যতি স্বয়ং তুভ্যং কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কৌরব্য ইতি। অহঞ্চ কুশলিনী, অস্য ভ্রাতরো ভীমাদয়শ্চ কুশলিন ইতি সম্বন্ধঃ ॥১০॥

অপীতি। রাজ্যে রাজত্বপদে, রাষ্ট্রে স্বাধিকৃতদেশে। বলে সৈন্যে। অনু লক্ষ্যীকৃত্য, ধর্ম্মেণ তিষ্ঠসি পালয়ন্ বর্ত্তসে। বিদিতাঃ স্বকীয়ত্বেন জ্ঞাতাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

পাদ্যমিতি। অত্র ত ইত্যাশঃ পাদ্যং তম্, সহচরবাহুল্যাদ্বহুপ্রদানমিতি ভাবঃ ॥১২॥

ঐণেয়ানিতি। এতে মৃগবিশেষাঃ। স্বয়ং প্রদাস্যতি, অত্রাগত্যেতি শেষঃ ॥১৩—১৪॥

ভারতভাবদীপঃ

সভাসংপালয়োঃ স্ত্রিয়া"মিতি মেদিনী। লিঙ্গং স্ববিবক্ষিতং গোষ্ঠমিতি বা স্থানমেব। সপ্তমো বলাহকাদীন্ ষড় ভ্রাতৃনুপলক্ষ্য আত্মনা শরীরেণ সপ্তানাং পূরণঃ ॥৮—১০॥ অনু-

দ্রৌপদী বলিলেন—'কুরুবংশজাত কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির, আমি ও তাঁহার ভ্রাতারা সকলেই কুশলে আছি এবং আপনি অন্য যাঁহাদের কথা জিজ্ঞাসা করিতেছেন, তাঁহারাও কুশলে আছেন ॥১০॥

আপনার রাজপদ, রাজ্য, কোষ ও সৈন্যগণের মঙ্গল ত? এবং আপনি একাই সমৃদ্ধ শিবিগণকে, সিন্ধুদেশের সহিত সৌবীরদেশকে, আর অন্য যত দেশ আপনার নিজের বলিয়া জানা আছে, সেগুলিকে ধর্ম্ম অনুসারে পালন করিতেছেন ত? ॥১১॥

রাজপুত্র! আপনি এই পাদ্য ও আসন গ্রহণ করুন, আর আমি আপনাকে প্রাতঃকালের খাদ্যরূপে পঞ্চাশটা হরিণ দিব ॥১২॥

—তার পর কুন্তীনন্দন যুধিষ্ঠির আসিয়া তিনি নিজে আপনাকে বহুতর

জয়দ্রথ উবাচ।

কুশলং প্রাতরাশস্তু সর্ব্বং মে দিৎসিতং ত্বয়া।
এহি মে রথমারোহ সুখমাপ্নুহি কেবলম্ ॥১৫॥
হৃতরাজ্যান্ গতশ্রীকান্ কৃপণান্ গতচেতসঃ।
অরণ্যবাসিনঃ পার্থান্ নানুরোদ্ধুং ত্বমর্হসি ॥১৬॥
ন বৈ প্রাজ্ঞা গতশ্রীকং ভর্ত্তারমুপযুঞ্জতে।
যুঞ্জানমনুযুঞ্জীত ন শ্রিয়ঃ সংক্ষয়ে বসেৎ ॥১৭॥
শ্রিয়া বিহীনা রাজ্যাচ্চ বিনষ্টাঃ শাশ্বতীঃ সমাঃ।
অলং তে পাণ্ডুপুত্রাণাং ভক্ত্যা ক্লেশমুপাসিতুম্ ॥১৮॥

ভারতকৌমুদী

কুশলমিতি। কুশলং মম রাজ্যাদীনাঞ্চ মঙ্গলমিত্যেকং বাক্যম্। দিৎসিতং দাতুমিষ্টম্ ॥১৫॥

হৃতেতি। গতশ্রীকান্ নষ্টরাজলক্ষ্মীকান্, কৃপণান্ ক্ষুদ্রান্। অনুরোদ্ধুমপেক্ষিতুম্ ॥১৬॥

নেতি। প্রাজ্ঞা বুদ্ধিমতী স্ত্রী, গতশ্রীকং ভর্ত্তারম্, ন উপযুঞ্জতে ন সেবতে; কিন্তু যুঞ্জানং শ্রীযুক্তং ভর্ত্তারমেব, অনুযুঞ্জীত সেবেত, শ্রিয়ঃ সংক্ষয়ে তু নৈকত্র বসেৎ ॥১৭॥

শ্রিয়েতি। শাশ্বতীঃ সমা বহূন্ বৎসরান্ পাণ্ডবা ইতি শেষঃ। উপাসিতুং ভোক্তুম্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

তিষ্ঠসি পালয়সি, বিদিতা লক্ষাঃ ॥১১—১৬॥ শ্রিয়ঃ সংক্ষয়ে সতীতি শেষঃ, হীনলক্ষ্মীকে ইত্যর্থঃ ॥১৭॥ সমাঃ সম্বৎসরান্ ॥১৮—২২॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২১॥

ঐণেয়, পৃষত, ন্যঙ্কু, হরিণ, শরভ, শশ, ভল্লুক, রুরু, শম্বর, গবয়, মৃগ, বরাহ, মহিষ এবং অন্য যতপ্রকার মৃগ আছে, সে সকল দান করিবেন' ॥১৩—১৪॥

জয়দ্রথ বলিলেন—'আমার ও আমার রাজ্যপ্রভৃতির মঙ্গল। তুমি আমাকে সর্ব্বপ্রকার প্রাতঃকালের খাদ্য দিতে ইচ্ছা করিয়াছ, (তাহা এখন থাক্); তুমি আইস, আমার রথে উঠ, আর কেবল সুখভোগই করিতে থাক ॥১৫॥

দ্রৌপদি! তুমি—হৃতরাজ্য, সমৃদ্ধিশূন্য, ক্ষুদ্র, হৃদয়বিহীন ও বনবাসী পাণ্ডবগণের কোন অপেক্ষা রাখিবার যোগ্য নহ ॥১৬॥

দেখ—বুদ্ধিমতী স্ত্রী, সমৃদ্ধিবিহীন ভর্ত্তার সেবা করেন না, সমৃদ্ধিযুক্ত ভর্ত্তারই সেবা করিয়া থাকেন এবং ভর্ত্তার সম্পত্তি নষ্ট হইলে আর তাঁহার সহিত একত্র বাস করেন না ॥১৭॥

পাণ্ডবেরা বহু বৎসর যাবৎ রাজ্যভ্রষ্ট এবং সম্পত্তিশূন্য হইয়া রহিয়াছে। অতএব তাহাদের প্রতি ভক্তিবশতঃ তুমি আর কষ্ট ভোগ করিও না ॥১৮॥

ভার্য্যা মে ভব সুশ্রোণি ! ত্যজৈনান্ সুখমাপ্নুহি ।
অখিলান্ সিন্ধুসৌবীরানাপ্নুহি ত্বং ময়া সহ ॥১৯॥
বৈশম্পায়ন উবাচ ।
ইত্যুক্তা সিন্ধুরাজেন বাক্যং হৃদয়কম্পনম্ ।
কৃষ্ণা তস্মাদপাক্রামদ্দেশাৎ সা ভ্রূকুটীমুখী ॥২০॥
অবমত্যাস্য তদ্বাক্যমাক্ষিপ্য চ সুমধ্যমা ।
মৈবমিত্যব্রবীৎ কৃষ্ণা লজ্জসে নেতি সৈন্ধবম্ ॥২১॥
সা কাঙ্ক্ষমাণা ভর্ত্তৄণামুপযাতমনিন্দিতা ।
বিলোভয়ামাস পরং বাক্যৈর্বাক্যানি যুঞ্জতী ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি দ্রৌপদী-হরণে জয়দ্রথদ্রৌপদীবাক্যে একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ভার্য্যেতি। হে সুশ্রোণি ! সুনিতম্বে ! এনান্ পাণ্ডবান্। সিন্ধুসৌবীরান্ দেশান্ ॥১৯॥

ইতীতি। অপাক্রামৎ অপাসরৎ। ভ্রূকুটী মুখে যস্যাঃ সা ॥২০॥

অবেতি। আক্ষিপ্য বিনিন্দ্য। মৈবং ব্রূহীতি শেষঃ। সৈন্ধবং সিন্ধুরাজম্ ॥২১॥

সেতি। উপযাতমুপস্থিতিম্। আত্মনো বাক্যৈর্জয়দ্রথস্য বাক্যানি, যুঞ্জতী যুঞ্জানা তেন সার্দ্ধমালপন্তীত্যর্থঃ, পরমত্যন্তং জয়দ্রথং বিলোভয়ামাস, বিলম্বার্থমিতি ভাবঃ ॥২২॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে একবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

সুনিতম্বে ! তুমি আমার ভার্য্যা হও, পাণ্ডবগণকে পরিত্যাগ কর এবং অনবরত সুখভোগ করিতে থাক, আর আমার সহিত মিলিত থাকিয়া সমগ্র সিন্ধুদেশ ও সমগ্র সৌবীরদেশ লাভ কর' ॥১৯॥

বৈশম্পায়ন বলিলেন—জয়দ্রথ এইরূপ হৃৎকম্পজনক বাক্য বলিলে, দ্রৌপদী ভ্রূকুটী করিয়া সেস্থান হইতে সরিয়া গেলেন ॥২০॥

পরে সুমধ্যমা দ্রৌপদী মনে মনে জয়দ্রথবাক্যের অবজ্ঞা ও নিন্দা করিয়া তাঁহাকে বলিলেন—'এরূপ কথা আর বলিবেন না, আপনার কি লজ্জা হয় না' ॥২১॥

তাহার পর তিনি ভর্ত্তাদের আগমন কামনা করিয়া জয়দ্রথের সহিত আলাপ করিতে থাকিয়া তাঁহাকে অত্যন্ত লুব্ধ করিতে লাগিলেন ॥২২॥

---

* '...সপ্তপঞ্চাশদধিকদ্বিশততমঃ...' পি, '...ষট্‌ষষ্ট্যধিকদ্বি...' বা ব, '...সপ্তষষ্ট্যধিক-দ্বি...' কা, '...অষ্টষষ্ট্যধিকদ্বি...' নি।

দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——০ঃ(*)ঃ০——

বৈশম্পায়ন উবাচ।

সরোষরাগোপহতেন বল্গুনা সরাগনেত্রেণ নতোন্নতভ্রুবা।
মুখেন বিস্ফূর্য্য সুবীররাষ্ট্রপং ততোঽব্রবীত্তং দ্রুপদাত্মজা পুনঃ ॥১॥
যশস্বিনস্তীক্ষ্ণবিষান্ মহারথান্ অতিক্রুবন্ মূঢ়! ন লজ্জসে কথম্।
মহেন্দ্রকল্পান্ নিরতান্ স্বকর্ম্মসু স্থিতান্ সমূহেম্বপি যক্ষরক্ষসাম্ ॥২॥
ন কিঞ্চিদীড্যং প্রবদন্তি পাপং বনেচরং বা গৃহমেধিনং বা।
তপস্বিনং সম্পরিপূর্ণবিদ্যং ভষন্তি হৈবং শ্বনরাঃ সুবীর! ॥৩॥

ভারতকৌমুদী

সেতি। ততো দ্রুপদাত্মজা, রোষেণ যো রাগো রক্তিমা তেন সহেতি সরোষরাগঞ্চ তৎ উপহতং তেনৈব বিকৃতঞ্চেতি তেন, বল্গুনা সুন্দরেণ, রাগেণ রক্তিমা সহেতি সরাগে নেত্রে যত্র তেন, তথা রোষাদেব নতে উন্নতে চ ভ্রুবৌ যত্র তেন তাদৃশেন মুখেন, সুবীররাষ্ট্রং পাতি রক্ষতীতি তম্, তং জয়দ্রথম্, বিস্ফূর্য্য আক্রম্য, পুনরব্রবীৎ ॥১॥

যশস্বিন ইতি। হে মূঢ়! ত্বম্, যুদ্ধজয়াদিনা যশস্বিনঃ, তীক্ষ্ণং বিষং তদ্বৎ ক্রোধো যেষাং তান্, মহারথান্, মহেন্দ্রকল্পান্, স্বকর্ম্মসু যজ্ঞাদিষু নিরতান্, তথা যক্ষরক্ষসাং সমূহেম্বপি স্থিতান্ যুদ্ধাদাবচলান্ পাণ্ডবান্, অতিক্রুবন্ অতিক্রম্য কথয়ন্ নিন্দন্নিত্যর্থঃ, কথং ন লজ্জসে ॥২

ভারতভাবদীপঃ

সরোষেতি। রোষেণ রাগো রক্তিমা তেন সহিতং সরোষরাগং তদুপহতঞ্চ ম্লানঞ্চ তেন, বল্গুনা সুন্দরেণ, নতে স্বভাবত উন্নতে ক্রোধেন ভ্রুবৌ যস্তাস্তথা বিস্ফূর্য্য ফুৎকারং কৃত্বা ॥১॥ অতি অতিক্রম্য, ব্রুবন্ স্থিতানচলান্ যক্ষাদিভিরপ্যজেয়ানিত্যর্থঃ ॥২॥ ঈড্যং স্তুত্যম্, বনেচরং বানপ্রস্থম্, পাপং পাপবচনং প্রবদন্তি সন্ত ইতি শেষঃ। শ্বনরাঃ শুনকতুল্যা

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর দ্রৌপদীর সুন্দর মুখখানি ক্রোধে রক্তবর্ণ ও বিকৃত হইল, নয়নযুগল রক্তবর্ণ ধারণ করিল এবং ভ্রূযুগল অবনত ও উন্নত হইতে লাগিল; এহেন মুখদ্বারা তিনি জয়দ্রথকে আক্রমণ করিয়া পুনরায় বলিতে লাগিলেন—॥১॥

'মূর্খ! যাঁহারা যশস্বী, তীক্ষ্ণবিষের ন্যায় ক্রোধশালী, মহারথ, ইন্দ্রতুল্য, স্বকর্ম্মনিরত এবং যক্ষ-রাক্ষসগণের যুদ্ধেও অচল, সেই পাণ্ডবগণকে তুমি নিন্দা করিতে থাকিয়া কেন লজ্জিত হইতেছ না ॥২॥

(৩)...ভজন্তি চৈবং শ্বনরাঃ সুবীর!—নি।

অহন্তু মন্যে তব নাস্তি কশ্চিদেতাদৃশে ক্ষত্রিয়সন্নিবেশে।
যস্ত্বদ্য পাতালমুখে পতন্তং পাণৌ গৃহীত্বা প্রতিসংহরেত ॥৪॥
নাগং প্রভিন্নং গিরিকূটকল্পমুপত্যকাং হৈমবতীং চরন্তম্।
দণ্ডীব যূথাদপসেধসি ত্বং যো জেতুমাশংসসি ধর্ম্মরাজম্ ॥৫॥
বাল্যাৎ প্রসুপ্তস্য মহাবলস্য সিংহস্য পক্ষ্মাণি মুখাল্লুনাসি।
পদা সমাহত্য পলায়মানঃ ক্রুদ্ধং যদা দ্রক্ষ্যসি ভীমসেনম্ ॥৬॥

ভারতকৌমুদী

নেতি। হে সুবীর! সুবীরদেশাধিপতে! ঈদৃশং গুণাতিরেকাদিনা স্তুত্যম্, বনেচরং তপোবনবাসিনং বা, গৃহমেধিনং গৃহস্থং বা জনম্, পাপং নিন্দাম্, ন প্রবদন্তি সাধব ইতি শেষঃ। কিন্তু শ্বানঃ কুক্কুরা ইব নরাঃ শ্বনরা ভবাদৃশা জনাঃ, সম্পরিপূর্ণবিদ্যং তপস্বিনম্, এবমেব, ভৎসন্তি ভর্ৎসয়ন্তে। হেতি পাদপূরণে ॥৩॥

অহমিতি। অহন্তু মন্যে যৎ, এতাদৃশে ক্ষত্রিয়াণাং সন্নিবেশে সমাজে, তব কশ্চিদপি বন্ধুর্নাস্তি। যস্তু পাতালমুখে মহাগর্ত্তে পতন্তং ত্বাম্, পাণৌ গৃহীত্বা, প্রতিসংহরেত নিবারয়েৎ ॥৪॥

নাগমিতি। হে মূঢ়! ত্বম্, হৈমবতীমুপত্যকাং হিমালয়সন্নিহিতভূমিং চরন্তম্, গিরিকূটকল্পং পর্ব্বতশৃঙ্গতুল্যং বিশালম্, প্রভিন্নং মদস্রাবিণম্, নাগং হস্তিনম্, যূথাৎ স্বজাতীয়সমূহাৎ, দণ্ডী দণ্ডমাত্রধারী পুরুষ ইব, অপসেধসি অপকর্ষসি; যত্ত্বম্, ধর্ম্মরাজং যুধিষ্ঠিরং জেতুমাশংসসি। তস্য জয়ং বিনা মম হরণমসম্ভবমেবেতি ভাবঃ ॥৫॥

বাল্যাদিতি। ত্বং বাল্যাৎ মূর্খত্বাদেব, পদা সমাহত্য পদাঘাতেন জাগরয়িত্বেত্যর্থঃ, প্রসুপ্তস্য নিদ্রিতপূর্বস্য মহাবলস্য সিংহস্য মুখাৎ, পক্ষ্মাণি লোমানি, লুনাসি লবিতুং ছেত্তুমিচ্ছসি; যদা যতঃ, পলায়মান এব ক্রুদ্ধং ভীমসেনং দ্রক্ষ্যসি। ক্রুদ্ধভীমসেনান্তিকান্মম হরণেচ্ছা জাগরিতসিংহমুখলোমহরণেচ্ছেবেতি ভাবঃ ॥৬॥

সৌবীররাজ! প্রশংসার যোগ্য লোক বনবাসীই হউন বা গৃহস্থই হউন, তাঁহাকে সাধুলোকেরা কোন নিন্দা করেন না। কিন্তু কুক্কুরতুল্য মানুষেরাই পূর্ণবিদ্যাশালী তপস্বীকে এইরূপ তিরস্কার করিয়া থাকে ॥৩॥

তুমি আজ মহাগর্ত্তে পতিত হইতেছ, এই অবস্থায় যিনি হাত ধরিয়া তোমাকে বারণ করিবেন, এমন তোমার কোন বন্ধু এই ক্ষত্রিয়সমাজে নাই; ইহাই আমি মনে ॥৪॥

পর্ব্বতশৃঙ্গের তুল্য বিশাল ও মদস্রাবী কোন হস্তী হিমালয়সন্নিহিত স্থানে বিচরণ করে, তখন কেবল দণ্ডদ্বারা সেই হস্তীকে তাহার যূথ হইতে যে আকর্ষণ করিয়া আনিতে চায়, তাহার যে দশা ঘটে, তোমারও সেই দশাই ঘটিবে। কারণ, তুমি ধর্ম্মরাজকে জয় করিবার আশা করিতেছ ॥৫॥

মহাবলং ঘোরতরং প্রবৃদ্ধং জাতং হরিং পর্ব্বতকন্দরেষু।
প্রসুপ্তমুগ্রং প্রপদেন হংসি যঃ ক্রুদ্ধমাযোৎস্যসি জিষ্ণুমুগ্রম্ ॥৭॥
কৃষ্ণোরগৌ তীক্ষ্ণবিষৌ দ্বিজিহ্বৌ মত্তঃ পদাক্রামসি পুচ্ছদেশে।
যঃ পাণ্ডবাভ্যাং পুরুষোত্তমাভ্যাং জঘন্যজাভ্যাং প্রযুযুৎসসে ত্বম্ ॥৮॥
যথা চ বেণুঃ কদলী নলো বা ফলত্যভাবায় ন ভূতয়েত্মনঃ।
তথৈব মাং তৈঃ পরিরক্ষ্যমাণামাদাস্যসে কর্কটকীব গর্ভম্ ॥৯॥

ভারতকৌমুদী

মহেতি। যত্ত্বম্, ক্রুদ্ধম্, অতএবোগ্রম্, জিষ্ণুমর্জ্জুনম্, আযোৎস্যসি সে'দ্ধু মিচ্ছসীত্যর্থঃ, স ত্বম্, প্রপদেন পদাগ্রেণ, পর্ব্বতকন্দরেষু জাতম্, কালক্রমেণ প্রবৃদ্ধম্, অতএব মহাবলং ঘোরতরম্ আকৃত্যা ভীষণতরম্, উগ্রং স্বভাবেনাপি ভীষণঞ্চ প্রসুপ্তং নিদ্রিতম্, হরিং সিংহম্, হংসি তাড়য়সি। অর্জ্জুনেন সহ যুদ্ধং সিংহতাড়নমিব স্বমৃত্যুজনকমিত্যাশয়ঃ ॥৭॥

কৃষ্ণেতি। যত্ত্বম্, জঘন্যজাভ্যাং কনিষ্ঠাভ্যাম্, পুরুষোত্তমাভ্যাং পাণ্ডবাভ্যাং নকুলসহদেবাভ্যাং সহ, প্রযুযুৎসসে প্রযোদ্ধু মিচ্ছসি ; স মত্তস্ত্বম্, পদা চরণেন তীক্ষ্ণবিষৌ দ্বিজিহ্বৌ চ, কৃষ্ণোরগৌ কৃষ্ণসর্পৌ, পুচ্ছদেশে আক্রামসি। পূর্ব্ববদ্ভাবঃ ॥৮॥

যথেতি। অপি চেতি চার্থঃ। যথা বেণুর্বংশঃ, কদলী রম্ভাতরুঃ, নলঃ স্বনামপ্রসিদ্ধতৃণবিশেষো বা, আত্মনঃ অভাবায় মরণায়ৈব, ফলতি ফলং ধত্তে, ন পুনর্ভূতয়ে সমৃদ্ধয়ে, ইব যথা বা কর্কটকী আত্মনঃ অভাবায়ৈব গর্ভমাদত্তে, তথৈব ত্বম্, তৈঃ পাণ্ডবৈঃ পরিরক্ষ্যমাণাং মাম্ আত্মনঃ অভাবায়ৈব আদাস্যসে গ্রহীষ্যসি। ভূতয়েত্মন ইত্যাত্মশব্দস্য আকার লোপ আর্ষঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

নরাত্মাদৃশাস্ত এবমুক্তরীত্যা ভবন্তি ব্রুবন্তি ॥৩॥ ক্ষত্রিয়সন্নিবেশে নৃপসমাজে, পাতালমুখে মহাগর্ত্তে, প্রতিসংহরেৎ প্রতিষেধেত ॥৪॥ উপত্যকামদ্রিসমীপভূমিম্, দণ্ডী দণ্ডমাত্রায়ুধো যূথাৎ সমূহাদপসেধসি অপকর্ষসি ॥৫॥ বাল্যাৎ মৌঢ্যাৎ, পক্ষ্মাণি মুখোপরিস্থকেশান্, পদা সমাহত্য লুনাসি ছিনৎসি ॥৬—৮॥ বেণ্বাদয়ঃ ফলিতা এব নশ্যন্তি, কর্কটী চ পরিণতগর্ভা

জয়দ্রথ। তুমি মূর্খ বলিয়াই পদাঘাত করিয়া নিদ্রিত মহাবল সিংহের মুখ হইতে লোমচ্ছেদন করিবার ইচ্ছা করিতেছ। যে হেতু তুমি পলায়ন করিতে থাকিয়াই ক্রুদ্ধ ভীমসেনকে দর্শন করিবে ॥৬॥

যে তুমি ক্রুদ্ধ ও ভীষণমূর্ত্তি অর্জ্জুনের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছ, সে তুমি নিশ্চয়ই—পর্ব্বতগুহাজাত, কালক্রমে বৃদ্ধিপ্রাপ্ত, মহাবল এবং ভীষণাকৃতি ও ভীষণপ্রকৃতি নিদ্রিত সিংহকে চরণাগ্রদ্বারা আঘাত করিতেছ ॥৭॥

এবং যে তুমি—কনিষ্ঠ ও পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবদ্বয়ের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছ, সে তুমি মত্ত হইয়া চরণদ্বারা তীক্ষ্ণবিষ ও জিহ্বাদ্বয়শালী কৃষ্ণসর্পদ্বয়কে তাহাদের পুচ্ছদেশে আক্রমণ করিতেছ ॥৮॥

জয়দ্রথ উবাচ।

জানামি কৃষ্ণে! বিদিতং মমৈতদ্ যথাবিধাস্তে নরদেবপুত্ত্রাঃ।
ন ত্বেবমেতেন বিভীষণেন শক্যা বয়ং ত্রাসয়িতুং ত্বয়াদ্য ॥১০॥
বয়ং পুনঃ সপ্তদশেষু কৃষ্ণে! কুলেষু সর্ব্বেঽনবমেষু জাতাঃ।
ষড় ভ্যো গুণেভ্যোঽভ্যধিকা বিহীনান্ মন্যামহে দ্রৌপদি! পাণ্ডুপুত্ত্রান্ ॥১১॥

ভারতকৌমুদী

জানামীতি। হে কৃষ্ণে! জানামি ত্বদ্বাক্যার্থং বুধ্যে, তথা তে নরদেবপুত্ত্রা রাজপুত্ত্রাঃ পাণ্ডবাঃ, যথাবিধাঃ, এতদপি মম বিদিতমাস্তে। কিন্তু অদ্য ত্বয়া, এবমীদৃশেন এতেন বিভীষণেন ভয়প্রদর্শনেন, বয়ং ত্রাসয়িতুং ন শক্যাঃ তদধিকবীরত্বাৎ ॥১০॥

বয়মিতি। হে কৃষ্ণে! বয়ং সর্ব্বেঽপি, অনবমেষু অনীচেষু, সপ্ত দশ। বাল্য-কৌমার-পৌগণ্ড-কৈশোর-যৌবন-প্রৌঢ়-বার্দ্ধকাখ্যা জাতজনানামবস্থা যেষু তাদৃশেষু অকালমৃত্যু-রহিতেষিত্যর্থঃ, কুলেষু, জাতাঃ, পুনস্তথা ষড় ভ্যো গুণেভ্যঃ "সন্ধির্না বিগ্রহো যানমাসনং দ্বৈধ-মাশ্রয়ঃ" ইত্যমরোক্তেঃ ষড় ভির্গুণৈরভ্যধিকাশ্চ, রাজ্যসত্ত্বাদিতি ভাবঃ। অতএব হে দ্রৌপদি! পাণ্ডুপুত্ত্রান্ অস্মত্তো বিহীনান্ ন্যূনান্ মন্যামহে, তেষাং রাজ্যাসত্ত্বাৎ ॥১১॥

ভারতভাবদীপঃ

নক্তীতি লোকপ্রসিদ্ধম্ ॥৯॥ বিভীষণেন ভয়প্রদর্শনেন ॥১০॥ বয়মিতি। সপ্তদশ অষ্টৌ কর্ম্মাণি নব শক্ত্যাদয়শ্চ নিত্যাঃ সন্তি যেষু তানি সপ্তদশানি। নিত্যযোগে মত্বর্থীয়োঽর্শ আদ্যচ্। তত্র—"কৃষির্বণিকৃপথো দুর্গং সেতুঃ কুঞ্জরবন্ধনম্। খন্যাকরকরাদানং শূন্যানাঞ্চ নিবেশনম্। অষ্টৌ সন্ধানকর্ম্মাণি নিযুক্তানি মনীষিভিঃ" ইতি। কর্ম্মাষ্টকং কোষবৃদ্ধিকরং তথা প্রভুশক্তি-র্মন্ত্রশক্তিরুৎসাহশক্তিঃ, প্রভুসিদ্ধির্মন্ত্রসিদ্ধিরুৎসাহসিদ্ধিঃ, প্রভূদয়ো মন্ত্রোদয় উৎসাহোদয়ঃ প্রভু-ত্বাদীনাং স্বরূপতঃ সামর্থ্যতঃ ফলতশ্চ যেষু নিত্যযোগ ইত্যর্থঃ। অনবমেষু অনীচেষু, ষড় ভ্যো গুণেভ্যঃ, ল্যব্লোপে পঞ্চমী। ষড় গুণান্ প্রাপ্য পাণ্ডবেভ্যোঽভ্যধিকাঃ তে চ শৌর্য্যতেজো-ধৃতিদাক্ষিণ্যদানৈশ্বর্য্যাণি ভবতাপ্যুক্তাঃ ; "শৌর্য্যং তেজ" ইতি যত্র যুদ্ধে চাপ্যপলায়নং ধৈর্য্যে এবান্তর্ভূতমিতি ষড়েব ক্ষত্রিয়কর্ম্মাণি তস্য গণস্যৈবোচ্যন্তে ; সন্ধিবিগ্রহযানাসনদ্বৈধীভাবা-শ্রয়াখ্যাস্ত গুণা নীতিশাস্ত্রোক্তা নেহ গৃহ্যন্তে তেষাং সর্ব্বেষামুৎকর্ষানাধায়কত্বাৎ হীনবল এব

আর, জয়দ্রথ! বংশ (বাঁশ), কদলীবৃক্ষ ও নল যেমন নিজের মৃত্যুর জন্যই ফল ধারণ করে, কিন্তু সম্পদের জন্য নহে ; এবং কর্কটকী যেমন নিজের মৃত্যুর জন্যই গর্ভ ধারণ করে, তুমিও তেমনই পাণ্ডবরক্ষিত আমাকে গ্রহণ করিবে' ॥৯॥

জয়দ্রথ বলিলেন—'দ্রৌপদি! তোমার কথার অর্থ বুঝিয়াছি এবং সেই পাণ্ডবেরা যেমন তাহাও আমার জানা আছে। কিন্তু তুমি আজ এইরূপ ভয় দেখাইয়া আমাদিগকে ভীত করিতে পারিবে না ॥১০॥

দ্রৌপদি! আমরা সকলেও অকালমৃত্যুশূন্য উচ্চবংশে জন্মিয়াছি এবং ছয়টী গুণেই অধিক আছি। অতএব আমরা পাণ্ডবগণকে নিকৃষ্ট বলিয়াই মনে করি ॥১১॥

সা ক্ষিপ্রমাতিষ্ঠ গজং রথং বা ন বাক্যমাত্রেণ বয়ং হি শক্যাঃ।
আশংস বা ত্বং কৃপণং বদন্তী সৌবীররাজস্য পুনঃ প্রসাদম্ ॥১২॥

দ্রৌপদ্যুবাচ।

মহাবলা কিং ত্বিহ দুর্ব্বলেব সৌবীররাজস্য মতাহমস্মি।
নাহং প্রমাথাদিহ সম্প্রতীতা সৌবীররাজং কৃপণং বদেয়ম্ ॥১৩॥
যস্যা হি কৃষ্ণৌ পদবীং চরেতাং সমাস্থিতাবেকরথে সমেতৌ।
ইন্দ্রোঽপি তাং নাপহরেৎ কথঞ্চিন্মনুষ্যমাত্রঃ কৃপণঃ কুতোঽন্যঃ ॥১৪॥

ভারতকৌমুদী

সেতি। সা ত্বং ক্ষিপ্রমেব গজং রথং বা, আতিষ্ঠ আরোহ। কিন্তু ত্বয়া বাক্যমাত্রেণ বয়ং নিবারয়িতুং ন শক্যাঃ। বা অথবা, ত্বং কৃপণং সান্ত্বনয়ং বদন্তী সতী সৌবীররাজস্য মম, প্রসাদমনুগ্রহম্, পুনরাশংস যাচস্ব। তদা ত্বাং মুঞ্চামীত্যাশয়ঃ ॥১২॥

মহেতি। অহং মহাবলা সত্যপি, ইহ কিং নু, সৌবীররাজস্য তব, দুর্বলেব মতাস্মি। তচ্চেত্তদা তদযুক্তমিত্যভিপ্রায়ঃ। অতএব সম্প্রতীতা আত্মনো মহাবলত্বে বিশ্বস্তাহম্, ইহ প্রমাথাদাক্রমণাৎ তদ্ভয়াদিত্যর্থঃ, সৌবীররাজং ত্বাম্, কৃপণং সান্ত্বনয়ম্, ন বদেয়ম্ ॥১৩॥

যস্যা ইতি। সমেতৌ মিলিতৌ কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ, একরথে সমাস্থিতৌ আরূঢ়ৌ সন্তৌ, যস্যাঃ পদবীং পন্থানং চরেতাং যামনুসরেতামিত্যর্থঃ, তাম্, ইন্দ্রোঽপি, কথঞ্চিৎ কেনাপি প্রকারেণ, নাপহরেৎ নাপহর্ত্তুং শক্নুয়াৎ। অতএব কৃপণঃ ক্ষুদ্রঃ, অন্যো মনুষ্যমাত্রঃ, কুতস্তামপহরেৎ, কুতোঽপি নেত্যর্থঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

সন্ধিবৈধাদীনি ইচ্ছতি ন প্রবল ইতি ॥১১॥ শক্যাঃ নিবারয়িতুমিতি শেষঃ। পুনরিতি পাণ্ডবপরাজয়ানন্তরং বা ইদানীমেব বা ত্বং মৎপ্রসাদমাশংস প্রার্থয় ॥১২॥ প্রমাথাদ্বিগ্রহাৎ, প্রতীতা সাদরা প্রখ্যাতা বা, সভায়াং বস্ত্ররাশিপ্রদানেন ভগবদনুগৃহীতত্বাৎ। "প্রতীতঃ সাদরে জ্ঞাতে হৃষ্টে" ইতি মেদিনী ॥১৩॥ কৃষ্ণৌ বাসুদেবার্জ্জুনৌ, পদবীং চরেতামন্বেষণঃ

সে যাহা হউক, দ্রৌপদি। তুমি সত্বর হস্তিপৃষ্ঠে বা রথে আরোহণ কর, কেবল বাক্যদ্বারা আমাদিগকে নিবারণ করিতে পারিবে না। অথবা তুমি অনুনয়োক্তিদ্বারা আমার নিকট অনুগ্রহ প্রার্থনা কর' ॥১২॥

দ্রৌপদী বলিলেন—'আমি মহাবলা হইয়াও আজ সৌবীররাজের নিকট দুর্ব্বলা বলিয়া অবধারিত হইলাম না কি ?। আমি আপন বলে বিশ্বাস করি ; সুতরাং আক্রমণের ভয়ে সৌবীররাজের নিকট কাতরোক্তি করিব না ॥১৩॥

কারণ, কৃষ্ণ ও অর্জ্জুন মিলিত হইয়া একরথে আরোহণ করিয়া যাঁহার পশ্চাতে ধাবিত হইবেন, তাঁহাকে ইন্দ্রও কোন প্রকারে অপহরণ করিতে

---

(১৩) মহাবলা কিন্বিহ ... বা ব কা। (১৪) ... কৃপণঃ কথং— পি।

যদা কিরীটী পরবীরঘাতী নিঘ্নন্ রথস্থো দ্বিষতাং মনাংসি।
মদন্তরে ধ্বজিনীং প্রবেষ্টা কক্ষং দহন্নগ্নিরিবোষ্ণগেষু ॥১৫॥
জনার্দ্দনঃ সান্ধকবৃষ্ণিবীরো মহেষ্বাসাঃ কৈকেয়াশ্চাপি সর্ব্বে।
এতে হি সর্বে মম রাজপুত্রাঃ প্রহৃষ্টরূপাঃ পদবীং চরেয়ুঃ ॥১৬॥
মৌর্বীবিসৃষ্টাঃ স্তনয়িত্নুঘোষা গাণ্ডীবমুক্তাস্ত্বতিবেগবন্তঃ।
হস্তং সমাহত্য ধনঞ্জয়স্য ভীমাঃ শব্দং ঘোরতরং নদন্তি ॥১৭॥
গাণ্ডীবমুক্তাংশ্চ মহাশরৌঘান্ পতঙ্গসংঘানিব শীঘ্রবেগান্।
যদা দ্রষ্টাস্যর্জ্জুনেন প্রযুক্তান্ তদা স্ববুদ্ধিং প্রতিনিন্দিতাসি ॥১৮॥

ভারতকৌমুদী

যদেতি। যদা যতঃ, রথস্থঃ পরবীরঘাতী কিরীটী অর্জ্জুনঃ, দ্বিষতাং মনাংসি, নিঘ্নন্ ভয়োৎপাদনেন নিহতানীব কুর্বন্, উষ্ণগেষু নিদাঘপ্রাপিষু বনেষু, কক্ষং শুষ্কতৃণরাশিম্, দহন্নগ্নিরিব, মদন্তরে মদর্থে, তব ধ্বজিনীং সেনাম্, প্রবেষ্টা প্রবেক্ষ্যতি ॥১৫॥

জনেতি। অন্ধকবৃষ্ণিবীরৈঃ সহেতি সান্ধকবৃষ্ণিবীরঃ, জনার্দ্দনঃ কৃষ্ণঃ, মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ সর্ব্বে কৈকেয়াশ্চ, এতে সর্বে হি রাজপুত্রাঃ প্রহৃষ্টরূপাঃ সন্তঃ, মম পদবীং চরেয়ুঃ মামুদ্ধর্ত্তুমনুসরেয়ুরিত্যর্থঃ ॥১৬॥

মৌর্বীতি। মৌর্বীবিসৃষ্টা গুণক্ষিপ্তাঃ, গাণ্ডীবমুক্তাঃ, অতিবেগবন্তঃ, স্তনয়িত্নোর্মেঘস্যেব ঘোষো ধ্বনির্যেষাং তে, ভীমা ভয়ঙ্করাঃ শরা ইতি শেষঃ, ধনঞ্জয়স্য অর্জ্জুনস্য হস্তম্, সমাহত্য তাড়য়িত্বা, ঘোরতরং শব্দং নদন্তি কুর্ব্বন্তি ॥১৭॥

ভারতভাবদীপঃ

কুরুত এবেত্যর্থঃ ॥১৪॥ মদন্তরে মন্নিমিত্তম্, প্রবেষ্টা প্রকর্ষেণ বেষ্টয়িষ্যতি, উষ্ণগেষু নিদাঘেষু ॥১৫—১৬॥ গাণ্ডীবমুক্তা ইতি সূচনাচ্ছরা ইতি বিশেষ্যানির্দ্দেশো ন দোষায় ॥১৭—১৮॥

পারেন না। সুতরাং ক্ষুদ্র একটা মানুষ তাঁহাকে অপহরণ করিবে কি করিয়া ? ॥১৪॥

কাতরোক্তি না করিবার অপর কারণ এই যে, শত্রুবীরহন্তা অর্জ্জুন রথে আরোহণ করিয়া শত্রুগণের মন ভয়ে আকুল করিতে থাকিয়া, গ্রীষ্মকালে শুষ্ক তৃণরাশির দাহকারী অগ্নির ন্যায় আমার জন্য তোমার সৈন্যের মধ্যে প্রবেশ করিবেন ॥১৫॥

অন্ধকবংশীয় বীরগণ ও বৃষ্ণিবংশীয় বীরগণের সহিত কৃষ্ণ এবং সমস্ত কৈকেয়গণ—এই সকল রাজপুত্রেরা হৃষ্টচিত্তে আমার অনুসরণ করিবেন ॥১৬॥

গাণ্ডীবধনু ও তাহার গুণদ্বারা নিক্ষিপ্ত, অত্যন্ত বেগবান্ ও মেঘের তুল্য ধ্বনিযুক্ত ভয়ঙ্কর বাণ সকল অর্জ্জুনের হস্তে আঘাত করিয়া অতিভয়ঙ্কর শব্দ করিয়া থাকে ॥১৭॥

সশঙ্খঘোষঃ সতলত্রঘোষো গাণ্ডীবধন্বা মুহুরুদ্বহংশ্চ।
যদা শরানর্পয়িতা তবোরসি তদা মনস্তে কিমিবাভবিষ্যৎ ॥১৯॥
গদাহস্তং ভীমমভিদ্রবন্তং মাদ্রীপুত্রৌ সংপতন্তৌ দিশশ্চ।
অমর্ষজং ক্রোধবিষং বমন্তৌ দৃষ্ট্বা চিরং তাপমুপৈষ্যসি ত্বম্ ॥২০॥
যথা চাহং নাভিচরে কথঞ্চিৎ পতীন্ মহার্হান্ মনসাপি জাতু।
তেনাদ্য সত্যেন বশীকৃতং ত্বাং দ্রষ্টাস্মি পার্থৈঃ পরিকৃষ্যমাণম্ ॥২১॥
ন সম্ভ্রমং গন্তুমহং হি শক্ষ্যে ত্বয়া নৃশংসেন বিকৃষ্যমাণা।
সমাগতাহং হি কুরুপ্রবীরৈঃ পুনর্বনং কাম্যকমাগতাস্মি ॥২২॥

ভারতকৌমুদী

গাণ্ডীবেতি। দ্রষ্টাসি দ্রক্ষ্যসি। প্রতিনিন্দিতাসি, তয়ৈব মদ্বরণে প্রবর্ত্তিতত্বাৎ ॥১৮॥

সেতি। শঙ্খঘোষেণ সহেতি সশঙ্খঘোষঃ, তলত্রঘোষেণ হস্তাবাপধ্বনিনা সহেতি সতলত্র-ঘোষশ্চ, গাণ্ডীবধন্বা অর্জ্জুনঃ, মুহুঃ, উদ্বহন্ তূণীরাদুত্তোলয়ন্, যদা তব উরসি বক্ষসি, শরান্, অর্পয়িতা নিবেশয়িষ্যতি, তদা তব মনঃ, কিমিব কীদৃশম্, অভবিষ্যৎ ভবিষ্যতি। ভবিষ্যৎ-কালে ক্রিয়াতিপত্তিপ্রয়োগ আর্ষঃ ॥১৯॥

গদেতি। গদাহস্তম্, অভিদ্রবন্তং ত্বাং প্রতি ধাবন্তম্, ভীমম্, সর্ব্বা দিশঃ সংপতন্তৌ বিচরন্তৌ, অমর্ষজম্ অক্ষমাজাতং ক্রোধবিষম্, বমন্তৌ উদ্গিরন্তৌ, মাদ্রীপুত্রৌ নকুলসহদেবৌ চ দৃষ্ট্বা, ত্বং চিরং তাপমুপৈষ্যসি প্রাপ্স্যসি ॥২০॥

যথেতি। অহং জাতু কদাচিদপি, মনসাপি, মহার্হান্ অতীবপূজনীয়ান্ পতীন্, কথঞ্চি-দপি, যথা যৎ, ন অভিচরে তেষামনিষ্টং ন চিন্তয়ামীত্যর্থঃ, তেন সত্যেন যথার্থস্ত্রীধর্ম্মেণ, অদ্যাহম্, পার্থৈঃ পাণ্ডবৈঃ, বশীকৃতং পরিকৃষ্যমাণঞ্চ ত্বাম্, দ্রষ্টাস্মি দ্রক্ষ্যামি ॥২১॥

নেতি। নৃশংসেন ত্বয়া, বিকৃষ্যমাণা আকৃষ্যমাণাপ্যহম্, সম্ভ্রমমাকুলতাম্, গন্তুং প্রাপ্তুম্,

অর্জ্জুনকর্ত্তৃক নিক্ষিপ্ত, গাণ্ডীবধনু হইতে নির্গত এবং পতঙ্গ-(ফড়িং) সমূহের ন্যায় শীঘ্রগামী মহাবাণসমূহ যখন তুমি দেখিতে থাকিবে, তখন নিজবুদ্ধিরও নিন্দা করিতে থাকিবে ॥১৮॥

শঙ্খধ্বনি ও তলত্রধ্বনিকারী অর্জ্জুন যখন তূণ হইতে মুহুর্মুহু বাণ উত্তোলন করিয়া তোমার বক্ষে নিক্ষেপ করিবেন, তখন তোমার মনটা কিরূপ হইবে ॥১৯॥

ভীমসেন গদাহস্তে তোমার দিকে ধাবিত হইবেন, আর নকুল ও সহদেব অক্ষমাজাত-ক্রোধ-বিষ উদ্গার করিতে থাকিয়া সকল দিকে বিচরণ করিবেন; তখন তাঁহাদিগকে দেখিয়া তুমি দীর্ঘকাল সন্তাপ অনুভব করিবে ॥২০॥

আমি কখনও কোন প্রকারে মনে মনেও যে পরমপূজনীয় পতিগণের অনিষ্টচিন্তা করি নাই, সেই সতীধর্ম্মের বলে আজ আমি তোমাকে পাণ্ডবগণের বশীভূত ও আকৃষ্যমাণ দেখিব ॥২১॥

বৈশম্পায়ন উবাচ।

সা তানমুপ্রেক্ষ্য বিশালনেত্রা জিঘৃক্ষমাণানবভর্ৎসয়ন্তী।
প্রোবাচ মা মাং স্পৃশতেতি ভীতা ধৌম্যং প্রচুক্রোশ পুরোহিতং সা ॥২৩॥
জগ্রাহ তামুত্তরবস্ত্রদেশে জয়দ্রথস্তং সমবাক্ষিপৎ সা।
তয়া সমাক্ষিপ্ততনুঃ স পাপঃ পপাত শাখীব নিকৃত্তমূলঃ ॥২৪॥
প্রগৃহ্যমাণা তু মহাজবেন মুহুর্বিনিশ্বস্য তু রাজপুত্রী।
সা কৃষ্যমাণা রথমারুরোহ ধৌম্যস্য পাদাবভিবাদ্য কৃষ্ণা ॥২৫॥

ভারতকৌমুদী

ন শক্যো, অপি তু ধৈর্য্যমেবাশ্রয়ামীত্যর্থঃ। হি যস্মাৎ, অহম্, কুরুপ্রবীরৈঃ পাণ্ডবৈঃ সহ, পুনঃ সমাগতা সম্মিলিতা সতী, ইদং কাম্যকং বনমেব, আগতাস্মি, উক্তধর্মবলাদেবেতি ভাবঃ ॥২২॥

সেতি। বিশালনেত্রা সা দ্রৌপদী, তান্ জয়দ্রথাদীন্, জিঘৃক্ষমাণান্ আত্মানং গ্রহীতুং ধর্তুমিচ্ছন্, অমুপ্রেক্ষ্য দৃষ্ট্বা, অবভর্ৎসয়ন্তী তান্ তিরস্কুর্বতী সতী, মাং মা স্পৃশত, ইতি প্রোবাচ, ভীতা সতী চ সা, পুরোহিতং ধৌম্যম্, প্রচুক্রোশ আজুহাব ॥২৩॥

জগ্রাহেতি। জয়দ্রথঃ, উত্তরবস্ত্রদেশে উত্তরীয়বস্ত্রাঞ্চলে, তাং দ্রৌপদীং জগ্রাহ। সা চ তং সমাক্ষিপৎ হস্তেন তরসা প্রাক্ষিপৎ। তয়া সমাক্ষিপ্ততনুশ্চ স পাপাত্মা জয়দ্রথঃ, নিকৃত্তমূলশ্ছিন্নমূলঃ, শাখী বৃক্ষ ইব ভূমৌ পপাত ॥২৪॥

প্রেতি। অথ জয়দ্রথেনোত্থায় মহাজবেন মহাবেগেন, প্রগৃহ্যমাণা কৃষ্যমাণা চ সা রাজপুত্রী কৃষ্ণা, মুহুর্বিনিশ্বস্য ধৌম্যস্য পাদাবভিবাদ্য চ, অগত্যা জয়দ্রথস্য রথমারুরোহ ॥২৫॥

নৃশংস! জয়দ্রথ! তুমি আমাকে আকর্ষণ করিলেও, আমি ভয়ে বিহ্বল হইব না। কারণ, নিশ্চয়ই আমি আবার কৌরবপ্রধান পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া এই কাম্যকবনে আগমন করিব' ॥২২॥

বৈশম্পায়ন বলিলেন—তখন জয়দ্রথপ্রভৃতি বীরগণ আপনাকে ধরিবার উপক্রম করিতেছে ইহা দেখিয়া বিশালনয়না দ্রৌপদী তাঁহাদিগকে ভর্ৎসনা করতঃ বলিলেন—'আমাকে স্পর্শ করিস্ না'। তাহার পর দ্রৌপদী ভীত হইয়া ধৌম্য পুরোহিতকে ডাকিলেন ॥২৩॥

এই সময়ে জয়দ্রথ যাইয়া দ্রৌপদীর উত্তরীয়বস্ত্রাঞ্চল ধারণ করিল; তখন দ্রৌপদী তাহাকে ধাক্কা দিলেন; সেই ধাক্কাতেই পাপাত্মা জয়দ্রথ, ছিন্নমূল বৃক্ষের ন্যায় ভূতলে পতিত হইল ॥২৪॥

এবং তৎক্ষণাৎ মহাবেগে উঠিয়া যাইয়া জয়দ্রথ দ্রৌপদীকে ধরিয়া টানিতে লাগিল; তখন রাজনন্দিনী দ্রৌপদী বার বার নিশ্বাস ত্যাগ করিয়া এবং ধৌম্যপুরোহিতের চরণযুগলে প্রণাম করিয়া অগত্যা যাইয়া জয়দ্রথের রথে আরোহণ করিলেন ॥২৫॥

ধৌম্য উবাচ।

নেয়ং শক্যা ত্বয়া নেতুমবিজিত্য মহারথান্।
ধর্ম্মং ক্ষত্রস্য পৌরাণমবেক্ষস্ব জয়দ্রথ! ॥২৬॥
ক্ষুদ্রং কৃত্বা ফলং পাপং ত্বং প্রাপ্স্যসি ন সংশয়ঃ।
আসাদ্য পাণ্ডবান্ বীরান্ ধর্ম্মরাজপুরোগমান্ ॥২৭॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্ত্বা হ্রিয়মাণাং তাং রাজপুত্রীং যশস্বিনীম্।
অন্বগচ্ছত্তদা ধৌম্যঃ পদাতিগণমধ্যগঃ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদী-হরণে দ্রৌপদীপ্রমাথে দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

নেতি। পাণ্ডবান্ বিজিত্যৈব নয়েতি ভাবঃ। পৌরাণমিতি স্বার্থে অণ্ ॥২৬॥
ক্ষুদ্রমিতি। ক্ষুদ্রং ক্ষুদ্রজনোচিতং স্বহোহরণরূপং কার্য্যং কৃত্বা, পাপমনিষ্টম্ ॥২৭॥
ইতীতি। পদাতিগণমধ্যগঃ জয়দ্রথস্যৈব পদাতিসৈন্যগণমধ্যবর্ত্তী সন্ ॥২৮॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:(০):——

ভারতভাবদীপঃ

অভবিষ্যৎ ভবিষ্যতীত্যর্থে ব্যত্যয়েন লৃঙ্ ॥১৯॥ অথমেতি চ্ছেদঃ ॥২০—২১॥ সম্প্রমং ভয়ম্, আগতৈবাস্মি ন তু স্ববশে স্বাস্তামীত্যর্থঃ ॥২২—২৮॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২২॥

ধৌম্য বলিলেন—'জয়দ্রথ! তুমি ক্ষত্রিয়ের প্রাচীন ধর্ম্মের প্রতি দৃষ্টিপাত কর, তুমি মহারথ পাণ্ডবগণকে জয় না করিয়া ইঁহাকে হরণ করিতে পার না ॥২৬॥

তুমি ক্ষুদ্রজনোচিত কার্য্য করিয়া যুধিষ্ঠিরপ্রভৃতি মহাবীর পাণ্ডবগণের নিকটে ইহার মন্দ ফল ভোগ করিবে, এবিষয়ে কোন সন্দেহ নাই' ॥২৭॥

বৈশম্পায়ন বলিলেন—এই কথা বলিয়া তখনই ধৌম্যপুরোহিত জয়দ্রথের পদাতিসৈন্যগণের মধ্যবর্ত্তী হইয়া হ্রিয়মাণা সেই যশস্বিনী রাজনন্দিনী দ্রৌপদীর পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন ॥২৮॥

---

* '…অষ্টপঞ্চাশদধিকদ্বিশততমঃ…' পি, '…সপ্তষষ্ট্যধিকদ্বি…' বা ব, '…অষ্টষষ্ট্যধিক-দ্বি…' কা, '…একোনসপ্তত্যধিকদ্বি…' নি।

ত্রয়োবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—০:(*):০—

বৈশম্পায়ন উবাচ।

ততো দিশঃ সম্প্রবিহৃত্য পার্থা মৃগান্ বরাহান্ মহিষাংশ্চ হত্বা।
ধনুর্দ্ধরাঃ শ্রেষ্ঠতমাঃ পৃথিব্যাং পৃথক্ চরন্তঃ সহিতা বভূবুঃ ॥১॥
ততো মৃগব্যালগণানুকীর্ণং মহাবনং তদ্বিহগোপঘুষ্টম্।
ভ্রাতৄংশ্চ তানভ্যবদদ্যুধিষ্ঠিরঃ শ্রুত্বা গিরো ব্যাহরতাং মৃগাণাম্ ॥২॥
আদিত্যদীপ্তাং দিশমভ্যুপেত্য মৃগা দ্বিজা ক্রূরমিমে বদন্তি।
আয়াসমুগ্রং প্রতিবেদয়ন্তো মহাবনং শত্রুভির্বাধ্যমানম্ ॥৩॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পৃথিব্যাং শ্রেষ্ঠতমা ধনুর্দ্ধরাঃ পার্থাঃ পাণ্ডবাঃ, প্রাগুক্তবিভাগানুসারেণ পৃথক্ পৃথক্ চরন্তঃ, চত্বস্র এব দিশঃ সম্প্রবিহৃত্য বিচর্য্য, মৃগান্ বরাহান্ মহিষাংশ্চ হত্বা, সহিতা আগত্যৈকত্র মিলিতা বভূবুঃ ॥১॥

তত ইতি। ততো যুধিষ্ঠিরঃ, মৃগাণাং ব্যালানাং হিংস্রজন্তূনাঞ্চ গণেন অনুকীর্ণং ব্যাপ্তং তৎ মহাবনং কাম্যকম্, বিহগোপঘুষ্টং সন্ত্রাসৈঃ পক্ষিভিরুপশব্দিতং দৃষ্ট্বেতি শেষঃ, ব্যাহরতাং রুবতাং মৃগাণাং গিরো রবান্ শ্রুত্বা চ, তান্ ভ্রাতৄন্ অভ্যবদৎ ॥২॥

আদিত্যেতি। ইমে মৃগাঃ পশবঃ, দ্বিজাঃ পক্ষিণশ্চ, আদিত্যদীপ্তাং দিশং প্রাচীমভ্যুপেত্য উগ্রমায়াসং যাতনাম্, মহাবনং কাম্যকঞ্চ, শত্রুভির্ব্বাধ্যমানং পীড্যমানম্, প্রতিবেদয়ন্তো জ্ঞাপয়ন্তঃ, বদন্তি রুবন্তি। শাকুনজ্ঞানাদেবেদমুচ্যত ইতি ভাবঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১॥ মহাবনং কাম্যকম্ ॥২॥ মহাবনং মহানালয়ঃ, "গৃহিণী গৃহমুচ্যত" ইত্যুক্তে-র্গৃহিণী। "বনং নপুংসকং নীরে নিবাসালয়কাননে" ইতি মেদিনী। মহাধনমিতি পাঠে

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠতম ধনুর্দ্ধর পাণ্ডবেরা পৃথক্ পৃথক্ বিচরণ করিয়া, চারি দিকেই যাইয়া, মৃগ, বরাহ ও মহিষ বধ করিয়া, ক্রমে যাইয়া একস্থানে সম্মিলিত হইলেন ॥১॥

তদনন্তর হরিণগণ ও হিংস্রজন্তুগণে পরিপূর্ণ সেই কাম্যকবনের মধ্যে পক্ষিগণ ব্যস্ত হইয়া রব করিতেছে ইহা দেখিয়া এবং শব্দায়মান পশুগণের রব শুনিয়া যুধিষ্ঠির ভ্রাতৃগণকে বলিলেন—॥২॥

'এই সকল পশু ও পক্ষী পূর্ব্বদিকে যাইয়া ভয়ঙ্কর বেদনা ও কাম্যকবনে শত্রুগণের উৎপীড়ন জানাইতে থাকিয়া নিষ্ঠুর রব করিতেছে ॥৩॥

ক্ষিপ্রং নিবর্ত্তধ্বমলং মৃগৈর্নো মনো হি মে দূয়তি দহ্যতে চ।
বুদ্ধিং সমাচ্ছাদ্য চ মে সমন্যুরুচ্চুক্রুয়তে প্রাণপতিঃ শরীরে ॥৪॥
সরঃ সুপর্ণেন হৃতোরগং যথা রাষ্ট্রং যথাঽরাজকমাত্তলক্ষ্মি।
এবংবিধং মে প্রতিভাতি কাম্যকং শৌণ্ডৈর্যথা পীতরসশ্চ কুম্ভঃ ॥৫॥
তে সৈন্ধবৈরত্যনিলোগ্রবেগৈর্মহাজবৈর্বাজিভিরুহ্যমানাঃ।
যুক্তৈর্বৃহদ্ভিঃ সুরথৈর্নৃবীরাস্তদাশ্রমায়াভিমুখা বভূবুঃ ॥৬॥

ভারতকৌমুদী

ক্ষিপ্রমিতি। হে ভ্রাতরঃ! যূয়ং ক্ষিপ্রং নিবর্ত্তধ্বম্, নঃ অস্মাকং মৃগৈরলম্। হি যস্মাৎ, মে মনঃ, দূয়তি দূয়তে উদ্বেগেন তপ্যতে দহ্যতে চ। তথা মে শরীরে সমন্যুঃ সদৈন্যঃ প্রাণপতির্জীবঃ, বুদ্ধিং সমাচ্ছাদ্য আবৃত্য, উচ্চুক্রুয়তে উদ্বেগেনৈব কম্প্যতে ॥৪॥

সর ইতি। যথা সুপর্ণেন গরুড়েন, হৃতোরগং নীতসর্পং সরঃ, যথা চ অরাজকং তথা আত্তা শত্রুভির্গৃহীতা লক্ষ্মীঃ সমৃদ্ধির্যস্মাত্তত্তাদৃশঞ্চ, রাষ্ট্রং রাজ্যম্, যথা চ শৌণ্ডৈর্মত্তৈর্জনৈঃ, পীতরসঃ পীতসুরাদ্রবঃ কুম্ভঃ, এবংবিধং তথা, কাম্যকং বনং মে প্রতিভাতি ॥৫॥

ত ইতি। তে নৃবীরাঃ পাণ্ডবাঃ তদৈব, বৃহদ্ভিঃ সুরথৈঃ শোভনরথৈঃ সহ যুক্তৈর্মিলিতৈঃ, অত্যনিলঃ অনিলবেগমতিক্রান্তঃ অতএব উগ্রো বেগো যেষাং তৈঃ, অতএব চ মহাজবৈর্মহাবেগৈঃ, সৈন্ধবৈঃ সিন্ধুদেশীয়ৈঃ, বাজিভিরশ্বৈঃ, উহ্যমানাঃ সন্তঃ, আশ্রমায় আশ্রমস্য অভিমুখা বভূবুঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

মহচ্চ তজ্জলং চেতি স্ত্রীরূপমেব ধনম্ ॥৩॥ সমাচ্ছাদ্য মোহয়িত্বা, সমন্যুঃ দৈন্যসহিতঃ, প্রাণানামাধ্যাত্মিকানামিন্দ্রিয়াণাম্, পতির্মুখ্যঃ প্রাণঃ ॥৪॥ অরাজকং রাজহীনম্, শৌণ্ডৈঃ শুণ্ডয়া বিদিতৈর্গজৈঃ, পীতরসঃ পীতজলঃ, যথা দাসীমূদকুম্ভং নয়ন্তীমন্তলক্ষ্য মহামাত্রস্থাঽজ্ঞাতমেব গজং তৎপৃষ্ঠতো নীত্বা তেন তজ্জলং শোষয়তি সা চাকস্মাদ্ঘটং লঘুতয়া রিক্তং পশ্চাজ্জানাতি

অতএব ভ্রাতৃগণ! তোমরা সত্বর নিবৃত্ত হও, আর মৃগদ্বারা আমাদের প্রয়োজন নাই। কারণ, আমার মন উদ্বেগে সন্তপ্ত—এমন কি দগ্ধ হইতেছে এবং আমার শরীরের ভিতরে প্রাণটা অত্যন্ত কাতর হইয়া বুদ্ধিটাকে আবৃত করিয়া আশঙ্কায় কম্পিত হইতেছে ॥৪॥

গরুড় সর্পকে হরণ করিলে সরোবর যেমন হয়, শত্রুরা সমৃদ্ধি হরণ করিলে অরাজক রাজ্য যেমন হয় এবং সুরাপায়ীরা সমস্ত সুরা পান করিলে সুরাকুম্ভ যেমন হয়, তেমনই কাম্যকবনটা আমার নিকট প্রতিভাত হইতেছে ॥৫॥

সেই সময়েই মনুষ্যবীর পাণ্ডবগণ বিশাল ও মনোহর রথে আরোহণ করিয়া আশ্রমাভিমুখী হইলেন; তখন বায়ু অপেক্ষাও ভয়ঙ্কর বেগশালী সিন্ধুদেশীয় অশ্বগণ তাঁহাদিগকে লইয়া চলিল ॥৬॥

তেষান্তু গোমায়ুরনল্পঘোষো নিবর্ত্ততাং বামমুপেত্য পার্শ্বম্।
প্রব্যাহরত্তৎ প্রবিমৃশ্য রাজা প্রোবাচ ভীমঞ্চ ধনঞ্জয়ঞ্চ ॥৭॥
যথা বদত্যেষ বিহীনযোনিঃ শালাবৃকো বামমুপেত্য পার্শ্বম্।
সুব্যক্তমস্মানবমন্য পাপৈঃ কৃতোঽভিমর্দ্দঃ কুরুভিঃ প্রসহ্য ॥৮॥
ইত্যেব তে তদ্বনমাবিশন্তো মহত্যরণ্যে মৃগয়াং চরিত্বা।
বালামপশ্যন্ত তদা রুদন্তীং ধাত্রেয়িকাং প্রেষ্যবধূং প্রিয়ায়াঃ ॥৯॥
তামিন্দ্রসেনস্ত্বরিতোঽভিসৃত্য রথাদবপ্লুত্য ততোঽভ্যধাবৎ।
প্রোবাচ চৈনাং বচনং নরেন্দ্র ! ধাত্রেয়িকামার্ত্ততরস্তদানীম্ ॥১০॥

ভারতকৌমুদী

তেষামিতি। অনল্পঘোষো দীর্ঘধ্বনিঃ, গোমায়ুঃ শৃগালঃ, নিবর্ত্ততাং মৃগয়াতো নিবর্ত্তমানানাম্, তেষাং পাণ্ডবানাম্, বামং পার্শ্বমুপেত্য, প্রব্যাহরৎ শব্দিতবান্। তৎ প্রবিমৃশ্য আলোচ্য, রাজা যুধিষ্ঠিরঃ, ভীমঞ্চ ধনঞ্জয়ঞ্চ প্রোবাচ ॥৭॥

যথেতি। এষ বিহীনযোনিস্তির্য্যগ্জাতিঃ শালাবৃকঃ শৃগালঃ, অস্মাকং বামং পার্শ্বমুপেত্য, যথা বদতি রৌতি; তথা মন্য ইতি শেষঃ, সুব্যক্তং ধ্রুবমেব, পাপৈঃ কুরুভিঃ, অস্মানবমন্য, প্রসহ্য বলেন, অভিমর্দ্দ আশ্রমপীড়নং কৃতঃ ॥৮॥

ইতীতি। ইত্যতঃ পরম্, তে পাণ্ডবাঃ, মহতি অরণ্যে মৃগয়াং চরিত্বা, তৎ কাম্যকং বনমাবিশন্ত এব তদা রুদন্তীং রুদতীম্, প্রিয়ায়া দ্রৌপদ্যাঃ, প্রেষ্যবধূং দাসভার্য্যাম্, বালাম্, ধাত্রেয়িকাং ধাত্রীতনয়াম্ অপশ্যন্ত ॥৯॥

তামিতি। হে নরেন্দ্র ! জনমেজয় ! ততস্তদানীমেব, আর্ত্ততর উদ্বেগেনাতীবপীড়িতঃ, ইন্দ্রসেনো নাম যুধিষ্ঠিরসারথিঃ, রথাদবপ্লুত্য অভ্যধাবৎ, ত্বরিতঃ, তাং ধাত্রেয়িকামভিসৃত্য চ, এনাং ধাত্রেয়িকাম্, ইদং বচনং প্রোবাচ ॥১০॥

ভারতভাবদীপঃ

তদ্বৎ অস্মাভিরজ্ঞাতোঽস্মদ্বনং কশ্চিদ্ধরিষ্যতি তদা রিক্তকুম্ভবদ্বনং পশ্চাদ্দ্রক্ষ্যাম ইত্যর্থঃ ॥৫॥
সৈন্ধবৈঃ সিন্ধুদেশজৈর্বাজিভিরশ্বৈঃ, সুরথৈঃ শোভনরথৈঃ, সমানাধিকরণং তৃতীয়াত্রয়ম্ ॥৬—৮॥

সেই সময়ে উচ্চরাবী শৃগালগণ তাঁহাদের বামপার্শ্বে যাইয়া ডাকিতে লাগিল; তখন যুধিষ্ঠির সেই বিষয় পর্য্যালোচনা করিয়া ভীম ও অর্জ্জুনকে বলিলেন—॥৭॥

'এই নিকৃষ্টপশু শৃগাল আমাদের বামপার্শ্বে যাইয়া যেরূপ ডাকিতেছে, তাহাতে বোধ হইতেছে—নিশ্চয়ই পাপাত্মা কৌরবগণ আমাদিগকে অবজ্ঞা করিয়া বলপূর্ব্বক আমাদের আশ্রমের উৎপীড়ন করিয়াছে' ॥৮॥

মহাবনে মৃগয়াকারী পাণ্ডবেরা ইহার পরই সেই কাম্যকবনে প্রবেশ করিতে থাকিয়া দ্রৌপদীর দাসভার্য্যা বালিকা ধাত্রীতনয়াকে রোদন করিতে দেখিলেন ॥৯॥

কিং রোদিষি ত্বং পতিতা ধরণ্যাং কিং তে মুখং শুষ্যতি দীনবর্ণম্ ।
কচ্চিন্ন পাপৈঃ সুনৃশংসকৃদ্ভিঃ প্রমাথিতা দ্রৌপদী রাজপুত্রী ।
অচিন্ত্যরূপা সুবিশালনেত্রা শরীরতুল্যা কুরুপুঙ্গবানাম্ ॥১১॥
যদ্যেব দেবী পৃথিবীং প্রবিষ্টা দিবং প্রপন্নাপ্যথবা সমুদ্রম্ ।
তস্যা গমিষ্যন্তি পদং হি পার্থা যথা হি সন্তপ্যতি ধর্ম্মপুত্রঃ ॥১২॥
কো হীদৃশানামরিমর্দ্দনানাং ক্লেশক্ষমানামপরাজিতানাম্ ।
প্রাণৈঃ সমামিষ্টতমাং জিহীর্ষেদনুত্তমং রত্নমিব প্রমূঢ়ঃ ॥১৩॥
ন বুধ্যতে নাথবতীমিহাদ্য বহিশ্চরং হৃদয়ং পাণ্ডবানাম্ ।
কস্যাদ্য কায়ং প্রতিভিদ্য ঘোরা মহীং প্রবেক্ষ্যন্তি শিতাঃ শরাগ্র্যাঃ ॥১৪॥
মা ত্বং শুচস্তাং প্রতি ভীরু ! বিদ্ধি যথাদ্য কৃষ্ণা পুনরেষ্যতীতি ।
নিহত্য সর্ব্বান্ দ্বিষতঃ সমগ্রান্ পার্থাঃ সমেষ্যন্ত্যথ যাজ্ঞসেন্যা ॥১৫॥

ভারতকৌমুদী

কিমিতি। দীনবর্ণং মলিনবর্ণং সৎ। প্রমাথিতা উৎপীড়িতা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥
যদীতি। দেবী দ্রৌপদী। দিবং স্বর্গমূর্দ্ধমিত্যর্থঃ, প্রপন্না প্রাপ্তা। পদং স্থানম্ ॥১২॥
ক ইতি। ইষ্টতমাং প্রিয়তমাম্, জিহীর্ষেৎ হর্ত্তুমিচ্ছেৎ, অনুত্তমং সর্ব্বোত্তমম্ ॥১৩॥
নেতি। ন বুধ্যতে স ইতি শেষঃ, নাথবতীং রক্ষকশালিনীম্। হৃদয়মিব ॥১৪॥

রাজা জনমেজয় ! তাহার পর তখনই যুধিষ্ঠিরের সারথি ইন্দ্রসেন অত্যন্ত উদ্বিগ্ন হইয়া রথ হইতে লাফাইয়া পড়িয়া সেই ধাত্রীতনয়ার দিকে দৌড়াইল এবং সত্বরই তাহার নিকট যাইয়া তাহাকে এই কথা বলিল—॥১০॥

'তুমি ভূতলে পতিত হইয়া রোদন করিতেছ কেন ? কি জন্যই বা তোমার মুখখানি মলিন হইয়া শুকাইয়া গিয়াছে ? অতিনৃশংসকর্ম্মা পাপাত্মারা—অচিন্ত-নীয়সৌন্দর্য্যশালিনী, বিশালনয়না এবং পাণ্ডবগণের শরীরতুল্যা রাজনন্দিনী দ্রৌপদীকে উৎপীড়িত করে নাই ত ? ॥১১॥

দ্রৌপদী যদি পৃথিবীর ভিতরেও প্রবেশ করিয়া থাকেন, কিংবা স্বর্গেও যাইয়া থাকেন, অথবা সমুদ্রেও মগ্ন হইয়া থাকেন, তথাপি পাণ্ডবেরা অবশ্যই তাঁহার স্থানে যাইবেন। যে হেতু স্বয়ং ধর্ম্মপুত্রই সন্তপ্ত হইয়াছেন ॥১২॥

শত্রুমর্দ্দনকারী, কষ্টসহিষ্ণু ও সর্ব্বত্র অপরাজিত এইরূপ মহাবীরগণের প্রাণতুল্যা প্রিয়তমা এবং সর্ব্বোত্তম রত্নসদৃশী দ্রৌপদীকে কোন্ মহামূর্খ হরণ করিবার ইচ্ছা করিবে ? ॥১৩॥

সে কি জানে না যে, দ্রৌপদী আজ এখানেও সনাথা এবং পাণ্ডবগণের বহিশ্চর-হৃদয়স্বরূপা। নিশিত ও ভয়ঙ্কর উত্তম শর সকল আজ কাহার দেহ বিদীর্ণ করিয়া ভূমির ভিতরে প্রবেশ করিবে ? ॥১৪॥

অথাব্রবীচ্চারু মুখং বিমৃজ্য ধাত্রেয়িকা সারথিমিন্দ্রসেনম্ ।
জয়দ্রথেনাপহৃতা প্রমথ্য পঞ্চেন্দ্রকল্পান্ পরিভূয় কৃষ্ণা ॥১৬॥
তিষ্ঠন্তি বর্ত্মানি নবান্যমূনি বৃক্ষাশ্চ ন ম্লান্তি তথৈব ভগ্নাঃ ।
আবর্ত্তয়ধ্বং হ্যনুযাত শীঘ্রং ন দূরযাতৈব হি রাজপুত্রী ॥১৭॥
সন্নহ্যধ্বং সর্ব্ব এবেন্দ্রকল্পা মহান্তি চারূণি চ দংশনানি ।
গৃহ্লীত চাপানি মহাধনানি শরাংশ্চ শীঘ্রং পদবীং চরধ্বম্ ॥১৮॥
পুরা হি নির্ভৎ সনদণ্ডমোহিতা প্রমূঢ়চিত্তা বদনেন শুষ্যতা ।
দদাতি কস্মৈচিদনর্হতে তনুং বরাজ্যপূর্ণামিব ভস্মনি স্রুচম্ ॥১৯॥

ভারতকৌমুদী

মেতি। মা শুচঃ শোকং ন কুরু। সমগ্রান্ বীরাগ্রগণ্যানপি। সমেষ্যন্তি মিলিতা ভবিষ্যন্তি ॥১৫॥

অথেতি। প্রমথ্য বলেন নিপীড্য, পঞ্চ পাণ্ডবান্, পরিভূয় অবজ্ঞায় ॥১৬॥

তিষ্ঠন্তীতি। অমূনি বর্ত্মানি তদপহরণমার্গাঃ, অদ্যাপি নবান্যেব তিষ্ঠন্তি, ভগ্না বৃক্ষাশ্চ ইদানীমপি তথৈব ন ম্লান্তি ন ম্লায়ন্তি। অতএব শীঘ্রম্ আবর্ত্তয়ধ্বং রথান্ পরিবর্ত্তয়ত, অনুযাত অনুগচ্ছত চ। হি যস্মাৎ রাজপুত্রী দ্রৌপদী, ইদানীমপি ন দূরযাতৈব ॥১৭॥

সন্নিতি। ইন্দ্রকল্পা সর্ব্ব এব যূয়ম্, মহান্তি চারূণি চ দংশনানি বর্ম্মাণি, সন্নহ্যধ্বং গাত্রেষু বধ্নীত, মহাধনানি মহামূল্যানি চাপানি ধনূংষি শরাংশ্চ গৃহ্লীত, শীঘ্রঞ্চ পদবীং দ্রৌপদ্যাঃ পন্থানম্, চরধ্বং গচ্ছত ॥১৮॥

পুরেতি। হি যস্মাৎ, পুরা আগামিনি কালে, "নিকটাগামিকে পুরা" ইত্যমরঃ। নির্ভৎসনেন তিরস্কারেণ দণ্ডেন দণ্ডদানভয়েন চ মোহিতা, প্রমূঢ়চিত্তা, শুষ্যতা বদনেন চ

ভয়শীলে। তুমি দ্রৌপদীর জন্য শোক করিও না। কারণ, তুমি জানিয়া রাখ যে, দ্রৌপদী আজই আবার আসিবেন এবং শত্রুরা বীরশ্রেষ্ঠ হইলেও তাহাদের সকলকেই সংহার করিয়া পাণ্ডবেরা দ্রৌপদীর সহিত মিলিত হইবেন' ॥১৫॥

তাহার পর ধাত্রেয়িকা নিজের সুন্দর মুখখানিকে মুছিয়া সারথি ইন্দ্রসেনকে বলিল—'জয়দ্রথ, ইন্দ্রতুল্য পঞ্চ পাণ্ডবকে অবজ্ঞা করিয়া উৎপীড়নপূর্ব্বক দ্রৌপদীকে অপহরণ করিয়া নিয়াছে ॥১৬॥

এখনও তাহার ঐ নূতন পথ রহিয়াছে এবং এখনও ভগ্ন বৃক্ষ সকল ম্লান হয় নাই। অতএব তোমরা সত্বর রথ ফিরাও এবং তাঁহার অনুসরণ কর। কারণ, এখনও রাজনন্দিনী দ্রৌপদী দূরে যান নাই ॥১৭॥

ইন্দ্রতুল্য তোমরা সকলেই সত্বর বিশাল ও মনোহর বর্ম্ম পরিধান কর, মহামূল্য ধনু ও শর গ্রহণ কর এবং দ্রৌপদীর পথে প্রস্থান কর ॥১৮॥

পুরা তুষাগ্নাবিব হূয়তে হবিঃ পুরা শ্মশানে স্রগিবাপবিধ্যতে।
পুরা চ সোমোঽধ্বরগোঽবলিহ্যতে শুনা যথা বিপ্রজনে প্রমোহিতে ॥২০॥
মহত্যরণ্যে মৃগয়াং চরিত্বা পুরা শৃগালো নলিনীং বিগাহতে।
মা বঃ প্রিয়ায়াঃ সুনসং সুলোচনং চন্দ্রপ্রভাবং বদনং প্রসন্নম্ ॥২১॥
স্পৃশ্যাচ্ছুভং কশ্চিদকৃত্যকারী শ্বা বৈ পুরোডাশমিবাধ্বরস্থম্।
এতানি বর্ত্মান্যনুযাত শীঘ্রং মা বঃ কালঃ ক্ষিপ্রমিহাত্যগাদ্বৈ ॥২২॥

(যুগ্মকম্)

ভারতকৌমুদী

বিশিষ্টা দ্রৌপদী, বরাজ্যপূর্ণাম্ উত্তমঘৃতপূর্ণাম্, স্রুচং হোমপাত্রীম্, ভস্মনীব, অনর্হতে অযোগ্যায় কস্মৈচিজ্জনায়, তদ্ধং দদাতি রমণায়ার্পয়তি ॥১৯॥

পুরেতি। পুরা তুষাগ্নৌ হবিরিব অযোগ্যে পুরুষে স্বতন্ত্রঃ হূয়তে দ্রৌপদ্যা অর্প্যতে, পুরা শ্মশানে স্রক্ পুষ্পমালেব অপবিধ্যতে অযোগ্যজনে দ্রৌপদ্যা স্বতন্ত্রঃ বিসৃজ্যতে, বিপ্রজনে সোমপানযোগ্যে ব্রাহ্মণজনে, কুতোঽপি প্রমোহিতে সতি, শুনা কুক্কুরেণ যথা অধ্বরগঃ যজ্ঞস্থানস্থঃ সোমো রসঃ অবলিহ্যতে আস্বাদ্যতে, তথা দ্রৌপদী পুরা অযোগ্যেন পুরুষেণ উপভুজ্যত ইত্যর্থঃ ॥২০॥

মহতীতি। শৃগালো মহত্যরণ্যে মৃগয়াং চরিত্বা নলিনীং পদ্মসরসীং বিগাহতে। এতেন জয়দ্রথো মৃগয়াং বিধায় দ্রৌপদীং হৃতবানিতি সম্ভাব্যেদমুক্তমিতি প্রতীয়তে। অকৃত্যকারী কশ্চিৎ পুরুষঃ, শ্বা কুক্কুরঃ অধ্বরস্থং পুরোডাশং যজ্ঞোপকরণদ্রব্যবিশেষমিব, বো যুষ্মাকং প্রিয়ায়া দ্রৌপদ্যাঃ, শোভনা নাসা যস্য তৎ সুনসম্, সুলোচনম্, চন্দ্রপ্রভাবং চন্দ্রবৎ সুন্দরম্, প্রসন্নং নির্ম্মলম্, শুভঞ্চ বদনম্, মা স্পৃশ্যাৎ ন স্পৃশতু ন চুম্বত্বিত্যর্থঃ। অতএব এতানি বর্ত্মানি শীঘ্রমনুযাত, ক্ষিপ্রং শত্রুনাক্রামতেতি শেষঃ, ইহ বো যুষ্মাকং কালঃ, মা অত্যগাৎ নাতিক্রামতু। মাযোগেঽপ্যড়াগম আর্ষঃ ॥২১—২২॥

দ্রৌপদী একে মুগ্ধচিত্তা, তাহাতে আবার কেহ তিরস্কার করিলে এবং দণ্ড দিবার ভয় দেখাইলে তিনি আরও মুগ্ধ হইয়া পড়িবেন ; তাহাতে উত্তমঘৃতপূর্ণ হোমপাত্র যেমন ভস্মে নিক্ষেপ করে, সেইরূপ তিনি পরে কোন অযোগ্য পুরুষকেও আপন দেহ সমর্পণ করিতে পারেন ॥১৯॥

আর, তুষের আগুনে যেমন ঘৃতের আহুতি দেয় এবং শ্মশানে যেমন পুষ্পমালা নিক্ষেপ করে, সেইরূপ তিনি পরে কোন অযোগ্য পুরুষকেও আত্মসমর্পণ করিতে পারেন এবং ব্রাহ্মণগণ অসতর্ক থাকিলে কুকুর আসিয়া যেমন যজ্ঞের সোমরস পান করে, তেমন পরে অযোগ্য পুরুষও তাঁহাকে ভোগ করিতে পারে ॥২০॥

একটা শৃগাল মহাবনে মৃগয়া করিয়া পরে কিন্তু পদ্মসরোবরে অবগাহন করিবে। আর এক কথা, কুক্কুর যেমন যজ্ঞের পুরোডাশ স্পর্শ করে, সেই-

যুধিষ্ঠির উবাচ।

ভদ্রে ! প্রতিক্রাম নিয়চ্ছ বাচং মাঽস্মৎসকাশে পরুষাণ্যবোচঃ।
রাজানো বা যদি বা রাজপুত্রা বলেন মত্তা বঞ্চনাং প্রাপ্নুবন্তি ॥২৩॥

বৈশম্পায়ন উবাচ।

এতাবদুক্ত্বা প্রযযুর্হি শীঘ্রং তান্যেব বর্ত্মান্যনুবর্ত্তমানাঃ।
মুহুর্মুহুর্ব্যালবদুচ্ছ্বসন্তো জ্যা বিক্ষিপন্তশ্চ মহাধনুর্ভ্যঃ ॥২৪॥
ততোঽপশ্যংস্তস্য সৈন্যস্য রেণুমুদ্ধূতং বৈ বাজিখুরপ্রণুন্নম্।
পদাতীনাং মধ্যগতঞ্চ ধৌম্যং বিক্রোশন্তং ভীমমভিদ্রবেতি ॥২৫॥

ভারতকৌমুদী

ভদ্র ইতি। ভদ্রে ! প্রতিক্রাম অপসর, ঈদৃশীং বাচম্, নিয়চ্ছ নিরুন্ধি, অস্মৎসকাশে পরুষাণি দ্রৌপদীবিষয়ে কুৎসিতবচনানি, মা অবোচঃ ন ব্রূহি। রাজানো বা, যদি বা রাজপুত্রাঃ, বলেন মত্তাঃ সন্তঃ, বঞ্চনাং কার্য্যবৈফল্যং প্রাপ্নুবন্তি। এতেন বলমদাদেব জয়দ্রথো দ্রৌপদীং হৃতবানিতি সূচনেন তস্যাঃ কুৎসা নিরস্তা ॥২৩॥

এতাবদিতি। এতাবদুক্ত্বা পাণ্ডবাঃ, ব্যালবৎ সর্পবৎ, মুহুর্মুহুরুচ্ছ্বসন্তঃ, মহাধনুর্ভ্যঃ মহাধনুষাম্, জ্যা গুণাংশ্চ, বিক্ষিপন্তঃ সঞ্চালয়ন্তঃ, তান্যেব বর্ত্মানি, অনুবর্ত্তমানা অনুসরন্তশ্চ সন্তঃ, শীঘ্রং প্রযযুঃ ॥২৪॥

তত ইতি। ততঃ, বাজিনামশ্বানাং খুরৈঃ প্রণুন্নং ক্ষুণ্ণম্, উদ্ধূতং বায়ুনা উত্তোলিতম্, তস্য সৈন্যস্য, রেণুং ধূলিম্, পদাতীনাং মধ্যগতম্, 'অভিদ্রব অভিধাব' ইতি ভীমং বিক্রোশন্ত-

---

রূপ কোন অকার্য্যকারী পুরুষ যেন আপনাদের প্রিয়তমার সুন্দর নাসিকা ও নয়নসমন্বিত, চন্দ্রতুল্য মনোহর, নির্ম্মল এবং শুভলক্ষণসম্পন্ন মুখখানিকে স্পর্শ করে না। অতএব আপনারা সত্বর এই পথে অনুসরণ করুন এবং সত্বর শত্রুগণকে আক্রমণ করুন, আপনাদের সময় যেন অতিক্রম করে না' ॥২১—২২॥

যুধিষ্ঠির বলিলেন—'ভদ্রে ! তুমি সরিয়া যাও, বাক্য সম্বরণ কর এবং আমাদের নিকট এইরূপ কুৎসিত কথা আর বলিও না। রাজারা বা রাজপুত্রেরা বলমত্ত হইয়া প্রতারিতই হইয়া থাকেন' ॥২৩॥

বৈশম্পায়ন বলিলেন—পাণ্ডবেরা এই পর্য্যন্ত বলিয়াই সর্পের ন্যায় মুহুর্মুহু নিশ্বাসত্যাগ ও মহাধনুগুলির গুণসঞ্চালন করিতে থাকিয়া এবং সেই পথগুলিরই অনুসরণ করিয়া দ্রুত প্রস্থান করিলেন ॥২৪॥

তাহার পর পাণ্ডবেরা দেখিলেন—বিপক্ষসৈন্যের অশ্বখুরের ধূলিসমূহ উপরে উড়িতেছে এবং ধৌম্যপুরোহিত পদাতিসৈন্যের মধ্যে থাকিয়া 'ভীম ! এই দিকে ধাবিত হও' বলিয়া ভীমকে উচ্চস্বরে ডাকিতেছেন ॥২৫॥

তে সান্ত্ব্য ধৌম্যং পরিদীনসত্ত্বাঃ সুখং ভবানেত্বিতি রাজপুত্রাঃ।
শ্যেনা যথৈবামিষসম্প্রযুক্তা জবেন তৎ সৈন্যমথাভ্যধাবন্ ॥২৬॥
তেষাং মহেন্দ্রোপমবিক্রমাণাং সংরব্ধানাং ধর্ষণাদ্যাজ্ঞসেন্যাঃ।
ক্রোধঃ প্রজজ্বাল জয়দ্রথঞ্চ দৃষ্ট্বা প্রিয়াং তস্য রথে স্থিতাঞ্চ ॥২৭॥
প্রচুক্রুশুশ্চাপ্যথ সিন্ধুরাজং বৃকোদরশ্চৈব ধনঞ্জয়শ্চ।
যমৌ চ রাজা চ মহাধনুর্দ্ধরাস্ততো দিশঃ সংমুমুহুঃ পরেষাম্ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্বণি দ্রৌপদীহরণে পার্থাগমনে ত্রয়োবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

মাহ্বয়ন্তং ধৌম্যঞ্চ, অপশ্যন্ পাণ্ডবা ইতি শেষঃ। ভীমস্ত অবজ্ঞাকোপব্যাপ্তশ্চৈবাহ্বান-মিতি ভাবঃ ॥২৫॥

ত ইতি। অথ, পরিদীনসত্ত্বা অনল্পাধ্যবসায়াঃ পরৈর্বর্জনার্হত্বাৎ, তে রাজপুত্রা পাণ্ডবাঃ, 'ভবান্ সুখমনায়াসং যথা স্যাত্তথা, এতু আগচ্ছতু' ইতি ইত্থং ধৌম্যং সান্ত্ব্য সান্ত্বয়িত্বা, আমিষসম্প্রযুক্তা মাংসলোলুপাঃ শ্যেনাঃ পক্ষিণো যথা, তথৈব জবেন বেগেন, তৎ সৈন্য-মভ্যধাবন্ ॥২৬॥

তেষামিতি। যাজ্ঞসেন্যা ধর্ষণাদ্বলেন গ্রহণাৎ সংরব্ধানাং প্রাগেব জাতক্রোধানাং মহেন্দ্রো-পমবিক্রমাণাং তেষাং পাণ্ডবানাম্, জয়দ্রথঞ্চ তস্য রথে স্থিতাং প্রিয়াং দ্রৌপদীঞ্চ দৃষ্ট্বা, ক্রোধঃ ক্রোধানলঃ প্রজজ্বাল ॥২৭॥

ভারতভাবদীপঃ

প্রেষ্যবধূং দাসভার্য্যাম্ ॥৯॥ অন্তিতরঃ সমীপতরঃ। আর্ত্ততর ইতি পাঠঃ ॥১০—১৮॥ পুরা যাবদনর্হতে তন্তুং ন দদাতি তাবচ্ছীঘ্রমভ্যুযাতেতি চতুর্থেন সম্বন্ধঃ ॥১৯—২২॥ প্রতিক্রাম দূরে ভব, পরুষাণি অনর্হতে তন্তুং দদাতীত্যাদীনি দুঃশ্রাব্যাণি, মত্তত্বাৎ বক্তনাং স্বজনস্য তবৈব বধরূপাম্ ॥২৩—২৬॥ ধর্ষণাৎ পরাভবাৎ ॥২৭—২৮॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২৩॥

তদনন্তর অসাধারণ অধ্যবসায়ী পাণ্ডবেরা 'আপনি অনায়াসে চলিয়া আসুন' এইভাবে ধৌম্যপুরোহিতকে আশ্বস্ত করিয়া, মাংসলোলুপ শ্যেনপক্ষিগণের ন্যায় বেগে সেই সৈন্যগণের দিকে ধাবিত হইলেন ॥২৬॥

দ্রৌপদীকে বলপূর্ব্বক গ্রহণ করায় ইন্দ্রতুল্য বিক্রমশালী পাণ্ডবগণ পূর্ব্বেই ক্রুদ্ধ হইয়াছিলেন, তাহার পরে জয়দ্রথকে এবং তাঁহার রথে দ্রৌপদীকে দেখিয়া তাঁহাদের ক্রোধানল জ্বলিয়া উঠিল ॥২৭॥

* পিতামহপুস্তকে অত্রাধ্যায়সমাপ্তির্নাস্তি। '...অষ্টষষ্ট্যধিকদ্বিশততমঃ...' বা ব, '...ঊনসপ্তত্যধিকদ্বি...' কা, '...সপ্তত্যধিকদ্বি...' নি।

চতুর্বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—•:(*):•—

বৈশম্পায়ন উবাচ।

ততো ঘোরতরঃ শব্দো বনে সমভবত্তদা।
ভীমসেনার্জ্জুনৌ দৃষ্ট্বা ক্ষত্রিয়াণামমর্ষিণাম্ ॥১॥
তেষাং ধ্বজাগ্রাণ্যভিবীক্ষ্য রাজা স্বয়ং দুরাত্মা কুরুপুঙ্গবানাম্।
জয়দ্রথো যাজ্ঞসেনীমুবাচ রথে স্থিতাং ভানুমতীং হৃতৌজাঃ ॥২॥
আয়ান্তীমে পঞ্চ রথা মহান্তো মন্যে চ কৃষ্ণে! পতয়ন্তবৈতে।
অজানতাং খ্যাপয় নঃ সুকেশি! পরং পরং পাণ্ডবানাং রথস্থম্ ॥৩॥

ভারতকৌমুদী

প্রেতি। অথ বৃকোদরশ্চ, ধনঞ্জয়শ্চ, যমৌ নকুলসহদেবৌ চ, রাজা যুধিষ্ঠিরশ্চ, এতে মহাধনুর্দ্ধরাঃ সর্ব্ব এব, সিন্ধুরাজং জয়দ্রথম্, প্রচুক্রুশুঃ যুদ্ধায়াহূতবন্তঃ। ততশ্চ পরেষাং শত্রূণাম্, দিশঃ সংমুমুহুর্মোহবিষয়ীভূতা ভয়েন দিঙ্মোহঃ সঞ্জাত ইত্যর্থঃ ॥২৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে ত্রয়োবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(:*:)———

তত ইতি। শব্দঃ কোলাহলঃ। ক্ষত্রিয়াণাং জয়দ্রথপক্ষগতানাম্ ॥১॥

তেষামিতি। তেষাং কুরুপুঙ্গবানাং পাণ্ডবানাং ধ্বজাগ্রাণি অভিবীক্ষ্য, হৃতং তেনাভিবীক্ষণেনৈব দূরীকৃতম্, ওজস্তেজো যস্য সঃ, দুরাত্মা রাজা স্বয়ং জয়দ্রথঃ, আত্মনো রথে স্থিতাম্, ভানুমতীং পাণ্ডবধ্বজাগ্রদর্শনেনৈব তেজস্বিনীং যাজ্ঞসেনীমুবাচ ॥২॥

তৎপরে ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব ও যুধিষ্ঠির এই মহাধনুর্দ্ধরেরা সকলেই জয়দ্রথকে যুদ্ধের জন্য আহ্বান করিলেন; তাহাতে শত্রুগণের দিঙ্মোহ উপস্থিত হইল ॥২৮॥

———(•:*:•)———

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর বনমধ্যে ভীম ও অর্জ্জুনকে দেখিয়া অসহিষ্ণু ক্ষত্রিয়গণের ঘোরতর কোলাহল উত্থিত হইল ॥১॥

কৌরবশ্রেষ্ঠ পাণ্ডবগণের ধ্বজাগ্র দেখিয়াই দুরাত্মা জয়দ্রথের তেজ নষ্ট হইল এবং দ্রৌপদীর তেজ বৃদ্ধি পাইল। তখন রাজা জয়দ্রথ নিজেই রথস্থিত দ্রৌপদীকে বলিলেন—॥২॥

(৩)…সা জানতী খ্যাপয়…বা ব কা নি।

দ্রৌপদ্যুবাচ।

কিং তে জ্ঞাতৈর্মূঢ়! মহাধনুর্দ্ধরৈরনায়ুষ্যং কর্ম্ম কৃত্বাতিঘোরম্।
এতে বীরাঃ পতয়ো মে সমেতা ন বঃ শেষঃ কশ্চিদিহাস্তি যুদ্ধে ॥৪॥
আখ্যাতব্যং ত্বেব সর্বং মুমূর্ষো! ময়া তুভ্যং পৃষ্টয়া ধর্ম্ম এবঃ।
ন মে ব্যথা বিদ্যতে ত্বদ্ভয়ং বা সংপশ্যন্ত্যাঃ সানুজং ধর্ম্মরাজম্ ॥৫॥
যস্য ধ্বজাগ্রে নদতো মৃদঙ্গৌ নন্দোপনন্দৌ মধুরৌ যুক্তরূপৌ।
এতং স্বধর্ম্মার্থবিনিশ্চয়জ্ঞং সদা জনাঃ কৃত্যবন্তোঽনুযান্তি ॥৬॥

ভারতকৌমুদী

আয়ান্তীতি। হে কৃষ্ণে! ইমে মহান্তঃ পঞ্চ রথা আয়ান্তি, মন্যে চ এতে তব পতয়ঃ। হে সুকেশি! এতানজানতাম্, নঃ অস্মাকং সমীপে, পাণ্ডবানাং মধ্যে রথস্থং পরং পরম্ একমেকম্, খ্যাপয় বর্ণয় ॥৩॥

কিমিতি। হে মূঢ়! ন আয়ুষ্যম্ অনায়ুষ্যম্ আয়ুর্নাশকম্, অতিঘোরং মদপহরণরূপং কর্ম্ম কৃত্বা তে তব এতৈর্মহাধনুর্দ্ধরৈর্জ্ঞাতৈঃ, কিং ফলম্। এতে মে বীরাঃ পতয়ঃ সমেতা মিলিতাঃ। অতএব ইহ যুদ্ধে বো যুষ্মাকং মধ্যে কশ্চিদপি শেষঃ অবশিষ্টো নাস্তি ন স্যাদস্তীতি ভবিষ্যৎ-সামীপ্যে বর্ত্তমানা ॥৪॥

আখ্যাতব্যমিতি। হে মুমূর্ষো! তথাপি ত্বয়া পৃষ্টয়া ময়া এতৎ সর্ব্বমেব তুভ্যম্ আখ্যাতব্যম্। যেন হি, এষ মুমূর্ষুপৃষ্টস্য বক্তব্যত্বরূপো ধর্ম্মো বর্ত্ততে। কিঞ্চ সানুজং ধর্ম্মরাজং সংপশ্যন্ত্যা মে ব্যথা ত্বদ্ভয়ং বা ন বিদ্যতে, সর্ব্বথৈবাশ্বাসলাভাদিতি ভাবঃ ॥৫॥

যস্যেতি। যুক্তরূপৌ পরস্পরমিলিতৌ, মধুরৌ মধুররবকারিণৌ, নন্দোপনন্দৌ নাম, মৃদঙ্গৌ, যস্য ধ্বজাগ্রে, নদতঃ শব্দায়েতে ; কৃত্যবন্তঃ কার্য্যসাধনার্থিনো জনাঃ, সদৈব স্বধর্ম্মার্থয়ো-বিনিশ্চয়জ্ঞং সূক্ষ্মনিরূপণদক্ষমেতম্, অনুযান্তি উপদেশগ্রহণায় সেবন্তে ॥৬॥

'দ্রৌপদি! এই পাঁচ খানা বিশাল রথ আসিতেছে ; আমি মনে করি—ইহারা তোমার পতি। কিন্তু সুকেশি! আমি ইহাদিগকে চিনি না ; অতএব তুমি আমার নিকট এই রথস্থ পাণ্ডবগণের মধ্যে এক এক জনের পরিচয় দাও' ॥৩॥

দ্রৌপদী বলিলেন—'মূর্খ! তুমি মৃত্যুজনক অতিভয়ঙ্কর কার্য্য করিয়াছ, এখন এই মহাধনুর্দ্ধরগণের পরিচয় লইয়া কি ফল হইবে। এই আমার বীর পতিগণ মিলিত হইয়াছেন ; সুতরাং এই যুদ্ধে তোমাদের মধ্যে কেহই অবশিষ্ট থাকিবে না ॥৪॥

হে মুমূর্ষু! তথাপি তুমি জিজ্ঞাসা করিয়াছ বলিয়া আমার সমস্তই বলিতে হইবে। কারণ, মুমূর্ষুর জিজ্ঞাসিত বিষয় বলাই ধর্ম্ম। আর এক কথা—আমি অনুজগণের সহিত ধর্ম্মরাজকে দেখিতে পাইয়াছি বলিয়া আমার আর কষ্ট বা তোমা হইতে ভয় নাই ॥৫॥

য এষ জাম্বূনদশুদ্ধগৌরঃ প্রচণ্ডঘোণস্তনুরায়তাক্ষঃ।
এনং কুরুশ্রেষ্ঠতমং বদন্তি যুধিষ্ঠিরং ধর্ম্মসুতং পতিং মে ॥৭॥
অপ্যেষ শত্রোঃ শরণাগতস্য দদ্যাৎ প্রাণান্ ধর্ম্মচারী নৃবীরঃ।
পরৈহ্যেনং মূঢ়! জবেন ভূতয়ে ত্বমাত্মনঃ প্রাঞ্জলির্ন্যস্তশস্ত্রঃ ॥৮॥
অথাপ্যেনং পশ্যসি যং রথস্থং মহাভুজং শালমিব প্রবৃদ্ধম্।
সন্দষ্টৌষ্ঠং ভ্রূকুটীসংহতভ্রুবং বৃকোদরো নাম পতির্মমৈষঃ ॥৯॥
আজানেয়া বলিনঃ সাধুদান্তা মহাবলাঃ শূরমুদাবহন্তি।
এতস্য কর্ম্মাণ্যতিমানুষাণি ভীমেতি শব্দোঽস্য গতঃ পৃথিব্যাম্ ॥১০॥

ভারতকৌমুদী

য ইতি। য এষঃ, জাম্বূনদবৎ স্বর্ণবৎ শুদ্ধগৌরঃ, প্রচণ্ডা বিশালা ঘোণা নাসিকা যস্য সঃ, তনুঃ অস্থূলদেহঃ, আয়তাক্ষো বিশাললোচনশ্চ পুরুষঃ, এনং কুরুশ্রেষ্ঠতমং ধর্ম্মসুতং যুধিষ্ঠিরং নাম মে পতিং বদন্তি জনা ইতি শেষঃ ॥৭॥

অপীতি। ধর্ম্মচারী এষ নৃবীরঃ, শরণাগতস্য শত্রোরপি প্রাণান্ দদ্যাৎ। অতএব হে মূঢ়! ত্বং ন্যস্তশস্ত্রঃ প্রাঞ্জলিশ্চ সন্, আত্মনো ভূতয়ে মঙ্গলায়, জবেন ত্বরয়া, এনং পরৈহি শরণং গচ্ছ ॥৮॥

অথেতি। শালং বৃক্ষমিব প্রবৃদ্ধমুন্নতম্, সন্দষ্টৌষ্ঠম্, ভ্রূকুট্যা সংহতে মিলিতে ভ্রুবৌ যস্য তম্, মহাভুজং যমেনং রথস্থং পশ্যসি, এষ বৃকোদর নাম মম পতিঃ ॥৯॥

আজেতি। বলিন উৎসাহিনঃ, সাধুদান্তাঃ সম্যক্ শিক্ষিতাঃ, মহাবলাঃ, আজানেয়া-

---

পরস্পর সংযুক্ত ও মধুররবকারী 'নন্দ' ও 'উপনন্দ'—নামে দুইটী মৃদঙ্গ যাঁহার ধ্বজের উপরে থাকিয়া শব্দ করিতেছে, ইনি সূক্ষ্মভাবে ক্ষত্রিয়ের ধর্ম্ম ও অর্থ নিরূপণ করিতে পারেন বলিয়া কার্য্যসাধনার্থী লোকেরা সর্ব্বদাই ইঁহার সেবা করিয়া থাকে ॥৬॥

এই যিনি স্বর্ণের ন্যায় নির্ম্মলগৌরবর্ণ, অস্থূলদেহ ও বিশালনয়ন এবং যাঁহার নাসিকা উন্নত, ইঁহাকে লোকেরা কৌরবশ্রেষ্ঠ ও ধর্ম্মপুত্র 'যুধিষ্ঠির' বলিয়া থাকে; ইনি আমার পতি ॥৭॥

এই ধর্ম্মাপরায়ণ মনুষ্যবীর শরণাগত শত্রুরও প্রাণ দান করিয়া থাকেন। সুতরাং মূর্খ! তুমি নিজের মঙ্গলের জন্য অস্ত্র পরিত্যাগ করিয়া, কৃতাঞ্জলি হইয়া, সত্বর যাইয়া উঁহার শরণাপন্ন হও ॥৮॥

আর, শালবৃক্ষের ন্যায় উন্নত, মহাবাহু, ওষ্ঠদংশনকারী ও ভ্রূকুটী করায় সংযুক্তভ্রূযুগল এই যে বীরকে রথে দেখিতেছ, ইঁহার নাম—'ভীমসেন', ইনিও আমার পতি ॥৯॥

নাস্যাপরাদ্ধাঃ শেষমবাপ্নুবন্তি নায়ং বৈরং বিস্মরতে কদাচিৎ ।
বৈরস্যান্তং সংবিধায়োপযাতি পশ্চাচ্ছান্তিং ন চ গচ্ছত্যতীব ॥১১॥
ধনুর্দ্ধরাগ্র্যো ধৃতিমান্ যশস্বী জিতেন্দ্রিয়ো বৃদ্ধসেবী নৃবীরঃ ।
ভ্রাতা চ শিষ্যশ্চ যুধিষ্ঠিরস্য ধনঞ্জয়ো নাম পতির্ম্মমৈষঃ ॥১২॥
যো বৈ ন কামান্ন ভয়ান্ন কোপাত্ত্যজেদ্ধর্ম্মং ন নৃশংস্যঞ্চ কুর্য্যাৎ ।
স এষ বৈশ্বানরতুল্যতেজাঃ কুন্তীসুতঃ শত্রুসহঃ প্রমাথী ॥১৩॥

ভারতকৌমুদী

তদাখ্যজাতীয়া অশ্বাঃ, এনং শূরম্, উদাবহন্তি রথাদিনা বহন্তি । এতস্য কর্ম্মাণি অতি-মানুষাণি মানুষকর্ম্মাতিক্রান্তানি, তথা অস্য ভীমেতি শব্দো নাম, পৃথিব্যাং প্রসিদ্ধিং গতঃ ॥১০॥

নেতি । অস্যান্তিকে অপরাদ্ধা অপরাধিনো জনাঃ, শেষমবশিষ্টতাং নাবাপ্নুবন্তি, অয়ং কদাচিদপি বৈরং ন বিস্মরতে । কিঞ্চ অন্যো জনঃ বৈরস্যান্তং সংবিধায় পশ্চাৎ শান্তিমুপ-যাতি, অয়ন্তু বৈরস্যান্তমতীব সংবিধায়াপি শান্তিং ন চ গচ্ছতি ॥১১॥

ধনুরিতি । ধৃতিমান্ ধৈর্য্যশালী । বৃদ্ধসেবী উপদেশগ্রহণায় । শিষ্যঃ, তপস্যার্থপ্রয়াণ-কালে মন্ত্রগ্রহণাৎ ॥১২॥

য ইতি । নৃশংস্যং নৃশংসকার্য্যম্ । প্রমাথী শত্রুমর্দ্দনকারী ॥১৩॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৩॥ অনায়ুষ্যমায়ুর্নাশকং মৃত্যুদমিত্যর্থঃ ॥৪—৭॥ পরৈহি শরণং গচ্ছ, এনং ধর্ম্মরাজম্ ॥৮—৯॥ আজানেয়া অশ্ববিশেষাঃ ॥১০॥ অপরাদ্ধাঃ অপরাধবন্তঃ, শেষং জীবনম্, বৈরস্যান্তং শত্রুনাশম্, সংবিধায় আত্মত্যোপযাতি কুর্ব্বন্নপি অতীব শান্তিং নোপৈতীতি মরণান্তানি বৈরাণীতি লোকে প্রসিদ্ধম্ । অয়ন্তু মারয়িত্বাপি পুত্রপৌত্রাদিকমপি ন শেষয়তীত্য-

সুশিক্ষিত, উৎসাহী ও মহাবল আজানেয় অশ্বগণ এই বীরকে বহন করিতেছে, ইঁহার কর্ম্ম সকল অলৌকিক এবং ইঁহার 'ভীম' এই নাম পৃথিবীতে প্রসিদ্ধি লাভ করিয়াছে ॥১০॥

অপরাধীরা ইঁহার নিকট অবশিষ্ট থাকে না এবং ইনি কখনও শত্রুতা বিস্মৃত হন না ; আর অন্য লোক শত্রুতার অবসান করিয়া পরে শান্তি লাভ করে ; কিন্তু ইনি সম্পূর্ণরূপে শত্রুতার অবসান করিয়াও শান্তি লাভ করেন না ॥১১॥

আর ইনি—ধনুর্দ্ধরশ্রেষ্ঠ, ধৈর্য্যশীল, যশস্বী, জিতেন্দ্রিয়, বৃদ্ধসেবী, মনুষ্যমধ্যে বীর এবং যুধিষ্ঠিরের ভ্রাতা ও শিষ্য অর্জ্জুন ; ইনিও আমার পতি ॥১২॥

যিনি—ইচ্ছা, ভয় বা ক্রোধবশতঃ ধর্ম্ম পরিত্যাগ বা নৃশংসকার্য্য করেন না এবং যিনি অগ্নির তুল্য তেজস্বী, শত্রুবেগসহনক্ষম ও শত্রুদমনকারী, ইনি সেই তৃতীয় কুন্তীনন্দন অর্জ্জুন ॥১৩॥

যঃ সর্বধর্মার্থবিনিশ্চয়জ্ঞো ভয়ার্ত্তানাং ভয়হর্ত্তা মনীষী।
যস্যোত্তমং রূপমাহুঃ পৃথিব্যাং যং পাণ্ডবাঃ পরিরক্ষন্তি সর্বে।
প্রাণৈর্গরীয়াংসমনুব্রতং বৈ স এষ বীরো নকুলঃ পতির্মে ॥১৪॥
যঃ খড়্গযোধী লঘুচিত্রহস্তো মহাংশ্চ ধীমান্ সহদেবো দ্বিতীয়ঃ।
যস্যাদ্য কর্ম্ম দ্রক্ষ্যসে মূঢ়সত্ত্ব! শতক্রতোর্বা দৈত্যসেনাসু সংখ্যে ॥১৫॥
শূরঃ কৃতাস্ত্রো মতিমান্ মনস্বী প্রিয়ঙ্করো ধর্ম্মসুতস্য রাজ্ঞঃ।
য এষ চন্দ্রার্কসমানতেজা জঘন্যজঃ পাণ্ডবানাং প্রিয়শ্চ ॥১৬॥
বুদ্ধ্যা সমো যস্য নরো ন বিদ্যতে বক্তা তথা সৎসু বিনিশ্চয়জ্ঞঃ।
য এষ শূরো নিত্যমমর্ষণশ্চ ধীমান্ প্রাজ্ঞঃ সহদেবঃ পতির্মে ॥১৭॥

(বিশেষকম্)

ভারতকৌমুদী

য ইতি। প্রাণৈর্গরীয়াংসং প্রাণাপেক্ষয়াপি প্রিয়তমম্, অনুব্রতমনুকূলম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

য ইতি। লঘুঃ শীঘ্রসঞ্চলনশীলঃ চিত্রো বিচিত্রভ্রমণশীলশ্চ হস্তো যস্য সঃ। সহদেবঃ প্রাচীনো রাজবিশেষঃ। হে মূঢ়সত্ত্ব! মূঢ়বুদ্ধে! । সংখ্যে যুদ্ধে, দৈত্যসেনাসু মধ্যে, শতক্রতোর্বা ইন্দ্রস্যেব, "বা স্যাদ্বিকল্পোপময়োরেবার্থে চ সমুচ্চয়ে" ইতি বিশ্বঃ। কৃতাস্ত্রঃ শিক্ষিতাস্ত্রঃ। জঘন্যজঃ কনিষ্ঠঃ। সৎসু বিদ্বৎসু, বিনিশ্চয়জ্ঞঃ কার্য্যনিরূপণনিপুণঃ। অমর্ষণঃ ক্রোধী, প্রাজ্ঞঃ পণ্ডিতশ্চ। একার্থে বহুতরশব্দপ্রয়োগ ঋষীণাং স্বভাবঃ ॥১৫—১৭॥

আর, যিনি—সমস্ত ধর্ম্ম ও অর্থের নিরূপণ করিতে নিপুণ, ভয়ার্ত্তগণের ভয়হর্ত্তা ও বুদ্ধিমান্, যাঁহার রূপকে সকলেই পৃথিবীর মধ্যে উত্তম বলিয়া থাকে এবং প্রাণ অপেক্ষাও প্রিয়তম ও অনুকূল বলিয়া যাঁহাকে পাণ্ডবেরা সকলেই সর্ব্বপ্রকারে রক্ষা করিয়া থাকেন, ইনি সেই নকুল; এই বীরও আমার পতি ॥১৪॥

আর, যিনি খড়্গযোদ্ধা এবং সেই যুদ্ধের সময়ে যাঁহার হাতখানি দ্রুতবেগে ও বিচিত্রভাবে ভ্রমণ করিয়া থাকে এবং যিনি—উদারচেতা ও বুদ্ধিমান্ দ্বিতীয় সহদেবরাজার তুল্য; আর মূঢ়বুদ্ধি জয়দ্রথ! যুদ্ধে দৈত্যসৈন্যের মধ্যে ইন্দ্রের ন্যায় আজ যাঁহার কার্য্য তুমি দেখিতে পাইবে এবং যিনি—বীর, অস্ত্রে সুশিক্ষিত, বুদ্ধিমান্, প্রশস্তচেতা, ধর্ম্মরাজের প্রিয়কার্য্যকারী, চন্দ্র ও সূর্য্যের তুল্য তেজস্বী এবং পাণ্ডবগণের প্রিয় ও কনিষ্ঠ; আর বুদ্ধিতে যাঁহার তুল্য মানুষ পৃথিবীতে নাই এবং যিনি পণ্ডিতগণের মধ্যে বক্তা, কার্য্যনিরূপণে নিপুণ, বীর, সর্ব্বদা অসহিষ্ণু, বুদ্ধিমান্ ও বিদ্বান্, ইনি সেই সহদেব; ইনিও আমার পতি ॥১৫—১৭॥

ত্যজেৎ প্রাণান্ প্রবিশেদ্ধব্যবাহং ন ত্বেবৈষ ব্যাহরেদ্ধর্ম্মবাহ্যম্।
সদা মনস্বী ক্ষত্রধর্ম্মে রতশ্চ কুন্ত্যাঃ প্রাণৈরিষ্টতমো নৃবীরঃ ॥১৮॥
বিশীর্য্যন্তীং নাবমিবার্ণবান্তে রত্নাভিপূর্ণাং মকরস্য পৃষ্ঠে।
সেনাং তবেমাং হতসর্বযোধাং বিক্ষোভিতাং দ্রক্ষ্যসি পাণ্ডুপুত্রৈঃ ॥১৯॥
ইত্যেতে বৈ কথিতাঃ পাণ্ডুপুত্রা যাংস্ত্বং মোহাদবমন্য প্রবৃত্তঃ।
যদ্যেতেভ্যো মুচ্যসেঽভিন্নদেহঃ পুনর্জন্ম প্রাপ্স্যসে জীব এব ॥২০॥

ভারতকৌমুদী

ত্যজেদিতি। প্রাণৈস্তুল্যঃ কুন্ত্যা ইষ্টতমঃ প্রিয়তমঃ, মনস্বী প্রশস্তচেতাঃ, সদা ক্ষত্রধর্ম্মে রতশ্চ এষ নৃবীরঃ সহদেবঃ, প্রাণানপি ত্যজেৎ, হব্যবাহমগ্নিমপি প্রবিশেৎ, তথাপি তু ধর্ম্মবাহ্যং ধর্ম্মবহির্ভূতং বাক্যম্, ন ব্যাহরেৎ বদেৎ ॥১৮॥

বীতি। অর্ণবান্তে সমুদ্রমধ্যে, মকরস্য স্বনামপ্রসিদ্ধজলজন্তুবিশেষস্য পৃষ্ঠে লগিত্বেতি শেষঃ, বিক্ষোভিতামাদৌ তদ্ঘট্টনেন সঞ্চালিতাম্, পরঞ্চ বিশীর্য্যন্তীং বিশীর্য্যমাণাম্, রত্নাভিপূর্ণাম্, নাবং তরণিমিব, তবেমাং সেনাম্, পাণ্ডুপুত্রৈরাদৌ বিক্ষোভিতাং প্রহারেণ সঞ্চালিতাম্, পরঞ্চ হতাঃ সর্ব্বে যোধা যোদ্ধারো যস্যাস্তাং তাদৃশীং দ্রক্ষ্যসি ॥১৯॥

ইতীতি। কথিতা বর্ণিতাঃ। প্রবৃত্তো মদপহরণ ইতি শেষঃ। জীবো জীবন্নেব ॥২০॥

ভারতভাবদীপঃ

ত্যক্তং দীর্ঘকোপিত্বমুক্তম্ ॥১১—১৩॥ যং পরিরক্ষন্তি স নকুল ইতি দ্বয়োঃ সম্বন্ধঃ ॥১৪॥ মূঢ়সত্ত্ব! মূঢ়বুদ্ধে! শতক্রতোর্বা শতক্রতোরিব ॥১৫—১৯॥ জীব এব জীবন্নেব অমৃতৈব পুনর্জন্ম প্রাপ্স্যসে ॥২০—২১॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২৪॥

কুন্তীদেবীর প্রাণের তুল্য প্রিয়তম, প্রশস্তচিত্ত এবং সর্ব্বদা ক্ষত্রিয়ধর্ম্মে নিরত এই মনুষ্যবীর সহদেব বরং প্রাণ পরিত্যাগও করিতে পারেন এবং অগ্নিতে প্রবেশও করিতে পারেন, কিন্তু ধর্ম্মবহির্ভূত বাক্য বলিতে পারেন না ॥১৮॥

রত্নপূর্ণ নৌকা যেমন সমুদ্রের মধ্যে মকরের পৃষ্ঠে লাগিয়া প্রথমে বিক্ষুব্ধ হইয়া পরে ভাঙ্গিয়া যায়, তেমন পাণ্ডবেরা তোমার এই বাহিনীকে প্রথমে বিক্ষুব্ধ করিয়া, পরে ইহার সমস্ত যোদ্ধাকে সংহার করিবেন; তুমি ইহা দেখিতে পাইবে ॥১৯॥

তুমি মোহবশতঃ যাঁহাদিগকে অবজ্ঞা করিয়া আমাকে হরণ করিতে প্রবৃত্ত হইয়াছ, এই সেই পাণ্ডবগণের বর্ণনা করিলাম। তুমি যদি অক্ষত শরীরে ইঁহাদের হাত হইতে মুক্ত হইতে পার, তবে জীবিত থাকিয়াই পুনর্জন্ম লাভ করিবে' ॥২০॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ পার্থাঃ পঞ্চ পঞ্চেন্দ্রকল্পাস্ত্যক্ত্বা ত্রস্তান্ প্রাঞ্জলীংস্তান্ পদাতীন্।
রথানীকং শরবর্ষান্ধকারং চক্রুঃ ক্রুদ্ধাঃ সর্বতঃ সন্নিগৃহ্য ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদী-হরণে দ্রৌপদীবাক্যে চতুর্বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

পঞ্চবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

বৈশম্পায়ন উবাচ।

সন্তিষ্ঠত প্রহরত তূর্ণং বিপরিধাবত।
ইতি স্ম সৈন্ধবো রাজা চোদয়ামাস তান্ নৃপান্ ॥১॥
ততো ঘোরতমঃ শব্দো রণে সমভবত্তদা।
ভীমার্জ্জুনযমান্ দৃষ্ট্বা সৈন্যানাং সযুধিষ্ঠিরান্ ॥২॥

ভারতকৌমুদী

তত ইতি। রথানীকং রথিসৈন্যম্, শরবর্ষেণ অন্ধকারো যত্র তৎ। সন্নিগৃহ্য অভিভূয় ॥২১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে চতুর্বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

সমিতি। সন্তিষ্ঠত ন পলায়ধ্বম্। স্মেতি পাদপূরণে, সৈন্ধবো জয়দ্রথঃ ॥১॥

তত ইতি। শব্দঃ কোলাহলঃ। যমৌ নকুলসহদেবৌ। সযুধিষ্ঠিরান্ যুধিষ্ঠিরসহিতান্ ॥২॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর পঞ্চেন্দ্রতুল্য পঞ্চ পাণ্ডব ক্রুদ্ধ হইয়া, ভীত ও কৃতাঞ্জলি সেই পদাতিসৈন্যগণকে পরিত্যাগ করিয়া, সকল দিক্ হইতে আক্রমণপূর্ব্বক শরবর্ষণদ্বারা রথী সৈন্যগণকে অন্ধকারাচ্ছন্ন করিলেন ॥২১॥

——(০:*:০)——

বৈশম্পায়ন বলিলেন—তদনন্তর রাজা জয়দ্রথ সেই রাজপুত্রদিগকে এই ভাবে যুদ্ধে প্রণোদিত করিলেন যে, 'আপনারা দাঁড়ান, প্রহার করুন এবং সকল দিক্ হইতে ধাবিত হউন' ॥১॥

---

* '…ঊনষষ্ট্যধিকদ্বিশততমঃ…' পি, '…একোনসপ্তত্যধিকদ্বি…' বা ব, '…সপ্তত্যধিক-দ্বি…' কা, '…একসপ্তত্যধিকদ্বি…' নি।

(১)…ইতি স সৈন্ধবো রাজা…পি।

শিবিসৌবীরসিন্ধূনাং বিষাদশ্চাপ্যজায়ত।
তান্ দৃষ্ট্বা পুরুষব্যাঘ্রান্ ব্যাঘ্রানিব বলোৎকটান্ ॥৩॥
হেমচিত্রসমুৎসেধাং সর্বশৈক্যায়সীং গদাম্।
প্রগৃহ্য ভ্যদ্রবদ্ভীমঃ সৈন্ধবং কালচোদিতম্ ॥৪॥
তদন্তরমথাবৃত্য কোটিকাস্যোঽভ্যহারয়ৎ।
মহতা রথবংশেন পরিবার্য্য বৃকোদরম্ ॥৫॥
শক্তিতোমরনারাচৈর্বীরবাহুপ্রচোদিতৈঃ।
কীর্য্যমাণোঽপি বহুভির্ন স ভীমোঽভ্যকম্পত ॥৬॥
গজন্তু সগজারোহং পদাতীংশ্চ চতুর্দ্দশ।
জঘান গদয়া ভীমঃ সৈন্ধবধ্বজিনীমুখে ॥৭॥

ভারতকৌমুদী

শিবীতি। শিবয়স্তদ্বংশীয়াঃ সৌবীরসিন্ধবশ্চ তত্তদ্দেশীয়াস্তেষাম্ ॥৩॥

হেমেতি। ভীমঃ, হেম্না হেমপট্টবেষ্টনেন চিত্রো বিচিত্রঃ সমুৎসেধ উপরিভাগো যস্যাস্তাম্, তথা সর্বেষ্বেব অবয়বেষু শৈক্যায়সী শৈক্যনামকলঘুলোহনির্ম্মিতেতি সর্বশৈক্যায়সী তাং গদাং প্রগৃহ্য, পরাজয়ায় কালচোদিতং সৈন্ধবং জয়দ্রথমভ্যদ্রবৎ ॥৪॥

তদিতি। অথ কোটিকাস্যস্তদাখ্যঃ প্রাগুক্তো রাজপুত্রঃ, মহতা রথানাং বংশেন সমূহেন, তয়োর্ভীমজয়দ্রথয়োঃ অন্তরং মধ্যদেশম্, আবৃত্য নিরুধ্য, বৃকোদরং পরিবার্য্য নিবার্য্য চ, অভ্যহারয়ৎ ভীমং প্রতি অস্ত্রাণি ক্ষিপৎ ॥৫॥

শক্তীতি। বীরবাহুভিঃ প্রচোদিতৈর্নিক্ষিপ্তৈঃ। কীর্য্যমাণোঽপি আচ্ছাদ্যমানোঽপি ॥৬॥

গজমিতি। সগজারোহম্ আরোহিসহিতম্। সৈন্ধবস্য ধ্বজিনীমুখে সেনাগ্রে ॥৭॥

তাহার পর যুদ্ধে যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেবকে দেখিয়া তখনই জয়দ্রথের সৈন্যগণের মধ্যে ঘোরতর কোলাহল উত্থিত হইল ॥২॥

এবং ব্যাঘ্রের ন্যায় বলমত্ত সেই পুরুষশ্রেষ্ঠগণকে দেখিয়া শিবিবংশীয় ও সিন্ধু-সৌবীরদেশীয় রাজগণের বিষাদ জন্মিল ॥৩॥

যাহার উপরিভাগ স্বর্ণপট্টবেষ্টিত এবং সমস্ত ভাগ শৈক্যলৌহে নির্ম্মিত ছিল, সেই গদা ধারণ করিয়া ভীমসেন কালপ্রেরিত জয়দ্রথের প্রতি ধাবিত হইলেন ॥৪॥

তাহার পর কোটিকাস্য বিশাল রথসমূহদ্বারা ভীম ও জয়দ্রথের মধ্যস্থান আবৃত করিয়া ভীমকে নিবারণপূর্ব্বক অস্ত্রক্ষেপ করিতে লাগিলেন ॥৫॥

তখন বীরগণনিক্ষিপ্ত বহুতর শক্তি, তোমর ও নারাচদ্বারা আবৃত হইয়াও ভীমসেন বিচলিত হইলেন না ॥৬॥

পার্থঃ পঞ্চশতান্ শূরান্ পার্বতীয়ান্ মহারথান্ ।
পরীপ্সমানঃ সৌবীরং জঘান ধ্বজিনীমুখে ॥৮॥
রাজা স্বয়ং সুবীরাণাং প্রবরাণাং প্রহারিণাম্ ।
নিমেষমাত্রেণ শতং জঘান সমরে তদা ॥৯॥
দদৃশে নকুলস্তত্র রথাৎ প্রস্কন্দ্য খড়্গধৃক্ ।
শিরাংসি পাদরক্ষাণাং বীজবৎ প্রবপন্ মুহুঃ ॥১০॥
সহদেবস্তু সংযায় রথেন গজযোধিনঃ ।
পাতয়ামাস নারাচৈর্দ্রুমেভ্য ইব বর্হিণঃ ॥১১॥
ততস্ত্রিগর্ত্তঃ সধনুরবতীর্য্য মহারথাৎ ।
গদয়া চতুরো বাহান্ রাজ্ঞস্তস্য তদাবধীৎ ॥১২॥

ভারতকৌমুদী

পার্থ ইতি। পার্থোঽর্জ্জুনঃ, অন্তেষাং পৃথগুপাদানাৎ। পরীপ্সমানো ধর্ত্তুমিচ্ছন্ ॥৮॥
রাজেতি। রাজা যুধিষ্ঠিরঃ, সুবীরাণাং সৌবীরদেশীয়ানাম্, প্রহারিণাং যোদ্ধৃণাম্ ॥৯॥
দদৃশ ইতি। প্রস্কন্দ্য অবপ্লুত্য। পাদরক্ষাণাং রথচক্ররক্ষকাণাম্, প্রবপন্ নিপাতয়ন্ ॥১০॥
সহেতি। গজযোধিনো বিপক্ষসৈন্যান্। বর্হিণো ময়ূরান্ ॥১১॥
তত ইতি। ত্রিগর্ত্তস্ত্রিগর্ত্তরাজঃ। বাহান্ অশ্বান্, রাজ্ঞো যুধিষ্ঠিরস্য ॥১২॥

পরন্তু ভীমসেন গদাদ্বারা জয়দ্রথসৈন্যের সম্মুখভাগে অবস্থিত চৌদ্দ জন পদাতিকে এবং আরোহীর সহিত একটা হাতীকে সংহার করিলেন ॥৭॥

অর্জ্জুন জয়দ্রথকে ধরিবার ইচ্ছা করিয়া তাঁহার সৈন্যের সম্মুখভাগে পাঁচ শত পার্বত্য মহারথ বীরকে বধ করিলেন ॥৮॥

তখন রাজা যুধিষ্ঠির স্বয়ং নিমেষের মধ্যে সৌবীরদেশীয় প্রধান এক শত যোদ্ধাকে যুদ্ধে নিহত করিলেন ॥৯॥

সেই সময়ে ইহাও দেখা গেল যে, নকুল খড়্গধারণপূর্ব্বক রথ হইতে লাফাইয়া পড়িয়া ধান্যাদিবীজের ন্যায় চক্ররক্ষী সৈন্যগণের মস্তক সকল মুহুর্মুহু নিপাতিত করিতেছেন ॥১০॥

এবং সহদেবও রথারোহণপূর্ব্বক জয়দ্রথের সৈন্যমধ্যে প্রবেশ করিয়া নারাচদ্বারা বৃক্ষ হইতে ময়ূর সমূহের ন্যায় গজারোহীদিগকে নিপাতিত করিতে লাগিলেন ॥১১॥

তাহার পর ধনুর্দ্ধর ত্রিগর্ত্তরাজ মহারথ হইতে অবতীর্ণ হইয়া তখনই গদাদ্বারা যুধিষ্ঠিরের রথের চারিটা অশ্বকেই বধ করিলেন ॥১২॥

(১১) সহদেবস্তু সংযায়...খা ব কা নি।

তমভ্যাসগতং রাজা পদাতিং কুন্তিনন্দনঃ।
অর্দ্ধচন্দ্রেণ বাণেন বিব্যাধোরসি ধর্ম্মরাট্ ॥১৩॥
স ভিন্নহৃদয়ো বীরো বক্ত্রাচ্ছোণিতমুদ্বমন্।
পপাতাভিমুখং প্রাপ্তশ্ছিন্নমূল ইব দ্রুমঃ ॥১৪॥
ইন্দ্রসেনদ্বিতীয়স্তু রথাৎ প্রস্কন্দ্য ধর্ম্মরাট্।
হতাশ্বঃ সহদেবস্ত প্রতিপেদে মহারথম্ ॥১৫॥
নকুলং ত্বভিসন্ধায় ক্ষেমঙ্করমহামুখৌ।
উভাবুভয়তস্তীক্ষ্ণৈঃ শরবর্ষৈরবর্ষতাম্ ॥১৬॥
তোমরৈরভিবর্ষন্তৌ জীমূতাবিব বার্ষিকৌ।
একৈকেন বিপাঠেন জঘ্নে মাদ্রবতীসুতঃ ॥১৭॥

ভারতকৌমুদী

তমিতি। অভ্যাসগতং সমীপোপস্থিতম্। উরসি বক্ষসি ॥১৩॥
স ইতি। ভিন্নহৃদয়ো বিদীর্ণবক্ষাঃ। অভিমুখং যুধিষ্ঠিরস্যৈব ॥১৪॥
ইন্দ্রেতি। প্রস্কন্দ্য হতাশ্বত্বাদেবাবপ্লুত্য। প্রতিপেদে প্রাপ আরোহেত্যর্থঃ ॥১৫॥
নকুলমিতি। ক্ষেমঙ্করমহামুখৌ তন্নামানৌ বীরৌ। উভয়ত উভয়দিগ্ভ্যাম্ ॥১৬॥
তোমরৈরিতি। জীমূতৌ মেঘাবিব, বার্ষিকৌ বর্ষাকালীনৌ। বিপাঠেন তন্নামোনাস্ত্রেণ ॥১৭॥

তখন যুধিষ্ঠির অর্দ্ধচন্দ্রবাণদ্বারা নিকটবর্ত্তী ও পাদচারী ত্রিগর্ত্তরাজের বক্ষঃস্থল বিদ্ধ করিলেন ॥১৩॥

তাহাতেই ত্রিগর্ত্তরাজের বক্ষঃস্থল বিদীর্ণ হইয়া গেল ; তাই সম্মুখাগত বীর ত্রিগর্ত্তরাজ মুখ হইতে রক্ত বমন করিতে থাকিয়া ছিন্নমূল বৃক্ষের ন্যায় ভূতলে পতিত হইলেন ॥১৪॥

তখন অশ্বগুলি নিহত হইয়াছিল বলিয়া যুধিষ্ঠির নিজ সারথি ইন্দ্রসেনের সহিত রথ হইতে লাফাইয়া পড়িয়া যাইয়া সহদেবের বিশাল রথে আরোহণ করিলেন ॥১৫॥

এদিকে 'ক্ষেমঙ্কর' ও 'মহামুখ'—নামক দুই মহাবীর নকুলকে লক্ষ্য করিয়া, দুই দিক্ হইতেই তীক্ষ্ণ বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন ॥১৬॥

এবং বর্ষাকালের দুই খণ্ড মেঘের ন্যায় তাঁহারা নকুলের উপরে তোমরও বর্ষণ করিতে থাকিলেন ; তখন নকুল এক একটী বিপাঠ অস্ত্রদ্বারা তাঁহাদিগকে বধ করিলেন ॥১৭॥

(১৪)…পপাতাভিমুখঃ পার্থম্…বা ব ক। পি।

ত্রিগর্ত্তরাজঃ সুরথস্তস্যাথ রথধূর্গতঃ।
রথমাক্ষেপয়ামাস গজেন গজযানবিৎ ॥১৮॥
নকুলস্ত্বপভীস্তস্মাদ্রথাচ্চর্ম্মাসিপাণিমান্।
উদ্ভ্রাম্য স্থানমাস্থায় তস্থৌ গিরিরিবাচলঃ ॥১৯॥
সুরথস্তং গজবরং বধায় নকুলস্য তু।
প্রেষয়ামাস সক্রোধমত্যুচ্ছ্রিতকরং ততঃ ॥২০॥
নকুলস্তস্য নাগস্য সমীপপরিবর্ত্তিনঃ।
সবিষাণং ভুজং মূলে খড়্গেন নিরকৃন্তত ॥২১॥
স বিনদ্য মহানাদং গজঃ কঙ্কণভূষণঃ।
পতন্নবাক্শিরা ভূমৌ হস্ত্যারোহমপোথয়ৎ ॥২২॥
স তৎ কর্ম্ম মহৎ কৃত্বা শূরো মাদ্রবতীসুতঃ।
ভীমসেনরথং প্রাপ্য শর্ম্ম লেভে মহারথঃ ॥২৩॥

ভারতকৌমুদী

ত্রীতি। ত্রিগর্ত্তরাজঃ অপরঃ। রথধূর্গতো রথান্তিকগতঃ ॥১৮॥
নকুল ইতি। অপভীর্নির্ভয়ঃ। উদ্ভ্রাম্য চর্ম্মাসী ঘূর্ণয়িত্বা, স্থানং ভূতলম্ ॥১৯॥
সুরথ ইতি। অত্যুচ্ছ্রিতকরং নকুলং প্রতি উত্তোলিতশুণ্ডম্ ॥২০॥
নকুল ইতি। নাগস্য হস্তিনঃ। সবিষাণং সদন্তম্, ভুজং শুণ্ডাম্ ॥২১॥
স ইতি। কঙ্কণং শেখরঃ, "কঙ্কণং শেখরে হস্তসূত্রমণ্ডনয়োরপি" ইতি বিশ্বঃ ॥২২॥

তাহার পর হস্তিযাননিপুণ 'সুরথ—' নামক অপর এক জন ত্রিগর্ত্তরাজ নকুলের রথের নিকটবর্ত্তী হইয়া হস্তীদ্বারা সেই রথখানাকে আকর্ষণ করাইলেন ॥১৮॥

তখন অসি-চর্ম্মধারী নির্ভয়চিত্ত নকুল সেই অসি-চর্ম্ম ঘুরাইতে ঘুরাইতে রথ হইতে ভূতলে নামিয়া পর্বতের ন্যায় অচল হইয়া দাঁড়াইলেন ॥১৯॥

তদনন্তর সুরথ নকুলকে বধ করিবার জন্য ক্রোধের সহিত সেই উত্তোলিতশুণ্ড হস্তিবরকে প্রেরণ করিলেন ॥২০॥

সেই হস্তী নিকটবর্ত্তী হইলে, নকুল খড়্গদ্বারা দন্তের সহিত তাহার শুঁড়টাকে মূলদেশেই ছেদন করিলেন ॥২১॥

তখন শিরোভূষণভূষিত সেই হস্তী বিশাল গর্জন করিয়া অধোমুখ হইয়া ভূতলে পতিত হইতে থাকিয়া আরোহীকে নিষ্পেষিত করিল ॥২২॥

(১৯)…উদ্ভ্রান্তং স্থানমাস্থায়…বা ব কা,…উদ্ভ্রান্তং স্থানমাসাদ্য…পি। (২২)…গজঃ কণ্টভূষণঃ…পি।

ভীমস্ত্বাপততো রাজ্ঞঃ কোটিকাস্যস্য সঙ্গরে।
সূতস্য নুদতো বাহান্ ক্ষুরপ্রেণাহরচ্ছিরঃ ॥২৪॥
ন বুবোধ হতং সূতং স রাজা বাহুশালিনা।
তস্যাশ্বা ব্যদ্রবন্ সংখ্যে হতসূতাস্ততস্ততঃ ॥২৫॥
বিমুখং হতসূতং তং ভীমঃ প্রহরতাং বরঃ।
জঘান তলযুক্তেন প্রাসেনাভ্যেত্য পাণ্ডবঃ ॥২৬॥
দ্বাদশানান্তু সর্ব্বেষাং সৌবীরাণাং ধনঞ্জয়ঃ।
চকর্ত্ত নিশিতৈর্ভল্লৈর্ধনূংষি চ শিরাংসি চ ॥২৭॥
শিবীনিক্ষ্বাকুমুখ্যাংশ্চ ত্রিগর্ত্তান্ সৈন্ধবানপি।
জঘানাতিরথঃ সংখ্যে বাণগোচরমাগতান্ ॥২৮॥

ভারতকৌমুদী

স ইতি। তং গজবধরূপম্। শর্ম্ম স্বস্তি ॥২৩॥
ভীম ইতি। আপততঃ আগচ্ছতঃ, সঙ্গরে যুদ্ধে। নুদতশ্চালয়তঃ, বাহান্ অশ্বান্ ॥২৪॥
নেতি। স কোটিকাস্যঃ, বাহুশালিনা ভীমেন। সংখ্যে যুদ্ধে ॥২৫॥
বিমুখমিতি। তং কোটিকাস্যম্। তলযুক্তেন মুষ্টিসমন্বিতেন ॥২৬॥
দ্বাদশানামিতি। সৌবীরাণাং সৌবীরদেশীয়ানাং বীরাণাম্ ॥২৭॥
শিবীনিতি। সৈন্ধবান্ সিন্ধুদেশীয়ান্। অতিরথঃ অর্জ্জুনঃ, সংখ্যে যুদ্ধে ॥২৮॥

ভারতভাবদীপঃ

সন্তিষ্ঠতেতি ॥১—৪॥ অন্তরমত্যাহারয়ৎ ভীমজয়দ্রথয়োর্মধ্যে প্রবেশেন ব্যবধানং কৃতবান্, রথবংশেন রথবর্গেণ ॥৫—২০॥ সবিষাণং ভুজম্, সদন্তং শুণ্ডদণ্ডম্, মূলে গণ্ডপ্রদেশে ॥২১—২৫॥

এদিকে বীর ও মহারথ নকুল সেই গুরুতর কার্য্য করিয়া ভীমসেনের রথে উঠিয়া স্বস্তিলাভ করিলেন ॥২৩॥

কোটিকাস্য রাজা যুদ্ধে ভীমের দিকে আসিতেছিলেন এবং তাঁহার সারথি ঘোড়াগুলিকে চালাইতেছিল; এই সময়ে ভীম ক্ষুরপ্রদ্বারা সেই সারথির মস্তকচ্ছেদন করিলেন ॥২৪॥

ভীম সারথিকে যে বধ করিয়াছেন, তাহা কোটিকাস্য বুঝিতেই পারিলেন না। কিন্তু সারথি নিহত হওয়ায় তাঁহার ঘোড়াগুলি যুদ্ধে ইতস্ততঃ বিচরণ করিতে লাগিল ॥২৫॥

তখন যোদ্ধৃশ্রেষ্ঠ ভীমসেন নিকটবর্ত্তী হইয়া মুষ্টিযুক্ত প্রাসদ্বারা পরাঙ্মুখ ও হতসারথি সেই কোটিকাস্যকে বধ করিলেন ॥২৬॥

এদিকে অর্জ্জুন নিশিত ভল্লদ্বারা সৌবীরদেশীয় বার জন বীরের মধ্যে সকলেরই ধনু ও মস্তক ছেদন করিলেন ॥২৭॥

সাদিতাঃ প্রত্যদৃশ্যন্ত বহবঃ সব্যসাচিনা।
সপতাকাশ্চ মাতঙ্গাঃ সধ্বজাশ্চ মহারথাঃ ॥২৯॥
প্রচ্ছাদ্য পৃথিবীং তস্থুঃ সর্বমায়োধনং প্রতি।
শরীরাণ্যশিরস্কানি বিদেহানি শিরাংসি চ ॥৩০॥
শ্বগৃধ্রকঙ্ককাকোল-ভাসগোমায়ুবায়সাঃ।
অতৃপ্যংস্তত্র বীরাণাং হতানাং মাংসশোণিতৈঃ ॥৩১॥
হতেষু তেষু বীরেষু সিন্ধুরাজো জয়দ্রথঃ।
বিমুচ্য কৃষ্ণাং সংত্রস্তঃ পলায়নমনাঽভবৎ ॥৩২॥
স তস্মিন্ সঙ্কুলে সৈন্যে দ্রৌপদীমবতার্য্য তাম্।
প্রাণপ্রেপ্সুরুপাধাবদ্বনং তত্র নরাধমঃ ॥৩৩॥
দ্রৌপদীং ধর্ম্মরাজস্তু দৃষ্ট্বা ধৌম্যপুরস্কৃতাম্।
মাদ্রীপুত্রেণ বীরেণ রথমারোপয়ত্তদা ॥৩৪॥

ভারতকৌমুদী

সাদিতা ইতি। সাদিতা নিপাতিতাঃ। মহান্তো রথা মহারথাঃ ॥২৯॥
প্রচ্ছাদ্যেতি। পৃথিবীং ভূমিম্, আয়োধনং যুদ্ধম্, যুদ্ধস্য সর্বং স্থানমিত্যর্থঃ ॥৩০॥
শ্বেতি। কঙ্কাঃ পক্ষিবিশেষাঃ, কাকোলা দ্রোণকাকাঃ, বায়সাঃ সাধারণকাকাঃ ॥৩১॥
হতেষিতি। পলায়নমনাঃ পলায়নেচ্ছুঃ। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৩২॥
স ইতি। সঙ্কুলে বিশৃঙ্খলে। অবতার্য্য স্বরথাৎ। প্রাণপ্রেপ্সুঃ প্রাণরক্ষণেচ্ছুঃ ॥৩৩॥

এবং অতিরথ অর্জ্জুন যুদ্ধে বাণপথে উপস্থিত হওয়ামাত্রই শিবি ও ইক্ষ্বাকু-বংশীয় এবং ত্রিগর্ত্ত ও সিন্ধুদেশীয় বীরদিগকে সংহার করিলেন ॥২৮॥

ক্রমে দেখা গেল—অর্জ্জুন পতাকার সহিত বহুতর হস্তীকে এবং ধ্বজের সহিত অনেক বড় বড় রথকে নিপাতিত করিয়াছেন ॥২৯॥

তখন মস্তকশূন্য বহুতর দেহ এবং দেহশূন্য বহুতর মস্তক সমগ্র যুদ্ধস্থানটাকে আবৃত করিয়া রহিয়াছিল ॥৩০॥

সেই সময়ে কুক্কুর, হাড়গিলা, দাঁড়কাক, ভাস, শৃগাল ও সাধারণ কাক সকল নিহত বীরগণের রক্ত ও মাংসদ্বারা তৃপ্তি লাভ করিতে লাগিল ॥৩১॥

সেই বীরগণ নিহত হইলে, সিন্ধুরাজ জয়দ্রথ অত্যন্তভীত হইয়া দ্রৌপদীকে পরিত্যাগ করিয়া পলায়ন করিবার ইচ্ছা করিলেন ॥৩২॥

ক্রমে সেই নরাধম জয়দ্রথ আপন রথ হইতে দ্রৌপদীকে নামাইয়া দিয়া প্রাণরক্ষার জন্য বনের ভিতরে ধাবিত হইল ॥৩৩॥

(৩৩)···বনং যেন নরাধমঃ—বা ব কা পি।

ততস্তদ্বিদ্রুতং সৈন্যমপযাতে জয়দ্রথে।
আদিশ্যাদিশ্য নারাচৈরাজঘান বৃকোদরঃ ॥৩৫॥
সব্যসাচী তু তং দৃষ্ট্বা পলায়ন্তং জয়দ্রথম্।
বারয়ামাস নিঘ্নন্তং ভীমং সৈন্ধবসৈনিকান্ ॥৩৬॥
অর্জ্জুন উবাচ।
যস্যাপচারাৎ প্রাপ্তোঽয়মস্মান্ ক্লেশো দুরাসদঃ।
তমস্মিন্ সমরোদ্দেশে ন পশ্যামি জয়দ্রথম্ ॥৩৭॥
তমেবান্বিষ ভদ্রং তে কিং তে যোধৈর্নিপাতিতৈঃ।
অনামিষমিদং কর্ম্ম কথং বা মন্যতে ভবান্ ॥৩৮॥

ভারতকৌমুদী

দ্রৌপদীমিতি। মাদ্রীপুত্রেণ সহদেবেন, তদীয়রথ এব ধর্ম্মরাজস্য প্রাগারোহণাৎ ॥৩৪॥
তত ইতি। বিদ্রুতং পলায়িতম্। আদিশ্যাদিশ্য তিষ্ঠ তিষ্ঠেত্যাজ্ঞায়াজ্ঞায় ॥৩৫॥
সব্যেতি। সৈন্ধবস্য জয়দ্রথস্য সৈনিকান্ নিঘ্নন্তং ভীমং বারয়ামাস ॥৩৬॥
যস্যেতি। অপচারাদত্যাচারাৎ। সমরোদ্দেশে যুদ্ধভূমৌ ॥৩৭॥
তমিতি। অন্বিষ অন্বিষ্য। ইদং যোধনিপাতনরূপং কর্ম্ম, ন বিদ্যতে আমিষং লোভো যস্মিংস্তৎ, অবাঞ্ছনীয়মিত্যর্থঃ, "আমিষং পললে লোভে" ইত্যাদিবিশ্বঃ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

তলযুক্তেন মুষ্টিযুক্তেন। "তলং সরূপে" ইত্যুপক্রম্য "চপেটে চ ৎসরৌ" ইতি মেদিনী। ৎসরুঃ খড়্গাদিমুষ্টিঃ ॥২৬—৩৪॥ আদিশ্য নাম বিশ্রাব্য ॥৩৫॥ সৈনিকান্ নিঘ্নন্তং ভীমং বারয়ামাস

তখন যুধিষ্ঠির দ্রৌপদীকে ধৌম্যপুরোহিতের সম্মুখবর্ত্তিনী দেখিয়া তখনই সহদেবদ্বারা তাঁহাকে আপন রথে আরোহণ করাইলেন ॥৩৪॥

ওদিকে জয়দ্রথ পলায়ন করিলে তাঁহার সৈন্যগণও পলায়ন করিতে লাগিল; তখন ভীমসেন 'দাঁড়া দাঁড়া' বলিয়া আদেশ করিয়া করিয়া নারাচদ্বারা তাহাদিগকে বধ করিতে লাগিলেন ॥৩৫॥

জয়দ্রথ পলায়ন করিয়াছে এবং ভীম তাহার সৈন্য বিনাশ করিতেছেন, ইহা দেখিয়া অর্জ্জুন ভীমকে নিবারণ করিলেন ॥৩৬॥

অর্জ্জুন বলিলেন—'যাহার অত্যাচারে আমাদের এই দুঃসহ কষ্ট উপস্থিত হইয়াছে, সেই জয়দ্রথকেই এই সমরস্থলে দেখিতেছি না ॥৩৭॥

অতএব তাহারই অন্বেষণ করুন; আপনার মঙ্গল হউক; এই যোদ্ধৃগণকে বিনাশ করায় আপনার কি ফল হইবে? এটা ত অবাঞ্ছনীয় কার্য্য। আপনিই বা কি মনে করেন?' ॥৩৮॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্তো ভীমসেনস্তু গুড়াকেশেন ধীমতা।
যুধিষ্ঠিরমভিপ্রেক্ষ্য বাগ্মী বচনমব্রবীৎ ॥৩৯॥
হতপ্রবীরা রিপবো ভূয়িষ্ঠং বিদ্রুতা দিশঃ।
গৃহীত্বা দ্রৌপদীং রাজন্! নিবর্ত্ততু ভবানিতঃ ॥৪০॥
যমাভ্যাং সহ রাজেন্দ্র! ধৌম্যেন চ মহাত্মনা।
প্রাপ্যাশ্রমপদং রাজন্! দ্রৌপদীং পরিসান্ত্বয় ॥৪১॥
নহি মে মোক্ষ্যতে জীবন্ মূঢ়ঃ সৈন্ধবকো নৃপঃ।
পাতালতলসংস্থোঽপি যদি শক্রোঽস্য সারথিঃ ॥৪২॥

যুধিষ্ঠির উবাচ।

ন হন্তব্যো মহাবাহো! দুরাত্মাপি স সৈন্ধবঃ।
দুঃশলামভিসংস্মৃত্য গান্ধারীঞ্চ যশস্বিনীম্ ॥৪৩॥

ভারতকৌমুদী

ইতীতি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশো নিয়ন্তা তেন জিতনিদ্রেণার্জ্জুনেনেত্যর্থঃ ॥৩৯॥
হতেতি। হতাঃ প্রকৃষ্টা বীরা যেষাং তে। ভূয়িষ্ঠং বহুলং যথা তাস্তথা ॥৪০॥
যমাভ্যামিতি। যমাভ্যাং নকুলসহদেবাভ্যাম্। আশ্রমপদমাশ্রমস্থানম্ ॥৪১॥
নহীতি। সৈন্ধবকো জয়দ্রথঃ, কুৎসায়াং কপ্রত্যয়ঃ। সারথিঃ সহায়ঃ ॥৪২॥
নেতি। সৈন্ধবো জয়দ্রথঃ। অভিসংস্মৃত্য জ্যেষ্ঠতাততনয়ায়া দুঃশলায়া বৈধব্যযাতনাম্ ইয়ন্তং কালং যাবচ্ছোকানুভবেন যশস্বিন্যাশ্চ গান্ধার্য্যাঃ শোকং বিভাব্যেতি ভাবঃ ॥৪৩॥

বৈশম্পায়ন কহিলেন—বুদ্ধিমান্ অর্জ্জুন এই কথা বলিলে, বাগ্মী ভীমসেন যুধিষ্ঠিরের দিকে চাহিয়া এই কথা বলিলেন—॥৩৯॥

'মহারাজ! শত্রুপক্ষের প্রধান প্রধান বীরই নিহত হইয়াছে এবং অনেকে নানাদিকে পলায়ন করিয়াছে। অতএব আপনি দ্রৌপদীকে লইয়া এস্থান হইতে ফিরিয়া যান ॥৪০॥

রাজশ্রেষ্ঠ রাজা! মহাত্মা ধৌম্যপুরোহিত এবং নকুল ও সহদেবের সহিত আপনি আশ্রমে যাইয়া দ্রৌপদীকে আশ্বস্ত করুন ॥৪১॥

জয়দ্রথ যদি পাতালেও যাইয়া থাকে এবং ইন্দ্রও যদি তাহার সহায় হন, তথাপি সে মূর্খ জীবিত অবস্থায় আমার নিকট হইতে মুক্তি পাইবে না' ॥৪২॥

যুধিষ্ঠির বলিলেন—'মহাবাহু! জয়দ্রথ দুরাত্মা হইলেও, দুঃশলার বিষয় এবং যশস্বিনী গান্ধারীর বিষয় ভাবিয়া তাহাকে বধ করিও না' ॥৪৩॥

বৈশম্পায়ন উবাচ।

তচ্ছ্রুত্বা দ্রৌপদী ভীমমুবাচ ব্যাকুলেন্দ্রিয়া।
কুপিতা হ্রীমতী প্রাজ্ঞা পতী ভীমার্জ্জুনাবুভৌ ॥৪৪॥
কর্ত্তব্যঞ্চেৎ প্রিয়ং মহ্যং বধ্যঃ স পুরুষাধমঃ।
সৈন্ধবাপসদঃ পাপো দুর্ম্মতিঃ কুলপাংসনঃ ॥৪৫॥
ভার্য্যাপহর্ত্তা যো বৈরী যশ্চ রাজ্যহরো রিপুঃ।
যাচমানোঽপি সংগ্রামে ন মোক্তব্যঃ কথঞ্চন ॥৪৬॥
ইত্যুক্তৌ তৌ নরব্যাঘ্রৌ যযতুর্যত্র সৈন্ধবঃ।
রাজা নিববৃতে কৃষ্ণামাদায় সপুরোহিতঃ ॥৪৭॥
স প্রবিশ্যাশ্রমপদং ব্যপবিদ্ধবৃষীমঠম্।
মার্কণ্ডেয়াদিভির্বিপ্রৈরনুকীর্ণং দদর্শ হ ॥৪৮॥

ভারতকৌমুদী

তদিতি। ভীমং ভয়ঙ্করং যথা স্যাত্তথা উবাচ, ব্যাকুলেন্দ্রিয়া ক্ষুব্ধচিত্তা, হ্রীমতী লজ্জাবতী, অপরাধিনো মুক্ত্যাদেশাদিতি ভাবঃ ॥৪৪॥

কর্ত্তব্যমিতি। মহ্যং মম। সৈন্ধবশ্চাসৌ অপসদো নিকৃষ্টশ্চেতি সঃ ॥৪৫॥

ভার্য্যেতি। যাচমানোঽপি নিজমুক্তিমিতি শেষঃ ॥৪৬॥

ইতীতি। তৌ ভীমার্জ্জুনৌ। রাজা যুধিষ্ঠিরঃ, সপুরোহিতো ধৌম্যসহিতঃ ॥৪৭॥

স ইতি। ব্যপবিদ্ধা দ্রৌপদীহরণকালীনসংঘর্ষেণ বিশৃঙ্খলীকৃতা বৃষ্যঃ ঋষীণামাসনানি মঠাশ্ছাত্রাবাসাশ্চ যত্র তৎ। অনুকীর্ণং ব্যাপ্তম্ ॥৪৮॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠিরের সেই কথা শুনিয়া বুদ্ধিমতী দ্রৌপদী ক্রুদ্ধা ও লজ্জিতা হইয়া ক্ষুব্ধচিত্তে ও ভয়ঙ্করভাবে ভীম ও অর্জ্জুন দুই স্বামীকেই কহিলেন—॥৪৪॥

'আমার প্রিয়কার্য্য যদি আপনাদের কর্ত্তব্য হয়, তবে সেই নরাধম, পাপাত্মা, দুর্ম্মতি ও কুলদূষক নিকৃষ্ট সিন্ধুরাজকে বধই করিবেন ॥৪৫॥

যে লোক ভার্য্যাপহারী শত্রু এবং যে ব্যক্তি রাজ্যাপহারী বৈরী, সে যদি যুদ্ধে মুক্তি প্রার্থনাও করে, তথাপি কোন প্রকারেই তাহাকে মুক্ত করা উচিত নহে' ॥৪৬॥

দ্রৌপদী এইরূপ বলিলে, নরশ্রেষ্ঠ ভীম ও অর্জ্জুন—যে দিকে জয়দ্রথ গিয়াছিলেন, সেই দিকে প্রস্থান করিলেন এবং যুধিষ্ঠিরও দ্রৌপদীকে লইয়া ধৌম্যপুরোহিতের সহিত আশ্রমের দিকে ফিরিলেন ॥৪৭॥

তিনি আশ্রমে প্রবেশ করিয়া দেখিলেন—ঋষিদের আসনগুলি বিকীর্ণ

দ্রৌপদীমনুশোচদ্ভির্ব্রাহ্মণৈস্তৈঃ সমাহিতৈঃ।
সমিয়ায় মহাপ্রাজ্ঞঃ সভার্য্যো ভ্রাতৃমধ্যগঃ ॥৪৯॥
তে চ তং মুদিতা দৃষ্ট্বা পুনঃ প্রত্যাগতং নৃপম্।
জিত্বা তান্ সিন্ধুসৌবীরান্ দ্রৌপদীঞ্চাহৃতাং পুনঃ ॥৫০॥
স তৈঃ পরিবৃতো রাজা তত্র চোপবিবেশ হ।
প্রবিবেশাশ্রমং কৃষ্ণা যমাভ্যাং সহ ভাবিনী ॥৫১॥
ভীমার্জ্জুনাবপি শ্রুত্বা ক্রোশমাত্রগতং রিপুম্।
স্বয়মশ্বাংস্তুদন্তৌ তৌ জবেনৈবাভ্যধাবতাম্ ॥৫২॥
ইদমত্যদ্ভুতং চাত্র চকারাতিরথোঽর্জ্জুনঃ।
ক্রোশমাত্রগতানশ্বান্ সৈন্ধবস্য জঘান যৎ ॥৫৩॥

ভারতকৌমুদী

দ্রৌপদীমিতি। সমাহিতৈর্দ্রৌপদ্যুদ্ধারে কৃতমনোযোগৈঃ। সমিয়ায় মিলিতো বভূব ॥৪৯॥
ত ইতি। তে ব্রাহ্মণাশ্চ, মুদিতা অভবন্নিতি শেষঃ ॥৫০॥
স ইতি। তৈর্ব্রাহ্মণৈঃ। যমাভ্যাং নকুলসহদেবাভ্যাম্, ভাবিনী আশ্রমানুরাগিণী ॥৫১॥
ভীমেতি। রিপুং জয়দ্রথম্। তুদন্তৌ কশাঘাতেন ব্যথয়ন্তৌ, জবেন বেগেন ॥৫২॥

এবং ছাত্রদের বাসস্থানগুলি বিশৃঙ্খল হইয়া রহিয়াছে; আর মার্কণ্ডেয়-প্রভৃতি ব্রাহ্মণেরা আসিয়া আশ্রমটীকে পরিপূর্ণ করিয়াছেন ॥৪৮॥

এবং সেই ব্রাহ্মণেরা একাগ্রচিত্তে দ্রৌপদীর বিষয়ে শোক করিতেছেন। এমন সময়ে মহাপ্রাজ্ঞ যুধিষ্ঠির, নকুল ও সহদেবের মধ্যে থাকিয়া দ্রৌপদীকে লইয়া যাইয়া সেই ব্রাহ্মণদের সহিত মিলিত হইলেন ॥৪৯॥

সেই সিন্ধুদেশীয় ও সৌবীরদেশীয় বীরগণকে জয় করিয়া রাজা পুনরায় প্রত্যাগমন করিয়াছেন এবং দ্রৌপদীকেও আনয়ন করিয়াছেন ইহা দেখিয়া সেই ব্রাহ্মণেরা আনন্দিত হইলেন ॥৫০॥

তখন রাজা সেই ব্রাহ্মণগণে পরিবেষ্টিত হইয়া সেইখানেই উপবেশন করিলেন; আর আশ্রমানুরাগিণী দ্রৌপদী নকুল ও সহদেবের সহিত যাইয়া আশ্রমের ভিতরে প্রবেশ করিলেন ॥৫১॥

এদিকে জয়দ্রথ একক্রোশ পথ অতিক্রম করিয়াছেন ইহা শুনিয়া ভীম এবং অর্জ্জুনও নিজেরাই অশ্বগণকে চালাইতে থাকিয়া বেগে ধাবিত হইলেন ॥৫২॥

এই সময়ে অতিরথ অর্জ্জুন এই অত্যদ্ভুত কার্য্য করিলেন যে, জয়দ্রথের অশ্বগুলি একক্রোশ পথ গিয়াছিল, সেই অবস্থাতেই সেগুলিকে বধ করিলেন ॥৫৩॥

(৫০) তে স্ম তং মুদিতা দৃষ্ট্বা···বা ব কা। (৫৩)···চকার পুরুষোঽর্জ্জুনঃ···বা ব কা পি।

স হি দিব্যাস্ত্রসম্পন্নঃ কৃচ্ছ্রকালেঽপ্যসম্ভ্রমঃ।
অকরোদ্দুষ্করং কর্ম্ম শরৈরস্ত্রানুমন্ত্রিতৈঃ ॥৫৪॥
ততোঽভ্যধাবতাং বীরাবুভৌ ভীমধনঞ্জয়ৌ।
হতাশ্বং সৈন্ধবং ভীতমেকং ব্যাকুলচেতসম্ ॥৫৫॥
সৈন্ধবস্তু হতান্ দৃষ্ট্বা তথাশ্বান্ স্বান্ সুদুঃখিতঃ।
অতিবিক্রমকর্ম্মাণি কুর্ব্বাণঞ্চ ধনঞ্জয়ম্।
পলায়নকৃতোৎসাহঃ প্রাদ্রবদ্যেন বৈ বনম্ ॥৫৬॥
সৈন্ধবং ত্বভিসম্প্রেক্ষ্য পরাক্রান্তং পলায়নে।
অনুযায় মহাবাহুঃ ফাল্গুনো বাক্যমব্রবীৎ ॥৫৭॥

ভারতকৌমুদী

ইদমিতি। অত্যদ্ভুতং কর্ম্ম। সৈন্ধবস্য জয়দ্রথস্য ॥৫৩॥

স ইতি। হি যস্মাৎ। অস্ত্রেণ দিব্যাস্ত্রমন্ত্রেণ অনুমন্ত্রিতৈঃ ॥৫৪॥

তত ইতি। সৈন্ধবং জয়দ্রথম্, ব্যাকুলচেতসং ভয়েন বিহ্বলচিত্তম্ ॥৫৫॥

সৈন্ধব ইতি। যেন পথা বনং প্রাদ্রবৎ তেনৈব পলায়নকৃতোৎসাহ আসীৎ। ষট্-পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৬॥

সৈন্ধবমিতি। পরাক্রান্তং প্রবৃত্তম্। ফাল্গুনঃ অর্জ্জুনঃ ॥৫৭॥

ভারতভাবদীপঃ

॥৩৬॥ সমরোদ্দেশে রণভূমৌ ॥৩৭॥ অদ্বিষ অদ্বিষ্ট ॥৩৮—৪২॥ দুঃশলাং দুর্য্যোধনভগিনীম্ ॥৪৩—৪৭॥ অপবিদ্ধা ইতস্ততো বিশীর্ণা, বৃষ্যো ঋষীণামাসনানি মঠাশ্চ ছাত্রাণামালয়া যত্র তৎ ॥৪৮—৫৫॥ অতিবিক্রমযুক্তানি কর্ম্মাণি ॥৫৬—৬০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২৫॥

কারণ, অর্জ্জুন স্বর্গীয় অস্ত্র জানিতেন এবং বিপদের সময়েও অধীর হইতেন না; তাই তিনি অস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত করিয়া সেই বাণদ্বারা দুষ্কর কার্য্য করিতে পারিয়াছিলেন ॥৫৪॥

অশ্বগণ নিহত হইলে, একাকী জয়দ্রথ ভীত ও আকুলচিত্ত হইয়া পড়িলেন; তখন মহাবীর ভীম ও অর্জ্জুন দুই জনেই তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৫৫॥

জয়দ্রথ, নিজের অশ্বগুলিকে নিহত এবং অর্জ্জুনকে অতিবিক্রমের কার্য্য করিতে দেখিয়া অত্যন্তদুঃখিত হইয়া—যে পথে বনে আসিয়াছিলেন সেই পথেই পলায়ন করিতে ইচ্ছা করিলেন ॥৫৬॥

তখন মহাবাহু অর্জ্জুন জয়দ্রথকে পলায়নে প্রবৃত্ত দেখিয়া তাঁহার অনুসরণ করিয়া এই কথা বলিলেন—৫৭॥

অনেন বীর্য্যেণ কথং স্ত্রিয়ং প্রার্থয়সে বলাৎ।
রাজপুত্র! নিবর্ত্তস্ব ন তে যুক্তং পলায়নম্ ॥৫৮॥
কথং হ্যনুচরান্ হিত্বা শত্রুমধ্যে পলায়সে।
ইত্যুচ্যমানঃ পার্থেন সৈন্ধবো ন ন্যবর্ত্তত ॥৫৯॥
তিষ্ঠ তিষ্ঠেতি তং ভীমঃ সহসাভ্যদ্রবদ্বলী।
মা বধীরিতি পার্থস্তং দয়াবান্ প্রত্যভাষত ॥৬০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদী-হরণে জয়দ্রথপলায়নে পঞ্চবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

অনেনেতি। এতেন বীর্য্যস্য নিতান্ত এব নিকর্ষঃ সূচিতঃ ॥৫৮॥

কথমিতি। হিত্বা পরিত্যজ্য। পার্থেনার্জ্জুনেন, কাকুনোপক্রমাৎ ॥৫৯॥

তিষ্ঠেতি। ইতি ব্রুবন্নিতি শেষঃ। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ। পার্থোঽর্জ্জুনঃ ॥৬০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে পঞ্চবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(:*:)———

'রাজপুত্র! তুমি এই বলে পরস্ত্রী হরণ করিতে ইচ্ছা করিয়াছিলে। তুমি নিবৃত্ত হও, তোমার পলায়ন করা উচিত নহে ॥৫৮॥

তুমি নিজের অনুচরগণকে শত্রুমধ্যে পরিত্যাগ করিয়া কি প্রকারে পলায়ন করিতেছ?'। অর্জ্জুন এইরূপ বলিলেও জয়দ্রথ ফিরিলেন না ॥৫৯॥

তৎক্ষণাৎ 'দাঁড়া দাঁড়া' এই কথা বলিয়া বলবান্ ভীমসেন তাঁহার অনুসরণ করিলেন; তখন অর্জ্জুন দয়ার্দ্র হইয়া ভীমকে বলিলেন—'জয়দ্রথকে বধ করিবেন না' ॥৬০॥

———(•:*:•)———

* '…ষষ্ট্যধিকদ্বিশততমঃ…' পি, '…সপ্তত্যধিকদ্বি…' বা ব, '…একসপ্তত্যধিকদ্বি…' কা, '…দ্বিসপ্তত্যধিকদ্বি…' নি।

ষড়্বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ *

—॰ঃ(*)ঃ॰—

বৈশম্পায়ন উবাচ।

জয়দ্রথস্তু সংপ্রেক্ষ্য ভ্রাতরাবুদ্যতায়ুধৌ।
প্রাধাবত্তূর্ণমব্যগ্রো জীবিতেপ্সুঃ সুদুঃখিতঃ ॥১॥
তং ভীমসেনো ধাবন্তমবতীর্য্য রথাদ্বলী।
অভিদ্রুত্য নিজগ্রাহ কেশপক্ষে হ্যমর্ষণঃ ॥২॥
সমুদ্যম্য চ তং ভীমো নিষ্পিপেষ মহীতলে।
শিরো গৃহীত্বা রাজানং তাড়য়ামাস চৈব হ ॥৩॥
পুনঃ সঞ্জীবমানস্য তস্যোৎপতিতুমিচ্ছতঃ।
পদা মূর্দ্ধ্নি মহাবাহুঃ প্রাহরদ্বিলপিষ্যতঃ ॥৪॥

ভারতকৌমুদী

জয়েতি। ভ্রাতরৌ ভীমার্জ্জুনৌ। অব্যগ্রঃ পলায়নে অনাকুলঃ ॥১॥

তমিতি। কেশপক্ষে কেশপাশে, "পাশঃ পক্ষশ্চ হস্তশ্চ কলাপার্থাঃ কচাৎ পরে" ইত্যমরঃ ॥২॥

সমিতি। সমুদ্যম্য সমুত্তোল্য, চকারাদ্ভূতলে নিপাত্য চ। রাজানং জয়দ্রথম্ ॥৩॥

পুনরিতি। সঞ্জীবমানস্য সঞ্জীবতঃ কিয়দ্বিলম্বাদাগতচেতনস্যেত্যর্থঃ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—জয়দ্রথ, ভীম ও অর্জ্জুনকে অস্ত্র উত্তোলনপূর্ব্বক আসিতে দেখিয়া, অতিদুঃখিত ও প্রাণরক্ষার্থী হইয়া, অবিহ্বলভাবে সত্বর পলায়ন করিতে লাগিলেন ॥১॥

তখন বলবান্ ও ক্রুদ্ধ ভীমসেন রথ হইতে অবতরণ করিয়া দ্রুত যাইয়া ধাবনশীল জয়দ্রথের কেশকলাপ ধারণ করিলেন ॥২॥

এবং ভীমসেন জয়দ্রথকে উত্তোলনপূর্ব্বক ভূতলে নিপাতিত করিয়া নিষ্পেষণ করিলেন, পরে আবার মস্তক ধারণ করিয়া তাড়ন করিলেন ॥৩॥

* ইতঃ পূর্ব্বং কা—নি—পুস্তকয়োঃ 'জয়দ্রথবিমোক্ষণপর্ব্ব' ইতি লিখিতম্। তন্ন সঙ্গচ্ছতে, প্রকরণৈক্যাৎ মুনিগণিতপর্ব্বশতাধিকপর্ব্বসম্ভবাৎ "দ্রৌপদীহরণং পর্ব্ব জয়দ্রথবিমোক্ষণম্। পতিব্রতায়া মাহাত্ম্যং সাবিত্র্যাশ্চৈবমদ্ভুতম্। রামোপাখ্যানমত্রৈব—" ইতি পর্ব্বসংগ্রহবচনে 'অত্রৈব দ্রৌপদীহরণপর্ব্বণ্যেব জয়দ্রথবিমোক্ষণং পতিব্রতায়াঃ সাবিত্র্যা অদ্ভুতং মাহাত্ম্যং রামোপাখ্যানঞ্চ জ্ঞেয়ম্' ইতি ব্যাখ্যানস্যৈবৌচিত্যাৎ। অতশ্চ সাবিত্র্যুপাখ্যানপর্য্যন্তং দ্রৌপদীহরণমেব পর্ব্ব, তৎপ্রসঙ্গেনৈব তদুত্থানাদিতি সুধীভির্ভাব্যম্।

তস্য জানু দদৌ ভীমো জঘ্নে চৈনমরত্নিনা।
স মোহমগমদ্রাজা প্রহারবরপীড়িতঃ ॥৫॥
সরোষং ভীমসেনন্তু বারয়ামাস ফাল্গুনঃ।
দুঃশলায়াঃ কৃতে রাজা যত্তদাহেতি কৌরবঃ ॥৬॥

ভীম উবাচ।

নায়ং পাপসমাচারো মত্তো জীবিতুমর্হতি।
কৃষ্ণায়াস্তদনর্হায়াঃ পরিক্লেষ্টা নরাধমঃ ॥৭॥
কিন্নু শক্যং ময়া কর্ত্তুং যদ্রাজা সততং ঘৃণী।
ত্বঞ্চ বালিশয়া বুদ্ধ্যা সদৈবাস্মান্ প্রবাধসে ॥৮॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য জয়দ্রথস্য জানুদ্বয়োপরি আত্মনো জানু দদৌ। অরত্নিনা কফোণিনা ॥৫॥
সেতি। কৃতে নিমিত্তে, রাজা যুধিষ্ঠিরঃ। তৎ "ন হন্তব্যো মহাবাহো!" ইত্যাদি ॥৬॥
নেতি। মত্তো মম সকাশাৎ। তদনর্হায়াঃ ক্লেশভোগাযোগ্যায়াঃ, পরিক্লেষ্টা ক্লেশদাতা ॥৭॥
কিমিতি। রাজা যুধিষ্ঠিরঃ, ঘৃণী দয়াবান্। বালিশয়া মূর্খযোগ্যয়া ॥৮॥

ভারতভাবদীপঃ

জয়দ্রথমিতি ॥১—২॥ অত্রাস্য জয়দ্রথস্য পরদারহর্ত্তুঃ ক্ষত্রিয়াধমত্বাৎ পঞ্চধা মারণমুক্তং—শিরো গৃহীত্বেত্যাদিনা। শিরঃ কেশেষিত্যর্থঃ। তাড়য়ামাস চপেটাভিরিতি শেষঃ। যথোক্তং নীতিশাস্ত্রে—"বামপাণিকচোৎপীড়া ভূমৌ নিষ্পেষণং বলাৎ। মূর্দ্ধ্নি পাদপ্রহরণং জান্বনোদরমর্দ্দনম্। মাণ্ডুবাকারয়া মুষ্ট্যা কপোলে দৃঢ়তাড়নম্। কফোণিপাতোঽপ্যসকৃৎ সর্ব্বতস্তলতাড়নম্। তালেন যুদ্ধে ভ্রমণং মারণং স্তভমষ্টধা" ইতি। "চতুর্ভিঃ ক্ষত্রিয়ং হন্যাৎ পঞ্চভিঃ ক্ষত্রিয়াধমম্। ষড়্ভির্বৈশ্যং সপ্তভিস্তু শূদ্রং সঙ্করমষ্টভিঃ" ইতি ॥৩—৭॥ ঘৃণী

পরে জয়দ্রথ কিঞ্চিৎ সজীব হইয়া আবার উঠিবার ইচ্ছা এবং বিলাপ করিবার উপক্রম করিলেন; ভীম তখন তাঁহার মস্তকে পদাঘাত করিলেন ॥৪॥

এবং ভীম তাঁহার জানুযুগলের উপরে নিজের জানুযুগল রাখিলেন এবং কফোণিদ্বারা আঘাত করিলেন; সেই দারুণ প্রহারে পীড়িত হইয়া জয়দ্রথ মূর্চ্ছিত হইয়া পড়িলেন ॥৫॥

তখন—যুধিষ্ঠির দুঃশলার-নিমিত্ত সেই যে কথা বলিয়া দিয়াছিলেন, তাহা স্মরণ করিয়া অর্জ্জুন, ক্রুদ্ধ ভীমসেনকে বারণ করিলেন ॥৬॥

ভীম বলিলেন—'এই পাপাচারী আমার নিকট হইতে জীবন লাভ করিতে পারে না। কারণ, এই নরাধমটা, কষ্টভোগের অযোগ্যা দ্রৌপদীকে কষ্ট দিয়াছে ॥৭॥

(৭)···পরিক্লেশায়নরাধমঃ—পি।

এবমুক্ত্বা সটাস্তস্য পঞ্চ চক্রে বৃকোদরঃ।
অর্দ্ধচন্দ্রেণ বাণেন কিঞ্চিদব্রুবতস্তদা ॥৯॥
বিকুৎসয়িত্বা রাজানং ততঃ প্রাহ বৃকোদরঃ।
জীবিতঞ্চেচ্ছসে মূঢ়! হেতুং মে গদতঃ শৃণু ॥১০॥
দাসোঽস্মীতি সদা বাচ্যং সংসৎসু চ সভাসু চ।
এবং তে জীবিতং দদ্যামেষ যুদ্ধজিতো বিধিঃ ॥১১॥
এবমস্ত্বিতি তং রাজা কৃষ্যমাণো জয়দ্রথঃ।
প্রোবাচ পুরুষব্যাঘ্রং ভীমমাহবশোভিনম্ ॥১২॥
তত এনং বিচেষ্টন্তং বদ্ধা পার্থো বৃকোদরঃ।
রথমারোপয়ামাস বিসংজ্ঞং পাংশুগুণ্ঠিতম্ ॥১৩॥

ভারতকৌমুদী

এবমিতি। সটা জটাঃ। চক্রে, মধ্যে মধ্যে মুণ্ডয়িত্বেতি ভাবঃ ॥৯॥

বীতি। রাজানং জয়দ্রথম্, বিকুৎসয়িত্বা দুষ্কার্য্যকরণাদ্বিনিন্দ্য। হেতুং জীবনস্য ॥১০॥

দাস ইতি। সংসৎসু পরিষৎসু, সভাসু মার্গাদৌ লোকসমূহেষু চ মধ্যে, "সভা দ্যূত-সমূহয়োঃ। গোষ্ঠ্যাং সভ্যেষু শালায়াম্" ইতি হৈমঃ। বিধির্নিয়মনং বর্ত্ততে ॥১১॥

এবমিতি। আহবশোভিনম্, আয়াসাতিরেকেঽপি অবসাদাভাবাদিতি ভাবঃ ॥১২॥

তত ইতি। বিচেষ্টন্তং বন্ধননিবারণায় স্পন্দমানম্। পাংশুগুণ্ঠিতং ধূল্যাবৃতম্ ॥১৩॥

কিন্তু আমি কি করিতে পারি; যে হেতু রাজা সর্ব্বদাই দয়ালু এবং তুমিও মূর্খবুদ্ধি অনুসারে সর্বদাই আমাকে বাধা দিয়া থাক' ॥৮॥

এই কথা বলিয়া ভীমসেন অর্দ্ধচন্দ্রবাণদ্বারা মধ্যে মধ্যে মুণ্ডন করিয়া জয়দ্রথের মস্তকে পাঁচটা জটা করিয়া দিলেন; কিন্তু তাহাতে জয়দ্রথ কিছুই বলিলেন না ॥৯॥

তাহার পর ভীমসেন জয়দ্রথকে নিন্দা করিয়া বলিলেন—'মূর্খ! তুমি যদি বাঁচিতে চাও, তবে তাহার হেতু আমার নিকট শোন ॥১০॥

তুমি সভায় বা লোকসমাজে সর্ব্বদাই বলিবে যে, 'আমি উঁহাদের দাস'। এইরূপ প্রতিজ্ঞা করিলেই আমি তোমার জীবন দান করিব। কারণ, যুদ্ধ-বিজয়ীরা বিজিতের উপরে এইরূপ বিধানই করিয়া থাকেন' ॥১১॥

এই কথা বলিয়া যুদ্ধশোভী পুরুষশ্রেষ্ঠ ভীমসেন জয়দ্রথকে আকর্ষণ করিতে লাগিলেন; তখন জয়দ্রথ তাঁহাকে বলিলেন—'এইরূপই হইবে' ॥১২॥

তদনন্তর জয়দ্রথ গাত্রসঞ্চালন করিতে থাকিলেও, কুন্তীনন্দন ভীমসেন অচৈতন্যপ্রায় ও ধূলিধূসরিত জয়দ্রথকে বন্ধন করিয়া রথে উঠাইলেন ॥১৩॥

(১০) বিকত্থয়িত্বা রাজানম্···বা ব, বিকম্পয়িত্বা রাজানম্···নি।

ততস্তং রথমাস্থায় ভীমঃ পার্থানুগস্তথা।
অভ্যেত্যাশ্রমমধ্যস্থমভ্যগচ্ছদ্যুধিষ্ঠিরম্ ॥১৪॥
দর্শয়ামাস ভীমস্তু তদবস্থং জয়দ্রথম্।
তং রাজা প্রাহসদ্দৃষ্ট্বা মুচ্যতামিতি চাব্রবীৎ ॥১৫॥
রাজানঞ্চাব্রবীদ্ভীমো দ্রৌপদ্যাঃ কথ্যতামিতি।
দাসভাবং গতো হ্যেষ পাণ্ডূনাং পাপচেতনঃ ॥১৬॥
তমুবাচ ততো জ্যেষ্ঠো ভ্রাতা সপ্রণয়ং বচঃ।
মুঞ্চেমমধমাচারং প্রমাণা যদি তে বয়ম্ ॥১৭॥
দ্রৌপদী চাব্রবীদ্ভীমমভিপ্রেক্ষ্য যুধিষ্ঠিরম্।
দাসোঽয়ং মুচ্যতাং রাজ্ঞস্ত্বয়া পঞ্চসটঃ কৃতঃ ॥১৮॥

ভারতকৌমুদী

তত ইতি। আস্থায় আরুহ্য, পার্থানুগঃ অর্জ্জুনরথানুগামী সন্ ॥১৪॥

দর্শয়েতি। প্রাহসৎ, অন্তর এব ন পুনর্বহিঃ, ঔদার্য্যভঙ্গভয়াদিতি ভাবঃ ॥১৫॥

রাজানমিতি। দ্রৌপদ্যাঃ সকাশে মুচ্যতামিতি ভবতা কথ্যতাম্। তদনুমত্যৈব মোক্তব্য ইতি ভাবঃ ॥১৬॥

তমিতি। তং ভীমম্, জ্যেষ্ঠো ভ্রাতা যুধিষ্ঠিরঃ। প্রমাণা গ্রাহ্যবচনাঃ ॥১৭॥

তাহার পর ভীমসেন রথে আরোহণ করিয়া অর্জ্জুনের পশ্চাৎ পশ্চাৎ চলিতে থাকিয়া আশ্রমে উপস্থিত হইয়া আশ্রমমধ্যস্থিত যুধিষ্ঠিরের নিকট গমন করিলেন ॥১৪॥

এবং তিনি সেই বদ্ধ অবস্থায় জয়দ্রথকে দেখাইলেন। তখন যুধিষ্ঠির সেই অবস্থায় জয়দ্রথকে দেখিয়া মনে মনে হাসিলেন এবং বলিলেন—'ইহাকে ছাড়িয়া দাও' ॥১৫॥

তখন ভীম যুধিষ্ঠিরকে বলিলেন—'আপনি এই কথা দ্রৌপদীর নিকট বলুন। এই পাপাত্মা এখন পাণ্ডবগণের দাস হইয়াছে' ॥১৬॥

তদনন্তর যুধিষ্ঠির স্নেহের সহিত ভীমকে বলিলেন—'আমার কথা যদি তোমার গ্রাহ্য হয়, তবে তুমি এই নিকৃষ্টাচারীকে ছাড়িয়া দাও' ॥১৭॥

তখন দ্রৌপদী যুধিষ্ঠিরের দিকে চাহিয়া ভীমকে বলিলেন—'আপনি ইহার মস্তকে পাঁচটা জটা করিয়া দিয়াছেন এবং ইনি রাজার দাস হইয়াছেন; এখন আপনি ইহাকে মুক্ত করিয়া দিন' ॥১৮॥

(১৬)…দ্রৌপদী কথয়িষ্যিতি…পি,…দ্রৌপদ্যৈ কথয়েতি বৈ…নি। (১৭)…প্রমাণং যদি তে বয়ম্—পি।

স মুক্তোঽভ্যেত্য রাজানমভিবাদ্য যুধিষ্ঠিরম্।
ববন্দে বিহ্বলো রাজা তাংশ্চ দৃষ্ট্বা মুনীংস্তদা ॥১৯॥
তমুবাচ ঘৃণী রাজা ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
তথা জয়দ্রথং দৃষ্ট্বা গৃহীতং সব্যসাচিনা ॥২০॥
অদাসো গচ্ছ মুক্তোঽসি মৈবং কার্ষীঃ পুনঃ ক্বচিৎ।
স্ত্রীকামক ধিগস্তু ত্বাং ক্ষুদ্রঃ ক্ষুদ্রসহায়বান্।
এবংবিধং হি কঃ কুর্য্যাত্ত্বদন্যঃ পুরুষাধম ! ॥২১॥
গতসত্ত্বমিব জ্ঞাত্বা কর্ত্তারমশুভস্য তম্।
সম্প্রেক্ষ্য ভরতশ্রেষ্ঠঃ কৃপাঞ্চক্রে নরাধিপঃ ॥২২॥
ধর্ম্মে তে বর্দ্ধতাং বুদ্ধির্মা চাধর্ম্মে মনঃ কৃথাঃ।
সাশ্বঃ সরথপাদাতঃ স্বস্তি গচ্ছ জয়দ্রথ ! ॥২৩॥

ভারতকৌমুদী

দ্রৌপদীতি। যুধিষ্ঠিরমভিপ্রেক্ষ্যেতি সম্বন্ধঃ। পঞ্চ সটা জটা যস্য সঃ ॥১৮॥
স ইতি। বিহ্বলঃ, লজ্জয়া বেদনয়া চাকুলঃ, রাজা জয়দ্রথঃ ॥১৯॥
তমিতি। ঘৃণী দয়াবান্। গৃহীতং প্রণামাদরজ্ঞাপনার্থং ধৃতহস্তম্ ॥২০॥
অদাস ইতি। স্ত্রীকামং পরদারকামুকম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥
বৈশম্পায়ন এব যুধিষ্ঠিরস্তেদৃশীং দয়াং প্রতি হেতুমাহ গতেতি। গতসত্ত্বং নিষ্প্রাণম্ ॥২২॥
পুনর্যুধিষ্ঠির এবাহ ধর্ম্ম ইতি। অবশিষ্টান্ স্বকীয়ানেবাশ্বাদীন্ গৃহীত্বা গচ্ছেত্যর্থঃ ॥২৩॥

তখন ভীমসেন মুক্ত করিয়া দিলে জয়দ্রথ, রাজা যুধিষ্ঠিরকে অভিবাদন করিয়া তত্রত্য মুনিগণকে দেখিয়া আকুল হইয়া তাঁহাদিগকেও নমস্কার করিলেন ॥১৯॥

এই সময়ে অর্জ্জুন জয়দ্রথের হস্ত ধারণ করিলেন ; ইহা দেখিয়া দয়ালু ও ধর্ম্মপুত্র রাজা যুধিষ্ঠির জয়দ্রথকে বলিলেন—॥২০॥

'পুরুষাধম! তুমি দাসত্ব হইতে মুক্ত হইলে ; সুতরাং অদাস হইয়াই গমন কর। কিন্তু আর কখনও এরূপ কার্য্য করিও না। তুমি ক্ষুদ্র, ক্ষুদ্র-সহায়শালী এবং পরস্ত্রীকামুক ; সুতরাং তোমাকে ধিক্। কারণ, তুমি ভিন্ন কোন্ পুরুষ এরূপ কার্য্য করিয়া থাকে' ॥২১॥

জয়দ্রথ সেই অকার্য্য করিয়া তৎকালে যেন মৃতপ্রায় হইয়া রহিয়াছিলেন ; ইহা জানিয়া এবং দেখিয়াই ভরতশ্রেষ্ঠ যুধিষ্ঠির তাঁহার প্রতি দয়া করিয়াছিলেন ॥২২॥

(১৯)…ববন্ধে বিহ্বলো রাজন্!…বা ব কা।

এবমুক্তস্তু সব্রীড়ন্তূষ্ণীং কিঞ্চিদবাঙ্মুখঃ।
জগাম রাজা দুঃখার্তো গঙ্গাদ্বারায় ভারত! ॥২৪॥
স দেবং শরণং গত্বা বিরূপাক্ষমুমাপতিম্।
তপশ্চচার বিপুলং তস্য প্রীতো বৃষধ্বজঃ ॥২৫॥
বলিং স্বয়ং প্রত্যগৃহ্ণাৎ প্রীয়মাণস্ত্রিলোচনঃ।
বরঞ্চাস্মৈ দদৌ দেবঃ স জগ্রাহ চ তচ্ছৃণু ॥২৬॥
সমস্তান্ সরথান্ পঞ্চ জয়েয়ং যুধি পাণ্ডবান্।
ইতি রাজাঽব্রবীদ্দেবং নেতি দেবস্তমব্রবীৎ ॥২৭॥
অজয্যাংশ্চাপ্যবধ্যাংশ্চ বারয়িষ্যসি তান্ যুধি।
ঋতেঽর্জ্জুনং মহাবাহুং নরং নাম সুরেশ্বরম্ ॥২৮॥

ভারতকৌমুদী

এবমিতি। সব্রীড়ঃ শত্রোরেব দয়ালাভাৎ সলজ্জঃ। রাজা জয়দ্রথঃ ॥২৪॥
স ইতি। স জয়দ্রথঃ। প্রীতঃ অভবদিতি শেষঃ ॥২৫॥
বলিমিতি। বলিং পূজোপহারম্। তৎ বরগ্রহণম্ ॥২৬॥
সমস্তানিতি। জয়েয়ং জেতুং শক্নুয়াম্। রাজা জয়দ্রথঃ, দেবং ত্রিলোচনম্ ॥২৭॥

ভারতভাবদীপঃ

দয়াবান্। বালিশয়া স্বরয়া, বাধসে শত্রুং হন্তুং ন দদাসি ॥৮॥ সটাঃ জটাঃ, কেশসন্নিবেশে মধ্যে মধ্যে পঞ্চসু স্থানেষর্দ্ধচন্দ্রেণ বাণেন ক্ষৌরবত্থাপয়ামাসেত্যর্থঃ ॥৯—২৫॥ বলিমুপহারম্

(যুধিষ্ঠির পুনরায় বলিলেন—) 'জয়দ্রথ! তোমার ধর্ম্মবুদ্ধি বৃদ্ধিলাভ করুক এবং তুমি কখনও অধর্ম্মে মন দিও না। এখন তুমি নিজেরই অবশিষ্ট অশ্ব, রথ ও পদাতি লইয়া কুশলে গমন কর' ॥২৩॥

ভরতনন্দন! যুধিষ্ঠির এইরূপ বলিলে, জয়দ্রথ দুঃখিত, লজ্জিত এবং ঈষৎ অবনতমুখ হইয়া নীরবে গঙ্গাদ্বারের দিকে গমন করিলেন ॥২৪॥

সেখানে যাইয়া তিনি বিরূপাক্ষ ও উমাপতি মহাদেবের শরণাগত হইয়া গুরুতর তপস্যা করিলেন; তাহাতে মহাদেব তাঁহার প্রতি সন্তুষ্ট হইলেন ॥২৫॥

এবং তিনি সন্তুষ্ট হইয়া নিজেই আসিয়া জয়দ্রথের পূজার উপহার গ্রহণ করিলেন এবং উঁহাকে বর দান করিবার ইচ্ছা জানাইলেন। তখন জয়দ্রথ যে বর চাহিলেন, তাহা শ্রবণ করুন—॥২৬॥

জয়দ্রথ মহাদেবকে বলিলেন—'দেব! আমি যেন যুদ্ধে রথারোহী পঞ্চ পাণ্ডবদের সকলকেই জয় করিতে পারি'। তখন মহাদেব তাঁহাকে কহিলেন—'না—' ॥২৭॥

বদর্য্যাং তপ্ততপসং নারায়ণসহায়কম্।
আজতং সর্ব্বলোকানাং দেবৈরপি দুরাসদম্ ॥২৯॥ (যুগ্মকম্)
ময়া দত্তং পাশুপতং দিব্যমপ্রতিমং শরম্।
অবাপ লোকপালেভ্যো বজ্রাদীন্ স মহাশরান্ ॥৩০॥
দেবদেবো হ্যনন্তাত্মা বিষ্ণুঃ সুরগুরুঃ প্রভুঃ।
প্রধানপুরুষোঽব্যক্তো বিশ্বাত্মা বিশ্বমূর্ত্তিমান্।
যুগান্তকালে সম্প্রাপ্তে কালাগ্নির্দহতে জগৎ ॥৩১॥
সপর্বতার্ণবদ্বীপং সশৈলবনকাননম্।
নির্দ্দহন্ নাগলোকাংশ্চ পাতালতলচারিণঃ ॥৩২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অজয্যানিতি। অজয্যান্ জেতুমশক্যান্। নারায়ণঃ সহায়ো যস্য তম্ ॥২৮—২৯॥

ময়েতি। দিব্যমলৌকিকম্। সঃ অর্জ্জুনঃ ॥৩০॥

দেবেতি। অব্যক্তঃ সূক্ষ্মঃ। কালাগ্নিরূপো বিষ্ণুরিত্যর্থঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। পর্বতো মৎস্যঃ, বনমুপবনং কাননমরণ্যমাত্রম্ ইত্যপৌনরুক্ত্যম্। "পর্ব্বতঃ পাদপে পুংসি শাকমৎস্য-

ভারতভাবদীপঃ

॥২৬—২৮॥ নারায়ণঃ সহায়ো যস্য তং নারায়ণসহায়কম্ ॥২৯॥ শরং শৃণাতি হিনস্তীতি শরমস্ত্রম্ ॥৩০॥ নারায়ণসহায়স্যাজেয়ত্বং বক্তুং নারায়ণমাহাত্ম্যমেবাহ—দেবদেব ইত্যাদিনা। দেবানাং দ্যোতকানাং সূর্য্যচন্দ্রাগ্নিচক্ষুর্মনোবাচাং জ্যোতিষাং দেবঃ প্রকাশকঃ। "যেন সূর্য্যস্তপতি তেজসেদ্ধঃ যেন চক্ষূংষি পশ্যন্তি" ইত্যাদিশ্রুতিভ্যঃ অনন্তস্ত্রিবিধপরিচ্ছেদশূন্য আত্মা স্বরূপং যস্য। প্রধানং ত্রিগুণাত্মিকা মায়া পুরুষশ্চিদ্রূপস্তদুভয়াত্মা চিদচিন্ময়ঃ। অব্যক্তো জগৎকারণরূপো বীজান্তর্গতবটতুল্যঃ অতএব বিশ্বাত্মা বিশ্ব এবাত্মা চেতনাংশেন বিশ্বমূর্ত্তিমান্ জড়াংশেন। এবং নারায়ণস্য জগদ্ধেতুত্বমুক্ত্বা তস্য জগৎসংহর্ত্তৃত্বমাহ—

যিনি নারায়ণের সহিত মিলিত হইয়া বদরিকাশ্রমে তপস্যা করিয়াছিলেন, তিনি সমস্ত লোকেরই অজেয় এবং দেবগণের নিকটেও দুর্দ্ধর্ষ। সুতরাং সেই দেবপ্রধান-নর-স্বরূপ মহাবাহু অর্জ্জুন ব্যতীত অপর পাণ্ডবগণকে তুমি যুদ্ধে বারণ করিতে পারিবে; কিন্তু তাঁহাদিগকে জয় বা বধ করিতে পারিবে না ॥২৮—২৯॥

বিশেষতঃ, আমি অর্জ্জুনকে 'পাশুপত'-নামক অলৌকিক ও অতুলনীয় অস্ত্র দান করিয়াছি এবং তিনি দিক্‌পালগণের নিকট হইতে বজ্রপ্রভৃতি অস্ত্রও লাভ করিয়াছেন ॥৩০॥

দেবদেব, দেবগুরু, প্রভাবশালী, অনন্ত, প্রধানপুরুষ, সূক্ষ্ম, বিশ্বাত্মা ও বিশ্বমূর্ত্তি বিষ্ণু প্রলয়কাল উপস্থিত হইলে কালাগ্নিস্বরূপ হইয়া, পাতালবাসী

অথান্তরীক্ষে সুমহানানাবর্ণাঃ পয়োধরাঃ।
ঘোরস্বরা নিনদিনস্তড়িন্মালাবলম্বিনঃ।
সমুত্তিষ্ঠন্ দিশঃ সর্ব্বা বিবর্ষন্তঃ সমন্ততঃ ॥৩৩॥
ততোঽগ্নিং শময়ামাসুঃ সংবর্ত্তাগ্নিনিয়ামকাঃ।
ধারাভিরক্ষমাত্রাভিস্তিষ্ঠন্ত্যাপূর্য্য সর্বশঃ ॥৩৪॥
একার্ণবে তদা তস্মিন্নুপশান্তচরাচরে।
নষ্টচন্দ্রার্কপবনে গ্রহনক্ষত্রবর্জ্জিতে।
চতুর্যুগসহস্রান্তে সলিলেনাপ্লুতা মহী ॥৩৫॥

ভারতকৌমুদী

প্রভেদয়োঃ। দেবযুক্তস্তরে শৈলে" ইতি মেদিনী। নাগলোকান্ নাগজনান্, "লোকস্তু ভুবনে জনে" ইত্যমরঃ ॥৩১—৩২॥

অথেতি। সুমহান্তশ্চ তে নানাবর্ণাশ্চেতি তে। সমুত্তিষ্ঠন্নিত্যড়ভাব আর্ষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৩॥

তত ইতি। সংবর্ত্তাগ্নিনিয়ামকাঃ পয়োধরা ইত্যনুবৃত্তিঃ। অক্ষমাত্রাভিঃ সর্পবৎ স্থূলাভিঃ ॥৩৪॥

একেতি। উপশান্তানি নষ্টানি চরাচরাণি ভূতানি যত্র তস্মিন্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

যুগান্তেতি। কালাগ্নিরূপো নারায়ণো নির্দহতে ॥৩১—৩২॥ বিনদিনো গর্জ্জন্তঃ, সমুত্তিষ্ঠন্ সমুদতিষ্ঠন্ উত্তিষ্ঠন্তীত্যর্থঃ ॥৩৩॥ নাশয়ামাসুঃ পয়োধরা ইতি পূর্ব্বেণান্বয়ঃ। অক্ষমাত্রৈরথাক্ষমাত্রাভিঃ স্থূলাভিঃ, সামান্যে নপুংসকম্। যদ্বা ধারাভিরিতি, ধারাশব্দঃ আকারান্তঃ, সোমপাশব্দবৎ পুংলিঙ্গঃ। ধাবমানা এব রান্তি আদদতে ক্লেদনীয়ং বস্তিতি ধারাঃ। রা

নাগদিগকে পর্য্যন্ত দগ্ধ করিয়া—মৎস্য, সমুদ্র, দ্বীপ, পর্ব্বত, বন ও উপবনের সহিত সমগ্র জগৎ দগ্ধ করেন ॥৩১—৩২॥

তাহার পর বিশাল, নানাবর্ণ, ভয়ঙ্করস্বরে গর্জ্জনকারী ও বিদ্যুন্মালাধারী মেঘ সকল, সমস্ত দিক্ ব্যাপ্ত করিয়া এবং সমস্ত দিকে বর্ষণ করিতে থাকিয়া আকাশে উত্থিত হয় ॥৩৩॥

তৎপরে সেই প্রলয়াগ্নিনিবারক মেঘ সকল সেই অগ্নিকে নির্ব্বাপিত করে এবং সর্পপ্রমাণ ধারাদ্বারা সমস্ত স্থান পূর্ণ করিয়া অবস্থান করে ॥৩৪॥

চারি সহস্র যুগের পরে যখন স্থাবর, জঙ্গম, চন্দ্র, সূর্য্য, বায়ু, গ্রহ ও নক্ষত্র থাকে না, তখন সেই অদ্বিতীয় সমুদ্রমধ্যে পৃথিবী জলমগ্না থাকেন ॥৩৫॥

---

(৩৩)…সুমহন্নানাবর্ণাঃ…বিনদিনঃ…বা ব কা নি। (৩৪) ততোঽগ্নিং নাশয়ামাসুঃ… অক্ষমাত্রৈশ্চ ধারাভিঃ…বা ব কা। (৩৫)…উপশান্তে চরাচরে…বা ব কা নি।

ততো নারায়ণাখ্যস্তু সহস্রাক্ষঃ সহস্রপাৎ।
সহস্রশীর্ষা পুরুষঃ স্বপ্তুকামস্ত্বতীন্দ্রিয়ঃ ॥৩৬॥
ফণাসহস্রবিকটং শেষং পর্য্যঙ্কভোগিনম্।
সহস্রমিব তিগ্মাংশুসংঘাতমমিতদ্যুতিম্।
কুন্দেন্দুহারগোক্ষীরমৃণালকুমুদপ্রভম্ ॥৩৭॥ (যুগ্মকম্)
তত্রাসৌ ভগবান্ দেবঃ স্বপন্ জলনিধৌ তদা।
নৈশেন তমসা ব্যাপ্তাং স্বাং রাত্রিং কুরুতে বিভুঃ ॥৩৮॥
সত্ত্বোদ্রেকাৎ প্রবুদ্ধস্তু শূন্যং লোকমপশ্যত।
ইমঞ্চোদাহরন্ত্যত্র শ্লোকং নারায়ণং প্রতি ॥৩৯॥

ভারতকৌমুদী

তত ইতি। ইন্দ্রিয়বৎপ্রাণাভাবাদেবাতীন্দ্রিয়ঃ। শেষমনন্তনাগম্, পর্য্যঙ্ক ইব ভোগঃ শরীরমস্যাস্তীতি পর্য্যঙ্কভোগী তম্, তিগ্মাংশুসংঘাতং সূর্য্যসমূহম্। অয়মপি বহুপাদঃ শ্লোকঃ। ঈদৃশং শেষমাশ্রিত্যেতি শেষঃ, স্বপ্তুকামো নিদ্রাতুমিচ্ছুর্ভবতি ॥৩৬—৩৭॥

তত্রেতি। দেবো নারায়ণঃ। তমসা অন্ধকারেণ। কুরুতে নয়তি ॥৩৮॥

সত্ত্বেতি। প্রবুদ্ধো জাগরিতঃ, শূন্যং প্রাণ্যাদিরহিতম্ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

আদানেঽস্মাৎ ক্বিপ্ ॥৩৫॥ একার্ণবে ইতি অবান্তরপ্রলয়ে অস্মিন্ পবননাশোক্তির্নিদাঘ ইব তদন্তুপলম্ভমাত্রপরা। চতুর্যুগসহস্রপ্রমাণং ব্রহ্মণো দিনম্, তদন্তে আপ্লুতা সলিলেন-হিতেত্যর্থঃ ॥৩৫॥ নারায়ণ ইত্যাখ্যা নাম যস্য। যথা নারায়ণাদেব আখ্যা প্রথা যস্য স হিরণ্যগর্ভঃ সূত্রাত্মা বিশ্বাভিমানী অতএব সহস্রপাদাদিমান্। স্বপ্তুকামঃ স্বদিনান্তে ॥৩৬॥ ফণাসহস্রং ফণাসহস্রমধ্যতিষ্ঠদিতি শেষঃ। অমিতদ্যুতিমত্যন্তং দ্যোতমানম্ ॥৩৭—৩৮॥ সত্ত্বোদ্রেকাত্তমসোঽভিভবে সতি সত্ত্বাবির্ভাবাৎ, শূন্যং প্রাণিসঞ্চারহীনম্ ॥৩৯॥ নারায়ণ-

তাহার পর সহস্রনয়ন, সহস্রচরণ, সহস্রমস্তক এবং ইন্দ্রিয়ের অগোচর নারায়ণাখ্য পুরুষ অনন্তনাগকে অবলম্বন করিয়া শয়ন করিবার ইচ্ছা করেন। সেই অনন্তনাগ সহস্র ফণাদ্বারা বিকটমূর্ত্তি, সহস্র সূর্য্যসমূহের ন্যায় অমিততেজা এবং কুন্দপুষ্প, চন্দ্র, মুক্তার হার, গোদুগ্ধ, মৃণাল ও কুমুদের ন্যায় শুভ্রবর্ণ, আর তাঁহার শরীরটাই নারায়ণের পর্য্যঙ্ক হয় ॥৩৬—৩৭॥

প্রভাবশালী ঐ ভগবান্ নারায়ণ সমুদ্রমধ্যে সেই অনন্তনাগের শরীরের উপরে শয়ন করিয়া নৈশ অন্ধকারে পরিব্যাপ্ত আপন রাত্রি অতিবাহিত করেন ॥৩৮॥

ক্রমে সত্ত্বগুণের আবির্ভাব হওয়ায় নারায়ণ জাগরিত হইয়া জগৎটাকে শূন্য

(৩৭) ফটাসহস্রবিকটম্...বা ব কা।

আপো নারাস্তত্তনব ইত্যপাং নাম শুশ্রুম।
অয়নং তেন চৈবাস্তে তেন নারায়ণঃ স্মৃতঃ ॥৪০॥
প্রধ্যানসমকালস্তু প্রজাহেতোঃ সনাতনঃ।
ধ্যানমাত্রে তু ভগবন্নাভ্যাং পদ্মঃ সমুত্থিতঃ ॥৪১॥
ততশ্চতুর্মুখো ব্রহ্মা নাভিপদ্মাদ্বিনিঃসৃতঃ।
তত্রোপবিষ্টঃ সহসা পদ্মে লোকপিতামহঃ ॥৪২॥

ভারতকৌমুদী

আপ ইতি। তস্ত দেবস্ত তনবো দেহরূপাঃ, আপো জলম্, নারা ইতি ইত্যাহুপূর্বীকম্, অপাং জলস্ত নাম শুশ্রুম। তাশ্চ নারা অয়নমাশ্রয়ঃ, তেন আস্তে তিষ্ঠতি। তেন নারায়ণঃ স্মৃতঃ, নারা অয়নং যস্তেতি ব্যুৎপত্তেরিতি ভাবঃ ॥৪০॥

প্রেতি। প্রজাহেতোঃ প্রজাসৃষ্ট্যর্থম্, ধ্যানমাত্রে "স ঐক্ষত বহু স্যাম্" ইতি শ্রুত্যুক্ত-রীত্যা আলোচনে তেন কৃতে সতি, তৎপ্রধ্যানসমকালমেব, তস্ত ভগবতো নাভ্যাম্, সনাতন আকল্পান্তস্থায়ী পদ্মঃ সমুত্থিতো ভবতি ॥৪১॥

তত ইতি। লোকানাং মরীচ্যাদিসন্তানানাং পিতামহঃ। তত এব চ পিতামহাখ্যা ॥৪২॥

ভারতভাবদীপঃ

পদং নির্ব্বক্তি—আপ ইতি। নরাজ্জাতা নারাঃ। নৃনরয়োর্বৃদ্ধিশ্চেতি গৌরাদিগণপাঠাৎ প্রাপ্তো ঙীষ্ গণকার্য্যস্যানিত্যত্বান্ন, তত্তনবস্তস্য নারায়ণস্যৈব তনবঃ। যথা সৌবর্ণং কুণ্ডলং সুবর্ণমেবৈবং নরজা আপো নর এবেত্যর্থঃ। নারা আপো দেহাত্মাকারপরিণতা অয়নং নিবাসস্থানং যস্য। অথবা তাভিঃ সহ তত্তাদাত্ম্যং প্রাপ্যাস্তে ইতি বা নারায়ণ ইতি। "তৎসৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ" ইতি "আত্মেন্দ্রিয়মনোযুক্তং ভোক্তেত্যাহুর্মনীষিণঃ" ইতি চ শ্রুতিঃ। পরমাত্মন এব স্বসৃষ্টদেহে প্রবেশং দেহসম্বন্ধেন ভোক্তৃত্বঞ্চ দর্শয়তি, তেন চেতনা-চেতনং সর্ব্বং জগন্নারায়ণাত্মকমিত্যুক্তং ভবতি ॥৪০॥ প্রধ্যানেতি। ধ্যানসমকালে প্রজাহেতোঃ প্রজানামুৎপত্ত্যর্থং সনাতনশ্চিরন্তনো ব্রহ্মা নাভিপদ্মাদ্বিনিঃসৃতস্তাদৃশেন রূপেণ ধ্যাতুর্দৃষ্টৌ প্রত্যভাদিত্যর্থঃ। ততো ধ্যাতমাত্রে ধ্যানানন্তরং বিষ্ণোর্নাভ্যাং পদ্মঃ সমুত্থিতঃ ॥৪১॥

দর্শন করেন। মহর্ষিরা এইখানে নারায়ণের বিষয়ে এই শ্লোকের উল্লেখ করেন ॥৩৯॥

'সেই ভগবানের দেহস্বরূপ জলই 'নারা'; এইরূপ জলের নাম শুনিয়াছি। সেই নারাই আশ্রয়; তাহা অবলম্বন করিয়া তিনি থাকেন এবং সেই জন্যই তিনি নারায়ণ' ॥৪০॥

তাঁহার পর সেই নারায়ণ প্রজাসৃষ্টির জন্য চিন্তা করেন এবং সেই চিন্তা করিবার সময়েই তাঁহার নাভিমণ্ডলে কল্পান্তস্থায়ী একটা পদ্ম উত্থিত হয় ॥৪১॥

তাঁহার পর চতুর্মুখ ও লোকপিতামহ ব্রহ্মা সেই পদ্ম হইতে নির্গত হইয়া তৎক্ষণাৎ সেই পদ্মেই উপবেশন করেন ॥৪২॥

শূন্যং দৃষ্ট্বা জগৎ কৃৎস্নং মানসানাত্মনঃ সমান্।
ততো মরীচিপ্রমুখান্ মহর্ষীনসৃজন্নব ॥৪৩॥
তেঽসৃজন্ সর্বভূতানি ত্রসানি স্থাবরাণি চ।
যক্ষরাক্ষসভূতানি পিশাচোরগমানুষান্ ॥৪৪॥
সৃজতে ব্রহ্মমূর্ত্তিস্তু রক্ষতে পৌরুষী তনুঃ।
রৌদ্রী ভাবেন শময়েত্তিস্রোঽবস্থাঃ প্রজাপতেঃ ॥৪৫॥
ন শ্রুতং তে সিন্ধুপতে! বিষ্ণোরদ্ভুতকর্ম্মণঃ।
কথ্যমানানি মুনিভির্ব্রাহ্মণৈর্বেদপারগৈঃ ॥৪৬॥
জলেন সমনুপ্রাপ্তে সর্বতঃ পৃথিবীতলে।
তদা চৈকার্ণবে তস্মিন্নেকাকাশে প্রভুশ্চরন্ ॥৪৭॥

ভারতকৌমুদী

শূন্যমিতি। নব—মরীচ্যত্র্যঙ্গিরঃপুলস্ত্যপুলহক্রতুভৃগুবশিষ্ঠনারদান্ ॥৪৩॥
ত ইতি। ত্রসানি জঙ্গমানি। গোবৃষন্যায়াজ্জঙ্গমেষু বিশেষানাহ যক্ষেত্যাদি ॥৪৪॥
সৃজত ইতি। পৌরুষী নারায়ণী। ভাবেন সংহারক্রিয়য়া। প্রজাপতেরীশ্বরস্য ॥৪৫॥
নেতি। যানি চরিত্রাণি কথ্যমানানি সন্তি, তেষাং শ্রুতং শ্রবণং নাসীদিতি কাকুঃ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

তস্মিংশ্চ পদ্মে পিতামহ উপবিষ্ট ইতি ক্রমভঙ্গেন যোজ্যম্ ॥৪২॥ মরীচিপ্রমুখান্ "মরীচিরত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ। বশিষ্ঠো নারদশ্চৈব ভৃগুর্নব মহর্ষয়ঃ" ॥৪৩॥ ত্রসানি জঙ্গমানি ॥৪৪॥ প্রজাপতেরীশ্বরস্য মায়াশবলস্য তিস্রোঽবস্থা একৈকগুণোৎকর্ষনিমিত্তাঃ। রজস উৎকর্ষে ব্রহ্মা সন্ সৃজতে, সত্ত্বোৎকর্ষে পৌরুষীং বৈষ্ণবীং তনুং প্রবিশ্য রক্ষতি, তমস উৎকর্ষে রৌদ্রীভাবেন রুদ্রভাবেন শময়েদিতি ॥৪৫॥ হে সিন্ধুপতে! তে তব শ্রুতং শ্রবণং নাস্তি যতো বিষ্ণোরদ্ভুতকর্ম্মণঃ কথ্যমানানি কথনীয়ানি কর্ম্মাণি ন বেৎসীতি শেষঃ ॥৪৬॥

তৎপরে তিনি সমগ্র জগৎটাকে শূন্য দেখিয়া মনের সঙ্কল্পদ্বারাই নিজের তুল্য মরীচিপ্রভৃতি নয় জন মহর্ষিকে সৃষ্টি করেন ॥৪৩॥

সেই মরীচিপ্রভৃতি মহর্ষিরা আবার স্থাবর ও জঙ্গমরূপ সমস্ত ভূত এবং যক্ষ, রাক্ষস, ভূত, পিশাচ, সর্প ও মনুষ্য সৃষ্টি করেন ॥৪৪॥

ব্রহ্মমূর্ত্তিতে সৃষ্টি করেন, বিষ্ণুমূর্ত্তিতে রক্ষা করেন এবং রুদ্রমূর্ত্তিতে সংহার করেন; এই তিনটী অবস্থা ঈশ্বরের হইয়া থাকে ॥৪৫॥

সিন্ধুরাজ! মুনিরা এবং বেদপারদর্শী ব্রাহ্মণেরা অদ্ভুতকর্ম্মা বিষ্ণুর যে সকল চরিত্রের কথা বলিয়া থাকেন, সেগুলি কি তোমার শুনা নাই? ॥৪৬॥

(৪৪) তে সৃষ্ট্বা সর্বভূতানি...বা ব কা।

নিশায়ামিব খদ্যোতঃ প্রাবৃট্‌কালে সমন্ততঃ।
প্রতিষ্ঠানায় পৃথিবীং মার্গমাণস্তদাঽভবৎ ॥৪৮॥ (যুগ্মকম্)
জলে নিমগ্নাং গাং দৃষ্ট্বা চোদ্ধর্তুং মনসেচ্ছতি।
কিন্নু রূপমহং কৃত্বা সলিলাদুদ্ধরে মহীম্ ॥৪৯॥
এবং সঞ্চিন্ত্য মনসা দৃষ্ট্বা দিব্যেন চক্ষুষা।
জলক্রীড়াভিরুচিতং বারাহং রূপমস্মরৎ ॥৫০॥
কৃত্বা বরাহবপুষং বাঙ্ময়ং বেদসম্মিতম্।
দশযোজনবিস্তীর্ণমায়তং শতযোজনম্ ॥৫১॥
মহাপর্ব্বতবর্ষ্মাভং তীক্ষ্ণদংষ্ট্রং প্রদীপ্তিমৎ।
মহামেঘৌঘনির্ঘোষং নীলজীমূতসন্নিভম্ ॥৫২॥
ভূত্বা যজ্ঞবরাহো বৈ অপঃ সংপ্রাবিশৎ প্রভুঃ।
দংষ্ট্রৈণৈকেন চোদ্ধৃত্য স্বে স্থানে ন্যবিশন্মহীম্ ॥৫৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

জলেনেতি। সমন্তপ্রাপ্তে ব্যাপ্তে। প্রাবৃট্‌কালে নিশায়াং খদ্যোত ইব সমন্ততশ্চরন্ প্রভুর্নারায়ণঃ, প্রতিষ্ঠানায় স্রষ্টানাং জলাদীনামবস্থানায় পৃথিবীং মার্গমাণোঽভবৎ ॥৪৭—৪৮॥

জল ইতি। গাং পৃথিবীম্। পৃথিব্যুদ্ধারায় রূপধারণে বিতর্কমাহ কিমিতি ॥৪৯॥

এবমিতি। জলক্রীড়াভির্জলক্রীড়াসু, উচিতং যোগ্যম্ ॥৫০॥

কৃত্বেতি। বাঙ্ময়ং "চত্বারি শৃঙ্গাস্ত্রয়োঽস্য পাদা দ্বে শীর্ষে" ইত্যাদিশ্রুত্যা বাক্‌স্বরূপম্,

ভারতভাবদীপঃ

তান্যেব কর্ম্মাণ্যাহ—একার্ণবে সত্যেকাকাশে আকাশমাত্রে বায়ুতেজঃপৃথিবীরহিতে জলমাত্রে সতি ॥৪৭॥ খদ্যোত ইতি প্রকাশমাত্রমুচ্যতে। প্রতিষ্ঠানায় লোকপ্রতিষ্ঠাপনার্থম্ ॥৪৮—৪৯॥ জলক্রীড়াস্বভিরুচিতং প্রীতির্যস্য ॥৫০॥ বরাহবপুষমাত্মানমিতি শেষঃ। বাঙ্ময়ং চতুর্বেদময়ম্,

সমগ্র পৃথিবীটা জলব্যাপ্ত হইলে, জগৎটাই—একমাত্র সমুদ্রময় ও একমাত্র আকাশময় হইয়া থাকে; তখন—বর্ষাকালে রাত্রিতে একটা খদ্যোত যেমন সর্বত্র বিচরণ করে, সেইরূপ একমাত্র নারায়ণ সর্বত্র বিচরণ করিতে থাকিয়া সৃষ্ট পদার্থগুলির থাকিবার জন্য পৃথিবীর অন্বেষণ করিতে থাকেন ॥৪৭—৪৮॥

এবং তিনি পৃথিবীকে জলে নিমগ্ন দেখিয়া তাঁহাকে উদ্ধার করিবার ইচ্ছা করেন, আর ভাবেন যে, কিরূপ মূর্ত্তি ধারণ করিয়া জল হইতে পৃথিবীকে উদ্ধার করিব ॥৪৯॥

এইরূপ মনে মনে চিন্তা করিয়া দিব্য চক্ষুতে দেখিয়া জলক্রীড়ার যোগ্য বরাহমূর্ত্তি স্মরণ করেন ॥৫০॥

তাহার পর প্রভু নারায়ণ—বাঙ্ময় ও বেদবোধিত আপন মূর্ত্তিকে বরাহমূর্ত্তি

পুনরেব মহাবাহুরপূর্বাং তনুমাশ্রিতঃ।
নরস্য কৃত্বাঽর্দ্ধতনুং সিংহস্যার্দ্ধতনুং প্রভুঃ ॥৫৪॥
দৈত্যেন্দ্রস্য সভাং গত্বা পাণিং সংস্পৃশ্য পাণিনা।
দৈত্যানামাদিপুরুষঃ সুরারির্দিতিনন্দনঃ ॥৫৫॥
দৃষ্ট্বা চাপূর্ব্ববপুষং ক্রোধাৎ সংরক্তলোচনঃ।
শূলোদ্যতকরঃ স্রগ্বী হিরণ্যকশিপুস্তদা ॥৫৬॥
মেঘস্তনিতনির্ঘোষো নীলাভ্রচয়সন্নিভঃ।
দেবারির্দিতিজো বীরো নৃসিংহং সমুপাদ্রবৎ ॥৫৭॥ (কলাপকম্)
সমুপেত্য ততস্তীক্ষ্ণৈর্ম্মৃগেন্দ্রেণ বলীয়সা।
নারসিংহেন বপুষা দারিতঃ করজৈস্তৃশম্ ॥৫৮॥

ভারতকৌমুদী

বেদসম্মিতং "বিষ্ণুর্গোপা অদাভ্যঃ" ইত্যাদিশ্রুত্যা বেদপ্রমিতম্, আখ্যানমিতি শেষঃ, বরাহস্তেব বপুর্যস্য তং তাদৃশম্। মহাপর্ব্বতস্য বর্ষ্মণঃ শরীরস্যেব আভা যস্য তম্। প্রদীপ্তিমদিতি ক্লীবত্বমার্ষম্। অপো জলম্, প্রভুর্বিষ্ণুঃ। দংষ্ট্রেণ দংষ্ট্রয়া। খে স্থানে আকাশদেশে ন্যবিশৎ স্বপ্রভাবেণৈব স্থাপিতবান্‌ ॥৫১—৫৩॥

নৃসিংহমূর্ত্তিমাহ পুনরিতি। তনোরপূর্বত্বং প্রতিপাদয়তি নরস্যেতি। সংস্পৃশ্য অতিষ্ঠদিতি শেষঃ। অপূর্ববপুষং নৃসিংহম্। স্রগ্বী মালাধারী। নীলাভ্রচয়সন্নিভঃ নীলমেঘসমূহসদৃশঃ। সমুপাদ্রবৎ হন্তুমভ্যধাবৎ ॥৫৪—৫৭॥

ভারতভাবদীপঃ

বেদসম্মিতং বেদপ্রমিতস্বরূপম্ ॥৫১॥ বর্ষ্ম শরীরম্ ॥৫২॥ দংষ্ট্রেণ দংষ্ট্রয়া, ন্যবিশৎ ন্যবেশয়ৎ ॥৫৩॥ এবং বরাহাবতারমুক্ত্বা নরসিংহাবতারমাহ—পুনরেবেত্যাদিনা। অপূর্বাং লোকে পূর্বং ন দৃষ্টাম্ ॥৫৪—৫৭॥ মৃগেন্দ্রেণাপি সমুপেত্য দৈত্যসমীপে গত্বা সমুপাদ্রবন্, হিরণ্য-

করিয়া, যজ্ঞবরাহ হইয়া, জলে যাইয়া প্রবেশ করেন এবং একটা দন্তদ্বারা পৃথিবীকে উত্তোলন করিয়া আকাশে স্থাপন করেন। সেই বরাহমূর্ত্তিটা—দশ যোজনবিস্তৃত, শতযোজনদীর্ঘ, মহাপর্ব্বততুল্য উচ্চ, তীক্ষ্ণদন্তযুক্ত, প্রখরদীপ্তিসমন্বিত, মহামেঘতুল্য গর্জনশীল এবং নীলমেঘতুল্য কৃষ্ণবর্ণ হইয়া থাকে ॥৫১-৫৩॥

আবার মহাবাহু নারায়ণ—নীচের অর্দ্ধ মনুষ্যাকৃতি এবং উপরের অর্দ্ধ সিংহাকৃতি এইরূপ অপূর্ব্বমূর্ত্তি ধারণ করিয়া, দৈত্যরাজ হিরণ্যকশিপুর সভায় যাইয়া, হস্তদ্বারা হস্তস্পর্শ করিয়া অবস্থান করেন। তখন দিতির পুত্র, দৈত্যগণের আদিপুরুষ, দেবতাদের শত্রু, মেঘের ন্যায় গম্ভীরস্বর, নীলমেঘের ন্যায় কৃষ্ণবর্ণ ও মালাধারী মহাবীর হিরণ্যকশিপু—অপূর্ব্বমূর্ত্তি নৃসিংহকে দেখিয়া, ক্রোধে আরক্তনয়ন হইয়া, শূল উত্তোলন করিয়া ধাবিত হন ॥৫৪—৫৭॥

এবং নিহত্য ভগবান্ দৈত্যেন্দ্রং রিপুঘাতিনম্ ।
ভূয়োঽন্যঃ পুণ্ডরীকাক্ষঃ প্রভুর্লোকহিতায় চ ॥৫৯॥
কশ্যপস্যাত্মজঃ শ্রীমান্ অদিত্যা গর্ভধারিতঃ ।
পূর্ণে বর্ষসহস্রে তু প্রসূতা গর্ভমুত্তমম্ ॥৬০॥ (যুগ্মকম্)
দুর্দ্দিনাম্ভোদসদৃশো দীপ্তাক্ষো বামনাকৃতিঃ ।
দণ্ডী কমণ্ডলুধরঃ শ্রীবৎসোরসি ভূষিতঃ ।
জটী যজ্ঞোপবীতী চ ভগবান্ বালরূপধৃক্ ॥৬১॥
যজ্ঞবাটং গতঃ শ্রীমান্ দানবেন্দ্রস্য বৈ তদা ।
বৃহস্পতিসহায়োঽসৌ প্রবিষ্টো বলিনো মখে ॥৬২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সমিতি। মৃগেন্দ্রেণ সিংহবদ্ভয়ঙ্করকায়েন। দারিতো হিরণ্যকশিপুঃ, করজৈর্নখৈঃ ॥৫৮॥

বামনাবতারমাহ এবমিতি। অন্যো বামনঃ সন্। গর্ভে ধারিতো গর্ভধারিতঃ ॥৫৯—৬০॥

দুর্দ্দিনেতি। "মেঘাচ্ছন্নেঽহ্নি দুর্দ্দিনম্" ইত্যমরঃ। দুর্দ্দিনস্য অম্ভোদসদৃশঃ সজলমেঘবর্ণঃ, দীপ্তাক্ষ উজ্জ্বলনয়নঃ, বামনাকৃতিঃ খর্ব্বাকারঃ। উরসি বক্ষসি, শ্রীবৎসেন তদাখ্যেন রোমাবর্ত্তেন ভূষিতঃ। তৃতীয়ালোপ আর্ষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। যজ্ঞবাটং যজ্ঞপ্রদেশম্। বৃহস্পতিঃ সহায়ঃ সহচরো যস্য সঃ ॥৬১—৬২॥

ভারতভাবদীপঃ

কশিপুঃ করজৈর্নখৈর্দারিতঃ ॥৫৮॥ এবং নৃসিংহাবতারকথামুপসংহৃত্য বামনাবতারকথাং প্রস্তৌতি এবমিতি ॥৫৯॥ গর্ভে ধারিতঃ গর্ভধারিতঃ। সপ্তমীতি যোগবিভাগাৎ সমাসঃ ॥৬০॥ দুর্দ্দিনং প্রাবৃড়্দিনম্, তত্র ভবোঽম্ভোদঃ কৃষ্ণমেঘস্তৎসদৃশঃ। "মেঘাচ্ছন্নেঽহ্নি দুর্দ্দিনম্" ইত্যমরঃ। শ্রীবৎসেনোরসিভূষিত ইত্যলুপ্তবিভক্তিকং পদম্। বালঃ বামনঃ ॥৬১॥ বাটং স্থানম্ ॥৬২॥

তাহার পর বলবান্ নরসিংহমূর্ত্তিধারী নারায়ণ অগ্রসর হইয়া তীক্ষ্ণ নখদ্বারা সেই হিরণ্যকশিপুকে অত্যন্ত বিদীর্ণ করিলেন ॥৫৮॥

ভগবান্ ও প্রভু নারায়ণ এইভাবে শত্রুহন্তা হিরণ্যকশিপুকে বধ করিয়া লোকহিতের জন্য পুনরায় অন্য মনোহর মূর্ত্তি ধারণ করিয়াছিলেন; সে অবতারে তিনি কশ্যপের পুত্র হন, অদিতি তাঁহাকে গর্ভে ধারণ করেন এবং সহস্র বৎসর পূর্ণ হইলে অদিতি সেই উত্তম গর্ভ প্রসব করেন ॥৫৯—৬০॥

তখন তিনি মেঘাচ্ছন্নদিনের মেঘের ন্যায় শ্যামবর্ণ, উজ্জ্বলনয়ন, খর্ব্বাকৃতি, দণ্ড ও কমণ্ডলুধারী, বক্ষে শ্রীবৎসচিহ্নভূষিত, জটা ও যজ্ঞোপবীতশালী এবং সুন্দর বালকমূর্ত্তি হইয়া দানবশ্রেষ্ঠ বলিরাজার যজ্ঞস্থানে গমন করেন এবং বৃহস্পতির সঙ্গে যজ্ঞে প্রবেশ করেন ॥৬১—৬২॥

তং দৃষ্ট্বা বামনতনুং প্রহৃষ্টো বলিরব্রবীৎ।
প্রীতোঽস্মি দর্শনে বিপ্র! ব্রূহি ত্বং কিং দদানি তে।
এবমুক্তস্তু বলিনা বামনঃ প্রত্যুবাচ হ ॥৬৩॥
স্বস্তীত্যুক্ত্বা বলিং দেবঃ স্ময়মানোঽভ্যভাষত।
মেদিনীং দানবপতে! দেহি মে বিক্রমত্রয়ম্ ॥৬৪॥
বলির্দদৌ প্রসন্নাত্মা বিপ্রায়ামিততেজসে।
ততো দিব্যাদ্ভুততমং রূপং বিক্রমতো হরেঃ ॥৬৫॥
বিক্রমৈস্ত্রিভিরক্ষোভ্যো জহারাশু স মেদিনীম্।
দদৌ শক্রায় চ মহীং বিষ্ণুর্দেবঃ সনাতনঃ ॥৬৬॥
এষ তে বামনো নাম প্রাদুর্ভাবঃ প্রকীর্ত্তিতঃ।
তেন দেবাঃ প্রাদুরাসন্ বৈষ্ণবক্ষোচ্যতে জগৎ ॥৬৭॥

ভারতকৌমুদী

তমিতি। পূর্ব্বত্র বলিন ইতি অত্র তু বলিরিতি দর্শনাদুভয়বিধো বলিশব্দঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৩॥

স্বস্তীতি। বিক্রাম্যতানেনেতি বিক্রমঃ পাদস্তত্রয়ং মৎপাদত্রয়পরিমিতামিত্যর্থঃ ॥৬৪॥

বলিরিতি। রূপমাসীদিতি শেষঃ, বিক্রমতঃ পাদত্রয়ভূমিমাক্রামতঃ ॥৬৫॥

বিক্রমৈরিতি। বিক্রমৈঃ পাদক্ষেপৈঃ, অক্ষোভ্যঃ সঙ্কল্পাদচালনীয়ঃ ॥৬৬॥

তখন বলি সেই খর্ব্বাকৃতি ব্রাহ্মণটাকে দেখিয়া আনন্দিত হইয়া বলিলেন—'ব্রাহ্মণ! আপনাকে দেখিয়াই আমি আনন্দিত হইয়াছি; অতএব আপনি বলুন—আপনাকে আমি কি দান করিব?'। বলি এইরূপ বলিলে, বামন প্রত্যুত্তর করিলেন ॥৬৩॥

বামনদেব 'স্বস্তি' বলিয়া ঈষৎ হাস্য করিয়া বলিকে বলিলেন—'দানবরাজ! আমাকে আমার পাদত্রয়পরিমিত ভূমি দান করুন' ॥৬৪॥

তখন বলি প্রসন্নচিত্তে অমিততেজা বামনকে তাহাই দান করিলেন। তাহার পর বামন যখন সেই ত্রিপাদভূমি আক্রমণ করেন, তখন তাঁহার রূপ—অলৌকিক ও অত্যন্ত অদ্ভুত হইয়াছিল ॥৬৫॥

সঙ্কল্প হইতে অচালনীয় ও সনাতন বামনরূপী নারায়ণ তিন পাদক্ষেপেই সমগ্র পৃথিবী হরণ করিলেন এবং তাহা ইন্দ্রকে দিলেন ॥৬৬॥

জয়দ্রথ! এই তোমার নিকট বামনাবতারের কথা বলিলাম। তাঁহার অনুগ্রহেই দেবতারা অভ্যুদয় লাভ করিয়াছেন এবং জগৎটাকে বৈষ্ণব বলা হইয়া থাকে ॥৬৭॥

অসতাং নিগ্রহার্থায় ধর্ম্মসংরক্ষণায় চ।
অবতীর্ণো মনুষ্যাণামজায়ত যদুক্ষয়ে।
স এষ ভগবান্ বিষ্ণুঃ কৃষ্ণেতি পরিকীর্ত্ত্যতে ॥৬৮॥
অনাদ্যন্তমজং দেবং প্রভুং লোকনমস্কৃতম্।
যং দেবং বিদুষো গান্তি তস্য কর্ম্মাণি সৈন্ধব। ॥৬৯॥
যমাহুরজিতং কৃষ্ণং শঙ্খচক্রগদাধরম্।
শ্রীবৎসধারিণং দেবং পীতকৌষেয়বাসসম্।
প্রধানং শস্ত্রবিদুষাং তেন কৃষ্ণেন রক্ষ্যতে ॥৭০॥
সহায়ঃ পুণ্ডরীকাক্ষঃ শ্রীমানতুলবিক্রমঃ।
সমানস্যন্দনে পার্থমাস্থায় পরবীরহা ॥৭১॥

ভারতকৌমুদী

এষ ইতি। প্রাদুর্ভাবঃ অবতারঃ। প্রাদুরাসন্ অভ্যুদিতা অভবন্ ॥৬৭॥
অসতামিতি। মনুষ্যাণাং মধ্যে, যদুক্ষয়ে যদুগৃহে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৮॥
অনেতি। বিদুষো বিদ্বাংসঃ, গান্তি গায়ন্তি। তস্য কিয়ন্তি কর্ম্মাণি ময়োক্তানি ॥৬৯॥
যমিতি। তেন কৃষ্ণেন শস্ত্রবিদুষাং প্রধানমর্জ্জুনো রক্ষ্যতে। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৭০॥
সহায় ইতি। সমানস্যন্দনে একরথে, পার্থমর্জ্জুনম্, আস্থায়াশ্রিত্য তিষ্ঠতীতি শেষঃ ॥৭১॥

ভারতভাবদীপঃ

বলিনো বলেঃ, অয়মিকারান্ত ইন্নন্তশ্চ শব্দো দৃশ্যতে। দদানি স্বদীপ্সিতমিতি শেষঃ ॥৬৩—৬৪॥ দিব্যঞ্চ তদদ্ভুতমঞ্চ রূপং বভূবেতি শেষঃ ॥৬৫—৬৭॥ অবতীর্ণোঽবতরণং কুর্ব্বন্নজায়ত আবির্ভূতঃ। যদুক্ষয়ে যদূনাং গৃহে ॥৬৮॥ তস্য কর্ম্মাণি বিদুষো বিদ্বাংসঃ, গান্তি গায়ন্তি ॥৬৯॥ সোঽর্জ্জুনঃ অস্ত্রবিদুষাং প্রধানং শ্রেষ্ঠঃ যম্ অজিতমাহুস্তেন কৃষ্ণেন

সেই ভগবান্ নারায়ণই দুর্জনের নিগ্রহ এবং ধর্ম্মরক্ষার জন্য মনুষ্যমধ্যে অবতীর্ণ হইয়া যদুকুলে জন্মিয়াছেন ; তাঁহাকেই 'কৃষ্ণ' বলা হয় ॥৬৮॥

সিন্ধুরাজ! জ্ঞানীরা যে দেবকে অনাদি, অনন্ত, অজ, নিয়ন্তা, সর্ব্বলোক-নমস্কৃত ও ক্রীড়াশীল বলিয়া থাকেন, আমি তাঁহার কিছু চরিত্র এই বলিলাম ॥৬৯॥

আর মুনিরা যাঁহাকে অজিত, শঙ্খ-চক্র-গদাধারী, শ্রীবৎসচিহ্নে চিহ্নিত এবং পীত-কৌষেয়-বস্ত্রপরিধায়ী কৃষ্ণ বলিয়া থাকেন, সেই কৃষ্ণই অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ অর্জ্জুনকে রক্ষা করিয়া থাকেন ॥৭০॥

আর অতুলনীয়বিক্রমশালী, শত্রুবীরহন্তা ও পরমসুন্দরাকৃতি কৃষ্ণ সহায় হইয়া অর্জ্জুনকে অবলম্বন করিয়া একরথে অবস্থান করেন ॥৭১॥

ন শক্যতে তেন জেতুং ত্রিদশৈরপি দুঃসহঃ।
কঃ পুনর্মানুষো ভাবো রণে পার্থং বিজেষ্যতে ॥৭২॥
তমেকং বর্জয়িত্বা তু সর্ব্বং যৌধিষ্ঠিরং বলম্।
চতুরঃ পাণ্ডবান্ রাজন্! দিনৈকং জেষ্যসে রিপূন্ ॥৭৩॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যেবমুক্ত্বা নৃপতিং সর্ব্বপাপহরো হরঃ।
উমাপতিঃ পশুপতির্যজ্ঞহা ত্রিপুরার্দ্দনঃ ॥৭৪॥
বামনৈর্বিকটৈঃ কুব্জৈরুগ্রশ্রবণদর্শনৈঃ।
বৃতঃ পারিষদৈর্বীরৈর্নানাপ্রহরণোদ্যতৈঃ ॥৭৫॥
ত্র্যম্বকো রাজশার্দ্দূল! ভগনেত্রনিপাতনঃ।
উমাসহায়ো ভগবাংস্তত্রৈবান্তরধীয়ত ॥৭৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

নেতি। ভাবো বীরত্বেন গৌরবিতোঽপি, "ভাবো গৌরবিতে জন্তৌ" ইতি ত্রিকাণ্ড-শেষঃ ॥৭২॥

তমিতি। তমর্জ্জুনম্। দিনৈকম্ একদিনম্ একবারমেবেত্যর্থঃ ॥৭৩॥

ইতীতি। নৃপতিং জয়দ্রথম্। যজ্ঞহা দক্ষযজ্ঞহন্তা। বামনৈঃ খর্বৈঃ, উগ্রাণি শ্রবণ-দর্শনানি কর্ণনয়নানি যেষাং তৈঃ। ভগস্য দেববিশেষস্য নেত্রং দক্ষযজ্ঞে নিপাতিতবানিতি ভগনেত্রনিপাতনঃ। উমাসহায় উময়া পার্বত্যা সহিতঃ ॥৭৪—৭৬॥

ভারতভাবদীপঃ

রক্ষ্যতে ॥৭০—৭১॥ তেন কৃষ্ণসহায়ত্বেন হেতুনা, ভাবঃ পূজ্যতমঃ। "ভাবঃ পূজ্যতমে লোকে" ইত্যনেকার্থঃ ॥৭২॥ দিনৈকমেকদিনমেব ন সর্ব্বদা ॥৭৩—৭৫॥ দক্ষযজ্ঞে ভগস্য নেত্রং নিপাতিতবান্ ভগনেত্রনিপাতনঃ ॥৭৬—৭৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড়্‌বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২৬॥

সুতরাং সেই দুর্দ্ধর্ষ অর্জ্জুনকে দেবতারাও জয় করিতে সমর্থ হন না। অতএব কোন্ মানুষ সেই অর্জ্জুনকে যুদ্ধে জয় করিবে? ॥৭২॥

অতএব জয়দ্রথ! তুমি—এক সেই অর্জ্জুন ব্যতীত যুধিষ্ঠিরের সমস্ত সৈন্যকে এবং অপর চারি জন পাণ্ডবকে একদিনমাত্র জয় করিতে পারিবে' ॥৭৩॥

বৈশম্পায়ন বলিলেন—রাজশ্রেষ্ঠ জনমেজয়! তাহার পর সর্ব্বপাপনাশক, উমাপতি, পশুপতি, দক্ষযজ্ঞনাশক, ত্রিপুরাসুরহন্তা, ভগের নয়নবিধ্বংসী ও ত্রিলোচন মহাদেব—খর্ব্ব, বিকটমূর্ত্তি, উগ্রকর্ণ, উগ্রনয়ন ও নানাবিধ অস্ত্রধারী বীর পারিষদবর্গে পরিবেষ্টিত হইয়া পার্ব্বতীর সহিত সেই স্থানেই অন্তর্হিত হইলেন ॥৭৪—৭৬॥

জয়দ্রথোঽপি মন্দাত্মা স্বমেব ভবনং যযৌ।
পাণ্ডবাশ্চ বনে তস্মিন্ ন্যবসন্ কাম্যকে তথা ॥৭৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে জয়দ্রথবিমোক্ষণে ষড়্‌বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

সপ্তবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

জনমেজয় উবাচ।

এবং হৃতায়াং কৃষ্ণায়াং প্রাপ্য ক্লেশমনুত্তমম্।
অত ঊর্দ্ধং নরব্যাঘ্রাঃ কিমকুর্ব্বত পাণ্ডবাঃ ॥১॥

বৈশম্পায়ন উবাচ।

এবং কৃষ্ণাং মোক্ষয়িত্বা বিনির্জ্জিত্য জয়দ্রথম্।
আসাঞ্চক্রে মুনিগণৈর্ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥২॥
তেষাং মধ্যে মহর্ষীণাং শৃণ্বতামনুশোচতাম্।
মার্কণ্ডেয়মিদং বাক্যমব্রবীৎ পাণ্ডুনন্দনঃ ॥৩॥

ভারতকৌমুদী

জয়েতি। মন্দাত্মা বিষণ্ণমনাঃ, আশানুরূপবরালাভাদিতি ভাবঃ ॥৭৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে ষড়্‌বিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

এবমিতি। কৃষ্ণায়াং দ্রৌপদ্যাম্। অনুত্তমম্ অত্যধিকম্। ঊর্দ্ধং পরম্ ॥১॥

এবমিতি। আসাঞ্চক্রে অবতস্থে, মুনিগণৈঃ সহ ॥২॥

জয়দ্রথও বিষণ্ণমনে আপন ভবনেই প্রস্থান করিলেন এবং পাণ্ডবেরাও সেই কাম্যকবনেই বাস করিতে লাগিলেন ॥৭৭॥

——(০:*:০)——

জনমেজয় বলিলেন—'মহর্ষি! জয়দ্রথ দ্রৌপদীকে হরণ করিলে, নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা এইরূপ গুরুতর কষ্ট পাইয়া তাহার পর কি করিয়াছিলেন?' ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! ধর্ম্মরাজ যুধিষ্ঠির এইভাবে জয়দ্রথকে জয় করিয়া দ্রৌপদীকে মোচনপূর্ব্বক মুনিগণের সহিত বাস করিতে লাগিলেন ॥২॥

* '...ঊনবষ্ট্যধিকদ্বিশততমঃ...' পি, '...একসপ্তত্যধিকদ্বি...' বা ব, '...দ্বিসপ্তত্যধিক-দ্বি...' কা, '...ত্রিসপ্তত্যধিকদ্বি...' নি।

যুধিষ্ঠির উবাচ।

ভগবন্ ! দেবর্ষীণাং ত্বং খ্যাতো ভূতভবিষ্যবিৎ।
সংশয়ং পরিপৃচ্ছামি তং ছিন্ধি হৃদি মে স্থিতম্ ॥৪॥
দ্রুপদস্য সুতা হ্যেষা বেদিমধ্যাৎ সমুত্থিতা।
অযোনিজা মহাভাগা স্নুষা পাণ্ডোর্মহাত্মনঃ ॥৫॥
মন্যে কালশ্চ ভগবান্ দৈবঞ্চ দুরতিক্রমম্।
ভবিতব্যঞ্চ ভূতানাং যস্য নাস্তি ব্যতিক্রমঃ ॥৬॥
ইমাং হি পত্নীমস্মাকং ধর্ম্মজ্ঞাং ধর্ম্মচারিণীম্।
সংস্পৃশেদীদৃশো ভাবঃ শুচিং স্তৈন্যমিবানৃতম্ ॥৭॥
নহি পাপং কৃতং কিঞ্চিৎ কর্ম্ম বা নিন্দিতং কচিৎ।
দ্রৌপদ্যা ব্রাহ্মণেষ্বেব ধর্ম্মঃ সুচরিতো মহান্ ॥৮॥

ভারতকৌমুদী

তেষামিতি। শৃণ্বতাম্—অনুশোচনমেব, অনুশোচতাং দ্রৌপদীং পাণ্ডবাংশ্চ ॥৩॥
ভগবন্নিতি। ভূতভবিষ্যদ্বিত্বাদ্বর্ত্তমানবিদপি। সংশয়ং তদ্বিষয়ম্ ॥৪॥
দ্রুপদস্যেতি। বেদিমধ্যাদ্যজ্ঞবেদিতঃ। স্নুষা পুত্রবধূঃ ॥৫॥
মন্য ইতি। এতত্ত্রয়মেব দুরতিক্রমং মন্যে। ব্যতিক্রমঃ অন্যথাত্বম্ ॥৬॥
ইমামিতি। ভাবঃ অবস্থা, শুচিং নির্ম্মলং জনম্, অনৃতং স্তৈন্যং চৌর্য্যং চৌর্য্যাপবাদ ইব ॥৭॥

একদা সেই মহর্ষিদের মধ্যে অনেকে পাণ্ডবদের বিষয়ে শোক করিতেছিলেন এবং অনেকে তাহা শুনিতেছিলেন, এমন সময়ে যুধিষ্ঠির মার্কণ্ডেয়মুনির নিকট এই কথা বলিলেন ॥৩॥

যুধিষ্ঠির বলিলেন—'ভগবন্। আপনি ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানের সমস্ত ঘটনাই জানেন বলিয়া দেবগণ এবং ঋষিগণের মধ্যেও প্রসিদ্ধি রহিয়াছে। অতএব আমি একটা সন্দেহের বিষয় জিজ্ঞাসা করিতেছি, আপনি আমার হৃদয়স্থিত সেই সন্দেহটা দূর করুন ॥৪॥

ইনি দ্রুপদরাজার তনয়া, যজ্ঞবেদি হইতে উত্থিত হইয়াছেন, অযোনিজা, মহাভাগা এবং মহাত্মা পাণ্ডুর পুত্রবধূ ॥৫॥

এদিকে মাহাত্ম্যশালী কাল, দৈব ও প্রাণিগণের ভবিতব্য এই তিনটাকেই আমি দুরতিক্রম বলিয়া মনে করি। কারণ, যেগুলির ব্যতিক্রম হয় না ॥৬॥

মিথ্যা চৌর্য্যদোষ যেমন পবিত্র লোককে স্পর্শ করে, সেইরূপ এই প্রকার অবস্থা আসিয়া ধর্ম্মজ্ঞা ও ধর্ম্মচারিণী আমাদের এই পত্নীকে স্পর্শ করিয়া থাকিবে ॥৭॥

(৬)···দৈবঞ্চ বিধিনির্ম্মিতম্···বা ব কা।

তাং জহার বলাদ্রাজা মূঢ়বুদ্ধির্জয়দ্রথঃ।
তস্যাঃ সংহরণাৎ প্রাপ্তঃ শিরসঃ কেশপাতনম্ ॥৯॥
পরাজয়ঞ্চ সংগ্রামে সসহায়ঃ সমাপ্তবান্।
প্রত্যাহৃতা তথাস্মাভির্হত্বা তৎ সৈন্ধবং বলম্ ॥১০॥
তদ্দারহরণং প্রাপ্তমস্মাভিরবিতর্কিতম্।
দুঃখশ্চায়ং বনে বাসো মৃগয়ায়াঞ্চ জীবিকা ॥১১॥
হিংসা চ মৃগজাতীনাং বনৌকোভির্বনৌকসাম্।
জ্ঞাতিভির্বিপ্রবাসশ্চ মিথ্যাব্যবসিতৈরয়ম্ ॥১২॥
অস্তি নূনং ময়া কশ্চিদল্পভাগ্যতরো নৃপঃ।
ভবতা দৃষ্টপূর্ব্বো বা শ্রুতপূর্ব্বোঽপি বা ভবেৎ ॥১৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদী-হরণে যুধিষ্ঠিরপ্রশ্নে সপ্তবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নহীতি। ধর্ম্মঃ সেবাদানাদিঃ, সুচরিতঃ সম্যগাচরিতঃ ॥৮॥
তামিতি। সংহরণাদপহরণাৎ, প্রাপ্তো জয়দ্রথ এব ॥৯॥
পরেতি। সমাপ্তবান্ প্রাপ্তবান্ জয়দ্রথ ইত্যনুবৃত্তিঃ। সৈন্ধবং জয়দ্রথসম্বন্ধি ॥১০॥
তদিতি। দারহরণং ভার্য্যাহরণদুঃখম্, অবিতর্কিতং পূর্ব্বমচিন্তিতম্ ॥১১॥
হিংসেতি। বনৌকোভির্বনবাসিভিরস্মাভিঃ। বিপ্রবাসঃ অস্মাকং নির্বাসনম্ ॥১২॥

দ্রৌপদী কখনও কোন পাপকার্য্য বা নিন্দিত কার্য্য করেন নাই, বরং ব্রাহ্মণগণের বিষয়ে গুরুতর ধর্ম্ম আচরণই করিয়াছেন ॥৮॥

অথ চ মূঢ়মতি জয়দ্রথরাজা তাঁহাকেই হরণ করিল। এবং তাঁহাকে হরণ করায় মস্তকের কেশমুণ্ডন প্রাপ্ত হইল। ॥৯॥

এবং জয়দ্রথ সহচরগণের সহিত যুদ্ধে পরাজিত হইল; আর আমরা তাহার সৈন্যগণকে সংহার করিয়া দ্রৌপদীকে প্রত্যাহরণ করিলাম ॥১০॥

আমরা সেই অতর্কিত ভার্য্যাহরণদুঃখ পাইলাম, এই দুঃখকর বনবাস চলিতেছে এবং মৃগয়ায় জীবিকানির্বাহ হইতেছে ॥১১॥

আর আমরা বনবাসী হইয়াও বনবাসী মৃগজাতিরই হিংসা করিতেছি এবং মিথ্যাচারী জ্ঞাতিরা আমাদের এই নির্ব্বাসন ঘটাইয়া দিয়াছে ॥১২॥

(৯)···তস্যাঃ সংহরণাৎ পাপঃ শিরসঃ কেশপাতনম্—বা ব কা। (১২)···মিথ্যাব্যবসিতৈস্থিরম্—বা ব কা নি। (১৩)···অল্পভাগ্যতরো নরঃ···বা ব কা নি। * '···ষষ্ট্যধিকদ্বিশততমঃ···' পি, '···দ্বিসপ্তত্যধিকদ্বি···' বা ব, '···ত্রিসপ্তত্যধিকদ্বি···' কা, '···চতুঃসপ্তত্যধিকদ্বি···' নি।

অষ্টাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——•:(*):•——

মার্কণ্ডেয় উবাচ।

প্রাপ্তমপ্রতিমং দুঃখং রামেণ ভরতর্ষভ ! ।
রক্ষসা জানকী তস্য হৃতা ভার্য্যা বলীয়সা ॥১॥
আশ্রমাদ্রাক্ষসেন্দ্রেণ রাবণেন দুরাত্মনা ।
মায়ামাস্থায় তরসা হত্বা গৃধ্রং জটায়ুষম্ ॥২॥ (যুগ্মকম্)
প্রত্যাজহার তাং রামঃ সুগ্রীববলমাশ্রিতঃ ।
বদ্ধা সেতুং সমুদ্রস্য দগ্ধ্বা লঙ্কাং শিতৈঃ শরৈঃ ॥৩॥

ভারতকৌমুদী

অস্তীতি। নূনং তর্কে, ময়া সদৃশ ইতি শেষঃ ॥১৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে সপ্তবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥•॥

————:(•):————

"আচার্য্যাণামিয়ং শৈলী যৎ সংক্ষেপেণাভিধায় বিস্তরেণাভিধত্তে" ইতি নিয়মাৎ প্রথমং সংক্ষেপেণ রামচরিতমাহ প্রাপ্তমিতি। জানকী জনকপুত্রী। তরসা বলেন ॥১—২॥

প্রতীতি। রামঃ শিতৈঃ শরৈঃ তাং জানকীং প্রত্যাজহারেতি সম্বন্ধঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—৫॥ দৈবং ধর্ম্মাধর্ম্মৌ বিধিঃ সদসৎকর্ম্মণী তাভ্যাং নির্ম্মিতম্ ॥৬॥ ঈদৃশো ভাবঃ পরেণ হরণম্ ॥৭—১১॥ মিথ্যাব্যবসিতৈঃ বৃথাতাপসবেষধরৈঃ ইয়ং হিংসা ক্রিয়ত ইতি শেষঃ ॥১২॥ ময়া সম ইতি শেষঃ ॥১৩॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২৭॥

অতএব জিজ্ঞাসা করি—আমার মত অত্যন্ত অল্পভাগ্যশালী কোন রাজা আছেন কি ? কিংবা আপনি পূর্ব্বেও সেরূপ কোন রাজাকে দেখিয়াছেন বা তাঁহার বিষয় শুনিয়াছেন কি ?' ॥১৩॥

————:(•):————

মার্কণ্ডেয় বলিলেন— ভরতশ্রেষ্ঠ ! রামচন্দ্র অতুলনীয় দুঃখ ভোগ করিয়াছিলেন। কারণ, রাক্ষসাধিপতি, মহাবলশালী ও দুরাত্মা রাক্ষস রাবণ, সন্ন্যাসীর বেশ ধারণ করিয়া এবং বলপূর্ব্বক জটায়ুপক্ষীকে বধ করিয়া রামেরই আশ্রম হইতে তাঁহারই ভার্য্যা সীতাকে হরণ করিয়াছিলেন ॥১—২॥

যুধিষ্ঠির উবাচ।

কস্মিন্ রামঃ কুলে জাতঃ কিংবীর্য্যঃ কিংপরাক্রমঃ।
রাবণঃ কস্য পুত্রো বা কিং বৈরং তস্য তেন চ ॥৪॥
এতন্মে ভগবন্! সর্ব্বং সম্যগাখ্যাতুমর্হসি।
শ্রোতুমিচ্ছামি চরিতং রামস্যাক্লিষ্টকর্ম্মণঃ ॥৫॥

মার্কণ্ডেয় উবাচ।

অজো নামাভবদ্রাজা মহানিক্ষ্বাকুবংশজঃ।
তস্য পুত্রো দশরথঃ শশ্বৎ স্বাধ্যায়বান্ শুচিঃ ॥৬॥
অভবংস্তস্য চত্বারঃ পুত্রা ধর্ম্মার্থকোবিদাঃ।
রামলক্ষ্মণশত্রুঘ্না ভরতশ্চ মহাবলঃ ॥৭॥
রামস্য মাতা কৌশল্যা কৈকেয়ী ভরতস্য চ।
সুতৌ লক্ষ্মণশত্রুঘ্নৌ সুমিত্রায়াঃ পরন্তপৌ ॥৮॥

ভারতকৌমুদী

কস্মিন্নিতি। কিং কীদৃশং বীর্য্যং যস্য সঃ। অন্যত্রাপ্যেবম্। কিং কিংহেতুকম্ ॥৪॥
এতদিতি। সম্যক্ বিস্তরেণ। প্রাক্শ্রবণাদক্লিষ্টকর্ম্মণ ইত্যুক্তম্ ॥৫॥
অজ ইতি। শশ্বৎ সর্বদা, স্বাধ্যায়বান্ বেদপাঠশালী, শুচিঃ পবিত্রঃ ॥৬॥
অভবন্নিতি। ধর্ম্মার্থয়োঃ কোবিদা বিচক্ষণাঃ ॥৭॥
রামস্যেতি। কৌশল্যা-কৈকেয়ী-সুমিত্রা রাজ্ঞো দশরথস্য ভার্য্যা ইত্যর্থঃ ॥৮॥

তাহার পর রামচন্দ্র সুগ্রীবের বল অবলম্বনপূর্বক সমুদ্রে সেতুবন্ধন ও লঙ্কাদাহ করিয়া নিশ্চিত বাধাহীনা সীতাকে উদ্ধার করিয়াছিলেন ॥৩॥

যুধিষ্ঠির বলিলেন—'রাম কোন্ বংশে জন্মিয়াছিলেন? কিপ্রকারই বা তাঁহার বল ও বিক্রম ছিল? এবং রাবণই বা কাঁহার পুত্র ছিলেন? আর কি কারণেই বা তাঁহার রামের সহিত শত্রুতা জন্মিয়াছিল? ॥৪॥

ভগবন্! এই সমস্ত বিষয় আপনি বিস্তরক্রমে বলুন। আমি অক্লিষ্টকর্ম্মা রামের চরিত্র শুনিতে ইচ্ছা করি' ॥৫॥

মার্কণ্ডেয় বলিলেন—'অজ-' নামে ইক্ষ্বাকুবংশজাত এক মহারাজ ছিলেন এবং 'দশরথ-' নামে তাঁহার এক পুত্র হইয়াছিল; সেই দশরথ সর্ব্বদা বেদপাঠে নিরত ও পবিত্র থাকিতেন ॥৬॥

সেই দশরথের মহাবলশালী চারিটী পুত্র হইয়াছিল; তাঁহাদের নাম ছিল—রাম, লক্ষ্মণ, ভরত ও শত্রুঘ্ন; তাঁহারা যথাকালে ধর্ম্ম ও অর্থবিষয়ে বিচক্ষণ হইয়াছিলেন ॥৭॥

বিদেহরাজো জনকঃ সীতা তস্যাত্মজা বিভো!।
যাং চকার স্বয়ং স্বষ্টা রামস্য মহিষীং প্রিয়াম্ ॥৯॥
এতদ্রামস্য তে জন্ম সীতায়াশ্চ প্রকীর্ত্তিতম্।
রাবণস্যাপি তে জন্ম ব্যাখ্যাস্যামি জনেশ্বর!॥১০॥
পিতামহো রাবণস্য সাক্ষাদ্দেবঃ প্রজাপতিঃ।
স্বয়ম্ভূঃ সর্ব্বলোকানাং প্রভুঃ স্রষ্টা মহাতপাঃ ॥১১॥
পুলস্ত্যো নাম তস্যাসীন্মানসো দয়িতঃ সুতঃ।
তস্য বৈশ্রবণো নাম গবি পুত্রোঽভবৎ প্রভুঃ ॥১২॥
পিতরং স সমুৎসৃজ্য পিতামহমুপস্থিতঃ।
তস্য কোপাৎ পিতা রাজন্! সসর্জাত্মানমাত্মনা ॥১৩॥

ভারতকৌমুদী

বিদেহেতি। ত্বষ্টা প্রজাপতিরেব স্বয়ং চকার, অযোনিজেতি তাৎপর্য্যম্ ॥৯॥
এতদিতি। ব্যাখ্যাস্যামি বদিষ্যামি। জনেশ্বরেতি যুধিষ্ঠিরসম্বোধনম্ ॥১০॥
পিতেতি। প্রজাপতির্ব্রহ্মা। নারায়ণনাভিপদ্মাৎ স্বয়মেব ভবতীতি স্বয়ম্ভূঃ ॥১১॥
পুলস্ত্য ইতি। মানসঃ সঙ্কল্পমাত্রেণ জাতঃ। গবি তন্নাম্ন্যাং ভার্য্যায়াম্ ॥১২॥
পিতরমিতি। স বৈশ্রবণঃ। পিতা পুলস্ত্যঃ, সসর্জ ব্যক্ত্যন্তররূপেণ জনয়ামাস ॥১৩॥

ভারতভাবদীপঃ

প্রাপ্তমিতি ॥১॥ যাম্যাং সন্ন্যাসিবেশম্ ॥২—৮॥ ত্বষ্টা প্রজাপতিঃ, স্বয়মেব সঙ্কল্পেন চকার ন তু মৈথুনদ্বারা অযোনিজামিত্যর্থঃ ॥৯—১১॥ গবি গোসংজ্ঞায়াং ভার্য্যায়াম্ ॥১২॥ তস্য

রামের মাতা কৌশল্যা এবং ভরতের মাতা ছিলেন কৈকেয়ী; আর পরন্তপ লক্ষ্মণ ও শত্রুঘ্ন সুমিত্রার পুত্র ছিলেন ॥৮॥

নরনাথ! ওদিকে 'জনক—' নামে বিদেহদেশে এক রাজা ছিলেন; সীতা ছিলেন তাঁহার কন্যা। স্বয়ং প্রজাপতি যাঁহাকে রামের প্রিয়তমা মহিষী করিয়াছিলেন ॥৯॥

রাজা! এই তোমার নিকট রাম ও সীতার জন্মবৃত্তান্ত বলিলাম; এখন রাবণের জন্মবৃত্তান্তও তোমার নিকট বলিব ॥১০॥

সমস্ত লোকের সৃষ্টিকর্ত্তা ও নিয়ন্তা এবং মহাতপা ও স্বয়ম্ভূ ব্রহ্মাই রাবণের সাক্ষাৎ পিতামহ ছিলেন ॥১১॥

'পুলস্ত্য'—নামে তাঁহার একটী প্রিয়তম মানস পুত্র ছিল এবং গোনাম্নী ভার্য্যার গর্ভে সেই পুলস্ত্যের 'বৈশ্রবণ'—নামে একটী প্রভাবশালী পুত্র হইয়াছিল ॥১২॥

রাজা! সেই বৈশ্রবণ, পিতা পুলস্ত্যকে পরিত্যাগ করিয়া পিতামহ ব্রহ্মার

স জজ্ঞে বিশ্রবা নাম তস্যাত্মার্দ্ধেন বৈ দ্বিজঃ।
প্রতীকারায় সক্রোধস্ততো বৈশ্রবণস্য বৈ ॥১৪॥
পিতামহস্তু প্রীতাত্মা দদৌ বৈশ্রবণস্য হ।
অমরত্বং ধনেশত্বং লোকপালত্বমেব চ ॥১৫॥
ঈশানেন তথা সখ্যং পুত্রঞ্চ নলকূবরম্।
রাজধানীনিবেশঞ্চ লঙ্কাং রক্ষোগণান্বিতাম্ ॥১৬॥ (যুগ্মকম্)
বিমানং পুষ্পকং নাম কামগঞ্চ দদৌ প্রভুঃ।
যক্ষাণামাধিপত্যঞ্চ রাজরাজত্বমেব চ ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে রামরাবণজন্মকথনে অষ্টাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। তস্য পুলস্ত্যস্য, আত্মার্দ্ধেন দেহার্দ্ধেন, দ্বিজো ব্রাহ্মণঃ সন্ ॥১৪॥
পিতেতি। প্রীতাত্মা বৈশ্রবণেন স্বসেবনাদেবেতি ভাবঃ। ঈশানেন শিবেন ॥১৫—১৬॥
বিমানমিতি। প্রভুঃ পিতামহ এব। রাজ্ঞাং মনুষ্যনৃপাণাং রাজত্বম্ ॥১৭॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে অষ্টাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

বৈশ্রবণস্য, কোপায়াং ত্যক্ত্বা মৎপিতরং সেবত ইত্যাত্মিজলনাৎ বৈশ্রবণং বাধিতুং পুলস্ত্য এব যোগবলেন বিশ্রবঃসংজ্ঞং দেহান্তরং চক্রে ইত্যর্থঃ ॥১৩—১৭॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাবিংশত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২৮॥

সেবায় প্রবৃত্ত হইলেন; তাহাতে পিতা পুলস্ত্য তাঁহার প্রতি ক্রুদ্ধ হইয়া নিজেই নিজেকে অন্য পুরুষরূপে সৃষ্টি করিলেন ॥১৩॥

তাহার পর বৈশ্রবণের পিতৃবিদ্বেষের প্রতিশোধ দিবার জন্য পুলস্ত্যের অর্দ্ধাংশে 'বিশ্রবা'—নামে এক ব্রাহ্মণ জন্মিলেন ॥১৪॥

এদিকে ব্রহ্মা বৈশ্রবণের উপরে সন্তুষ্ট হইয়া তাঁহাকে দেবত্ব, ধনপতিত্ব, লোকপাল ও শিবের সখা করিলেন, 'নলকূবর'—নামে একটী পুত্র দান করিলেন এবং রাক্ষসপূর্ণ লঙ্কানগরীকে তাঁহার রাজধানী করিয়া দিলেন ॥১৫—১৬॥

আর ব্রহ্মা বৈশ্রবণকে 'পুষ্পক'—নামে কামগামী একখানি বিমান, যক্ষগণের আধিপত্য ও রাজরাজত্ব দান করিলেন ॥১৭॥

* '...একষষ্ট্যধিকদ্বিশততমঃ...' পি, 'ত্রিসপ্তত্যধিকদ্বি...' বা ব, '...চতুঃসপ্তত্যধিকদ্বি...' কা, '...পঞ্চসপ্তত্যধিকদ্বি'...নি।

ঊনত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

মার্কণ্ডেয় উবাচ।

পুলস্ত্যস্য তু যঃ ক্রোধাদর্দ্ধদেহোঽভবন্মুনিঃ।
বিশ্রবা নাম সক্রোধঃ স বৈশ্রবণমৈক্ষত ॥১॥
বুবুধে তং তু সক্রোধং পিতরং রাক্ষসেশ্বরঃ।
কুবেরস্তৎপ্রসাদার্থং যততে স্ম সদা নৃপ ! ॥২॥
স রাজরাজো লঙ্কায়াং ন্যবসন্ নরবাহনঃ।
রাক্ষসীঃ প্রদদৌ তিস্রঃ পিতুর্বৈ পরিচারিকাঃ ॥৩॥
তাস্তদা তং মহাত্মানং সন্তোষয়িতুমুদ্যতাঃ।
ঋষিং ভরতশার্দ্দূল ! নৃত্যগীতবিশারদাঃ ॥৪॥
পুষ্পোৎকটা চ রাকা চ মালিনী চ বিশাংপতে !।
অন্যোন্যস্পর্দ্ধয়া রাজন্ ! শ্রেয়স্কামাঃ সুমধ্যমাঃ ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পুলস্ত্যস্যেতি। স বিশ্রবা সক্রোধ এব বৈশ্রবণমৈক্ষত, পূর্ব্বদেহাপ্রীতেরিত্যাশয়ঃ ॥১॥
বুবুধ ইতি। পিতরং বিশ্রবসম্, পিতুঃ পুলস্ত্যস্য দেহার্দ্ধরূপত্বাদিতি ভাবঃ ॥২॥
স ইতি। রাজরাজঃ কুবেরঃ। পিতুর্বিশ্রবসঃ ॥৩॥
তা ইতি। তং বিশ্রবসম্। পুষ্পোৎকটাদীনি তাসাং তিসৃণাং নামানি ॥৪—৫॥

মার্কণ্ডেয় বলিলেন—ক্রোধবশতঃ পুলস্ত্যের অর্দ্ধদেহ 'বিশ্রবা'-নামক যে মুনি হইয়াছিল, সেই বিশ্রবাও ক্রোধের সহিতই কুবেরের প্রতি দৃষ্টিপাত করিতেন ॥১॥

রাজা ! তাহাতে রাক্ষসাধিপতি কুবেরও, পিতা বিশ্রবাকে ক্রুদ্ধ বলিয়াই বুঝিতে পারিতেন ; তাই তিনি সর্বদাই পিতার প্রসন্নতাসম্পাদনের জন্য চেষ্টা করিতেন ॥২॥

একদা নরবাহন কুবের লঙ্কায় থাকিয়াই তিনটী রাক্ষসীকে পরিচারিকারূপে পিতা বিশ্রবার নিকট পাঠাইয়া দিলেন ॥৩॥

ভরতশ্রেষ্ঠ রাজা ! তখন হইতে নৃত্য-গীতনিপুণা ও পরমসুন্দরী, 'পুষ্পোৎকটা, রাকা ও মালিনী'—নাম্নী সেই তিনটী কন্যা আপন আপন মঙ্গল কামনা করিয়া পরস্পর স্পর্দ্ধা সহকারে সেই মহাত্মা বিশ্রবামুনিকে সন্তুষ্ট করিতে প্রবৃত্ত হইল ॥৪—৫॥

স তাসাং ভগবাংস্তুষ্টো মহাত্মা প্রদদৌ বরান্ ।
লোকপালোপমান্ পুত্রানেকৈকস্যা যথেপ্সিতান্ ॥৬॥
পুষ্পোৎকটায়াং জজ্ঞাতে দ্বৌ পুত্রৌ রাক্ষসেশ্বরৌ ।
কুম্ভকর্ণদশগ্রীবৌ বলেনাপ্রতিমৌ ভুবি ॥৭॥
রাকায়া মিথুনং জজ্ঞে খরঃ শূর্পণখা তথা ।
মালিনী জনয়ামাস পুত্রমেকং বিভীষণম্ ॥৮॥
বিভীষণস্তু রূপেণ সর্বেভ্যোঽভ্যধিকোঽভবৎ ।
স বভূব মহাভাগো ধর্ম্মগোপ্তা ক্রিয়ারতিঃ ॥৯॥
দশগ্রীবস্তু সর্ব্বেষাং জ্যেষ্ঠো রাক্ষসপুঙ্গবঃ ।
মহোৎসাহো মহাবীর্য্যো মহাসত্ত্বপরাক্রমঃ ॥১০॥
কুম্ভকর্ণো বলেনাসীৎ সর্ব্বেভ্যোঽভ্যধিকো যুধি ।
মায়াবী রণশৌণ্ডশ্চ রৌদ্রশ্চ রজনীচরঃ ॥১১॥

ভারতকৌমুদী

স ইতি। যথেপ্সিতানিত্যনেন তাসামিচ্ছানুসারেণৈব পুত্রোৎপত্তিরিতি দর্শিতম্ ॥৬॥

পুষ্পেতি। দশগ্রীব এব জ্যেষ্ঠঃ, পাঠক্রমাপেক্ষয়া বক্ষ্যমাণশ্রুতিক্রমস্য বলবত্ত্বাৎ ॥৭॥

রাকায়া ইতি। মিথুনং স্ত্রীপুরুষযুগলম্ ॥৮॥

বিভীষণ ইতি। ধর্ম্মস্য গোপ্তা রক্ষিতা, ক্রিয়ায়াং ধর্ম্মকার্য্য এব রতিরনুরাগো যস্য সঃ ॥৯॥

দশেতি। মহদ্বীর্য্যং মানসিকবলং যস্য সঃ, মহান্তৌ সত্ত্বপরাক্রমৌ দৈহিকবলবিক্রমৌ যস্য স তাদৃশশ্চ আসীৎ ॥১০॥

কুম্ভেতি। মায়াবী কূটকৌশলী, রণশৌণ্ডো যুদ্ধমত্তঃ ॥১১॥

ক্রমে ভগবান্ বিশ্রবামুনি সন্তুষ্ট হইয়া তাহাদিগকে বর দিলেন যে, 'ইচ্ছানুসারে তোমাদের এক এক জনের লোকপালসদৃশ পুত্র হইবে' ॥৬॥

তাহার পর পুষ্পোৎকটার গর্ভে 'রাবণ' ও 'কুম্ভকর্ণ-' নামে দুই পুত্র জন্মিল ; তাঁহারা যথাকালে রাক্ষসশ্রেষ্ঠ ও জগতে অসাধারণ বলবান্ হইয়াছিলেন ॥৭॥

রাকার গর্ভে খর ও শূর্পণখা জন্ম গ্রহণ করেন ; আর মালিনী 'বিভীষণ-' নামে একটীমাত্র পুত্র প্রসব করেন ॥৮॥

বিভীষণ রূপে সর্বাপেক্ষা অধিক ছিলেন এবং তিনি মহাত্মা, ধর্ম্মরক্ষক ও ধর্ম্মকার্য্যে অনুরক্ত ছিলেন ॥৯॥

রাক্ষসশ্রেষ্ঠ রাবণ সর্বাপেক্ষা জ্যেষ্ঠ, অত্যন্ত উৎসাহী এবং অত্যন্ত মানসিক বল, দৈহিক বল ও পরাক্রমশালী ছিলেন ॥১০॥

---

(১০)…শ্রেষ্ঠো রাক্ষসপুঙ্গবঃ…বা ব কা নি।

খরো ধনুষি বিক্রান্তো ব্রহ্মদ্বিট্ পিশিতাশনঃ।
সিদ্ধবিঘ্নকরী চাপি রৌদ্রা শূর্পণখা তথা ॥১২॥
সর্ব্বে বেদবিদঃ শূরাঃ সর্ব্বে সুচরিতব্রতাঃ।
ঊষুঃ পিত্রা সহ রতা গন্ধমাদনপর্ব্বতে ॥১৩॥
ততো বৈশ্রবণং তত্র দদৃশুর্নরবাহনম্।
পিত্রা সার্দ্ধং সমাসীনমৃদ্ধ্যা পরময়া যুতম্ ॥১৪॥
জাতামর্ষাস্ততস্তে তু তপসে ধৃতনিশ্চয়াঃ।
ব্রহ্মাণং তোষয়ামাসুর্ঘোরেণ তপসা তদা ॥১৫॥
অতিষ্ঠদেকপাদেন সহস্রং পরিবৎসরান্।
বায়ুভক্ষো দশগ্রীবঃ পঞ্চাগ্নিঃ সুসমাহিতঃ ॥১৬॥

ভারতকৌমুদী

খর ইতি। ব্রহ্মদ্বিট্ বেদবিদ্বেষী, পিশিতাশনো রাক্ষসঃ ॥১২॥
সর্ব্ব ইতি। ঊষুর্বাসং চক্রুঃ, পিত্রা বিশ্রবসা, রতাঃ পিতর্য্যনুরক্তাঃ ॥১৩॥
তত ইতি। বৈশ্রবণং কুবেরম্। পিত্রা বিশ্রবসা, ঋদ্ধ্যা বেশাদিসম্পদা ॥১৪॥
জাতেতি। জাতামর্ষা জাতের্ষ্যাঃ, তে রাবণাদয়ঃ ॥১৫॥
অতিষ্ঠদিতি। সম্মুখে বামগ্নী পশ্চাদগ্নী উপরি চ সূর্য্য ইতি পঞ্চাগ্নয়ো যস্য সঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

পুলস্ত্যস্তেতি ॥১॥ পিতরং বিশ্রবসম্, রাক্ষসেশ্বরঃ কুবেরো রক্ষঃপুরীনায়কত্বাৎ ॥২—১২॥ পিত্রা বিশ্রবসা ॥১৩—১৫॥ পঞ্চাগ্নিঃ দিশশ্চত্বার একঃ সূর্য্য ইতি পঞ্চানামগ্নীনাং মধ্যগঃ পঞ্চাগ্নিঃ

রাক্ষস কুম্ভকর্ণ দৈহিকবলে সর্বাপেক্ষা অধিক, যুদ্ধে মায়াবী, যুদ্ধে মত্ত এবং ভয়ঙ্করমূর্ত্তি ছিলেন ॥১১॥

আর রাক্ষস খর ধনুর্যুদ্ধে বিক্রমশালী ও বেদবিদ্বেষী ছিলেন এবং শূর্পণখা সিদ্ধপুরুষগণের বিঘ্নকারিণী ও রৌদ্রমূর্ত্তি ছিল ॥১২॥

তাঁহারা সকলেই বেদবিৎ, বীর, যথানিয়মে ব্রতচারী ও পিতার অনুরক্ত ছিলেন এবং পিতার সহিতই গন্ধমাদনপর্ব্বতে বাস করিতেন ॥১৩॥

তাহার পর একদা তাঁহারা দেখিলেন—মহাসমৃদ্ধিশালী নরবাহন কুবের আসিয়া পিতার সহিত সেইখানে বসিয়া আছেন ॥১৪॥

তদনন্তর রাবণপ্রভৃতি ঈর্ষ্যান্বিত এবং তপস্যায় কৃতনিশ্চয় হইয়া তখন হইতেই ভয়ঙ্কর তপস্যাদ্বারা ব্রহ্মাকে সন্তুষ্ট করিতে লাগিলেন ॥১৫॥

রাবণ বায়ুমাত্র ভক্ষণ করতঃ একাগ্রচিত্তে পঞ্চাগ্নির মধ্যে সহস্র বৎসরপর্য্যন্ত একচরণে দাঁড়াইয়া থাকিলেন ॥১৬॥

অধঃশায়ী কুম্ভকর্ণো যতাহারো যতব্রতঃ।
বিভীষণঃ শীর্ণপর্ণমেকমভ্যবহারয়ৎ ॥১৭॥
উপবাসরতির্ধীমান্ সদা জপ্যপরায়ণঃ।
তমেব কালমাতিষ্ঠত্তীব্রং ব্রতমুদারধীঃ ॥১৮॥
খরঃ শূর্পণখা চৈব তেষাং বৈ তপ্যতাং তপঃ।
পরিচর্য্যাঞ্চ রক্ষাঞ্চ চক্রতুর্হৃষ্টমানসৌ ॥১৯॥
পূর্ণে বর্ষসহস্রে তু শিরশ্ছিত্ত্বা দশাননঃ।
জুহোত্যগ্নৌ দুরাধর্ষস্তেনাতুষ্যজ্জগৎপ্রভুঃ ॥২০॥
ততো ব্রহ্মা স্বয়ং গত্বা তপসস্তানবারয়ৎ।
প্রলোভ্য বরদানেন সর্ব্বানেব পৃথক্ পৃথক্ ॥২১॥

ব্রহ্মোবাচ।

প্রীতোঽস্মি বো নিবর্ত্তধ্বং বরান্ বৃণুত পুত্রকাঃ!।
যদ্‌যদিষ্টমৃতে ত্বেকমমরত্বং তথাস্তু তৎ ॥২২॥

ভারতকৌমুদী

অধ ইতি। একং প্রত্যহমেকৈকম্ অভ্যবহারয়ৎ ভুক্তবান্। অড়ভাব আর্যঃ ॥১৭॥
উপেতি। তং কালমেব তৎসহস্রবৎসরপর্য্যন্তমেব। উদারধীর্বিভীষণঃ ॥১৮॥
খর ইতি। তপস আনুকূল্যকরণাত্তয়োরপি যথাকথঞ্চিত্তপোঽনুষ্ঠানমিতি ভাবঃ ॥১৯॥
পূর্ণ ইতি। দুরাধর্ষঃ অত্যন্তসাহসী। জগৎপ্রভুর্ব্রহ্মা ॥২০॥
তত ইতি। বরদানেন পৃথক্ পৃথক্ প্রলোভ্যেতি সম্বন্ধঃ ॥২১॥

কুম্ভকর্ণ সংযত ভোজনে ও নির্দ্দিষ্ট নিয়মে ভূতলে শয়ন করিতেন; আর বিভীষণ প্রতিদিন একটী করিয়া শীর্ণ পর্ণ ভোজন করিতেন ॥১৭॥

এবং জ্ঞানী ও উদারবুদ্ধি বিভীষণ সর্ব্বদা উপবাসনিরত ও জপপরায়ণ থাকিয়া সেই সহস্রবৎসরপর্য্যন্তই তীব্র ব্রতের অনুষ্ঠান করিলেন ॥১৮॥

আর খর ও শূর্পণখা হৃষ্টচিত্তে সেই তপস্বীদের পরিচর্য্যা ও রক্ষা করিলেন ॥১৯॥

এই ভাবে সহস্র বৎসর পূর্ণ হইলে, দুর্দ্ধর্ষ রাবণ নিজের মস্তক ছেদন করিয়া অগ্নিতে আহুতি দিলেন; তাহাতেই ব্রহ্মা সন্তুষ্ট হইলেন ॥২০॥

তাহার পর ব্রহ্মা নিজেই যাইয়া প্রত্যেককেই বরদানের প্রলোভন দেখাইয়া তাঁহাদের সকলকেই তপস্যা হইতে নিবারণ করিলেন ॥২১॥

ব্রহ্মা বলিলেন—'পুত্রগণ! তোমাদের উপরে আমি সন্তুষ্ট হইয়াছি, তোমরা তপস্যা হইতে নিবৃত্ত হও এবং বর গ্রহণ কর; এক অমরত্ব ব্যতীত তোমাদের যাহা যাহা অভীষ্ট, তাহা তাহাই হইবে ॥২২॥

যদ্‌যদগ্নৌ হুতং পূর্ব্বং শিরস্তে মহদীপ্সয়া।
তথৈব তানি তে দেহে ভবিষ্যন্তি যথেপ্সয়া ॥২৩॥
বৈরূপ্যঞ্চ ন তে দেহে কামরূপধরস্তথা।
ভবিষ্যসি রণেঽরীণাং বিজেতা ন চ সংশয়ঃ ॥২৪॥

রাবণ উবাচ।

গন্ধর্ব্বদেবাসুরতো যক্ষরাক্ষসতস্তথা।
সর্পকিন্নরভূতেভ্যো ন মে ভূয়াৎ পরাভবঃ ॥২৫॥

ব্রহ্মোবাচ।

য এতে কীর্ত্তিতাঃ সর্ব্বে ন তেভ্যোঽস্তি ভয়ং তব।
ঋতে মনুষ্যাদ্ভদ্রং তে তথা তদ্বিহিতং ময়া ॥২৬॥

মার্কণ্ডেয় উবাচ।

এবমুক্তো দশগ্রীবস্তুষ্টঃ সমভবত্তদা।
অবমেনে হি দুর্ব্বুদ্ধির্মনুষ্যান্ পুরুষাদকঃ ॥২৭॥

ভারতকৌমুদী

প্রীত ইতি। বো যুষ্মাকমুপরি, নিবর্ত্তধ্বং তপসঃ। একমনুজম্ ঋতে বিনা ॥২২॥
যদিতি। তে ত্বয়া, মহতাং ফলানামীপ্সয়েতি মহদীপ্সয়া ॥২৩॥
বৈরূপ্যমিতি। তে তব দেহে শিরশ্ছেদকৃতং বৈরূপ্যঞ্চ ন স্যাস্যতীতি শেষঃ ॥২৪॥
গন্ধর্বেতি। ভূতা দেবযোনিবিশেষাঃ। ইয়মেব মে প্রার্থনেতি ভাবঃ ॥২৫॥
য ইতি। মনুষ্যাদৃতে বিনা, তথৈব প্রার্থিতত্বাদিত্যাশয়ঃ। তে তব ভদ্রমস্তু ॥২৬॥

তুমি গুরুতর ফললাভের ইচ্ছায় পূর্ব্বে অগ্নিতে যে যে মস্তক আহুতি দিয়াছ, সে সবগুলিই তোমার ইচ্ছানুসারে তোমার দেহে আবার হইবে ॥২৩॥

সুতরাং তোমার দেহে কোন বৈরূপ্য থাকিবে না এবং তুমি কামরূপী ও যুদ্ধে শত্রুবিজয়ী হইবে; এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥২৪॥

রাবণ বলিলেন—'দেবতা, অসুর, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস, সর্প, কিন্নর ও ভূত হইতে যেন আমার পরাভব হয় না' ॥২৫॥

ব্রহ্মা কহিলেন—'মনুষ্য ব্যতীত এই যে সকল প্রাণীর কথা তুমি বলিলে, সে সকল হইতে তোমার ভয় হইবে না। আমি সেই প্রকারই করিয়া রাখিয়াছি; তোমার মঙ্গল হউক' ॥২৬॥

মার্কণ্ডেয় বলিলেন—ব্রহ্মা এইরূপ বলিলে, রাবণ তখন সন্তুষ্ট হইলেন। কারণ, দুর্ব্বুদ্ধি রাবণ মনুষ্যভোজী বলিয়াই মনুষ্যগণকে অবজ্ঞা করিয়াছিলেন ॥২৭॥

(২৩) যদ্‌যদগ্নৌ হুতং সর্বম্—বা ব কা নি।

কুম্ভকর্ণমথোবাচ তথৈব প্রপিতামহঃ।
স বব্রে মহতীং নিদ্রাং তমসা গ্রস্তচেতনঃ ॥২৮॥
তথা ভবিষ্যতীত্যুক্ত্বা বিভীষণমুবাচ হ।
বরং বৃণীষ্ব পুত্র! ত্বং প্রীতোঽস্মীতি পুনঃ পুনঃ ॥২৯॥

বিভীষণ উবাচ।

পরমাপদ্গতস্যাপি নাধর্ম্মে মে মতির্ভবেৎ।
অশিক্ষিতঞ্চ ভগবন্! ব্রহ্মাস্ত্রং প্রতিভাতু মে ॥৩০॥

ব্রহ্মোবাচ।

যস্মাদ্রাক্ষসযোনৌ তে জাতস্যামিত্রকর্ষণ!।
নাধর্ম্মে ধীয়তে বুদ্ধিরমরত্বং দদানি তে ॥৩১॥

মার্কণ্ডেয় উবাচ।

রাক্ষসস্তু বরং লব্ধ্বা দশগ্রীবো বিশাংপতে!।
লঙ্কায়াশ্চ্যাবয়ামাস যুধি জিত্বা ধনেশ্বরম্ ॥৩২॥

ভারতকৌমুদী

এবমিতি। যতঃ পুরুষাদকো মনুষ্যভোক্তা, অতো মনুষ্যানবমেনে ॥২৭॥
কুম্ভেতি। ইন্দ্রাদীনাং প্রপিতামহত্বাদ্ব্রহ্মা প্রপিতামহোঽপি। তমসা মোহেন ॥২৮॥
তথেতি। উবাচ প্রপিতামহ ইত্যনুবৃত্তিঃ ॥২৯॥
পরমেতি। পরমাপদ্গতস্যাপি অত্যন্তবিপন্নস্যাপি। প্রতিভাতু চিত্তে স্ফুরতু ॥৩০॥
যস্মাদিতি। ধীয়তে আধ্রিয়তে অবতিষ্ঠত ইত্যর্থঃ। "ধীঙ্ আধারে" ইতি দিবাদৌ ॥৩১॥

ভারতভাবদীপঃ

॥১৬॥ বিভীষণস্তপোঽতিষ্ঠদিত্যন্বয়ঃ ॥১৭—২২॥ মহদীপ্সয়া শ্রেষ্ঠপদাপেক্ষয়া ॥২৩—২৭॥ তমসেতি অনিষ্টামপি নিদ্রাং মোহাদ্বৃতবানিত্যর্থঃ ॥২৮—৩০॥ যোনৌ ক্ষেত্রে, ন তু

তাহার পর ব্রহ্মা সেই ভাবেই কুম্ভকর্ণকে বলিলেন। তখন মুগ্ধবুদ্ধি কুম্ভকর্ণ দীর্ঘকালব্যাপিনী নিদ্রা প্রার্থনা করিলেন ॥২৮॥

'তাহাই হইবে' এই কথা কুম্ভকর্ণকে বলিয়া ব্রহ্মা বিভীষণকে এই কথা বার বার বলিলেন যে, 'পুত্র! আমি সন্তুষ্ট হইয়াছি, তুমি বর গ্রহণ কর' ॥২৯॥

বিভীষণ বলিলেন—'ভগবন্! অত্যন্তবিপন্ন অবস্থাতেও যেন আমার বুদ্ধি পাপের দিকে যায় না; আর অশিক্ষিত ব্রহ্মাস্ত্রও আমার বিদিত হউক' ॥৩০॥

ব্রহ্মা বলিলেন—'শত্রুকর্ষণ! তুমি রাক্ষসযোনিতে জন্মিয়াছ; তথাপি তোমার বুদ্ধি যখন অধর্ম্মের দিকে যাইতেছে না, তখন তোমাকে আমি অযাচিত অমরত্ব দান করিলাম' ॥৩১॥

হিত্বা স ভগবাঁল্লঙ্কামাবিশদ্গন্ধমাদনম্।
গন্ধর্ব্বযক্ষানুগতো রক্ষঃকিম্পুরুষৈঃ সহ ॥৩৩॥
বিমানং পুষ্পকং তস্য জহারাক্রম্য রাবণঃ।
শশাপ তং বৈশ্রবণো ন ত্বামেতদ্বহিষ্যতি ॥৩৪॥
যস্তু ত্বাং সমরে হন্তা তমেবৈতদ্বহিষ্যতি।
অবমন্য গুরুং মাঞ্চ ক্ষিপ্রং ত্বং ন ভবিষ্যসি ॥৩৫॥
বিভীষণস্তু ধর্ম্মাত্মা সতাং মার্গমনুস্মরন্।
অন্বগচ্ছন্মহারাজং শ্রিয়া পরময়া যুতঃ ॥৩৬॥
তস্মৈ স ভগবাংস্তুষ্টো ভ্রাতা ভ্রাত্রে ধনেশ্বরঃ।
সৈনাপত্যং দদৌ শ্রীমান্ যক্ষরাক্ষসসৈন্যয়োঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

রাক্ষস ইতি। চ্যাবয়ামাস বহিশ্চকার। ধনেশ্বরং কুবেরম্ ॥৩২॥

হিত্বেতি। স কুবেরঃ, ভগবান্ ধনাদিসম্পত্তিমান্ ॥৩৩॥

বিমানমিতি। বৈশ্রবণঃ কুবেরঃ। এতদ্বিমানং কর্ত্তৃ ত্বাং ন বহিষ্যতি ন বক্ষ্যতি ॥৩৪॥

য ইতি। হন্তা হনিষ্যতি। গুরুং জ্যেষ্ঠভ্রাতরম্। ন ভবিষ্যসি ন স্থাস্যসি মরিষ্যসীত্যর্থঃ ॥৩৫॥

বিভীষণ ইতি। সতাং মার্গমিত্যনেন রাবণো দুর্জন ইতি সূচিতম্। মহারাজং কুবেরম্ ॥৩৬॥

তস্মা ইতি। ভগবান্ মাহাত্ম্যবান্। শ্রীমান্ সম্পত্তিমান্ ॥৩৭॥

মার্কণ্ডেয় বলিলেন—রাজা! রাক্ষস রাবণ সেইরূপ বর লাভ করায় যুদ্ধে জয় করিয়া কুবেরকে লঙ্কা হইতে বাহির করিয়া দিলেন ॥৩২॥

তখন অসাধারণ-সম্পত্তিশালী কুবের লঙ্কা পরিত্যাগ করিয়া যক্ষ, রাক্ষস, গন্ধর্ব্ব ও কিন্নরগণের সহিত যাইয়া গন্ধমাদনপর্ব্বতে প্রবেশ করিলেন ॥৩৩॥

এবং রাবণ আক্রমণ করিয়া কুবেরের পুষ্পকবিমান হরণ করিলেন। তখন কুবের তাঁহাকে অভিসম্পাত করিলেন যে, 'এ বিমান তোমাকে বহন করিবে না ॥৩৪॥

কিন্তু যিনি যুদ্ধে তোমাকে বধ করিবেন, এই বিমান তাঁহাকেই বহন করিবে। আমি তোমার জ্যেষ্ঠভ্রাতা; সুতরাং গুরু। অতএব আমাকে অবজ্ঞা করায় তুমি শীঘ্রই মরিবে' ॥৩৫॥

বিশেষসম্পত্তিশালী ও ধর্ম্মাত্মা বিভীষণ সজ্জনের পথ স্মরণ করিয়া কুবেরেরই অনুগমন করিলেন ॥৩৬॥

---

(৩৬)…অন্বগচ্ছন্মহারাজ!…বা ব কা নি।

রাক্ষসাঃ পুরুষাদাশ্চ পিশাচাশ্চ মহাবলাঃ ।
সর্ব্বে সমেত্য রাজানমভ্যষিঞ্চন্ দশাননম্ ॥৩৮॥
দশগ্রীবস্তু দৈত্যানাং দেবানাঞ্চ বলোৎকটঃ ।
আক্রম্য রত্নান্যহরৎ কামরূপী বিহঙ্গমঃ ॥৩৯॥
রাবয়ামাস লোকান্ যত্তস্মাদ্রাবণ উচ্যতে ।
দশগ্রীবঃ কামবলো দেবানাং ভয়মাদধৎ ॥৪০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
দ্রৌপদীহরণে রামোপাখ্যানে রাবণাদিবরপ্রাপ্তৌ
ঊনত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

রাক্ষসা ইতি। পুরুষাদা নরভোজিনঃ। সমেত্য লঙ্কামিতি শেষঃ ॥৩৮॥
দশেতি। বলোৎকটো বলমত্তঃ। বিহায়সা গগনেন গচ্ছতীতি বিহঙ্গমঃ ॥৩৯॥
রাবেতি। রাবয়ামাস উৎপীড়নেন রোদয়ামাস। ইনন্তশব্দার্থকরুধাতোর্লুট্ ॥৪০॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে ঊনত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

বেত্তোঽস্য রাক্ষসমস্তি তস্মান্মাতৃদোষাদেব ক্রৌর্য্যং রাবণাদীনামিত্যর্থঃ। "নরাণাং মাতুলক্রম" ইতি প্রসিদ্ধম্ ॥৩১—৩৪॥ ন ভবিষ্যসি মরিষ্যসি ॥৩৫॥ অন্বগচ্ছৎ কুবেরমিতি শেষঃ ॥৩৬—৩৮॥ রত্নানি—"জাতৌ জাতৌ যদুৎকৃষ্টং তদ্রত্নমভিধীয়তে" ইতি। বিহঙ্গমঃ খেচরঃ ॥৩৯॥ রাবয়ামাস হিংসার্থস্য রুতো রূপমিদম্ ॥৪০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২২৯॥

তাহাতে মাহাত্ম্য ও সম্পত্তিশালী ভ্রাতা কুবের, ভ্রাতা বিভীষণের উপরে সন্তুষ্ট হইয়া তাঁহাকে যক্ষ ও রাক্ষসসৈন্যের সেনাপতিপদ দান করিলেন ॥৩৭॥

তাহার পর নরভোজী রাক্ষসেরা এবং মহাবল পিশাচেরা সকলে আসিয়া রাবণকে লঙ্কারাজ্যে অভিষিক্ত করিল ॥৩৮॥

তদনন্তর বলমত্ত, কামরূপী ও আকাশগামী রাবণ আক্রমণ করিয়া দেবগণ ও দৈত্যগণের রত্ন সকল হরণ করিলেন ॥৩৯॥

কামবলী দশানন দেবগণের পর্য্যন্ত ভয় জন্মাইতে থাকিয়া উৎপীড়ন করিয়া সকল লোককে কাঁদাইয়াছিলেন বলিয়া তাঁহাকে 'রাবণ' বলে' ॥৪০॥

---

* '…দ্বিষষ্ট্যধিকদ্বিশততমঃ…' পি, '…চতুঃসপ্তত্যধিকদ্বি…' বা ব, '…পঞ্চসপ্তত্যধিকদ্বি…' কা, …ষট্সপ্তত্যধিকদ্বি…' নি।

ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

ততো ব্রহ্মর্ষয়ঃ সর্ব্বে সিদ্ধা দেবর্ষয়স্তথা।
হব্যবাহং পুরস্কৃত্য ব্রহ্মাণং শরণং গতাঃ ॥১॥

অগ্নিরুবাচ।

যোঽসৌ বিশ্রবসঃ পুত্রো দশগ্রীবো মহাবলঃ।
অবধ্যো বরদানেন কৃতো ভগবতা পুরা ॥২॥
স বাধতে প্রজাঃ সর্ব্বা বিপ্রকারৈর্মহাবলঃ।
ততো নস্ত্রাতু ভগবান্ নান্যস্ত্রাতা হি বিদ্যতে ॥৩॥ (যুগ্মকম্)

ব্রহ্মোবাচ।

ন স দেবাসুরৈঃ শক্যো যুদ্ধে জেতুং বিভাবসো!।
বিহিতং তত্র যৎ কার্য্যমভিতস্তস্য নিগ্রহঃ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। সিদ্ধা যোগসিদ্ধা ব্রহ্মর্ষয়ঃ। অতএব ব্রহ্মসমীপগমনসম্ভব ইতি ভাবঃ ॥১॥

স ইতি। ভগবতা ভবতা। বাধতে পীড়য়তি, বিপ্রকারৈর্নানাপ্রকারৈঃ। ত্রাতু ত্রায়তাম্ ॥২—৩॥

নেতি। তত্র তদ্দমনবিষয়ে, যৎ কার্য্যং কর্ত্তব্যম্, তন্ময়া পূর্ব্বমেব বিহিতম্। অতস্তস্য নিগ্রহঃ, অভিত আসন্নঃ, "সমীপোভয়তঃশীঘ্রসাকল্যাভিমুখেঽভিতঃ" ইত্যমরঃ ॥৪॥

মার্কণ্ডেয় বলিলেন—'তাহার পর যোগসিদ্ধ ব্রহ্মর্ষিরা ও দেবর্ষিরা সকলে অগ্নিদেবকে অগ্রবর্ত্তী করিয়া যাইয়া ব্রহ্মার শরণাপন্ন হইলেন ॥১॥

অগ্নি বলিলেন—'ভগবন্! আপনি পূর্ব্বে সেই যে বিশ্রবার পুত্র মহাবল দশাননকে বর দান করিয়া অবধ্য করিয়াছিলেন, সেই মহাবল দশানন সম্প্রতি নানাপ্রকারে সমস্ত লোককে উৎপীড়ন করিতেছে। অতএব আপনি আমাদিগকে তাহার হাত হইতে রক্ষা করুন; আপনি ভিন্ন আমাদের অন্য কেহ রক্ষক নাই' ॥২—৩॥

ব্রহ্মা বলিলেন—'অগ্নি! দেবগণ বা অসুরগণ রাবণকে যুদ্ধে জয় করিতে সমর্থ হইবেন না। সুতরাং তাহার দমনবিষয়ে যাহা কর্ত্তব্য, তাহা আমি করিয়া রাখিয়াছি। অতএব তাহার দমন নিকটবর্ত্তী হইয়াছে ॥৪॥

তদর্থমবতীর্ণোঽসৌ মন্নিয়োগাচ্চতুর্ভুজঃ।
বিষ্ণুঃ প্রহরতাং শ্রেষ্ঠঃ স তৎ কর্ম্ম করিষ্যতি ॥৫॥

মার্কণ্ডেয় উবাচ।

পিতামহস্ততস্তেষাং সন্নিধৌ শক্রমব্রবীৎ।
সর্বৈর্দেবগণৈঃ সার্দ্ধং সম্ভব ত্বং মহীতলে ॥৬॥
বিষ্ণোঃ সহায়ানৃক্ষীষু বানরীষু চ সর্ব্বশঃ।
জনয়ধ্বং সুতান্ বীরান্ কামরূপবলান্বিতান্ ॥৭॥
ততো ভাগানুভাগেন দেবগন্ধর্ব্বদানবাঃ।
অবতর্ত্তুং মহীং সর্ব্বে মন্ত্রয়ামাসুরঞ্জসা ॥৮॥
তেষাং সমক্ষং গন্ধর্বীং দুন্দুভীং নাম নামতঃ।
শশাস বরদো দেবো গচ্ছ কার্য্যার্থসিদ্ধয়ে ॥৯॥
পিতামহবচঃ শ্রুত্বা গন্ধর্বী দুন্দুভী ততঃ।
মন্থরা মানুষে লোকে কুব্জা সমভবত্তদা ॥১০॥

ভারতকৌমুদী

অথ কথং তস্য নিগ্রহোঽভিত ইত্যাহ তদিতি। তৎ রাবণনিগ্রহরূপং কর্ম ॥৫॥
পিতেতি। শক্রমিন্দ্রম্। সম্ভব জায়স্ব ॥৬॥
বিষ্ণোরিতি। ঋক্ষীষু ভল্লুকীষু ॥৭॥
তত ইতি। অঞ্জসা দ্রুতম্, "দ্রাগ্ ঝটিত্যঞ্জসাহ্নায়" ইত্যমরঃ ॥৮॥
তেষামিতি। শশাস উপদিদেশ, বরদো দেবো ব্রহ্মা ॥৯॥

কারণ, আমার অনুরোধে চতুর্ভুজ ও যোদ্ধৃশ্রেষ্ঠ বিষ্ণু রাবণকে দমন করিবার জন্য ভূতলে অবতীর্ণ হইয়াছেন। সুতরাং তিনিই সে কার্য্য করিবেন' ॥৫॥

মার্কণ্ডেয় বলিলেন—তাহার পর ব্রহ্মা তাঁহাদের নিকটেই ইন্দ্রকে কহিলেন—'ইন্দ্র! তুমি সকল দেবগণের সহিত যাইয়া ভূতলে জন্ম গ্রহণ কর ॥৬॥

তোমরা যাইয়া ভল্লুকীগণ ও বানরীগণের গর্ভে বিষ্ণুর সহায়স্বরূপ কামরূপী ও কামবলী বীর পুত্র সকল উৎপাদন কর' ॥৭॥

তদনন্তর দেবগণ, দানবগণ ও গন্ধর্ব্বগণ অংশাংশরূপে ভূতলে অবতীর্ণ হইবার জন্য সত্বর মন্ত্রণা করিলেন ॥৮॥

পরে বরদাতা ব্রহ্মা তাঁহাদের সমক্ষেই 'দুন্দুভী—' নাম্নী গন্ধর্বীকে বলিলেন যে, 'তুমি কার্য্যসিদ্ধির জন্য ভূতলে গমন কর' ॥৯॥

তাহার পর দুন্দুভীগন্ধর্বী ব্রহ্মার কথা শুনিয়া তখনই যাইয়া 'মন্থরা—' নাম্নী এক কুব্জা হইল ॥১০॥

শক্রপ্রভৃতয়শ্চৈব সর্ব্বে তে সুরসত্তমাঃ।
বানরর্ক্ষবরস্ত্রীষু জনয়ামাসুরাত্মজান্ ॥১১॥
তেঽন্ববর্ত্তন্ পিতৄন্ সর্বে যশসা চ বলেন চ।
ভেত্তারো গিরিশৃঙ্গাণাং শালতালশিলায়ুধাঃ ॥১২॥
বজ্রসংহননাঃ সর্ব্বে সর্বে চৌঘবলাস্তথা।
কামবীর্য্যবলাশ্চৈব সর্ব্বে যুদ্ধবিশারদাঃ ॥১৩॥
নাগাযুতসমপ্রাণা বায়ুবেগসমা জবে।
যত্রেচ্ছকনিবাসাশ্চ কেচিদত্র বনৌকসঃ ॥১৪॥

ভারতকৌমুদী

পিতেতি। মহরা নাম, কুক্কুরেন মহরগমনাদিতি ভাবঃ ॥১০॥

শক্রেতি। বানরর্ক্ষবরা বানরভল্লুকশ্রেষ্ঠাস্তেষাং স্ত্রীষু ॥১১॥

ত ইতি। অন্ববর্ত্তন্ অন্বকুর্বন্। ভেত্তারো ভেদনসমর্থাঃ ॥১২॥

বজ্রেতি। বজ্রস্যেব সংহননং দৃঢ়ং শরীরং যেষাং তে, ওঘস্যেব অন্তবানরর্ক্ষসমূহস্যেব প্রত্যেকস্যে বলং যেষাং তে, কামেন ইচ্ছানুসারেণ বীর্য্যং মানসিকী শক্তিঃ বলং দৈহিকী শক্তিশ্চ যেষাং তে তাদৃশাশ্চ অভবন্নিতি শেষঃ ॥১৩॥

নাগেতি। নাগাযুতসমপ্রাণা দশসহস্রহস্তিতুল্যবলাঃ, জবে বেগে। যত্র ইচ্ছা তত্র নিবাসো যেষাং তে, অত্র এষু, কেচিদ্বনৌকসো বনবাসিন আসন্ ॥১৪॥

আর ইন্দ্রপ্রভৃতি সেই প্রধান দেবগণ যাইয়া প্রধান প্রধান বানর ও ভল্লুকস্ত্রীগণের গর্ভে পুত্র উৎপাদন করিলেন ॥১১॥

সেই সকল পুত্রেরা যশে ও বলে তাহাদের পিতাদের অনুকরণ করিতে লাগিল এবং তাহারা পর্ব্বতশৃঙ্গ ভেদ করিতে পারিত; আর শাল, তাল ও শিলা তাহাদের অস্ত্র ছিল ॥১২॥

সেই বানরগণ ও ভল্লুকগণের মধ্যে সকলের শরীরই বজ্রের ন্যায় দৃঢ় ছিল, প্রত্যেকের বলই অন্য বানর-ভল্লুকসমূহের তুল্য ছিল, তাহাদের মানসিক বল ও দৈহিক বল ইচ্ছানুসারে হইত এবং তাহারা সকলেই যুদ্ধবিশারদ হইয়াছিল ॥১৩॥

আর তাহাদের মধ্যে প্রত্যেকেই দশসহস্র হস্তীর তুল্য বলশালী ও বায়ুর তুল্য বেগবান্ হইয়াছিল এবং তাহাদের মধ্যে কতকগুলি—যেখানে ইচ্ছা হইত সেইখানেই বাস করিত, আর কতকগুলি বনেই থাকিত ॥১৪॥

(১৪)···যথেচ্ছকনিপাতাশ্চ···পি,···যথেচ্ছবিনিপাতাশ্চ···নি।

এবং বিধায় তৎ সর্বং ভগবাল্লোঁকভাবনঃ।
মন্থরাং বোধয়ামাস যদ্‌যৎ কার্য্যং যথা তথা ॥১৫॥
সা তদ্বচনমাজ্ঞায় তথা চক্রে মনোজবা।
ইতশ্চেতশ্চ গচ্ছন্তী বৈরসন্ধুক্ষণে রতা ॥১৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
দ্রৌপদীহরণে রামোপাখ্যানে বানরাদ্যুৎপত্তৌ
ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ভারতকৌমুদী

এবমিতি। যথা যদ্‌যৎ কার্য্যং কর্ত্তব্যং তথা তত্তন্মন্থরাং বোধয়ামাস ॥১৫॥

সেতি। আজ্ঞায় শ্রুত্বা, মনস ইব জবো বেগো যস্যাঃ সা ॥১৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্বণি দ্রৌপদীহরণে ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৩॥ বিপ্রকারৈর্বিবিধৈঃ প্রকারৈঃ ॥৪—১২॥ বজ্রসংহননা বজ্রবদ্দৃঢ়াঙ্গাঃ ॥১৩॥ যত্রেচ্ছা তত্রৈব নিবাসো যেষাং তে যত্রেচ্ছকনিবাসাঃ ॥১৪॥ যদ্‌যৎ কার্য্যং কৈকেয়ী-প্রলোভনং রামপ্রব্রাজনাদি চ ॥১৫॥ সন্ধুক্ষণে দীপনে ॥১৬॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৩০॥

——:(০):——

ভগবান্ ব্রহ্মা এইভাবে সেই সমস্ত করিয়া, যে ভাবে যাহা যাহা করিতে হইবে, সেইভাবে তাহা তাহা মন্থরাকে বুঝাইয়া দিলেন ॥১৫॥

তৎপরে মনের ন্যায় বেগশালিনী মন্থরা ব্রহ্মার উপদেশ শুনিয়া সেই ভাবেই সকল করিয়াছিল। সে—প্রথমে দশরথের গৃহে যাইয়া ইতস্ততঃ বিচরণ করিতে থাকিয়া পরস্পর শত্রুতানল জ্বালাইতে প্রবৃত্ত হইল ॥১৬॥

——:(০):——

(১৬) সা তদ্বচঃ সমাজ্ঞায়·· বা ব কা নি। *'···ত্রিষষ্ট্যধিকদ্বিশততমঃ···' পি, '···পঞ্চ-সপ্তত্যধিকদ্বি···' বা ব, ষট্‌সপ্তত্যধিকদ্বি···' কা, '···সপ্তসপ্তত্যধিকদ্বি···' নি।

একত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—•:(*):•—

যুধিষ্ঠির উবাচ।

উক্তং ভগবতা জন্ম রামাদীনাং পৃথক্ পৃথক্।
প্রস্থানকারণং ব্রহ্মন্! শ্রোতুমিচ্ছামি কথ্যতাম্ ॥১॥
কথং দাশরথী বীরৌ ভ্রাতরৌ রামলক্ষ্মণৌ।
সম্প্রস্থিতৌ বনে ব্রহ্মন্! মৈথিলী চ যশস্বিনী ॥২॥

মার্কণ্ডেয় উবাচ।

জাতপুত্রো দশরথঃ প্রীতিমানভবন্নৃপ!।
ক্রিয়ারতির্ধর্ম্মরতঃ সততং বৃদ্ধসেবিতা ॥৩॥
ক্রমেণ চাস্য তে পুত্রা ব্যবর্দ্ধন্ত মহৌজসঃ।
বেদেষু সরহস্যেষু ধনুর্বেদেষু পারগাঃ ॥৪॥
চরিতব্রহ্মচর্য্যাশ্চ কৃতদারাশ্চ পার্থিব!।
যদা তদা দশরথঃ প্রীতিমানভবৎ সুখী ॥৫॥

ভারতকৌমুদী

উক্তমিতি। প্রস্থানকারণং রামাদীনামেব বনপ্রস্থানহেতুম্ ॥১॥

কথমিতি। সংক্ষেপার্থং প্রশ্নঃ সীতাবিবাহাদিবৃত্তান্তানাং পরিহারাৎ বক্ত্রাপি তে পরিহৃতাঃ ॥২॥

জাতেতি। ক্রিয়াসু প্রজাপালনাদিব্যাপারেষু রতিরনুরাগো যস্য সঃ ॥৩॥

ক্রমেণেতি। সরহস্যেষু গুপ্তসঙ্কেতমন্ত্রাদিসহিতেষু ধনুর্ব্বেদেষু ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—'মহর্ষি! আপনি পৃথক্ পৃথক্ ভাবে রামপ্রভৃতির জন্মের কথা বলিয়াছেন; এখন আমি তাঁহাদের বনগমনের কারণ শুনিতে ইচ্ছা করি; আপনি তাহা বলুন ॥১॥

মহর্ষি! দশরথনন্দন মহাবীর রাম ও লক্ষ্মণ দুই ভ্রাতা এবং যশস্বিনী সীতা ইঁহারা বনে গিয়াছিলেন কেন?' ॥২॥

মার্কণ্ডেয় বলিলেন—'রাজা! সর্ব্বদা প্রজাপালনানুরাগী, ধর্ম্মনিরত ও বৃদ্ধসেবক দশরথ পুত্র জন্মিবার পরই অত্যন্ত আনন্দিত হইয়াছিলেন ॥৩॥

ক্রমে তাঁহার সেই পুত্রেরা বৃদ্ধি পাইলেন, মহাতেজা হইয়া উঠিলেন এবং বেদে ও মন্ত্রসঙ্কেতাদির সহিত ধনুর্ব্বেদে পারদর্শী হইলেন ॥৪॥

জ্যেষ্ঠো রামোঽভবত্তেষাং রময়ামাস হি প্রজাঃ।
মনোহরতয়া ধীমান্ পিতুর্হৃদয়নন্দনঃ ॥৬॥
ততঃ স রাজা মতিমান্ মত্বাত্মানং বয়োঽধিকম্।
মন্ত্রয়ামাস সচিবৈর্ধর্ম্মজ্ঞৈশ্চ পুরোহিতৈঃ ॥৭॥
অভিষেকায় রামস্য যৌবরাজ্যেন ভারত!।
প্রাপ্তকালঞ্চ তে সর্ব্বে মেনিরে মন্ত্রিসত্তমাঃ ॥৮॥
লোহিতাক্ষং মহাবাহুং মত্তমাতঙ্গগামিনম্।
দীর্ঘবাহুং মহোরস্কং নীলকুঞ্চিতমূর্দ্ধজম্ ॥৯॥
দীপ্যমানং শ্রিয়া বীরং শক্রাদনবরং রণে।
পারগং সর্ব্বধর্ম্মাণাং বৃহস্পতিসমং মতৌ ॥১০॥
সর্ব্বানুরক্তপ্রকৃতিং সর্ব্ববিদ্যাবিশারদম্।
জিতেন্দ্রিয়মমিত্রাণামপি দৃষ্টিমনোহরম্ ॥১১॥

ভারতকৌমুদী

চরিতেতি। চত্বার এব পুত্রা ইতি পূর্ব্বার্দ্ধে শেষঃ ॥৫॥

জ্যেষ্ঠ ইতি। রামশব্দস্য ত্রিধা যোগার্থমাহ রময়ামাসেত্যাদি। তথা চ প্রজারমণাদ্রামঃ, মনোহরত্বয়া রামঃ, "রামো নীলচারুসিতে ত্রিষু" ইত্যমরঃ, তথা পিতুর্দশরথস্য হৃদয়ং নন্দয়তি রময়তীতি রামশ্চ ॥৬॥

তত ইতি। মন্ত্রয়ামাস তৎকালীন কর্ত্তব্যং বিচারয়ামাস ॥৭॥

অভীতি। প্রাপ্তকালম্ উপস্থিতং সময়ম্ ॥৮॥

লোহিতেতি। মহান্তৌ বলবত্তয়া প্রশস্তৌ বাহূ যস্য তম্, দীর্ঘৌ আজানুলম্বিতৌ বাহু

রাজা। তাহার পর যখন তাঁহারা ব্রহ্মচর্য্য সমাপ্ত করিয়া বিবাহ করিলেন, তখন দশরথ অত্যন্ত আনন্দিত ও সুখী হইলেন ॥৫॥

সেই দশরথপুত্রগণের মধ্যে রাম ছিলেন জ্যেষ্ঠ; সেই ধীমান্ প্রজারঞ্জক হইয়াছিলেন, মনোহরমূর্ত্তি ছিলেন এবং পিতার হৃদয় আনন্দিত করিতেন বলিয়া তাঁহার নাম হইয়াছিল—'রাম' ॥৬॥

তাহার পর একদা বুদ্ধিমান্ দশরথরাজা আপনাকে বৃদ্ধ মনে করিয়া ধর্ম্মজ্ঞ মন্ত্রিগণ ও পুরোহিতগণের সহিত তৎকালের কর্ত্তব্য বিষয় মন্ত্রণা করিলেন ॥৭॥

ভরতনন্দন! তখন সেই মন্ত্রিশ্রেষ্ঠেরা সকলেই রামকে যৌবরাজ্যে অভিষিক্ত করিবার সময় উপস্থিত হইয়াছে বলিয়া মনে করিলেন ॥৮॥

কুরুনন্দন! আরক্তনয়ন, প্রশস্তবাহু, দীর্ঘবাহু, বিশালবক্ষা, কৃষ্ণকুঞ্চিত-কেশ, মত্ত হস্তীর ন্যায় মন্থরগামী, কান্তিদ্বারা সমুজ্জ্বল, যুদ্ধে ইন্দ্রের তুল্য বীর,

নিয়ন্তারমসাধূনাং গোপ্তারং ধর্ম্মচারিণাম্।
ধৃতিমন্তমনাধৃষ্যং জেতারমপরাজিতম্ ॥১২॥
পুত্রং রাজা দশরথঃ কৌশল্যানন্দিবর্দ্ধনম্।
সংদৃশ্য পরমাং প্রীতিমগচ্ছৎ কুরুনন্দন ! ॥১৩॥ (কুলকম্)
চিন্তয়ংশ্চ মহাতেজা গুণান্ রামস্য বীর্য্যবান্।
অভ্যভাষত ভদ্রং তে প্রীয়মাণঃ পুরোহিতম্ ॥১৪॥
অদ্য পুষ্যো নিশি ব্রহ্মন্ ! পুণ্যং যোগমুপৈষ্যতি।
সম্ভারাঃ সংভ্রিয়ন্তাং মে রামশ্চোপনিমন্ত্র্যতাম্ ॥১৫॥
ইতি তদ্রাজবচনং প্রতিশ্রুত্যাথ মন্থরা।
কৈকেয়ীমভিগম্যেদং কালে বচনমব্রবীৎ ॥১৬॥

ভারতকৌমুদী

যস্য তম্, মহোরস্কং বিশালবক্ষসম্। অনবরম্ অন্যূনম্। সর্ব্বেণ প্রকারেণ অনুরক্তাঃ প্রকৃতয়ঃ প্রজা যস্মিন্ তম্। শত্রুরিণাম্ শত্রুণামপি। নিয়ন্তারং সৎপথে চালয়িতারম্, গোপ্তারং রক্ষকম্, ধৃতিমন্তং ধৈর্য্যশালিনম্, অনাধৃষ্যম্ অদমনীয়ম্। পুত্রং রামম্, কৌশল্যায়া নন্দিবর্দ্ধনম্ আনন্দবর্দ্ধকম্ ॥৯—১৩॥

চিন্তয়ন্নিতি। মহাতেজা দশরথঃ। তে তব পুরোহিতস্যৈব ভদ্রমস্ত্বিতি শেষঃ ॥১৪॥

অদ্যেতি। পুষ্যো নাম নক্ষত্রম্। পুণ্যং শুভম্। সম্ভারাঃ অভিষেকোপকরণানি ॥১৫॥

ভারতভাবদীপঃ

উক্তমিতি ॥১—৫॥ রামপদং নির্ব্বক্তি শ্লোক ইতি ॥৬—৮॥ মহান্তৌ শক্রধ্বজকল্পৌ বাহূ যস্য তং দীর্ঘৌ বা আজানুপর্য্যন্তৌ বাহূ যস্য তম্ ॥৯—১০॥ সর্ব্বশোহনুরক্তাঃ প্রকৃতয়ঃ প্রজা যস্মিংস্তং সর্ব্বানুরক্তপ্রকৃতিম্ ॥১১—১৩॥ ভদ্রং তে ইতি যুধিষ্ঠিরং প্রত্যাশীর্ব্বচনম্, পুরোহিতং

সমস্ত ধর্ম্মের পারগামী, বুদ্ধিতে বৃহস্পতির তুল্য, সর্বপ্রকারে প্রজারঞ্জক, সমস্ত বিদ্যায় বিশারদ, জিতেন্দ্রিয়, শত্রুদেরও নয়ন-মনোহারী, দুর্জ্জনগণের নিয়ন্তা, ধার্ম্মিকদিগের রক্ষক, ধৈর্য্যশীল, দুর্দ্ধর্ষ, শত্রুবিজয়ী, অপরাজিত এবং কৌশল্যা-দেবীর আনন্দবর্দ্ধক পুত্র রামচন্দ্রকে দেখিয়া রাজা দশরথ তখন পরম প্রীতি লাভ করিতেন ॥৯—১৩॥

তাহার পর একদা মহাতেজা ও বীর্য্যবান্ দশরথরাজা রামের গুণগ্রাম চিন্তা করিয়া আনন্দিত হইয়া পুরোহিতকে বলিলেন—'আপনার মঙ্গল হউক—॥১৪॥

আজ রাত্রিতে পুষ্যানক্ষত্র শুভযোগের সঙ্গে মিলিত হইবে। অতএব তখনই রামের অভিষেকের উপকরণ আয়োজন করিতে আরম্ভ করা হউক এবং আমার রামকে ডাকা হউক' ॥১৫॥

(১২) নিহন্তারমসাধূনাম্…পি।

অন্ত কৈকেয়ি ! দৌর্ভাগ্যং রাজ্ঞা তে খ্যাপিতং মহৎ ।
আশীবিষস্ত্বাং সংক্রুদ্ধশ্চণ্ডো দশতু দুর্ভগে ! ॥১৭॥
সুভগা খলু কৌশল্যা যস্যাঃ পুত্রোঽভিষেক্ষ্যতে ।
কুতো হি তব সৌভাগ্যং যস্যাঃ পুত্রো ন রাজ্যভাক্ ॥১৮॥
সা তদ্বচনমাজ্ঞায় সর্বাভরণভূষিতা ।
বেদীবিলগ্নমধ্যেব বিভ্রতী রূপমুত্তমম্ ॥১৯॥
বিবিক্তে পতিমাসাদ্য হসন্তীব শুচিস্মিতা ।
প্রণয়ং ব্যঞ্জয়ন্তীব মধুরং বাক্যমব্রবীৎ ॥২০॥ (যুগ্মকম্)
সত্যপ্রতিজ্ঞ ! যন্মে ত্বং কামমেকং নিসৃষ্টবান্ ।
উপাকুরুষ্ব তদ্রাজন্ ! তস্মান্মুচ্যস্ব সঙ্কটাৎ ॥২১॥

ভারতকৌমুদী

ইতীতি। প্রতিশ্রুত্য আকর্ণ্য। কালে উপযুক্তসময়ে, তেদযোগ্যত্বাদিতি ভাবঃ ॥১৬॥

অন্তেতি। আশীবিষস্তীক্ষ্ণবিষঃ সর্পঃ। তবেদানীং জীবনাপেক্ষয়া মরণমেব শ্রেয় ইত্যাশয়ঃ ॥১৭॥

মরণস্য শ্রেয়স্ত্বং প্রতি হেতুমাহ সুভগেতি। যস্যাস্তব ॥১৮॥

সেতি। আজ্ঞায় শ্রুত্বা। বেদ্যাঃ পিপীলিকায়া ইব বিলগ্নঃ কৃশঃ মধ্যঃ কটীদেশো যস্যাঃ সা। ইবশব্দো বাক্যালঙ্কারে। বিবিক্তে নির্জনস্থানে ॥১৯—২০॥

সত্যেতি। কামমভীষ্টম্, নিসৃষ্টবান্ দত্তবান্ দাতুং প্রতিশ্রুতবানিত্যর্থঃ। উপাকুরুষ দেহি। সঙ্কটাৎ অদানে বিপদ্রূপাৎ প্রতিশ্রবাৎ, মুচ্যস্ব মুক্তো ভব ॥২১॥

এইরূপ সেই রাজার বাক্য শুনিয়া মন্থরা কৈকেয়ীর নিকট যাইয়া উপযুক্ত সময়েই এই কথা বলিল—॥১৬॥

'কৈকেয়ি ! আজ রাজা তোমার গুরুতর দুর্ভাগ্যের কথা প্রকাশ করিয়াছেন। অতএব দুর্ভগে ! ক্রুদ্ধ ও ভীষণ তীক্ষ্ণবিষ সর্প তোমাকে দংশন করুক ॥১৭॥

কৌশল্যাই ভাগ্যবতী, যাহার পুত্রকে রাজ্যে অভিষিক্ত করা হইবে; আর তোমার সৌভাগ্য কোথায় ? যাহার পুত্র রাজ্য পাইবে না' ॥১৮॥

নির্ম্মল-মৃদুহাসিনী ও পিপীলিকার ন্যায় কৃশমধ্যা কৈকেয়ী মন্থরার সেই কথা শুনিয়া, সমস্ত অলঙ্কারে অলঙ্কৃত হইয়া, পরমসুন্দর রূপ ধারণ করিয়া, হাস্য করিতে করিতেই যেন নির্জনে পতির নিকট উপস্থিত হইয়া, প্রণয়ই যেন প্রকাশ করিতে থাকিয়া এই মধুর বাক্য বলিলেন—॥১৯—২০॥

'সত্যপ্রতিজ্ঞ রাজা ! আপনি আমাকে যে একটী বর দিবেন বলিয়া প্রতিশ্রুত হইয়াছিলেন, তাহা এখন দিন এবং সেই সঙ্কট হইতে মুক্ত হউন' ॥২১॥

রাজোবাচ ।

বরং দদানি তে হন্ত তদ্‌গৃহাণ যদিচ্ছসি ।
অবধ্যো বধ্যতাং কোঽদ্য বদ্ধঃ কোঽদ্য বিমুচ্যতাম্ ॥২২॥
ধনং দদানি কস্যাদ্য হ্রিয়তাং কস্য বা পুনঃ ।
ব্রাহ্মণস্বাদিহান্যত্র যৎ কিঞ্চিদ্বিত্তমস্তি মে ॥২৩॥
পৃথিব্যাং রাজরাজোঽস্মি চাতুর্বর্ণ্যস্য রক্ষিতা ।
যস্তেঽভিলষিতঃ কামো ব্রূহি কল্যাণি ! মা চিরম্ ॥২৪॥
সা তদ্বচনমাজ্ঞায় পরিগৃহ্য নরাধিপম্ ।
আত্মনো বলমাজ্ঞায় তত এনমুবাচ হ ॥২৫॥
আভিষেচনিকং যত্তে রামার্থমুপকল্পিতম্ ।
ভরতস্তদবাপ্নোতু বনং গচ্ছতু রাঘবঃ ॥২৬॥

ভারতকৌমুদী

বরমিতি । হন্তেতি হর্ষে । হর্ষশ্চ তাদৃশসুন্দরীদর্শনাৎ ॥২২॥
ধনমিতি । কস্য কস্মৈ । যৎ কিঞ্চিদ্বিত্তং ধনমস্তি, তৎ সর্বমেব মে ইত্যর্থঃ ॥২৩॥
পৃথিব্যামিতি । রাজরাজঃ সম্রাট্, চাতুর্বর্ণ্যস্য ব্রাহ্মণাদীনাং চতুর্ণাং বর্ণানাম্ ॥২৪॥
সেতি । আজ্ঞায় শ্রুত্বা, পরিগৃহ্য ধৃত্বা । বলং প্রণয়েনাকর্ষণশক্তিম্ ॥২৫॥
আভীতি । তে ত্বয়া, উপকল্পিতং সংগৃহীতম্ । অবাপ্নোতু স্বাভিষেকায় ॥২৬॥

রাজা বলিলেন—'ভাল, তোমাকে বর দান করিব। অতএব তুমি যাহা ইচ্ছা কর, তাহাই গ্রহণ কর। (সুতরাং বল—) আজ কোন্ অবধ্য লোককে বধ করিব ? কিংবা আজ কোন্ বদ্ধ লোককে মুক্ত করিব ? ॥২২॥

আজ কাহাকে ধন দান করিব ? কিংবা কাহার ধন হরণ করিব ?। কারণ, এই ভূতলে ব্রাহ্মণের ধন ব্যতীত অন্যত্র যে কিছু ধন আছে, সে সমস্তই আমার ॥২৩॥

কেন না, আমি পৃথিবীর সম্রাট্ এবং চারি বর্ণেরই রক্ষক। অতএব কল্যাণি ! তোমার যাহা অভীষ্ট, তাহাই বল, বিলম্ব করিও না' ॥২৪॥

তখন কৈকেয়ী দশরথের সেই কথা শুনিয়া, তাঁহাকে ধরিয়া এবং নিজের শক্তি বুঝিয়া, তাহার পর তাঁহাকে বলিলেন—॥২৫॥

'রাজা ! আপনি রামের জন্য যে অভিষেকের দ্রব্য সংগ্রহ করিয়াছেন, তাহা ভরত লাভ করুক এবং রাম বনে গমন করুক' ॥২৬॥

(২৬) শ্লোকাৎ পরম্ 'নব পঞ্চ চ বর্ষাণি দণ্ডকারণ্যমাশ্রিতঃ । চীরাজিনজটাধারী রামো বসতু তাপসঃ ॥'—পি ।

স তদ্রাজা বচঃ শ্রুত্বা বিপ্রিয়ং দারুণোদয়ম্ ।
দুঃখার্ত্তো ভরতশ্রেষ্ঠ ! ন কিঞ্চিদ্ব্যাজহার হ ॥২৭॥
ততস্তথোক্তং পিতরং রামো বিজ্ঞায় বীর্য্যবান্ ।
বনং প্রতস্থে ধর্ম্মাত্মা রাজা সত্যো ভবত্বিতি ॥২৮॥
তমন্বগচ্ছল্লক্ষ্মীবান্ ধনুষ্মাল্লক্ষ্মণস্তদা ।
সীতা চ ভার্য্যা ভদ্রং তে বৈদেহী জনকাত্মজা ॥২৯॥
ততো বনং গতে রামে রাজা দশরথস্তদা ।
সমযুজ্যত দেহস্য কালপর্য্যয়ধর্ম্মণা ॥৩০॥
রামন্তু গতমাজ্ঞায় রাজানঞ্চ তথা গতম্ ।
আনায্য ভরতং দেবী কৈকেয়ী বাক্যমব্রবীৎ ॥৩১॥

ভারতকৌমুদী

স ইতি। দারুণোদয়ং ভয়ঙ্করাবির্ভাবম্। ব্যাজহার উবাচ ॥২৭॥
তত ইতি। তথা "তদ্গৃহাণ যদিচ্ছসি" ইত্যেবম্, উক্তমুক্তবন্তম্ ॥২৮॥
তমিতি। লক্ষ্মীবান্ কান্তিমান্। ভদ্রং ত ইতি যুধিষ্ঠিরং প্রত্যাশীর্বাদঃ ॥২৯॥
তত ইতি। কালপর্য্যয় আয়ুর্নাশ এব ধর্ম্মো বৃত্তির্যস্য তেন মৃত্যুনা ॥৩০॥
রামমিতি। তথা মৃত্যুম্, গতং প্রাপ্তম্। আনায্য মাতুলালয়াৎ ॥৩১॥

ভারতভাবদীপঃ

বশিষ্ঠম্ ॥১৩—১৮॥ বেদীব বিলগ্নঃ কৃশো মধ্যো যস্যাঃ ॥১৯—২০॥ কামং বরম্, উপাকুরুষ দেহি, সঙ্কটাৎ কষ্টাৎ ॥২১—২৮॥ সীতা লাঙ্গলপদ্ধতিস্তো জাতত্বাদিয়মপি সীতা,

ভরতশ্রেষ্ঠ ! দশরথরাজা সেই ভয়ঙ্কর অপ্রিয় কথা শুনিয়া, দুঃখে পীড়িত হইয়া কিছুই বলিলেন না ॥২৭॥

তাহার পর অসাধারণ মানসিক-বল-শালী ও ধর্ম্মাত্মা রাম—পিতা সেইরূপ বলিয়াছেন জানিয়া এবং তিনি সত্যপ্রতিজ্ঞ হউন ইহা ভাবিয়া বনে প্রস্থান করিলেন ॥২৮॥

তখন সুন্দরমূর্ত্তি ও ধনুর্দ্ধর লক্ষ্মণ এবং ভার্য্যা, বৈদেহী ও জনকনন্দিনী সীতা তাঁহার অনুগমন করিলেন। তোমার মঙ্গল হউক ॥২৯॥

রাম বনে চলিয়া গেলে, তাহার পরই দশরথের মৃত্যু হইল ॥৩০॥

রাম বনে গিয়াছেন, দশরথও মরিয়াছেন ইহা জানিয়া কৈকেয়ী ভরতকে আনাইয়া এই কথা বলিলেন—॥৩১॥

(৩০) ততো বনগতে রামে···বা ব কা পি।

গতো দশরথঃ স্বর্গং বনস্থৌ রামলক্ষ্মণৌ।
গৃহাণ রাজ্যং বিপুলং ক্ষেমং নিহতকণ্টকম্ ॥৩২॥
তামুবাচ স ধর্ম্মাত্মা নৃশংসং বত তে কৃতম্।
পতিং হত্বা কুলঞ্চেদমুৎসাদ্য ধনলুব্ধয়া ॥৩৩॥
অযশঃ পাতয়িত্বা মে মূর্দ্ধি ত্বং কুলপাংসনে!।
সকামা ভব মে মাতরিত্যুক্ত্বা প্ররুরোদ হ ॥৩৪॥
স চারিত্রং বিশোধ্যাথ সর্ব্বপ্রকৃতিসন্নিধৌ।
অন্বয়াদ্‌ভ্রাতরং রামং বিনিবর্ত্তনলালসঃ ॥৩৫॥
কৌশল্যাঞ্চ সুমিত্রাঞ্চ কৈকেয়ীঞ্চ সুদুঃখিতঃ।
অগ্রে প্রস্থাপ্য যানৈঃ স শত্রুঘ্নসহিতো যযৌ ॥৩৬॥
বশিষ্ঠবামদেবাভ্যাং বিপ্রৈশ্চান্যৈঃ সহস্রশঃ।
পৌরজানপদৈঃ সার্দ্ধং রামানয়নকাঙ্ক্ষয়া ॥৩৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

গত ইতি। ক্ষেমং মঙ্গলময়ম্, নিহতকণ্টকম্ উৎসারিতশত্রুকম্ ॥৩২॥
তামিতি। নৃশংসং ঘাতুকং কর্ম্ম, বত খেদে, তে ত্বয়া ॥৩৩॥
অযশ ইতি। কুলপাংসনে! বংশদূষিকে!। ত্বমেব সকামা ভব, নাহম্ ॥৩৪॥
স ইতি। বিশোধ্য নির্দোষতয়া প্রমাণীকৃত্য। প্রকৃতয়ঃ প্রজাঃ ॥৩৫॥
কৌশল্যামিতি। স ভরতঃ, যযৌ বনম্। বামদেব ঋষিবিশেষঃ ॥৩৬—৩৭॥

'ভরত। রাজা দশরথ স্বর্গে গিয়াছেন, রাম এবং লক্ষ্মণও বনে রহিয়াছে। অতএব তুমি এই শত্রুশূন্য মঙ্গলময় বিশাল রাজ্য গ্রহণ কর' ॥৩২॥

তখন ধর্ম্মাত্মা ভরত কৈকেয়ীকে বলিলেন—'হায়! তুমি ধনলুব্ধ হইয়া পতিকে হত্যা করিয়া এবং এই বংশটাকেও উৎসন্ন দিয়া নৃশংসের কার্য্য করিয়াছ ॥৩৩॥

কুলদূষিকে! তুমি আমার মাথায় নিন্দা চাপাইয়া এখন পূর্ণকামা হও' এই কথা বলিয়া ভরত রোদন করিতে লাগিলেন ॥৩৪॥

তাহার পর ভরত সমস্ত প্রজার নিকটে নিজের চরিত্রের নির্দোষতা প্রমাণ করিয়া রামকে ফিরাইয়া আনিবার ইচ্ছায় তাঁহার অনুগমন করিলেন ॥৩৫॥

কৌশল্যা, সুমিত্রা ও কৈকেয়ীকে যানে আরোহণ করাইয়া আগে পাঠাইয়া দিয়া অতিদুঃখিত ভরত, রামকে আনিবার ইচ্ছায় শত্রুঘ্ন, বশিষ্ঠ, বামদেব, অন্য সহস্র সহস্র ব্রাহ্মণ, পুরবাসিগণ ও দেশবাসিগণের সহিত বনে গমন করিলেন ॥৩৬—৩৭॥

দদর্শ চিত্রকূটস্থং স রামং সহলক্ষ্মণম্ ।
তাপসানামলঙ্কারং ধারয়ন্তং ধনুর্দ্ধরম্ ॥৩৮॥
বিসর্জিতঃ স রামেণ পিতুর্বচনকারিণা ।
নন্দিগ্রামেঽকরোদ্রাজ্যং পুরস্কৃত্যাস্য পাদুকে ॥৩৯॥
রামস্তু পুনরাশঙ্ক্য পৌরজানপদাগমম্ ।
প্রবিবেশ মহারণ্যং শরভঙ্গাশ্রমং প্রতি ॥৪০॥
সৎকৃত্য শরভঙ্গং স দণ্ডকারণ্যমাশ্রিতঃ ।
নদীং গোদাবরীং রম্যামাশ্রিত্য ন্যবসত্তদা ॥৪১॥
বসতস্তস্য রামস্য ততঃ শূর্পণখাকৃতম্ ।
খরেণাসীন্মহদ্বৈরং জনস্থাননিবাসিনা ॥৪২॥
রক্ষার্থং তাপসানান্তু রাঘবো ধর্ম্মবৎসলঃ ।
চতুর্দ্দশ সহস্রাণি জঘান ভুবি রাক্ষসান্ ॥৪৩॥

ভারতকৌমুদী

দদর্শেতি । চিত্রকূটো নাম পর্ব্বতঃ । তাপসানামলঙ্কারং বল্কলাদিকম্ ॥৩৮॥
বিসর্জিত ইতি । পিতুর্বচনকারিণা পিতৃসত্যরক্ষার্থিনা । অস্য রামস্য ॥৩৯॥
রাম ইতি । শরভঙ্গস্য তন্নাম্নস্য ঋষেরাশ্রমম্ ॥৪০॥
সদিতি । ত্যক্তপ্রাণং শরভঙ্গম্, সৎকৃত্য দগ্ধ্বা ॥৪১॥
বসত ইতি । অস্য বিস্তরস্তু রামায়ণে দ্রষ্টব্যঃ ॥৪২॥

ভরত যাইয়া দেখিলেন—ধনুর্দ্ধর রাম ও লক্ষ্মণ তপস্বিগণের অলঙ্কার তরুবল্কলপ্রভৃতি ধারণ করিয়া চিত্রকূটপর্ব্বতে বাস করিতেছেন ॥৩৮॥

তাহার পর পিতৃসত্যপালনকারী রাম ভরতকে বিদায় দিলেন ; তখন ভরত নন্দিগ্রামে যাইয়া রামের পাদুকা দুইখানি সম্মুখে রাখিয়া রাজত্ব করিতে লাগিলেন ॥৩৯॥

এদিকে রাম পুনরায় পৌর—জানপদগণের আগমন আশঙ্কা করিয়া শরভঙ্গের আশ্রমে যাইবার জন্য মহাবনে প্রবেশ করিলেন ॥৪০॥

ক্রমে তিনি দণ্ডকারণ্যে প্রবেশপূর্ব্বক শরভঙ্গের সৎকার করিয়া মনোহর গোদাবরীনদীর তীরে বাস করিতে লাগিলেন ॥৪১॥

রামচন্দ্র সেইখানে বাস করিতে থাকিলে, শূর্পণখা—জনস্থানবাসী খরের সহিত তাঁহার গুরুতর শত্রুতা ঘটাইয়া দিল ॥৪২॥

তাহার পর ধর্ম্মবৎসল রাম তপস্বিগণের রক্ষার জন্য ভূতলে চৌদ্দ হাজার রাক্ষস বধ করিলেন ॥৪৩॥

দূষণঞ্চ খরঞ্চৈব নিহত্য সুমহাবলৌ।
চক্রে ক্ষেমং পুনর্ধীমান্ ধর্ম্মারণ্যং স রাঘবঃ ॥৪৪॥
হতেষু তেষু রক্ষঃসু ততঃ শূর্পণখা পুনঃ।
যযৌ নিকৃত্তনাসৌষ্ঠী লঙ্কাং ভ্রাতুর্নিবেশনম্ ॥৪৫॥
ততো রাবণমভ্যেত্য রাক্ষসী দুঃখমূর্চ্ছিতা।
পপাত পাদয়োর্ভ্রাতুঃ সংশুষ্করুধিরাননা ॥৪৬॥
তাং তথা বিকৃতাং দৃষ্ট্বা রাবণঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
উৎপপাতাসনাৎ ক্রুদ্ধো দন্তৈর্দন্তানুপস্পৃশন্ ॥৪৭॥
স্বানমাত্যান্ বিসৃজ্যাথ বিবিক্তে তামুবাচ সঃ।
কেনাস্যেবং কৃতা ভদ্রে! মামচিন্ত্যাবমন্য চ ॥৪৮॥
কঃ শূলং তীক্ষ্ণমাসাদ্য সর্ব্বগাত্রৈর্নিষেবতে।
কঃ শিরস্যগ্নিমাধায় বিশ্বস্তঃ স্বপতে সুখম্ ॥৪৯॥

ভারতকৌমুদী

রক্ষার্থমিতি। রাক্ষসান্ খরাহুচরান্ ॥৪৩॥
দূষণমিতি। দূষণং খরসহায়ং রাক্ষসবিশেষম্ ॥৪৪॥
হতেষিতি। নিকৃত্তৌ ছিন্নৌ নাসৌষ্ঠৌ যস্যাঃ সা, ভ্রাতু রাবণস্য ॥৪৫॥
তত ইতি। সংশুষ্কং রুধিরং যস্য তত্তাদৃশমাননং যস্যাঃ সা ॥৪৬॥
তামিতি। উৎপপাত উত্তস্থৌ। উপস্পৃশন্ সংঘর্ষন্ ॥৪৭॥
স্বানিতি। স্বান্ নিজানপি। বিবিক্তে নির্জনে, "বিবিক্তৌ পূতবিজনৌ" ইত্যমরঃ ॥৪৮॥
ক ইতি। স্বপতে স্বপিতি। স্বদপমাননং তীক্ষ্ণশূলনিষেবণাদিকমিবেতি ভাবঃ ॥৪৯॥

বুদ্ধিমান্ রামচন্দ্র পুনরায় অতিমহাবল খর ও দূষণকে বধ করিয়া সেই তপোবনকে মঙ্গলময় করিলেন ॥৪৪॥

সেই রাক্ষসেরা নিহত হইলে, তাহার পর ছিন্ননাসিকা ও ছিন্নৌষ্ঠী শূর্পণখা পুনরায় রাবণের রাজধানী লঙ্কায় গেল ॥৪৫॥

তাহার পর দুঃখসমাকুলা ও শুষ্কবদনা শূর্পণখা রাবণের নিকট যাইয়া তাঁহার চরণযুগলে পতিত হইল ॥৪৬॥

তখন রাবণ শূর্পণখাকে সেইরূপ বিকৃত দেখিয়া অত্যন্তক্রুদ্ধ হইয়া দন্তদ্বারা দন্ত মর্দ্দন করতঃ আসন হইতে গাত্রোত্থান করিলেন ॥৪৭॥

তদনন্তর রাবণ নিজের মন্ত্রীদিগকেও বিদায় দিয়া সেই নির্জ্জনস্থানে শূর্পণখাকে বলিলেন—"ভদ্রে! কোন্ ব্যক্তি আমাকে স্মরণ না করিয়া বা অবজ্ঞা করিয়া তোমাকে এইরূপ করিয়া দিয়াছে? ॥৪৮॥

আশীবিষং ঘোরতরং পাদেন স্পৃশতীহ কঃ।
সিংহং কেশরিণং কশ্চ দংষ্ট্রায়াং স্পৃশ্য তিষ্ঠতি ॥৫০॥
ইত্যেবং ব্রুবতস্তস্য নেত্রেভ্যস্তেজসোঽর্চ্চিষঃ।
নিশ্চেরুর্দহতো রাত্রৌ বৃক্ষস্যেব স্বরন্ধ্রতঃ ॥৫১॥
তস্য তৎ সর্ব্বমাচখ্যৌ ভগিনী রামবিক্রমম্।
খরদূষণসংযুক্তং রাক্ষসানাং পরাভবম্ ॥৫২॥
স নিশ্চিত্য ততঃ কৃত্যং স্বসারমুপসান্ত্ব্য চ।
ঊর্দ্ধমাচক্রমে রাজা বিধায় নগরে বিধিম্ ॥৫৩॥

ভারতকৌমুদী

আশীতি। কেশরিণং জটাযুক্তম্। স্পৃশ্য স্পৃষ্টা। পূর্ববদেব ভাবঃ ॥৫০॥
ইতীতি। নেত্রেভ্যঃ দশাননগতবিংশতিনয়নেভ্যঃ। দহতো দহ্যমানস্য ॥৫১॥
তস্যেতি। ভগিনী শূর্পণখা। খরদূষণসংযুক্তং খরদূষণপরাভবসহিতম্ ॥৫২॥
স ইতি। কৃত্যমাত্মনঃ কর্ত্তব্যম্। আচক্রমে উৎপপাত। বিধিং কার্য্যম্ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

বিদেহাপত্যত্বাৎ বৈদেহী ॥২৯॥ কালপর্য্যয়ধর্ম্মণ। মৃত্যুনা ॥৩০—৩৪॥ চারিত্রং বিশোধোদ- কৈকেয্যৈব কৃতং ন তু ময়েতি প্রদর্শ্য ॥৩৫—৪৯॥ সিংহং হিংস্রম্, কেশরিণং সটাবন্তং মৃগ- রাজম্ ॥৫০॥ স্রোতোভ্যশ্চক্ষুরাদিরন্ধ্রেভ্যঃ, তেজসোঽর্চ্চিষোঽগ্নের্জ্বালাঃ ॥৫১॥ খরদূষণ-

কোন্ ব্যক্তি সমস্ত অঙ্গে তীক্ষ্ণশূল সংলগ্ন করিয়া রহিয়াছে, কোন্ ব্যক্তি মস্তকে অগ্নি স্থাপন করিয়া বিশ্বস্ত হইয়া সুখে নিদ্রা যাইতেছে ॥৪৯॥

কোন্ ব্যক্তি চরণদ্বারা ভয়ঙ্কর বিষধর সর্পকে স্পর্শ করিয়াছে এবং কোন্ ব্যক্তি জটাযুক্ত সিংহের দন্ত ধারণ করিয়া অবস্থান করিতেছে ?' ॥৫০॥

রাবণ এইরূপ বলিতে লাগিলে, রাত্রিতে দহ্যমান বৃক্ষের রন্ধ্র হইতে যেমন অগ্নির শিখা নির্গত হয়, সেইরূপ রাবণের নয়ন হইতে তেজের শিখা নির্গত হইতে লাগিল ॥৫১॥

তখন শূর্পণখা রাবণের নিকটে রামের বিক্রম, খর-দূষণের পরাভব এবং অন্যান্য রাক্ষসের পরাভবপ্রভৃতি সমস্ত বিষয়ই বলিল ॥৫২॥

তাহার পর রাবণ নিজের কর্ত্তব্য স্থির করিয়া, শূর্পণখাকে আশ্বাস দিয়া এবং লঙ্কানগরীর কর্ত্তব্য বিষয়ে উপদেশ দিয়া উপরে উঠিয়া গেলেন ॥৫৩॥

(৫১)···স্রোতোভ্যস্তেজসোঽর্চ্চিষঃ···বা ব কা পি। (৫২) শ্লোকাৎ পরম্ 'ততো জ্ঞাতিবধং জ্ঞাত্বা রাবণঃ কালচোদিতঃ। রামস্য বধমাকাঙ্ক্ষন্ মারীচং মনসাগমৎ'—পি নি।

ত্রিকূটং সমতিক্রম্য কালপর্ব্বতমেব চ।
দদর্শ মকরাবাসং গম্ভীরোদং মহোদধিম্ ॥৫৪॥
তমতীত্যাথ গোকর্ণমভ্যগচ্ছদ্দশাননঃ।
দয়িতং স্থানমব্যগ্রং শূলপাণের্মহাত্মনঃ ॥৫৫॥
তত্রাভ্যগচ্ছন্মারীচং পূর্ব্বামাত্যং দশাননঃ।
পুরা রামভয়াদেব তাপস্যং সমুপাশ্রিতম্ ॥৫৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে রাবণগমনে একত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———০:(*):০———

ভারতকৌমুদী

ত্রিকূটমিতি। মকরো জলজন্তুবিশেষঃ। গম্ভীরোদং গভীরজলম্ ॥৫৪॥

তমিতি। গোকর্ণং তীর্থযাত্রাপ্রকরণোক্তং তীর্থবিশেষম্। অব্যগ্রমভ্যগচ্ছৎ ॥৫৫॥

তত্রেতি। পুরা বিশ্বামিত্রযজ্ঞনাশোপক্রমসময়ে, তাপস্যং তপস্বিত্বম্ ॥৫৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে একত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(:*:)———

ভারতভাবদীপঃ

সংযুক্তং তৎপরাভবসহিতম্ ॥৫২॥ বিধিং ব্রহ্মাম্ ॥৫৩॥ পুরা রামভয়াদ্বিশ্বামিত্রযজ্ঞপ্রসঙ্গেন জাতাৎ ॥৫৪—৫৬॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৩১॥

———:(০):———

তৎপরে তিনি ত্রিকূটপর্বত ও কালপর্বত অতিক্রম করিয়া মকরালয় ও গভীরজল মহাসমুদ্র দর্শন করিলেন ॥৫৪॥

তদনন্তর রাবণ সেই সমুদ্র অতিক্রম করিয়া সুস্থভাবে মহাত্মা মহাদেবের প্রিয়স্থান গোকর্ণতীর্থে গমন করিলেন ॥৫৫॥

রাবণেরই পূর্ব্বমন্ত্রী মারীচ পূর্ব্বে রামের ভয়েই যেখানে তপস্বী হইয়া রহিয়াছিলেন, সেইখানে যাইয়া রাবণ সেই মারীচের নিকট উপস্থিত হইলেন ॥৫৬॥

———:(০):———

* '...চতুঃষষ্ট্যধিকদ্বিশততমঃ...' পি, '...ষট্সপ্তত্যধিকদ্বি...' বা য, '...সপ্তসপ্তত্যধিকদ্বি...' কা, অষ্টসপ্তত্যধিকদ্বি...' নি।

দ্বাত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

মারীচস্ত্বথ সম্ভ্রান্তো দৃষ্ট্বা রাবণমাগতম্।
পূজয়ামাস সৎকারৈঃ ফলমূলাদিভিস্ততঃ ॥১॥
বিশ্রান্তঞ্চৈনমাসীনমন্বাসীনঃ স রাক্ষসঃ।
উবাচ প্রশ্রিতং বাক্যং বাক্যজ্ঞো বাক্যকোবিদম্ ॥২॥
ন তে প্রকৃতিমান্ বর্ণঃ কচ্চিৎ ক্ষেমং পুরে তব।
কচ্চিৎ প্রকৃতয়ঃ সর্বা ভজন্তে ত্বাং যথা পুরা ॥৩॥
কিমিহাগমনে চাপি কার্য্যং তে রাক্ষসেশ্বর!।
কৃতমিত্যেব তদ্বিদ্ধি যদ্যপি স্যাৎ সুদুষ্করম্ ॥৪॥
শশংস রাবণস্তস্মৈ তৎ সর্ব্বং রামচেষ্টিতম্।
সমাসেনৈব কার্য্যাণি ক্রোধামর্ষসমন্বিতঃ ॥৫॥

ভারতকৌমুদী

মারীচ ইতি। সম্ভ্রান্তো ব্যস্তচিত্তঃ, আকস্মিকরাবণদর্শনাদেবেতি ভাবঃ ॥১॥
বিশ্রান্তমিতি। অন্বাসীনঃ লক্ষীকৃত্য সম্মুখে উপবিষ্টঃ। প্রশ্রিতং প্রশ্রয়ান্বিতম্ ॥২॥
নেতি। প্রকৃতিমান্ স্বাভাবিকীমবস্থাং প্রাপ্তঃ। প্রকৃতয়ঃ প্রজাঃ ॥৩॥
কিমিতি। ইহ অত্র স্থানে। কার্য্যং প্রয়োজনম্। কৃতং ময়া, বিদ্ধি জানীহি ॥৪॥
শশংসেতি। সমাসেনৈব সংক্ষেপেণৈব, কার্য্যাণি আত্মনঃ কর্ত্তব্যানি ॥৫॥

মার্কণ্ডেয় বলিলেন—তাহার পর মারীচ রাবণকে আগত দেখিয়া ব্যস্ত হইয়া শ্রদ্ধাপূর্ব্বক ফলমূলাদিদ্বারা তাঁহাকে সম্মানিত করিল ॥১॥

তখন বাক্যবিৎ রাবণ উপবেশন করিয়া বিশ্রাম করিলে, বাক্যবিৎ মারীচ তাঁহার সম্মুখে বসিয়া প্রণয় সহকারে বলিতে লাগিল—॥২॥

'মহারাজ! আপনার শরীরের বর্ণ স্বাভাবিক নহে। অতএব (জিজ্ঞাসা করি—) আপনার পুরে মঙ্গল ত? এবং প্রজারা পূর্ব্বের ন্যায় আপনার অনুরক্ত আছে ত? ॥৩॥

রাক্ষসরাজ! আপনার এখানে আসিবার প্রয়োজন কি?' তাহা যদি অতিদুষ্করও হয়, তথাপি আমি তাহা করিয়াছি বলিয়াই মনে করুন' ॥৪॥

---

(২)…উবাচ প্রশ্রয়ং বাক্যম্…বা ব কা,…উবাচ প্রশ্রিতো বাক্যম্…পি।

মারীচস্ত্বব্রবীচ্ছ্রুত্বা সমাসেনৈব রাবণম্।
অলং তে রামমাসাদ্য বীর্য্যজ্ঞো হ্যস্মি তস্য বৈ ॥৬॥
বাণবেগং হি কস্তস্য শক্তঃ সোঢ়ুং মহাত্মনঃ।
প্রব্রজ্যায়াং হি মে হেতুঃ স এব পুরুষর্ষভঃ।
বিনাশমুখমেতত্তে কেনাখ্যাতং দুরাত্মনা ॥৭॥
তমুবাচাথ সক্রোধো রাবণঃ পরিভর্ৎসয়ন্।
অকুর্ব্বতোঽস্মদ্বচনং স্যান্মৃত্যুরপি তে ধ্রুবম্ ॥৮॥
মারীচশ্চিন্তয়ামাস বিশিষ্টান্মরণং বরম্।
অবশ্যং মরণে প্রাপ্তে করিষ্যাম্যস্য যন্মতম্ ॥৯॥
ততস্তং প্রত্যুবাচাথ মারীচো রাক্ষসেশ্বরম্।
কিং তে সাহ্যং ময়া কার্য্যং করিষ্যাম্যবশোঽপি তৎ ॥১০॥

ভারতকৌমুদী

মারীচ ইতি। আসাদ্য যুদ্ধায় প্রাপ্য অলম্। "অলং খল্বোঃ" ইত্যাদিনা ক্ত্বা ॥৬॥

বাণেতি। হেতুঃ, বিশ্বামিত্রযজ্ঞে বাণবেগেন তেনৈব মে নিরসনাদিত্যাশয়ঃ। বিনাশমুখং মৃত্যুকারণম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

তমিতি। অস্মদ্বচনমকুর্বতোঽপি তে ধ্রুবমেব মৃত্যুঃ স্যাৎ, ময়া হননাদিত্যাশয়ঃ ॥৮॥

মারীচ ইতি। বিশিষ্টাৎ উত্তমাৎ, তৎপুণ্যসংক্রমাদিতি ভাবঃ ॥৯॥

তখন রাবণ ক্রুদ্ধ ও অসহিষ্ণু হইয়া সংক্ষেপেই রামের সেই সমস্ত ব্যবহার এবং নিজের কর্ত্তব্য বিষয় মারীচকে বলিলেন ॥৫॥

মারীচ তাহা শুনিয়া সংক্ষেপেই রাবণকে বলিল—'মহারাজ! আপনি রামের নিকট যাইবেন না; কারণ, আমি তাঁহার বিক্রম জানি ॥৬॥

কোন্ ব্যক্তি সেই মহাত্মার বাণবেগ সহ্য করিতে সমর্থ হয়? সেই পুরুষশ্রেষ্ঠই আমার এই প্রব্রজ্যার কারণ। অতএব কোন্ দুরাত্মা আপনার এই মৃত্যুর কারণ বলিয়া দিয়াছে। ॥৭॥

তদনন্তর রাবণ ক্রুদ্ধ হইয়া ভর্ৎসনাপূর্বক মারীচকে বলিলেন—'আমার আদেশ পালন না করিলেও তোমার অবশ্যই মৃত্যু হইবে' ॥৮॥

তখন মারীচ চিন্তা করিল—'অবশ্য মৃত্যু উপস্থিত হইলে, উত্তম ব্যক্তির হাতেই মৃত্যু ভাল। অতএব রাবণের যে মত, তাহাই আমি করিব' ॥৯॥

তাহার পর মারীচ রাবণকে বলিল—'আমি আপনার কি সাহায্য করিব বলুন; আমি অসমর্থ হইলেও তাহা করিতে প্রবৃত্ত হইব' ॥১০॥

(১০)...কিং তে সহ্যং ময়া কার্য্যম্...বা ব কা পি।

তমব্রবীদ্দশগ্রীবো গচ্ছ সীতাং প্রলোভয়।
রত্নশৃঙ্গো মৃগো ভূত্বা রত্নচিত্রতনূরুহঃ।
ধ্রুবং সীতা সমালক্ষ্য ত্বাং রামং চোদয়িষ্যতি ॥১১॥
অপক্রান্তে চ কাকুৎস্থে সীতা বশ্যা ভবিষ্যতি।
তামাদায়াপনেষ্যামি ততঃ স ন ভবিষ্যতি।
ভার্য্যাবিয়োগাদ্দুর্ব্বুদ্ধিরেতৎ সাহ্যং কুরুষ্ব মে ॥১২॥
ইত্যেবমুক্তো মারীচঃ কৃত্বোদকমথাত্মনঃ।
রাবণং পুরতো যান্তমন্বগচ্ছৎ সুদুঃখিতঃ ॥১৩॥
ততস্তস্যাশ্রমং গত্বা রামস্যাক্লিষ্টকর্ম্মণঃ।
চক্রতুস্তত্তথা সর্ব্বমুভৌ যৎ পূর্ব্বমন্ত্রিতম্ ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। সাহ্যং সাহায্যম্। সাহায্যার্থে সাহ্যশব্দঃ পূর্ব্বমপি বহুশঃ প্রযুক্তঃ ॥১০॥
তমিতি। রত্নৈশ্চিত্রাণি তনূরুহাণি লোমানি যস্য সঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥
অপেতি। কাকুৎস্থে রামে। ন ভবিষ্যতি ন স্থাস্যতি মরিষ্যতীত্যর্থঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১২॥
ইতীতি। উদকমাত্মন এব তর্পণং জীবতো মৃতোৎসর্গবৎ, মরণনিশ্চয়াদিতি ভাবঃ ॥১৩॥
তত ইতি। অক্লিষ্টং ক্লেশরহিতং কর্ম্ম যস্য তস্য সর্ব্বকর্ম্মনিপুণস্যেত্যর্থঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

মারীচ ইতি ॥১॥ প্রস্থতং পুষ্কলার্থবৎ ॥২—৫॥ রামমাসাদ্যালং রামং নৈবাসাদয়েরিত্যর্থঃ "অলং খল্বোঃ প্রতিষেধয়োঃ প্রাচাং ক্ত্বে"তি নিষেধার্থকালংশব্দযোগে ক্ত্বাপ্রত্যয়ঃ ॥৬—১২॥

তখন রাবণ মারীচকে কহিলেন—'তুমি সেই খানে যাও, যাইয়া রত্নশৃঙ্গ এবং রত্নবিচিত্রলোমা হরিণ হইয়া সীতাকে প্রলুব্ধ কর; তাহাতে সীতা তোমাকে দেখিয়া (তোমাকে ধরিবার জন্য) অবশ্যই রামকে প্রেরণ করিবে ॥১১॥

তখন রাম আশ্রম হইতে চলিয়া গেলে, সীতা আমার বশীভূত হইবে। সেই সময়ে আমি সীতাকে ধরিয়া অপহরণ করিব; সেই ভার্য্যাবিরহদুঃখেই রাম মরিয়া যাইবে। তুমি আমার এই সাহায্য কর' ॥১২॥

রাবণ এইরূপ বলিলে, মারীচ অতিদুঃখিত হইয়া নিজের তর্পণ করিয়া অগ্রগামী রাবণের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিল ॥১৩॥

তাহার পর রাবণ ও মারীচ দুই জনেই অক্লিষ্টকর্ম্মা রামের আশ্রমে যাইয়া পূর্ব্বে যেরূপ মন্ত্রণা করিয়াছিলেন, সেইরূপ সমস্ত কার্য্য করিলেন ॥১৪॥

(১২)…এতৎ সাহ্যং কুরুষ্ব মে—বা ব কা পি।

রাবণস্তু যতির্ভূত্বা মুণ্ডঃ কুণ্ডী ত্রিদণ্ডধৃক্।
মৃগশ্চ ভূত্বা মারীচস্তং দেশমুপজগ্মতুঃ ॥১৫॥
দর্শয়ামাস মারীচো বৈদেহীং মৃগরূপধৃক্।
চোদয়ামাস তস্যার্থে সা রামং বিধিচোদিতা ॥১৬॥
রামস্তস্যাঃ প্রিয়ং কুর্ব্বন্ ধনুরাদায় সত্বরঃ।
রক্ষার্থে লক্ষ্মণং ন্যস্য প্রযযৌ মৃগলিপ্সয়া ॥১৭॥
স ধন্বী বদ্ধতূণীরঃ খড়্গগোধাঙ্গুলিত্রবান্।
অন্বধাবন্মৃগং রামো রুদ্রস্তারামৃগং যথা ॥১৮॥
সোঽন্তর্হিতঃ পুনস্তস্য দর্শনং রাক্ষসো ব্রজন্।
চকর্ষ মহদধ্বানং রামস্তং বুবুধে ততঃ ॥১৯॥

ভারতকৌমুদী

রাবণ ইতি। যতির্জিতেন্দ্রিয়ঃ, মুণ্ডো মুণ্ডিতমস্তকঃ, কুণ্ডী কমণ্ডলুমান্, ত্রিদণ্ডধৃক্ বাঙ্মনঃকায়সংযমরূপদণ্ডত্রয়ধারী সন্ন্যাসিরূপধারীত্যর্থঃ ॥১৫॥

দর্শয়েতি। দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ। চোদয়ামাস প্রেরয়ামাস ॥১৬॥

রাম ইতি। রক্ষার্থে সীতায়া ইতি শেষঃ, ন্যস্য আশ্রম এব স্থাপয়িত্বা ॥১৭॥

স ইতি। খড়্গঃ গোধা জ্যাঘাতবারণম্ অঙ্গুলিত্রঞ্চাস্যাস্তীতি সঃ। তারাভিস্তারা-চিহ্নৈশ্চিহ্নিতো মৃগস্তারামৃগস্তম্, মৃগীরূপধারিণীমাত্মজাং ধর্ষয়িতুং মৃগরূপধারিণং ব্রহ্মাণমিবেত্যর্থঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

উদকমৌর্দ্ধদেহিকম্ ॥১৩—১৭॥ গোধা জ্যাঘাতবারণম্ অঙ্গুলিত্রঞ্চ তদ্বান্। তারামৃগং তারারূপং মৃগম্, প্রজাপতিঃ স্বাং দুহিতরং মৃগো ভূত্বা জগাম তস্য রুদ্রঃ শিরোঽচ্ছিনত্তদেত-

রাবণ—জিতেন্দ্রিয়, মুণ্ডিতমস্তক ও কমণ্ডলুধারী সন্ন্যাসীর বেশ ধারণ করিয়া এবং মারীচ হরিণ হইয়া সেই স্থানে উপস্থিত হইলেন ॥১৫॥

ক্রমে মৃগরূপধারী মারীচ সীতাকে আত্মদর্শন করাইলেন; দৈবপ্রেরিত সীতাও তাহাকে ধরিবার জন্য রামকে পাঠাইলেন ॥১৬॥

রাম, সীতার প্রিয়কার্য্য করিবেন বলিয়া তাঁহার রক্ষার জন্য লক্ষ্মণকে আশ্রমে রাখিয়া, ধনু লইয়া, সেই হরিণকে ধরিবার ইচ্ছায় সত্বর প্রস্থান করিলেন ॥১৭॥

পূর্ব্বকালে মহাদেব যেমন বিচিত্রমৃগরূপধারী ব্রহ্মার পশ্চাৎ ধাবন করিয়াছিলেন, সেইরূপ রাম—ধনু, তূণ, তরবারি, জ্যাঘাতবারণ ও অঙ্গুলিত্র ধারণ করিয়া মৃগরূপধারী মারীচের পশ্চাৎ ধাবন করিলেন ॥১৮॥

(১৯)…দর্শনং রাক্ষসোঽব্রজৎ…বা ব কা পি।

নিশাচরং বিদিত্বা তং রাঘবঃ প্রতিভানবান্ ।
অমোঘং শরমাদায় জঘান মৃগরূপিণম্ ॥২০॥
স রামবাণাভিহতঃ কৃত্বা রামস্বরং তদা ।
হা সীতে ! লক্ষ্মণেত্যেবং চুক্রোশার্ত্তস্বরেণ হ ।
শুশ্রাব তস্য বৈদেহী ততস্তাং করুণাং গিরম্ ॥২১॥
সা প্রাধাবদ্‌যতঃ শব্দস্তামুবাচাথ লক্ষ্মণঃ ।
অলং তে শঙ্কয়া ভীরু ! কো রামং প্রহরিষ্যতি ॥২২॥
মুহূর্ত্তাদ্‌দ্রক্ষ্যসে রামং ভর্ত্তারং ত্বং শুচিস্মিতে ! ।
ইত্যুক্তা সা প্ররুদতী পর্য্যশঙ্কত লক্ষ্মণম্ ॥২৩॥
হতা বৈ স্ত্রীস্বভাবেন শুক্লচারিত্রভূষণম্ ।
সা তং পরুষমারব্ধা বক্তুং সাধ্বী পতিব্রতা ॥২৪॥

ভারতকৌমুদী

স ইতি। রাক্ষসো মারীচঃ। মহদধ্বানং দূরপথম্। আকারাভাব আর্ষঃ ॥১৯॥
নিশেতি। প্রতিভানবান্ প্রখরবুদ্ধিঃ। মৃগরূপিণং রাক্ষসম্ ॥২০॥
স ইতি। রামস্বরং রামতুল্যকণ্ঠধ্বনিম্। তস্য আশ্রমাদেব। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥
সেতি। যতঃ স্থানাৎ স শব্দ আগচ্ছত্তত্র প্রাধাবদিত্যর্থঃ ॥২২॥
মুহূর্ত্তাদিতি। পর্য্যশঙ্কত আত্মকামুকতয়া সংশয়িতবতী ॥২৩॥
হতেতি। শুক্লং নির্ম্মলং চারিত্রমেব ভূষণং যস্য তম্। আরব্ধা প্রবৃত্তা ॥২৪॥

মারীচ তখন এক একবার অন্তর্হিত হইতে লাগিল, আবার রামের দৃষ্টিপথে পতিত হইতে থাকিল ; এই ভাবে সে—রামকে বহুদূরে লইয়া গেল ; তখন রাম তাহাকে বুঝিতে পারিলেন ॥১৯॥

তীক্ষ্ণবুদ্ধিশালী রাম সেই হরিণকে রাক্ষস বুঝিয়া অব্যর্থ বাণ লইয়া তাহাকে আঘাত করিলেন ॥২০॥

মারীচ তখন রামের বাণে আহত হইয়া, রামের তুল্য কণ্ঠস্বর করিয়া, 'হা সীতে ! হা লক্ষ্মণ !' এইরূপ আর্ত্তস্বরে আহ্বান করিল ; সীতা আশ্রম হইতেই তাহার সেই করুণ বাক্য শুনিতে পাইলেন ॥২১॥

তাহার পর যে স্থান হইতে সেই শব্দ আসিয়াছিল, সেই দিকে সীতা ধাবিত হইলেন ; তখন লক্ষ্মণ তাঁহাকে বলিলেন—'ভয়শীলে ! আপনি উদ্বিগ্ন হইবেন না ; কোন্ ব্যক্তি রামকে প্রহার করিতে পারে ? ॥২২॥

নির্ম্মলহাসিনি ! আপনি মুহূর্ত্তমধ্যেই ভর্ত্তা রামচন্দ্রকে দেখিতে পাইবেন'। লক্ষ্মণ এইরূপ বলিলে, সীতা রোদন করিতে থাকিয়া লক্ষ্মণের উপরে আশঙ্কা করিলেন ॥২৩॥

নৈষ কামো ভবেন্মূঢ়! যং ত্বং প্রার্থয়সে হৃদা।
অপ্যহং শস্ত্রমাদায় হন্ম্যামাত্মানমাত্মনা ॥২৫॥
পতেয়ং গিরিশৃঙ্গাদ্বা বিশেয়ং বা হুতাশনম্।
রামং ভর্ত্তারমুৎসৃজ্য ন ত্বহং ত্বাং কথঞ্চন।
নিহীনমুপতিষ্ঠেয়ং শার্দ্দূলী ক্রোষ্টুকং যথা ॥২৬॥
এতাদৃশং বচঃ শ্রুত্বা লক্ষ্মণঃ প্রিয়রাঘবঃ।
পিধায় কর্ণৌ সদ্বৃত্তঃ প্রস্থিতো যেন রাঘবঃ ॥২৭॥
স রামস্য পদং গৃহ্য প্রসসার ধনুর্দ্ধরঃ।
এতস্মিন্নন্তরে রক্ষো রাবণঃ প্রত্যদৃশ্যত ॥২৮॥
অভব্যো ভব্যরূপেণ ভস্মচ্ছন্ন ইবানলঃ।
যতিবেশপ্রতিচ্ছন্নো জিহীর্ষুস্তামনিন্দিতাম্ ॥২৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নেতি। ভবেৎ সফল ইতি শেষঃ। তৎকারণমাহ অপীতি ॥২৫॥
পতেয়মিতি। নিহীনমপকৃষ্টম্। ক্রোষ্টুকং শৃগালম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥
এতাদৃশমিতি। সদ্বৃত্তঃ সচ্চরিত্রঃ। যেন পথা রাঘবো গতস্তেনৈব প্রস্থিত ইত্যর্থঃ ॥২৭॥
স ইতি। পদং পদচিহ্নাবলীম্, গৃহ্য গৃহীত্বা। রক্ষো রাক্ষসঃ। অভব্যঃ অসাধুঃ, ভব্যরূপেণ সাধুরূপেণ। যতিবেশেন প্রতিচ্ছন্ন আবৃতস্বরূপঃ ॥২৮—২৯॥

এবং সাধ্বী ও পতিব্রতা সীতা স্ত্রীজাতির স্বভাবসুলভ লঘুতাবশতঃ নির্ম্মল-চরিত্র লক্ষ্মণকে নিষ্ঠুর কথা বলিতে আরম্ভ করিলেন—॥২৪॥

'মূঢ়! তুমি মনে মনে যাহা প্রার্থনা করিতেছ, সে বিষয়ের অভিলাষ তোমার সফল হইবে না। কেন না, আমি অস্ত্র লইয়া নিজেই আত্মহত্যা করিব ॥২৫॥

নিকৃষ্ট! আমি পর্ব্বতশৃঙ্গ হইতে পতিত হইব, কিংবা অগ্নিতে প্রবেশ করিব। কিন্তু ব্যাঘ্রী যেমন শৃগালের সেবা করে না, সেইরূপ আমি ভর্ত্তা রামকে পরিত্যাগ করিয়া কোন প্রকারেই তোমার সেবা করিব না' ॥২৬॥

রামপ্রিয় ও সচ্চরিত্র লক্ষ্মণ সীতার এইরূপ উক্তি শুনিয়া কর্ণযুগল আবৃত করিয়া—যে পথে রাম গিয়াছিলেন, সেই পথেই প্রস্থান করিলেন ॥২৭॥

ক্রমে ধনুর্দ্ধর লক্ষ্মণ রামের চরণচিহ্নশ্রেণী ধরিয়া গমন করিতে লাগিলেন।

(২৬)···বিহীনমুপতিষ্ঠেয়ম্···বা। (২৮) শ্লোকস্য পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'অবীক্ষমাণো বিবৌজীং প্রযযৌ লক্ষ্মণস্তদা' ইত্যধিকম্—বা ব কা নি।

সা তমালক্ষ্য সংপ্রাপ্তং ধর্ম্মজ্ঞা জনকাত্মজা।
নিমন্ত্রয়ামাস তদা ফলমূলাসনাদিভিঃ ॥৩০॥
অবমন্য ততঃ সর্ব্বং স্বং রূপং প্রতিপদ্য চ।
সান্ত্বয়ামাস বৈদেহীমিতি রাক্ষসপুঙ্গবঃ ॥৩১॥
সীতে! রাক্ষসরাজোঽহং রাবণো নাম বিশ্রুতঃ।
মম লঙ্কা পুরী নাম্না রম্যা পারে মহোদধেঃ ॥৩২॥
তত্র ত্বং বরনারীষু শোভিষ্যসি ময়া সহ।
ভার্য্যা মে ভব সুশ্রোণি! তাপসং ত্যজ রাঘবম্ ॥৩৩॥
এবমাদীনি বাক্যানি শ্রুত্বা তস্যাথ জানকী।
পিধায় কর্ণৌ সুশ্রোণী মৈবমিত্যব্রবীদ্বচঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

সেতি। আলক্ষ্য দৃষ্ট্বা, সম্প্রাপ্তমাগতম্, ধর্ম্মজ্ঞা আতিথ্যাদিধর্ম্মবিৎ ॥৩০॥
অবেতি। সর্ব্বং সীতয়া দিৎসিতং ফলাদিকম্। প্রতিপদ্য প্রাপ্য ॥৩১॥
সীত ইতি। বিশ্রুতো জগদ্বিখ্যাতঃ। লঙ্কেতি নাম্না রম্যা পুরী মম ॥৩২॥
তত্রেতি। শোভনে শ্রোণী নিতম্বৌ যস্যাস্তৎসম্বোধনম্ ॥৩৩॥
এবমিতি। পিধায় হস্তাভ্যামাচ্ছাদ্য, পাপশ্রবণেঽপি পাপোদয়াদিতি ভাবঃ ॥৩৪॥

এই সময়ে দেখা গেল—ভস্মাবৃত অগ্নির ন্যায় সন্ন্যাসিবেশে আবৃতস্বরূপ এবং অসাধু হইয়াও সাধুরূপী রাক্ষস রাবণ অনিন্দ্যসুন্দরী সীতাকে হরণ করিবার ইচ্ছায় সেইখানে উপস্থিত হইলেন ॥২৮—২৯॥

তখন ধর্ম্মজ্ঞা সীতা তাঁহাকে আগত দেখিয়া ফল, মূল ও আসনপ্রভৃতি-দ্বারা তাঁহাকে নিমন্ত্রণ করিলেন ॥৩০॥

তদনন্তর রাবণ সে সকল অগ্রাহ্য করিয়া নিজের রূপ ধরিয়া এই ভাবে সীতাকে প্রলুব্ধ করিতে প্রবৃত্ত হইলেন—॥৩১॥

'সীতা! আমি রাক্ষসদের রাজা জগদ্বিখ্যাত রাবণ এবং মহাসমুদ্রের ওপারে আমার লঙ্কানাম্নী মনোহর নগরী রহিয়াছে ॥৩২॥

সুশ্রোণি! তুমি সেইখানে উত্তম রমণীগণের মধ্যে আমার সহিত শোভা পাইবে। অতএব তুমি তপস্বী রামকে ত্যাগ কর এবং আমার ভার্য্যা হও' ॥৩৩॥

সুনিতম্বা জানকী রাবণের এই জাতীয় অনেক বাক্য শুনিয়া কর্ণযুগল আবৃত করিয়া বলিলেন—'এরূপ আর বলিবেন না ॥৩৪॥

প্রপতেদ্দ্যৌঃ সনক্ষত্রা পৃথিবী শকলীভবেৎ।
শৈত্যমগ্নিরিয়ান্নাহং ত্যজেয়ং রঘুনন্দনম্ ॥৩৫॥
কথং হি ভিন্নকরটং পদ্মিনং বনগোচরম্।
উপস্থায় মহানাগং করেণুঃ শূকরং স্পৃশেৎ ॥৩৬॥
কথং হি পীত্বা মাধ্বীকং পীত্বা চ মধুমাধবীম্।
লোভং সৌবীরকে কুর্য্যান্নারী কাচিদিতি স্মরে ॥৩৭॥
ইতি সা তং সমাভাষ্য প্রবিবেশাশ্রমং ততঃ।
ক্রোধাৎ প্রস্ফুরমাণৌষ্ঠী বিধুন্বানা করৌ মুহুঃ ॥৩৮॥
তামভিক্রম্য সুশ্রোণীং রাবণঃ প্রত্যষেধয়ৎ।
ভর্ৎসয়িত্বা চ রূক্ষেণ স্বরেণ গতচেতনাম্।
মূর্দ্ধজেষু নিজগ্রাহ ঊর্দ্ধমাচক্রমে ততঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

প্রেতি। দ্যৌর্গগনম্। শকলীভবেৎ খণ্ডখণ্ডীভবেৎ। ইয়াৎ প্রাপ্নুয়াৎ ॥৩৫॥

কথমিতি। করেণুর্হস্তিনী, ভিন্নকরটং মদস্রাবিগণ্ডম্, পদ্মিনং পদ্মমালাযুক্তম্, বনগোচরং বনচারিণম্, মহানাগং মহাহস্তিনম্, উপস্থায় নিষেব্য, কথং শূকরং স্পৃশেৎ, কথমপি নেত্যর্থঃ। মহাহস্তিসদৃশং রামমপহায় শূকরসদৃশং ত্বাং ন ভজামীত্যাশয়ঃ ॥৩৬॥

কথমিতি। মাধ্বীকং পুষ্পজং মদ্যম্, মধুমাধবীং ক্ষৌদ্রজং মদ্যম্, সৌবীরকে কাঞ্জিকে। ইতি স্মরে চিন্তয়ামি। রামাপেক্ষয়া ত্বং সর্ব্বথা নিকৃষ্ট ইতি ভাবঃ ॥৩৭॥

ইতীতি। প্রস্ফুরমাণৌষ্ঠী স্পন্দমানোষ্ঠযুগলা, বিধুন্বানা কম্পয়ন্তী ॥৩৮॥

ভারতভাবদীপঃ

মৃগশীর্ষং নাম নক্ষত্রম্ ॥১৮—২২॥ পদ্মাশদ্ধত লক্ষণো মহ্যাভিলাষবানিতি শঙ্কামকরোৎ ॥২৩—৩৫॥ ভিন্নকরটং ভিন্নগণ্ডস্থলং মত্তং করেণুর্হস্তিনী ॥৩৬॥ মাধ্বীকং মধু পুষ্পজং মদ্যম্, মধুমাধবীং ক্ষৌদ্রজাং সুরাম্, সৌবীরং কাঞ্জিকম্ ॥৩৭—৪০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৩২॥

যদি নক্ষত্রের সহিত আকাশ পড়িয়া যায়, কিংবা পৃথিবী খণ্ড খণ্ড হইয়া যায় অথবা অগ্নি শীতল হয়, তথাপি আমি রামকে ত্যাগ করিব না ॥৩৫॥

কারণ, হস্তিনী—মদস্রাবী, পদ্মমালাধারী ও বনচারী মহাহস্তীর সেবা করিয়া কি প্রকারে শূকরকে স্পর্শ করিবে? ॥৩৬॥

কোন রমণী পুষ্পজাত মদ্য ও মধুজাত মদ্য পান করিয়া কি প্রকারে যে কাঁজীতে লোভ করে ইহাই আমি চিন্তা করি ॥৩৭॥

ক্রোধে কম্পিতাধরা সীতা বার বার হস্তযুগল সঞ্চালিত করিয়া এই ভাবে রাবণকে বলিয়া সে স্থান হইতে আশ্রমে প্রবেশ করিলেন ॥৩৮॥

তাং দদর্শ ততো গৃধ্রো জটায়ুর্গিরিগোচরঃ।
রুদতীং রামরামেতি ম্রিয়মাণাং তপস্বিনীম্ ॥৪০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
দ্রৌপদীহরণে রামোপাখ্যানে সীতাহরণে
দ্বাত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:(*):———

ত্রয়স্ত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

———:*:———

মার্কণ্ডেয় উবাচ।
সখা দশরথস্যাসীজ্জটায়ুররুণাত্মজঃ।
গৃধ্ররাজো মহাবীরঃ সম্পাতির্যস্য সোদরঃ ॥১॥

ভারতকৌমুদী

তামিতি। মূর্দ্ধজেষু কেশেষু। আচক্রমে উৎপপাত। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৯॥

তামিতি। গিরিগোচরঃ পর্ব্বতস্থঃ। তপস্বিনীং শোচনীয়াম্ ॥৪০॥

* ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে দ্বাত্রিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(:*:)———

সখেতি। অরুণস্য গরুড়াগ্রজস্য আত্মজঃ। গৃধ্রঃ পক্ষিবিশেষঃ ॥১॥

তখন রাবণ দ্রুত যাইয়া সীতাকে নিষেধ করিলেন এবং মূর্চ্ছিতপ্রায়া সীতাকে রুক্ষস্বরে ভর্ৎসনা করিয়া তাঁহার কেশাকর্ষণ করিলেন, তাহার পর তাঁহাকে লইয়া আকাশে উঠিলেন ॥৩৯॥

তদনন্তর পর্ব্বতস্থিত জটায়ুপক্ষী দেখিলেন—তপস্বিনী সীতা 'রাম রাম' বলিয়া রোদন করিতেছেন এবং রাবণ তাঁহাকে হরণ করিয়া লইয়া যাইতেছেন ॥৪০॥

———:(০):———

মার্কণ্ডেয় বলিলেন—'অরুণ যাঁহার পিতা এবং সম্পাতি যাঁহার সহোদর ছিলেন, সেই মহাবীর গৃধ্ররাজ জটায়ু দশরথ রাজার সখা ছিলেন ॥১॥

* '...পঞ্চত্রিংশদধিকদ্বিশততমঃ...' পি, '...সপ্তসপ্তত্যধিকদ্বি...' বা ব' '...অষ্টসপ্তত্যধিকদ্বি...' কা, '...একোনাশীত্যধিকদ্বি...' নি।

স দদর্শ তদা সীতাং রাবণাঙ্কগতাং স্নুষাম্।
সক্রোধোঽভ্যদ্রবৎ পক্ষী রাবণং রাক্ষসেশ্বরম্ ॥২॥
অথৈনমব্রবীদ্‌গৃধ্রো মুঞ্চ মুঞ্চেতি মৈথিলীম্।
ম্রিয়মাণে ময়ি কথং হরিষ্যসি নিশাচর! ॥৩॥
নহি মে মোক্ষ্যসে জীবন্ যদি নোৎস্রক্ষ্যসে বধূম্।
উক্ত্বৈবং রাক্ষসেন্দ্রং তং চকর্ত্ত নখরৈর্ভৃশম্ ॥৪॥
পক্ষতুণ্ডপ্রহারৈশ্চ বহুশো জর্জ্জরীকৃতঃ।
চক্ষার রুধিরং ভূরি গিরিঃ প্রস্রবণৈরিব ॥৫॥
স বধ্যমানো গৃধ্রেণ রামপ্রিয়হিতৈষিণা।
খড়্গমাদায় চিচ্ছেদ পক্ষৌ তস্য পতত্রিণঃ ॥৬॥

ভারতকৌমুদী

স ইতি। স্নুষাং পুত্রবধূম্, দশরথস্য সখিত্বাৎ জটায়ুষস্তৎস্থানপাতিত্বাদিতি ভাবঃ ॥২॥
অথেতি। এনং রাবণম্, গৃধ্রো জটায়ুঃ। ম্রিয়মাণে অবতিষ্ঠমানে ॥৩॥
নহীতি। নোৎস্রক্ষ্যসে ন ত্যক্ষ্যসি। চকর্ত্ত চিচ্ছেদ, নখরৈর্নখৈঃ ॥৪॥
পক্ষেতি। চক্ষার অধঃস্রাবয়ামাস। প্রস্রবণৈঃ প্রণালীভির্জলমিব ॥৫॥
স ইতি। স রাবণঃ, বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ। পতত্রিণো জটায়ুষঃ ॥৬॥

তিনি তখন দেখিলেন—পুত্রবধূ সীতা রাবণের ক্রোড়ে রহিয়াছেন। তৎক্ষণাৎ তিনি ক্রুদ্ধ হইয়া রাক্ষসরাজ রাবণের দিকে ধাবিত হইলেন ॥২॥

তাহার পর জটায়ু রাবণকে বলিলেন—'নিশাচর! তুই সীতাকে পরিত্যাগ কর্ পরিত্যাগ কর্। কারণ, আমি থাকিতে তুই কি করিয়া উঁহাকে হরণ করিবি? ॥৩॥

তুই যদি সীতাকে পরিত্যাগ না করিস্, তবে জীবিত অবস্থায় আমার নিকট হইতে মুক্তি পাইবি না'। এই কথা বলিয়াই জটায়ু নখদ্বারা রাবণকে অত্যন্ত ক্ষতবিক্ষত করিলেন ॥৪॥

এবং তিনি পক্ষ ও চঞ্চুপ্রহারদ্বারা রাবণের বহু অঙ্গ জর্জ্জরীভূত করিলেন। তখন পর্ব্বত হইতে প্রণালীদ্বারা যেমন জল নির্গত হয়, সেইরূপ রাবণের গাত্র হইতে প্রচুর রক্ত নির্গত হইতে লাগিল ॥৫॥

রামের প্রিয় ও হিতৈষী জটায়ু যখন ঐরূপে প্রহার করিতে লাগিলেন, তখন রাবণ খড়্গ ধারণ করিয়া জটায়ুর পক্ষদ্বয় ছেদন করিলেন ॥৬॥

---

(৩)···মুঞ্চ মুঞ্চ স্বমৈথিলীম্···বা ব কা পি। (৫)···বহুশো জর্জ্জরীকৃতম্···বা ব কা।

নিহত্য গৃধ্ররাজং স ভিন্নাভ্রশিখরোপমম্ ।
ঊর্দ্ধমাচক্রমে সীতাং গৃহীত্বাঙ্কেন রাক্ষসঃ ॥৭॥
যত্র যত্র তু বৈদেহী পশ্যত্যাশ্রমমণ্ডলম্ ।
সরো বা সরিতো বাপি তত্র মুঞ্চতি ভূষণম্ ॥৮॥
সা দদর্শ গিরিপ্রস্থে পঞ্চ বানরপুঙ্গবান্ ।
তত্র বাসো মহদ্দিব্যমুৎসসর্জ্জ মনস্বিনী ॥৯॥
তত্তেষাং বানরেন্দ্রাণাং পপাত পবনোদ্ধতম্ ।
মধ্যে সুপীতং পঞ্চানাং বিদ্যুন্মেঘান্তরে যথা ॥১০॥
অচিরেণাতিচক্রাম খেচরঃ খে চরন্নিব ।
দদর্শাথ পুরীং রম্যাং বহুদ্বারাং মনোরমাম্ ॥১১॥

ভারতকৌমুদী

নিহত্যেতি । ভিন্নানি বিদীর্ণানি অভ্রাণি মেঘা যেন তাদৃশং যচ্ছিখরং তদুপমম্ ॥৭॥
যত্রেতি । মুঞ্চতি, রাম এতদ্দৃষ্ট্বা যত্তাত্মসংবাদং জ্ঞাতুং শক্নুয়াদিত্যাশয়েতি ভাবঃ ॥৮॥
সেতি । গিরেঃ প্রস্থে সানুদেশে সমতলভূমাবিতি যাবৎ । পূর্ববদ্ভাবঃ ॥৯॥
তদিতি । পবনোদ্ধতং বায়ুচালিতং সৎ । সুপীতং মনোহরপীতবর্ণম্ ॥১০॥
অচিরেণেতি । অতিচক্রাম সাগরমিতি শেষঃ, খেচরো রাবণঃ । ইব বাক্যালঙ্কারে ॥১১॥

ভারতভাবদীপঃ

সখেতি ॥১—২॥ স্বমৈথিলীং স্বা চাসৌ মৈথিলী চ স্বা আত্মীয়া স্নুষা মৈথিলসুতেত্যর্থঃ, ম্রিয়মাণে জীবতি সতি ॥৩॥ নখরৈর্নখৈস্তীক্ষ্ণৈঃ ॥৪॥ চস্কার সুস্রাব ॥৫—৬॥ অঙ্কেনোৎসঙ্গেন ॥৭—৮॥ গিরিপ্রস্থে পর্ব্বতশিখরে । "প্রস্থোঽস্ত্রিয়াং মানভেদে সানাবত্যুচ্চবস্তুনী"তি

এই ভাবে রাবণ, মেঘভেদী পর্বতশৃঙ্গের ন্যায় গৃধ্ররাজ জটায়ুকে বধ করিয়া সীতাকে ক্রোড়ে ধারণপূর্ব্বক উপরের দিকে উঠিলেন ॥৭॥

তখন সীতা যেখানে যেখানে আশ্রম, জলাশয়, কিংবা নদী দেখিতে লাগিলেন, সেইখানে সেইখানেই নিজের এক একখানি অলঙ্কার ফেলিয়া দিতে থাকিলেন ॥৮॥

তাহার পর তিনি এক পর্বতের সমতলভূমিতে প্রধান পাঁচটা বানর দেখিলেন, তৎক্ষণাৎ সেখানে উত্তম ও বিশাল উত্তরীয় বস্ত্র নিক্ষেপ করিলেন ॥৯॥

তখন মেঘের মধ্যে যেমন বিদ্যুৎ উপস্থিত হয়, সেইরূপ সেই পাঁচটা বানরের মধ্যে বায়ুচালিত হইয়া যাইয়া সেই সুন্দর ও পীতবর্ণ বস্ত্রখানা পতিত হইল ॥১০॥

তাহার পর রাবণ আকাশপথে গমন করিতে থাকিয়া অচিরকালমধ্যেই

প্রাকারবপ্রসংবাধাং নির্ম্মিতাং বিশ্বকর্ম্মণা।
প্রবিবেশ পুরীং লঙ্কাং সসীতো রাক্ষসেশ্বরঃ ॥১২॥
এবং হৃতায়াং বৈদেহ্যাং রামো হত্বা মহামৃগম্।
নিবৃত্তো দদৃশে ধীমান্ ভ্রাতরং লক্ষ্মণং তদা ॥১৩॥
কথমুৎসৃজ্য বৈদেহীং বনে রাক্ষসসেবিতে।
ইতি তং ভ্রাতরং দৃষ্ট্বা প্রাপ্তোঽসীতি ব্যগর্হয়ৎ ॥১৪॥
মৃগরূপধরেণাথ রক্ষসা সোঽপকর্ষণম্।
ভ্রাতুরাগমনঞ্চৈব চিন্তয়ন্ পর্য্যতপ্যত ॥১৫॥
গর্হয়ন্নেব রামস্তু ত্বরিতস্তং সমাসদৎ।
অপি জীবতি বৈদেহী নেতি পশ্যামি লক্ষ্মণ! ॥১৬॥

ভারতকৌমুদী

প্রাকারেতি। প্রাকারৈরিষ্টকাবেষ্টনৈঃ বপ্রৈস্তম্মূলস্থমৃত্তিকাস্তূপৈশ্চ সংবাধাং ব্যাপ্তাম্ ॥১২॥

এবমিতি। নিবৃত্ত আশ্রমং প্রত্যাগচ্ছন্, দদৃশে দদর্শ ॥১৩॥

কথমিতি। বৈদেহীমুৎসৃজ্য কথং প্রাপ্তঃ অত্রাগতোঽসীতি ব্যগর্হয়ন্নিন্দিতবান্ ॥১৪॥

মৃগেতি। স রামঃ, অপকর্ষণম্ আত্মনো দূর আকর্ষণম্ ॥১৫॥

গর্হয়ন্নিতি। রামস্তু লক্ষ্মণং পূর্ব্বোক্তপ্রকারং গর্হয়ন্নেব, হে লক্ষ্মণ! বৈদেহী জীবতি তাং পশ্যামি, অপি কিম্, ইতি ব্রুবন্নেব তং লক্ষ্মণম্, সমাসদৎ প্রাপৎ ॥১৬॥

ভারতভাবদীপঃ

মেদিনী ॥৯—১১॥ প্রাকারঃ পরিধিভিত্তিঃ, বপ্রস্তদ্বাহ্যং বেণুময়ং দুর্গং তাভ্যাং সংবাধাং দুর্গমাম্। "বপ্রঃ স্থানে পুমানস্ত্রী বেণুক্ষেত্রে চ পেটকে" ইতি মেদিনী ॥১২—১৭॥ কথং

সমুদ্র অতিক্রম করিলেন এবং বহুদ্বারসমন্বিত ও চিত্তাকর্ষক একটী সুন্দর পুরী দর্শন করিলেন ॥১১॥

তৎপরে রাবণ সীতার সহিত সেই প্রাচীরবেষ্টিত বিশ্বকর্ম্মনির্ম্মিত লঙ্কাপুরীতে যাইয়া প্রবেশ করিলেন ॥১২॥

এইভাবে সীতাকে হরণ করিয়া নিলে পর, ধীমান্ রাম মহামৃগ বধ করিয়া ফিরিয়া আসিবার সময়ে পথে ভ্রাতা লক্ষ্মণকে দেখিলেন ॥১৩॥

তিনি লক্ষ্মণকে দেখিয়াই এই বলিয়া তাঁহাকে নিন্দা করিলেন যে,—'তুমি রাক্ষসসেবিত বনে একাকিনী সীতাকে পরিত্যাগ করিয়া কেন আসিলে?' ॥১৪॥

তাহার পর রাম, মৃগরূপধারি-রাক্ষসকর্তৃক নিজের দূরে আকর্ষণ এবং লক্ষ্মণের তথা হইতে আগমন এই সমস্ত চিন্তা করিয়া অত্যন্ত উদ্বিগ্ন হইলেন ॥১৫॥

এবং রাম উক্তপ্রকার নিন্দা করিয়াই 'লক্ষ্মণ! সীতা জীবিত আছেন কি?

তস্ত তৎ সর্ব্বমাচখ্যৌ সীতায়া লক্ষ্মণো বচঃ।
যদুক্তবত্যসদৃশং বৈদেহী পশ্চিমং বচঃ ॥১৭॥
দহ্যমানেন তু হৃদা রামোঽভ্যপতদাশ্রমম্।
স দদর্শ তদা গৃধ্রং নিহতং পর্ব্বতোপমম্ ॥১৮॥
রাক্ষসং শঙ্কমানস্তং বিকৃষ্য বলবদ্ধনুঃ।
অভ্যধাবত কাকুৎস্থস্ততস্তং সহলক্ষ্মণঃ ॥১৯॥
স তাবুবাচ তেজস্বী সহিতৌ রামলক্ষ্মণৌ।
গৃধ্ররাজোঽস্মি ভদ্রং বাং সখা দশরথস্ত বৈ ॥২০॥
তস্ত তদ্বচনং শ্রুত্বা সংগৃহ্য ধনুষী শুভে।
'বৈদেহি ! আমি তোমাকে মুক্ত করিয়া দিয়াছি, এখন তুমি যাইতে পার। আমার যাহা কর্ত্তব্য, তাহা আমি করিয়াছি। ভদ্রে ! তুমি আমাকে পতি লাভ করিয়া রাক্ষসের ঘরে বৃদ্ধ না হও, এই জন্যই আমি ঐ রাক্ষসকে বধ করিয়াছি ॥১০॥

আমার মত ধর্ম্মজ্ঞ লোক পরহস্তগতা নারীকে কিপ্রকারে আবার কখনও মুহূর্ত্তকালের জন্যও গ্রহণ করিতে পারে ? ॥১১॥

অতএব মৈথিলি ! তুমি সচ্চরিত্রাই হও বা অসচ্চরিত্রাই হও, আমি আর তোমাকে কুক্কুরভুক্ত হবির ন্যায় ভোগের জন্য গ্রহণ করিতে পারি না' ॥১২॥

তদনন্তর বালিকা সীতাদেবী সেই দারুণ কথা শুনিয়া ব্যথিত হইয়া তৎক্ষণাৎ ছিন্ন কদলীর ন্যায় ভূতলে পতিত হইলেন ॥১৩॥

(১০) গচ্ছ বৈদেহি ! মুক্তা ত্বম্---বা ব ক। নি।

ততস্তে হরয়ঃ সর্ব্বে তচ্ছ্রুত্বা রামভাষিতম্ ।
গতাসুকল্পা নিশ্চেষ্টা বভূবুঃ সহলক্ষ্মণাঃ ॥১৫॥
ততো দেবো বিশুদ্ধাত্মা বিমানেন চতুর্ম্মুখঃ ।
পদ্মযোনির্জগৎস্রষ্টা দর্শয়ামাস রাঘবম্ ॥১৬॥
শক্রশ্চাগ্নিশ্চ বায়ুশ্চ যমো বরুণ এব চ ।
যক্ষাধিপশ্চ ভগবাংস্তথা সপ্তর্ষয়োঽমলাঃ ॥১৭॥
রাজা দশরথশ্চৈব দিব্যভাস্বরমূর্ত্তিমান্ ।
বিমানেন মহার্হেণ হংসযুক্তেন ভাস্বতা ॥১৮॥ (বিশেষকম্)
ততোঽন্তরীক্ষং তৎ সর্বং দেবগন্ধর্ব্বসঙ্কুলম্ ।
শুশুভে তারকাচিত্রং শরদীব নভস্তলম্ ॥১৯॥
তত উত্থায় বৈদেহী তেষাং মধ্যে যশস্বিনী ।
উবাচ বাক্যং কল্যাণী রামং পৃথুলবক্ষসম্ ॥২০॥

ভারতকৌমুদী

তত ইতি। হরয়ো বানরাঃ। গতাসুকল্পা মৃততুল্যাঃ ॥১৫॥

তত ইতি। বিশুদ্ধাত্মা রাগদ্বেষাভাবান্নির্ম্মলচিত্তঃ। দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ। অমলা নিষ্পাপাঃ। মহার্হেণ মহামূল্যেন। দর্শয়ামাসেতি সম্বন্ধঃ ॥১৬—১৮॥

তত ইতি। দেবগন্ধর্বৈঃ সঙ্কুলং ব্যাপ্তম্। তারকাভিশ্চিত্রং বিচিত্রীকৃতম্ ॥১৯॥

তত ইতি। উত্থায় ভূতলাদিতি শেষঃ। পৃথুলবক্ষসং বিশালোরস্কম্ ॥২০॥

এবং আনন্দে তাঁহার যে মুখের প্রফুল্লতা হইয়াছিল, তাহা—নিশ্বাস হওয়ার পরে দর্পণপতিত মুখরাগের ন্যায় পুনরায় ক্ষণকালমধ্যেই নষ্ট হইয়া গেল ॥১৪॥

তখন লক্ষ্মণের সহিত সেই বানরেরা সকলেই রামের সেই উক্তি শুনিয়া মৃতের ন্যায় নিশ্চেষ্ট হইয়া পড়িল ॥১৫॥

তাহার পর নির্ম্মলচিত্ত, পদ্মযোনি ও জগৎস্রষ্টা ব্রহ্মা, ইন্দ্র, অগ্নি, বায়ু, যম, বরুণ, ভগবান্ কুবের এবং নিষ্পাপ সপ্তর্ষিগণ যথাসম্ভব বিমানে আসিয়া রামচন্দ্রকে দেখা দিলেন; আর দিব্য ও উজ্জ্বলমূর্ত্তি রাজা দশরথ উজ্জ্বল, মহামূল্য ও হংসযুক্ত বিমানে আসিয়া দর্শন দান করিলেন ॥১৬—১৮॥

তখন দেবগণ ও গন্ধর্ব্বগণে পরিপূর্ণ সেই সমগ্র আকাশটাই শরৎকালে নক্ষত্রভূষিত আকাশের ন্যায় শোভা পাইতে লাগিল ॥১৯॥

(১৫) শ্লোকাৎ পরম্ '…সপ্তসপ্তত্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ' পি।

রাজপুত্র ! ন তে কোপং করোমি বিদিতা হি মে।
গতিঃ স্ত্রীণাং নরাণাঞ্চ শৃণু চেদং বচো মম ॥২১॥
অন্তশ্চরতি ভূতানাং মাতরিশ্বা সদাগতিঃ।
স মে বিমুঞ্চতু প্রাণান্ যদি পাপং চরাম্যহম্ ॥২২॥
অগ্নিরাপস্তথাকাশং পৃথিবী বায়ুরেব চ।
বিমুঞ্চন্তু মম প্রাণান্ যদি পাপং চরাম্যহম্ ॥২৩॥
যথাহং ত্বদৃতে বীর ! নান্যং স্বপ্নেঽপ্যচিন্তয়ম্।
তথা মে দেবনির্দ্দিষ্টস্ত্বমেব হি পতির্ভব ॥২৪॥
ততোঽন্তরীক্ষে বাগাসীৎ সুভগা লোকসাক্ষিণী।
পুণ্যা সংহর্ষণী তেষাং বানরাণাং মহাত্মনাম্ ॥২৫॥

ভারতকৌমুদী

রাজেতি। গতিরবস্থা। পরহস্তগতত্বে স্ত্রিয়ো দুষ্যন্তি পুরুষঃ নেতি জানামীত্যর্থঃ ॥২১॥

অন্তরিতি। মাতরিশ্বা বায়ুঃ। প্রাণান্ প্রাণরূপতাম্। চরামীত্যতীতসামীপ্যে বর্ত্তমানা ॥২২॥

দেহারম্ভকাণি পঞ্চ ভূতান্যেবাশ্রিত্য শপতে অগ্নিরিতি। আপো জলম্ ॥২৩॥

যথেতি। যথা যদি, ত্বদৃতে ত্বাং বিনা। দেবনির্দ্দিষ্টো বিধাতৃনিরূপিতঃ ॥২৪॥

তদনন্তর কল্যাণী ও যশস্বিনী সীতাদেবী ভূতল হইতে গাত্রোত্থান করিয়া তাঁহাদের মধ্যে বিশালবক্ষা রামচন্দ্রকে এই কথা বলিলেন—॥২০॥

'রাজপুত্র ! আমি আপনার উপরে ক্রোধ করি না। কারণ, স্ত্রীলোক ও পুরুষলোকের অবস্থা আমার জানা আছে। তবে আপনি আমার এই কথা শুনুন ॥২১॥

'আমি যদি পাপ করিয়া থাকি, তাহা হইলে প্রাণিগণের অন্তরচারী সর্ব্বদা গমনশীল বায়ু আমার প্রাণরূপ পরিত্যাগ করুন ॥২২॥

এবং আমি যদি পাপ করিয়া থাকি, তাহা হইলে অগ্নি, জল, আকাশ, পৃথিবী ও বায়ু আমার প্রাণসম্পর্ক পরিত্যাগ করুন ॥২৩॥

আর বীর ! আমি যদি আপনি ভিন্ন অন্য পুরুষকে স্বপ্নেও চিন্তা না করিয়া থাকি, তবে বিধাতার নির্দ্দেশ অনুসারে আপনিই আমার পতি থাকুন' ॥২৪॥

তাহার পর সীতার সৌভাগ্যসূচক, জগতে সাক্ষিস্বরূপ, পবিত্র এবং সেই উদারচেতা বানরগণের আনন্দজনক বাক্য সকল আকাশে প্রকাশ পাইল ॥২৫॥

(২১) রাজপুত্র ! ন তে রোষম্···বা ব কা। (২৫)···বাগাসীৎ সর্বা বিশ্রাবয়ন্ দিশঃ···পি।

বায়ুরুবাচ।

ভো ভো রাঘব ! সত্যং বৈ বায়ুরস্মি সদাগতিঃ।
অপাপা মৈথিলী রাজন্ ! সঙ্গচ্ছ সহ ভার্য্যয়া ॥২৬॥

অগ্নিরুবাচ।

অহমন্তঃশরীরস্থো ভূতানাং রঘুনন্দন ! ।
সুসূক্ষ্মমপি কাকুৎস্থ ! মৈথিলী নাপরাধ্যতি ॥২৭॥

বরুণ উবাচ।

রসা বৈ মৎপ্রসূতা হি ভূতদেহেষু রাঘব ! ।
অহং বৈ ত্বাং প্রব্রবীমি মৈথিলী প্রতিগৃহ্যতাম্ ॥২৮॥

ব্রহ্মোবাচ।

পুত্র ! নৈতদিহাশ্চর্য্যং ত্বয়ি রাজর্ষিধর্ম্মিণি।
সাধো সদ্বৃত্তমার্গস্থে শৃণু চেদং বচো মম ॥২৯॥

ভারতকৌমুদী

তত ইতি। সুভগা সীতায়াঃ সৌভাগ্যসূচিকা, লোকেষু সাক্ষিণী প্রমাণভূতা ॥২৫॥

ভো ইতি। সদৈব সর্বত্র গতির্যস্ত সঃ। সঙ্গচ্ছ সম্মিলিতো ভব ॥২৬॥

অহমিতি। অন্তঃশরীরস্থঃ পাচকাগ্নিরূপেণ। সুসূক্ষ্মমপি অত্যল্পমপি ॥২৭॥

রসা ইতি। রসাত্তরলপদার্থাঃ, মৎপ্রসূতা মজ্জনিতাঃ। প্রতিগৃহ্যতাং নির্দোষত্বাৎ ॥২৮॥

পুত্রেতি। হে পুত্র ! রাজর্ষিধর্ম্মিণি, সাধো সৎস্বভাবে, সদ্বৃত্তমার্গস্থে সচ্চরিত্রে সৎপথবর্ত্তিনি চ ত্বয়ি, এতৎ পত্ন্যাঃ প্রত্যাখ্যানম্, ইহ নাশ্চর্য্যম্। অপি তু পরপুরুষসংসর্গাশঙ্কাবশাৎ সম্ভবপরমেবেতি ভাবঃ। তথাপি ইদং মম বচঃ শৃণু ॥২৯॥

বায়ু বলিলেন—'রাজা রঘুনন্দন ! আমি যথার্থই সর্ব্বদাগমনশীল বায়ু। (আমি বলিতেছি—) সীতার কোন পাপ নাই; সুতরাং আপনি ঐ ভার্য্যার সহিত মিলিত হউন' ॥২৬॥

অগ্নি বলিলেন—'রঘুনন্দন ! আমি প্রাণিগণের শরীরের ভিতরে থাকি। (অতএব আমি বলিতেছি—) সীতা অত্যল্প অপরাধও করেন নাই' ॥২৭॥

বরুণ বলিলেন—'রঘুনন্দন ! প্রাণিগণের দেহের রসগুলি আমারই উৎপাদিত। সুতরাং আমি আপনাকে বলিতেছি—আপনি সীতাকে গ্রহণ করুন' ॥২৮॥

ব্রহ্মা বলিলেন—'পুত্র ! তুমি রাজর্ষি, সৎস্বভাবসম্পন্ন, সচ্চরিত্র এবং সৎপথবর্ত্তী। সুতরাং তোমার পক্ষে এখন এই পত্নীপরিত্যাগ আশ্চর্য্য নহে। তবে আমার এই কথা শোন—॥২৯॥

(২৯)··· সাধো সদ্বৃত্ত ! কাকুৎস্থ !···বা ব কা নি।

শক্রুরেষ ত্বয়া বীর! দেবগন্ধর্বভোগিনাম্।
যক্ষাণাং দানবানাঞ্চ দেবর্ষীণাঞ্চ পাতিতঃ ॥৩০॥
অবধ্যঃ সর্ব্বভূতানাং মৎপ্রসাদাৎ পুরাভবৎ।
কস্মাচ্চিৎ কারণাৎ পাপঃ কঞ্চিৎ কালমুপেক্ষিতঃ ॥৩১॥
বধার্থমাত্মনস্তেন হৃতা সীতা দুরাত্মনা।
নলকূবরশাপেন রক্ষা চাস্যাঃ কৃতা ময়া ॥৩২॥
যদি হ্যকামামাসেবেৎ স্ত্রিয়মন্যামপি ধ্রুবম্।
শতধাঽস্য স্ফুটেন্মূর্দ্ধা ইত্যুক্তঃ সোঽভবৎ পুরা ॥৩৩॥
নাত্র শঙ্কা ত্বয়া কার্য্যা প্রতীচ্ছেমাং মহাদ্যুতে!।
কৃতং ত্বয়া মহৎ কার্য্যং দেবানামমরপ্রভ! ॥৩৪॥

দশরথ উবাচ।

প্রীতোঽস্মি বৎস! ভদ্রং তে পিতা দশরথোঽস্মি তে।
অনুজানামি রাজ্যঞ্চ প্রশাধি পুরুষোত্তম! ॥৩৫॥

ভারতকৌমুদী

জগদুপকারকরণাৎ স্তৌতি শক্রুমিতি। ভোগিনো নাগাঃ। পাতিতো নিহতঃ ॥৩০॥ অবধ্য ইতি। কস্মাচ্চিৎ কারণাৎ মদাবির্ভাবপুষ্ট্যাদেরপেক্ষণীয়ত্বাৎ। পাপো রাবণঃ ॥৩১॥ বধেতি। তেন রাবণেন। নলকূবরঃ কুবেরপুত্রঃ। তচ্ছাপকারণন্তু প্রাগেবোক্তম্ ॥৩২॥ কোঽসৌ শাপ ইত্যাহ যদীতি। ধ্রুবমকামামিতি সম্বন্ধঃ। স্ফুটেদ্বিদীর্ণো ভবেৎ ॥৩৩॥ নেতি। অত্র সীতায়াম্। মহাকার্য্যকরণানন্তরমকার্য্যকরণমত্যন্তমনুচিতমিতি ভাবঃ ॥৩৪॥

বীর! তুমি—দেবতা, গন্ধর্ব, নাগ, যক্ষ, দানব ও দেবর্ষিগণের শত্রু এই রাবণকে বধ করিয়াছ ॥৩০॥

এই রাবণ আমারই অনুগ্রহে পূর্ব্বে সমস্ত প্রাণীর অবধ্য হইয়াছিল এবং আমিও কোন কারণে কিছুকাল এই পাপাত্মাকে উপেক্ষা করিয়াছিলাম ॥৩১॥

তা'র পর সেই দুরাত্মা নিজেরই বধের জন্য সীতাকে হরণ করিয়াছিল। কিন্তু আমি তখন নলকূবরের অভিশাপদ্বারা ইঁহাকে রক্ষা করিয়াছিলাম ॥৩২॥

পূর্ব্বে নলকূবর রাবণসম্বন্ধে বলিয়াছিলেন যে, রাবণ যদি বাস্তবিক অকামা পরস্ত্রীকে ধর্ষণ করে, তবে উহার মস্তক শতভাগে বিদীর্ণ হইবে' ॥৩৩॥

অতএব হে দেবতুল্য মহাতেজা! তুমি দেবগণের মহৎ কার্য্য সম্পাদন করিয়াছ। সুতরাং এখন ইঁহার প্রতি আশঙ্কা করিও না, ইঁহাকে গ্রহণ কর' ॥৩৪॥

(৩৩)...শতধাঽস্ত ফলেন্মূর্দ্ধা...বা ব কা নি।

রাম উবাচ।

অভিবাদয়ে ত্বাং রাজেন্দ্র ! যদি ত্বং জনকো মম।
গমিষ্যামি পুরীং রম্যামযোধ্যাং শাসনাত্তব ॥৩৬॥

মার্কণ্ডেয় উবাচ।

তমুবাচ পিতা ভূয়ঃ প্রহৃষ্টো ভরতর্ষভ ! ।
গচ্ছাযোধ্যাং প্রশাধীতি রামং রক্তান্তলোচনম্।
সম্পূর্ণানীহ বর্ষাণি চতুর্দ্দশ মহাদ্যুতে ! ॥৩৭॥
ততো দেবান্ নমস্কৃত্য সুহৃদ্ভিরভিনন্দিতঃ।
মহেন্দ্র ইব পৌলোম্যা ভার্য্যয়া স সমেয়িবান্ ॥৩৮॥
ততো বরং দদৌ তস্মৈ হবিষ্যায় পরন্তপঃ।
ত্রিজটাকার্থমানাভ্যাং যোজয়ামাস রাক্ষসীম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

প্রীত ইতি। রাজ্যঞ্চ প্রশাধীতি চকারেণ সীতাং গৃহাণেতি সমুচ্চীয়তে। এতেন পিত্রনুমতিং বিনা তদীয়রাজ্যশাসনমসঙ্গতমিতি দোষঃ পরিহৃতঃ ॥৩৫॥

অতীতি। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্। শাসনাদাদেশাৎ ॥৩৬॥

তমিতি। চতুর্দ্দশ বর্ষাণি সম্পূর্ণানীতি মৎপূর্বাদেশোঽপি রক্ষিত ইতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

তত ইতি। পৌলোম্যা শচীদেব্যা। সমেয়িবান্ সম্মিলিতো বভূব ॥৩৮॥

তত ইতি। বরং তদিচ্ছানুরূপম্। পরন্তপো রামঃ ॥৩৯॥

দশরথ বলিলেন—'বৎস ! আমি তোমার পিতা দশরথ ; আমি তোমার উপরে সন্তুষ্ট হইয়াছি। সুতরাং তোমার মঙ্গল হউক। আর আমিও তোমাকে অনুমতি করিতেছি যে, তুমি—মা জানকীকে গ্রহণ কর এবং দেশে যাইয়া রাজ্য শাসন কর' ॥৩৫॥

রাম বলিলেন—'রাজশ্রেষ্ঠ ! আমি আপনাকে অভিবাদন করি। আপনি যদি আমার পিতাই হন, তবে আপনার আদেশে আমি মনোহর অযোধ্যা-নগরীতেই যাইব' ॥৩৬॥

মার্কণ্ডেয় বলিলেন—ভরতশ্রেষ্ঠ ! পিতা দশরথ সন্তুষ্ট হইয়া পুনরায় রক্তপ্রান্তনয়ন রামচন্দ্রকে বলিলেন—'মহাতেজা ! এখন সেই চতুর্দ্দশ বৎসর পূর্ণ হইয়াছে। সুতরাং যাও, যাইয়া অযোধ্যা শাসন কর' ॥৩৭॥

তাহার পর রামচন্দ্র দেবগণকে নমস্কার করিয়া এবং সুহৃদ্গণকর্তৃক অভিনন্দিত হইয়া, শচীর সহিত ইন্দ্রের ন্যায় সীতার সহিত মিলিত হইলেন ॥৩৮॥

তমুবাচ ততো ব্রহ্মা দেবৈঃ শক্রপুরোগমৈঃ।
কৌশল্যামাতরিষ্টাংস্তে বরানস্ত দদানি কান্ ॥৪০॥
বব্রে রামঃ স্থিতিং ধর্ম্মে শত্রুভিশ্চাপরাজয়ম্।
রাক্ষসৈর্নিহতানাঞ্চ বানরাণাং সমুদ্ভবম্ ॥৪১॥
ততস্তে ব্রহ্মণা প্রোক্তে তথেতি বচনে তদা।
সমুত্তস্থুর্মহারাজ! বানরা লব্ধচেতসঃ ॥৪২॥
সীতা চাপি মহাভাগা বরং হনুমতে দদৌ।
রামকীর্ত্ত্যা সমং পুত্র! জীবিতং তে ভবিষ্যতি ॥৪৩॥
দিব্যাস্ত্বামুপভোগাশ্চ মৎপ্রসাদকৃতাঃ সদা।
উপস্থাস্যন্তি হনুমন্নিতি স্ম হরিলোচন! ॥৪৪॥ (যুগ্মকম্)
ততস্তে প্রেক্ষমাণানাং তেষামক্লিষ্টকর্ম্মণাম্।
অন্তর্দ্ধানং যযুর্দেবাঃ সর্ব্বে শক্রপুরোগমাঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

তমিতি। কৌশল্যা মাতা যস্য তৎসম্বোধনম্। ইষ্টান্ অভিলষিতান্ ॥৪০॥

বব্রে ইতি। প্রথমার্দ্ধে 'আত্মন ইতি শেষঃ। সমুদ্ভবং পুনর্জীবনম্ ॥৪১॥

তত ইতি। লব্ধচেতসঃ প্রাপ্তচেতনাঃ ॥৪২॥

সীতেতি। অতএব বিবিধপ্রয়োগাৎ হনুমচ্ছব্দস্য হ্রস্বোকারবত্ত্বং দীর্ঘোকারবত্ত্বঞ্চ জ্ঞেয়ম্। তেন চ "হনূমান্ হনুমানপি" ইতি শব্দভেদপ্রকাশেঽপ্যুক্তম্। সমং সমানম্। দিব্যা উত্তমাঃ। উপস্থাস্যন্তি যচেষ্টাং বিনাপি। হে হরিলোচন! পিঙ্গলনয়ন! ॥৪৩—৪৪॥

তদনন্তর রাম সেই অবিন্ধ্যরাক্ষসকে তাহার অভীষ্ট বর দান করিলেন এবং ত্রিজটারাক্ষসীকে ধন-মানদ্বারা সম্মানিত করিলেন ॥৩৯॥

তৎপরে ব্রহ্মা ইন্দ্রপ্রভৃতি দেবগণের সহিত বলিলেন—'রাম! আজ আমি তোমাকে কোন্ কোন্ অভীষ্ট বর দান করিব?' ॥৪০॥

তখন রাম—নিজের ধর্ম্মে স্থিতি এবং শত্রুকর্ত্তৃক অপরাজয়, আর রাক্ষস-নিহত বানরগণের পুনর্জীবন বর গ্রহণ করিলেন ॥৪১॥

মহারাজ! তাহার পর ব্রহ্মা 'তাহাই হউক' এই কথা বলিলেন, তখনই সেই মৃত বানরেরা চৈতন্য লাভ করিয়া গাত্রোত্থান করিল ॥৪২॥

মহাভাগা সীতাও হনুমান্‌কে এই বর দিলেন যে, 'পিঙ্গলনয়ন পুত্র হনুমন্! রামের কীর্ত্তি যতকাল থাকিবে, তোমার জীবনও ততকাল থাকিবে এবং আমার অনুগ্রহে সর্ব্বদাই উত্তম ভোগ্য বস্তু সকল আপনা হইতেই তোমার নিকট উপস্থিত হইবে' ॥৪৩—৪৪॥

দৃষ্ট্বা রামস্ত জানক্যা সঙ্গতং শক্রসারথিঃ ।
উবাচ পরমপ্রীতঃ সুহৃন্মধ্য ইদং বচঃ ॥৪৬॥
দেবগন্ধর্বযক্ষাণাং মানুষাসুরভোগিনাম্ ।
অপনীতং ত্বয়া দুঃখমিদং সত্যপরাক্রম ! ॥৪৭॥
সদেবাসুরগন্ধর্বা যক্ষরাক্ষসপন্নগাঃ ।
কথয়িষ্যন্তি লোকাস্ত্বাং যাবদ্ভূমির্ধরিষ্যতি ॥৪৮॥
ইত্যেবমুক্ত্বানুজ্ঞাপ্য রামং শস্ত্রভৃতাং বরম্ ।
সম্পূজ্যাপাক্রমত্তেন রথেনাদিত্যবর্চ্চসা ॥৪৯॥
ততঃ সীতাং পুরস্কৃত্য রামঃ সৌমিত্রিণা সহ ।
সুগ্রীবপ্রমুখৈশ্চৈব সহিতঃ সর্ববানরৈঃ ॥৫০॥
বিধায় রক্ষাং লঙ্কায়াং বিভীষণপুরস্কৃতঃ ।
সন্ততার পুনস্তেন সেতুনা মকরালয়ম্ ॥৫১॥
পুষ্পকেণ বিমানেন খেচরেণ বিরাজতা ।
কামগেন যথামুখ্যৈরমাত্যৈঃ সংবৃতো বশী ॥৫২॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তত ইতি। তেষাং রামাদীনাম্। যযুঃ প্রাপুঃ ॥৪৫॥
দৃষ্ট্বেতি। সঙ্গতং সম্মিলিতম্, শক্রসারথির্মাতলিঃ ॥৪৬॥
দেবেতি। ভোগিনো নাগাঃ। অপনীতং দূরীকৃতম্, রাবণবধাদিতি ভাবঃ ॥৪৭॥
সেতি। ধরিষ্যতি স্থাস্যতি ॥৪৮॥
ইতীতি। অনুজ্ঞাপ্য স্বগমনানুজ্ঞাং কারয়িত্বা। অপাক্রমৎ প্রাতিষ্ঠত মাতলিঃ ॥৪৯॥

তাহার পর অক্লিষ্টকর্ম্মা রামপ্রভৃতি দর্শন করিতেছিলেন, এই অবস্থাতেই সেই ইন্দ্রপ্রভৃতি দেবতারা সকলে অন্তর্হিত হইলেন ॥৪৫॥

পরে, রাম সীতার সহিত মিলিত হইয়াছেন দেখিয়া মাতলি অত্যন্ত আনন্দিত হইয়া সুহৃদ্গণের মধ্যে এই কথা বলিলেন—॥৪৬॥

'হে সত্যপরাক্রম! আপনি রাবণকে বধ করিয়া দেবতা, গন্ধর্ব, যক্ষ, মানুষ, অসুর ও নাগদিগের দুঃখ দূর করিয়াছেন ॥৪৭॥

এবং যতকাল পৃথিবী থাকিবে, তত কাল দেবতা, অসুর, গন্ধর্ব, যক্ষ, রাক্ষস ও নাগদিগের সহিত সমস্ত লোক আপনার কীর্ত্তন করিবে' ॥৪৮॥

মাতলি এইরূপ বলিয়া, রামের অনুমতি লইয়া এবং অস্ত্রধারিশ্রেষ্ঠ রামকে পূজা করিয়া সেই সূর্য্যতুল্য উজ্জ্বল রথেই চলিয়া গেলেন ॥৪৯॥

তাহার পর জিতেন্দ্রিয় রাম—লঙ্কানগরীকে সুরক্ষিত করিয়া, লক্ষ্মণ,

ততস্তীরে সমুদ্রস্য যত্র শিশ্যে স পার্থিবঃ।
তত্রৈবোবাস ধর্ম্মাত্মা সহিতঃ সর্ববানরৈঃ ॥৫৩॥
অথৈনান্ রাঘবঃ কালে সমানীয়াভিপূজ্য চ।
বিসর্জয়ামাস তদা রত্নৈঃ সন্তোষ্য সর্বশঃ ॥৫৪॥
গতেষু বানরেন্দ্রেষু গোপুচ্ছর্ক্ষেষু তেষু চ।
সুগ্রীবসহিতো রামঃ কিষ্কিন্ধ্যাং পুনরাবিশৎ ॥৫৫॥
বিভীষণেনানুগতঃ সুগ্রীবসহিতস্তদা।
পুষ্পকেণ বিমানেন বৈদেহ্যা দর্শয়ন্ বনম্ ॥৫৬॥
কিষ্কিন্ধ্যাস্তু সমাসাদ্য রামঃ প্রহরতাং বরঃ।
অঙ্গদং কৃতকর্ম্মাণং যৌবরাজ্যেঽভ্যষেচয়ৎ ॥৫৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। পুরস্কৃত্য সহচরীকৃত্য। যেন সেতুনা তদুপর্য্যাকাশপথেন। বশী জিতেন্দ্রিয়ঃ। মকরালয়ং সমুদ্রম্, সন্ততার অতিচক্রাম ॥৫০—৫২॥

তত ইতি। শিশ্যে সেতুবন্ধনাৎ পূর্বং সমুদ্রারাধনার্থং শয়িতবান্ ॥৫৩॥

অথেতি। এনান্ বানরাদীন্, সমানীয় সমীপমিতি শেষঃ ॥৫৪॥

গতেষ্বিতি। গোপুচ্ছা বানরবিশেষাশ্চ ঋক্ষা ভল্লূকাশ্চ তেষু ॥৫৫॥

বিভীষণেতি। বনং কিষ্কিন্ধ্যাসন্নিহিতম্। কৃতকর্ম্মাণং যুদ্ধে কৃতোপকারম্ ॥৫৬—৫৭॥

সুগ্রীবপ্রভৃতি সমস্ত বানর, বিভীষণ এবং প্রধান প্রধান রাক্ষস অমাত্যগণে পরিবেষ্টিত হইয়া, আকাশচারী, কামগামী ও উজ্জ্বল পুষ্পকবিমানে আরোহণ-পূর্বক সেই সেতুপথের উপর দিয়া পুনরায় সমুদ্র পার হইয়া আসিলেন ॥৫০—৫২॥

তৎপরে ধর্ম্মাত্মা রাজা রাম পূর্ব্বে সমুদ্রতীরের যে স্থানে শয়ন করিয়াছিলেন, সেই স্থানেই সকল বানরের সহিত কিছুকাল বাস করিলেন ॥৫৩॥

তদনন্তর একদা রাম সকল বানরকে আনয়নপূর্ব্বক তাহাদিগকে সর্বপ্রকার রত্ন দানে সন্তুষ্ট ও সম্মানিত করিয়া বিদায় দিলেন ॥৫৪॥

সেই বানরগণ, গোপুচ্ছগণ ও ভল্লূকগণ চলিয়া গেলে, রাম সুগ্রীবের সহিত পুনরায় কিষ্কিন্ধ্যায় প্রবেশ করিলেন ॥৫৫॥

যোদ্ধৃশ্রেষ্ঠ রাম, বিভীষণ ও সুগ্রীবের সহিত মিলিত হইয়া, পুষ্পকবিমানে আরোহণ করিয়া, সীতাদেবীকে বন দর্শন করাইয়া, পুনরায় কিষ্কিন্ধ্যায় আসিয়া, কৃতকর্ম্মা অঙ্গদকে যৌবরাজ্যে অভিষিক্ত করিলেন ॥৫৬—৫৭॥

---

(৫৩)…সমুদ্রস্য নদীতঃ সহলক্ষ্মণঃ…পি।

ততস্তৈরেব সহিতো রামঃ সৌমিত্রিণা সহ।
যথাগতেন মার্গেণ প্রযযৌ স্বপুরং প্রতি ॥৫৮॥
অযোধ্যাং স সমাসাদ্য পুরীং রাষ্ট্রপতিস্ততঃ।
ভরতায় হনুমন্তং দূতং প্রাস্থাপয়ত্তদা ॥৫৯॥
লক্ষয়িত্বেঙ্গিতং সর্ব্বং প্রিয়ং তস্মৈ নিবেদ্য বৈ।
বায়ুপুত্রে পুনঃ প্রাপ্তে নন্দিগ্রামমুপাগমৎ ॥৬০॥
স তত্র মলদিগ্ধাঙ্গং ভরতং চীরবাসসম্।
অগ্রতঃ পাদুকে কৃত্বা দদর্শাসীনমাসনে ॥৬১॥
সঙ্গত্য ভরতেনাথ শত্রুঘ্নেন চ বীর্য্যবান্।
রাঘবঃ সহসৌমিত্রির্মুমুদে ভরতর্ষভ। ॥৬২॥
ততো ভরতশত্রুঘ্নৌ সমেতৌ গুরুণা তদা।
বৈদেহ্যা দর্শনেনোভৌ প্রহর্ষং সমবাপতুঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

তত ইতি। তৈঃ সুগ্রীবাদিভিঃ। স্বপুরমযোধ্যাম্ ॥৫৮॥
অযোধ্যামিতি। রাষ্ট্রপতিঃ রাজ্যাধিপতিঃ। ভরতায় নন্দিগ্রামস্থায় ॥৫৯॥
লক্ষয়িত্বেতি। ইঙ্গিতং ভরতস্য চেষ্টিতম্, প্রিয়ং রামাগমনাদিকম্ ॥৬০॥
স ইতি। মলদিগ্ধাঙ্গং স্নানাভাবাৎ ধূল্যাদিলিপ্তাঙ্গম্, চীরবাসসং কৌপীনবস্ত্রম্ ॥৬১॥
সঙ্গত্যেতি। সঙ্গত্য মিলিত্বা। সহসৌমিত্রিঃ সলক্ষ্মণঃ ॥৬২॥
তত ইতি। গুরুণা জ্যেষ্ঠভ্রাত্রা রামেণ, সমেতৌ মিলিতৌ সন্তৌ ॥৬৩॥

তাহার পর রামচন্দ্র যে পথে আসিয়াছিলেন, সেই পথেই লক্ষ্মণ ও সুগ্রীবপ্রভৃতির সহিত অযোধ্যায় গমন করিলেন ॥৫৮॥

তিনি অযোধ্যায় যাইয়া নন্দিগ্রামে ভরতের নিকটে হনুমান্‌কে দূত করিয়া পাঠাইলেন ॥৫৯॥

হনুমান্ যাইয়া ভরতের সমস্ত ব্যবহার দেখিয়া এবং তাঁহাকে প্রিয়সংবাদ জানাইয়া পুনরায় আগমন করিলে, রাম নন্দিগ্রামে গমন করিলেন ॥৬০॥

রাম সেখানে যাইয়া দেখিলেন—মলিনদেহ ও কৌপীনধারী ভরত তাঁহারই পাদুকা দুই খানি সম্মুখে রাখিয়া আসনে বসিয়া আছেন ॥৬১॥

ভরতশ্রেষ্ঠ! বলবান্ রাম ও লক্ষ্মণ, ভরত ও শত্রুঘ্নের সহিত মিলিত হইয়া পরম আনন্দ লাভ করিলেন ॥৬২॥

---

(৬২) সঙ্গতো ভরতেনাথ…বা ব কা, সমেত্য ভরতেনাথ…পি।

তস্মৈ তদ্ভরতো রাজ্যমাগতায়াভিসৎকৃতম্ ।
ন্যাসং নির্যাতয়ামাস যুক্তঃ পরময়া মুদা ॥৬৪॥
ততস্তং বৈষ্ণবে শূরং নক্ষত্রেঽভিজিতেঽহনি ।
বশিষ্ঠো বামদেবশ্চ সহিতাবভ্যষিঞ্চতাম্ ॥৬৫॥
সোঽভিষিক্তঃ কপিশ্রেষ্ঠং সুগ্রীবং সসুহৃজ্জনম্ ।
বিভীষণঞ্চ পৌলস্ত্যমন্বজানাদ্‌গৃহান্ প্রতি ॥৬৬॥
অভ্যর্চ্চ্য বিবিধৈ রত্নৈঃ প্রীতিযুক্তৌ মুদা যুতৌ ।
সমাধায়েতিকর্ত্তব্যং দুঃখেন বিসসর্জ্জ হ ॥৬৭॥
পুষ্পকঞ্চ বিমানং তৎ পূজয়িত্বা স রাঘবঃ ।
প্রাদাদ্বৈশ্রবণায়ৈব প্রীত্যা স রঘুনন্দনঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

তস্মা ইতি। তস্মৈ রামায়। ন্যাসং নিক্ষেপভূতম্, নির্যাতয়ামাস দদৌ ॥৬৪॥

তত ইতি। ততো বশিষ্ঠো বামদেবশ্চেত্যেতৌ ঋষী, সহিতৌ মিলিতৌ সন্তৌ, বৈষ্ণবে বিষ্ণুদেবতাকে শ্রবণাখ্যে নক্ষত্রে, শুভ-অহনি, অভিজিতে অষ্টমে মুহূর্ত্তে, শূরং তমভ্যষিঞ্চতাম্ ॥৬৫॥

স ইতি। গৃহান্ প্রতি গন্তুমিতি শেষঃ ॥৬৬॥

অভ্যর্চ্চ্যেতি। সমাধায় উপদিশ্য, ইতিকর্ত্তব্যং রাজ্যাদীনাম্ ॥৬৭॥

ভারতভাবদীপঃ

স হত্বেতি ॥১—২॥ ত্রিদশালয়ঃ স্বর্গতুল্যঃ ॥৩—৫২॥ যত্র শিষ্টে পূর্বং সমুদ্রপ্রার্থনার্থং শয়নং কৃতবান্ ॥৫৩—৬২॥ শুকপা রামেণ ॥৬৩—৬৪॥ বৈষ্ণবে নক্ষত্রে শ্রবণে ॥৬৫—৬৮॥

ভরত এবং শত্রুঘ্নও, জ্যেষ্ঠভ্রাতা রামের সহিত মিলিত হইয়া এবং সীতাকে দেখিয়া অত্যন্ত আনন্দিত হইলেন ॥৬৩॥

তাহার পর ভরত অত্যন্ত আনন্দিত হইয়া বিশেষ আদর সহকারে সেই গচ্ছিত রাজ্যটীকে রামচন্দ্রের হস্তে প্রত্যর্পণ করিলেন ॥৬৪॥

তাহার পর বশিষ্ঠ ও বামদেব ঋষি মিলিত হইয়া শুভদিনে শ্রবণানক্ষত্রে অষ্টমমুহূর্ত্তের সময়ে মহাবীর রামচন্দ্রকে রাজ্যে অভিষিক্ত করিলেন ॥৬৫॥

রামচন্দ্র রাজ্যে অভিষিক্ত হইয়া বানরশ্রেষ্ঠ সুগ্রীবকে এবং পুলস্ত্যবংশজাত বিভীষণকে বন্ধুবর্গের সহিত বাড়ী যাইবার অনুমতি দিলেন ॥৬৬॥

তাহার পর তিনি নানাবিধ রত্ন দানদ্বারা সম্মানিত করিয়া এবং কর্ত্তব্য-বিষয়ের উপদেশ দিয়া দুঃখসহকারে প্রণয়ী ও আনন্দিত সুগ্রীব ও বিভীষণকে বিদায় দিলেন ॥৬৭॥

---

(৬৭) অভ্যর্চ্চ্য বিবিধৈস্তোষৈঃ...বা ব কা।

ততো দেবর্ষিসহিতঃ সরিতং গোমতীমনু ।

দশাশ্বমেধানাজহ্রে জারূথ্যান্ স নিরর্গলান্ ॥৬৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে রামোপাখ্যানে রামরাজ্যাভিষেকে পঞ্চচত্বারিংশ-দধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——•:(*):•——

ভারতকৌমুদী

পুষ্পকমিতি। পূজয়িত্বা বৈশ্রবণমেব। বৈশ্রবণায়ৈব কুবেরায়ৈব ।৬৮।

তত ইতি। ততঃ স রামঃ, দেবাশ্চ ঋষয়শ্চ তৈঃ সহিতঃ সন্, গোমতীং নাম সরিতম্ অনু লক্ষীকৃত্য তত্তীরে ইত্যর্থঃ, জরূথমাড়ম্বরস্তৎপূর্ণানিতি জারূথ্যান্ প্রশস্তান্ বা, নিরর্গলান্ নির্বাধাংস্ত, দশ অশ্বমেধান্, আজহ্রে অনুষ্ঠিতবান্ ।৬৯।

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্বণি দ্রৌপদীহরণে পঞ্চচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ।০।

——•:•:•——

ভারতভাবদীপঃ

জারূথ্যান্ ত্রিগুণদক্ষিণানিত্যর্জুনমিশ্রঃ। বৃবুত্যামূখয়িত্র্যাণাদিসূত্রে জরূথং মাংসমিতি শাব্দিকাঃ। তদা মাংসমন্বান্ মাংসাদিদানপ্রধানান্ পুষ্টানিত্যর্থঃ। নিরর্গলান্ অপ্রতিবন্ধানবৃতদ্বারান্। "জরূথোঽস্থরবিশেষ" ইতি বেদভাষ্যম্। "জরূথং হন্ যক্ষি রায়ে পুরন্ধি" মিতি মন্ত্রবর্ণাৎ। "জরূথং গরূথং গৃণাতে"রিতি যাস্কবচনাচ্চ জরূথং স্তোত্রম্, তথা চায়ং মন্ত্রো নিরুক্তভাষ্যে ব্যাখ্যাতঃ—"হেঽগ্নে ত্বাং পুরন্ধিং মহান্তং সমিধানঃ সম্যগ্দীপয়ন্ বসিষ্ঠো মুনী রায়ে ধনপ্রাপ্তয়ে জরূথং স্তোত্রং হন্ গময়ন্ যক্ষি যজতি।" অত্র জরতেঃ স্তুত্যর্থস্য শব্দসারূপ্যাদর্থাবিরোধাচ্চ জরূথঃ স্তোত্রমিত্যুচ্যত ইতি জারূথ্যান্ স্তোত্রার্হানিত্যর্থঃ ।৬৯।

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ।২৪৫।

——(•:•:•)——

তদনন্তর রাম কুবেরের সম্মান করিয়া প্রীতিসহকারে সেই পুষ্পকবিমান কুবেরকেই সমর্পণ করিলেন ।৬৮।

তৎপরে রামচন্দ্র দেবগণ ও ঋষিগণের সহিত মিলিত হইয়া গোমতীনদীর তীরে মহাড়ম্বরে ও নির্বিঘ্নে দশটী অশ্বমেধযজ্ঞের অনুষ্ঠান করিলেন' ।৬৯।

———:(•):———

---

* '…সপ্তসপ্তত্যধিকদ্বিশততমঃ…' পি, '…নবত্যধিকদ্বি…' বা ব, '…একনবত্যধিকদ্বি…' কা, '…দ্বিনবত্যধিকদ্বি…' নি।

ষট্‌চত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—— ঃ০ঃ ——

মার্কণ্ডেয় উবাচ।

এবমেতন্মহাবাহো! রামেণামিততেজসা।
প্রাপ্তং ব্যসনমত্যুগ্রং বনবাসকৃতং পুরা ॥১॥
মা শুচঃ পুরুষব্যাঘ্র! ক্ষত্রিয়োঽসি পরন্তপ!।
বাহুবীর্য্যাশ্রিতে মার্গে বর্ত্তসে দীপ্তনির্ণয়ে ॥২॥
নহি তে বৃজিনং কিঞ্চিদ্বর্ত্ততে পরমণ্বপি।
অস্মিন্ মার্গে নিষীদেয়ুঃ সেন্দ্রা অপি সুরাসুরাঃ ॥৩॥
সংহত্য নিহতো বৃত্রো মরুদ্ভির্বজ্রপাণিনা।
নমুচিশ্চৈব দুর্দ্ধর্ষো দীর্ঘজিহ্বা চ রাক্ষসী ॥৪॥
সহায়বতি সর্ব্বার্থাঃ সন্তিষ্ঠন্তীহ সর্ব্বশঃ।
কিন্নু তস্যাজিতং সংখ্যে যস্য ভ্রাতা ধনঞ্জয়ঃ ॥৫॥

ভারতকৌমুদী

এবমিতি। ব্যসনং বিপৎ। বনবাসকৃতং বনবাসকালীনসীতাহরণাদিঘটিতম্ ॥১॥ মেতি। দীপ্তঃ সংশয়লেশভাপ্যভাবাদুজ্জ্বলঃ নির্ণয়ো জয়নিশ্চয়ো যত্র তস্মিন্ ॥২॥ নহীতি। বৃজিনং পাপম্। অণ্বপি অল্পমপি। নিষীদেয়ুস্তিষ্ঠেয়ুঃ ॥৩॥ সংহত্যেতি। সংহত্য মিলিত্বা। মরুদ্ভির্দেবৈঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

এবমেতদিতি ॥১॥ দীপ্তনির্ণয়ে অসন্দিগ্ধে প্রত্যক্ষফলে ॥২—১৪॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌চত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪৬॥

মার্কণ্ডেয় বলিলেন—'মহাবাহু যুধিষ্ঠির! পূর্ব্বকালে অমিততেজা রামচন্দ্র বনবাসকালে এইরূপ অতিদারুণ বিপৎ সকল ভোগ করিয়াছিলেন ॥১॥

অতএব নরশ্রেষ্ঠ পরন্তপ! তুমি শোক করিও না। কারণ, তুমি ক্ষত্রিয় এবং যাহাতে জয়নিশ্চয় ধ্রুব, সেই বাহুবলাশ্রিত পক্ষে তুমি রহিয়াছ ॥২॥

তা'র পর তোমার কোন ক্ষুদ্র পাপও নাই। বিশেষতঃ এই পথে ইন্দ্রপ্রভৃতি দেবগণ এবং অসুরগণও অবস্থান করিয়া থাকেন ॥৩॥

ইন্দ্র, দেবগণের সহিত মিলিত হইয়া দুর্দ্ধর্ষ বৃত্রাসুর, নমুচিদানব এবং দীর্ঘজিহ্বা রাক্ষসীকে বধ করিয়াছিলেন ॥৪॥

অয়ঞ্চ বলিনাং শ্রেষ্ঠো ভীমো ভীমপরাক্রমঃ।
যুবানৌ চ মহেষ্বাসৌ বীরৌ মাদ্রবতীসুতৌ ॥৬॥
এভিঃ সহায়ৈঃ কস্মাত্ত্বং বিষীদসি পরন্তপ।
য ইমে বজ্রিণঃ সেনাং জয়েয়ুঃ সমরুদ্গণাম্ ॥৭॥
ত্বমপ্যেভির্মহেষ্বাসৈঃ সহায়ৈর্দেবরূপিভিঃ।
বিজেষ্যসি রণে সর্ব্বানমিত্রান্ ভরতর্ষভ! ॥৮॥
ইতশ্চ ত্বমিমাং পশ্য সৈন্ধবেন দুরাত্মনা।
বলিনা বীর্য্যমত্তেন হৃতামেভির্মহাত্মভিঃ ॥৯॥
আনীতাং দ্রৌপদীং কৃষ্ণাং কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্।
জয়দ্রথঞ্চ রাজানং বিজিতং বশমাগতম্ ॥১০॥ (যুগ্মকম্)
অসহায়েন রামেণ বৈদেহী পুনরাহৃতা।
হত্বা সংখ্যে দশগ্রীবং রাক্ষসং ভীমবিক্রমম্ ॥১১॥

ভারতকৌমুদী

সহায়েতি। সহায়বতি জনে, সমিদ্ধেতি সম্পদ্যন্তে। সংখ্যে যুদ্ধে ॥৫॥
অয়মিতি। মহেষ্বাসৌ মহাধনুর্দ্ধরৌ। এতে বিদ্যন্ত ইতি শেষঃ ॥৬॥
এভিরিতি। এভিঃ সহায়ৈঃ সম্পন্নোঽপীতি শেষঃ। বজ্রিণ ইন্দ্রস্যাপি ॥৭॥
ত্বমিতি। মহেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈর্দ্রাতৃভিঃ। অমিত্রান্ শত্রূন্ ॥৮॥
উক্তার্থে নিদর্শনমাহ ইত ইতি। সৈন্ধবেন জয়দ্রথেন। কর্ম্ম যুদ্ধম্ ॥৯—১০॥
অসহায়েনেতি। অসহায়েন স্বল্পাসহায়সম্পন্নেন। সংখ্যে যুদ্ধে ॥১১॥

সুতরাং সহায়শালী লোকের সমস্ত বিষয়ই সর্বপ্রকারে সম্পন্ন হইয়া থাকে। যাঁহার ভ্রাতা অর্জুন, যুদ্ধে তাঁহার কোন্ বস্তু অজিত থাকিতে পারে? ॥৫॥

তা'র পর এই বলিশ্রেষ্ঠ ও ভীমপরাক্রম ভীমসেন এবং যুবক, মহাধনুর্দ্ধর ও বীর মাদ্রীপুত্রেরা রহিয়াছেন ॥৬॥

অতএব পরন্তপ যুধিষ্ঠির! এতগুলি সহায় থাকিতে তুমি কেন বিষণ্ণ হইতেছ? যাঁহারা দেবগণের সহিত ইন্দ্রের সেনাকেও জয় করিতে পারেন ॥৭॥

ভরতশ্রেষ্ঠ! তুমিও এই সকল দেবতুল্য মহাধনুর্দ্ধর সহায়দ্বারা যুদ্ধে সকল শত্রুকে জয় করিতে পারিবে ॥৮॥

তুমি এই দিকে দেখ—বলবান্ ও বলমত্ত দুরাত্মা জয়দ্রথই এই দ্রৌপদীকে হরণ করিয়াছিল; আবার এই মহাত্মারাই অতিদুষ্কর কার্য্য করিয়া তাঁহাকে আনয়ন করিয়াছেন এবং জয়দ্রথরাজাকে বশীভূত করিয়াছিলেন ॥৯—১০॥

যস্য শাখামৃগা মিত্রাণ্যৃক্ষাঃ কালমুখাস্তথা।
জাত্যন্তরগতা রাজন্! এতদ্বুদ্ধ্যানুচিন্তয় ॥১২॥
তস্মাত্ত্বং কুরুশার্দ্দূল! মা শুচো ভরতর্ষভ!।
ত্বদ্বিধা হি মহাত্মানো ন শোচন্তি পরন্তপ! ॥১৩॥
বৈশম্পায়ন উবাচ।
এবমাশ্বাসিতো রাজা মার্কণ্ডেয়েন ধীমতা।
ত্যক্ত্বা দুঃখমদীনাত্মা পুনরপ্যেনমব্রবীৎ ॥১৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে যুধিষ্ঠিরাশ্বাসনে ষট্চত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০:(*):০——

ভারতকৌমুদী

যস্যেতি। শাখামৃগা বানরাঃ, ঋক্ষা ভল্লূকাঃ। জাত্যন্তরগতা ভিন্নপ্রাণিনঃ ॥১২॥
তস্মাদিতি। মা শুচঃ শোকং ন কুরু ॥১৩॥
এবমিতি। অদীনাত্মা অকাতরচিত্তঃ সন্, এনং মার্কণ্ডেয়ম্ ॥১৪॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে ষট্চত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(০:*:০)——

নিঃসহায় রাম যুদ্ধে ভীমবিক্রম রাক্ষস রাবণকে বধ করিয়া আবার সীতাকে আনয়ন করিয়াছিলেন ॥১১॥

ভিন্নপ্রাণী বানরগণ এবং কালমুখ ভল্লূকগণ মাত্র যাঁহার সহায় হইয়াছিল। রাজা। তুমি বুদ্ধিদ্বারা এই বিষয়টা চিন্তা কর ॥১২॥

অতএব কৌরবশ্রেষ্ঠ ভরতবংশপ্রধান পরন্তপ যুধিষ্ঠির! তুমি শোক করিও না। কারণ, তোমার মত মহাত্মারা শোক করেন না' ॥১৩॥

বৈশম্পায়ন বলিলেন—জ্ঞানী মার্কণ্ডেয় এইরূপ আশ্বস্ত করিলে, যুধিষ্ঠির দুঃখ ত্যাগ করিয়া অকাতরচিত্ত হইয়া পুনরায় মার্কণ্ডেয়কে বলিলেন—॥১৪॥

——:(০):——

(১৩) তস্মাৎ সর্ব্বং কুরুশ্রেষ্ঠ!...বা ব কা নি। * '...অষ্টসপ্তত্যধিকদ্বিশততমঃ...' পি, '...একনবত্যধিকদ্বি...' বা ব, '...দ্বিনবত্যধিকদ্বি...' কা, '...ত্রিনবত্যধিকদ্বি...' নি।

সপ্তচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ *

যুধিষ্ঠির উবাচ।

নাত্মানমনুশোচামি নেমান্ ভ্রাতৄন্ মহামুনে!।
হরণঞ্চাপি রাজ্যস্য যথেমাং দ্রুপদাত্মজাম্ ॥১॥
দ্যূতে দুরাত্মভিঃ ক্লিষ্টাঃ কৃষ্ণয়া তারিতা বয়ম্।
জয়দ্রথেন চ পুনর্ব্বনাচ্চাপহৃতা বলাৎ ॥২॥
অস্তি সীমন্তিনী কাচিদ্দৃষ্টপূর্ব্বাথবা শ্রুতা।
পতিব্রতা মহাভাগা যথেয়ং দ্রুপদাত্মজা ॥৩॥

মার্কণ্ডেয় উবাচ।

শৃণু রাজন্! কুলস্ত্রীণাং মহাভাগ্যং যুধিষ্ঠির!।
সর্ব্বমেতদ্‌যথা প্রাপ্তং সাবিত্র্যা রাজকন্যয়া ॥৪॥

ভারতকৌমুদী

নেতি। ইমাং দ্রুপদাত্মজাং যথানুশোচামি, তথাস্মাদীন্ নানুশোচামীত্যর্থঃ ॥১॥
দ্যূত ইতি। দুরাত্মভির্দুর্য্যোধনাদিভিঃ। অপহৃতা কৃষ্ণা। তদেব হি শোককারণম্ ॥২॥
অস্তীতি। সীমন্তিনী স্ত্রী। মহাভাগা অতীবোদারহৃদয়া ॥৩॥
শৃণ্বিতি। মহাভাগ্যং পরমৌদার্য্যম্। সাবিত্র্যা তদাখ্যয়া ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—'মহর্ষি! এই দ্রৌপদীর বিষয়ে আমার যেরূপ শোক হয়, সেরূপ শোক নিজের বিষয়ে, এই ভ্রাতাদের বিষয়ে, কিংবা রাজ্যনাশের বিষয়ে হয় না ॥১॥

দুরাত্মারা দ্যূতক্রীড়ার সময়ে আমাদিগকে কষ্ট দিয়াছিল; কিন্তু দ্রৌপদীই তাহা হইতে আমাদিগকে উদ্ধার করিয়াছিলেন; তা'র পরে সেই দ্রৌপদীকেই আবার জয়দ্রথ বলপূর্ব্বক বন হইতে অপহরণ করিয়াছিল। ॥২॥

(অতএব জিজ্ঞাসা করি—) এই দ্রৌপদীর তুল্য পতিব্রতা ও মহাভাগা কোন নারীকে কি আপনি পূর্ব্বে দেখিয়াছেন বা শুনিয়াছেন?' ॥৩॥

মার্কণ্ডেয় বলিলেন—'রাজা যুধিষ্ঠির! রাজকন্যা সাবিত্রী কুলবধূগণের এই সমস্ত সৌভাগ্যই যে লাভ করিয়াছিলেন, তাহা তুমি শ্রবণ কর ॥৪॥

---

* ইতঃ পূর্ব্বম্ 'অথ পতিব্রতামাহাত্ম্যপর্ব্ব' ইতি কা নি লিখিতম্। তচ্চাসাধ্যম্, তৎকারণঞ্চ পূর্ব্বমেবোক্তম্।

আসীন্মদ্রেষু ধর্ম্মাত্মা রাজা পরমধার্ম্মিকঃ।
ব্রহ্মণ্যশ্চ শরণ্যশ্চ সত্যসন্ধো জিতেন্দ্রিয়ঃ ॥৫॥
যজ্বা দানপতির্দক্ষঃ পৌরজানপদপ্রিয়ঃ।
পার্থিবোঽশ্বপতির্নাম সর্ব্বভূতহিতে রতঃ ॥৬॥ (যুগ্মকম্)
ক্ষমাবাননপত্যশ্চ সত্যবাগ্বিজিতেন্দ্রিয়ঃ।
অতিক্রান্তেন বয়সা সন্তাপমুপজগ্মিবান্ ॥৭॥
অপত্যোৎপাদনার্থঞ্চ তীব্রং নিয়মমাস্থিতঃ।
কালে নিয়মিতাহারো ব্রহ্মচারী জিতেন্দ্রিয়ঃ ॥৮॥
হুত্বা শতসহস্রং স সাবিত্র্যা রাজসত্তমঃ।
ষষ্ঠে ষষ্ঠে তদা কালে বভূব মিতভোজনঃ।
এতেন নিয়মেনাসীদ্বর্ষাণ্যষ্টাদশৈব তু ॥৯॥
পূর্ণে ত্বষ্টাদশে বর্ষে সাবিত্রী তুষ্টিমভ্যগাৎ।
রূপিণী তু তদা রাজন্! দর্শয়ামাস তং নৃপম্ ॥১০॥

ভারতকৌমুদী

আসীদিতি। ব্রহ্মণ্যো বেদহিতঃ। যজ্বা যাজ্ঞিকঃ, দানপতির্দানশৌণ্ডঃ ॥৫—৬॥

ক্ষমেতি। অতিক্রান্তেন, বয়সা যৌবনেন হেতুনা, সন্তাপমপত্যাভাবপ্রযুক্তম্ ॥৭॥

অপত্যেতি। তীব্রং কঠিনম্। নিয়মিতাহারো হবিষ্যান্নভোজী, ব্রহ্মচারী স্মরণাদ্যষ্টবিধমৈথুনত্যাগী, জিতেন্দ্রিয়ঃ শব্দাদিগ্রহণস্পৃহাহীনঃ ॥৮॥

হুত্বেতি। শতসহস্রং লক্ষম্। তৎ পুনরষ্টাদশবর্ষব্যাপীতি জ্ঞেয়ম্। সাবিত্র্যাঃ সবিতৃতনয়ায়া ব্রহ্মপত্ন্যাঃ সম্বন্ধে। কালে যামার্দ্ধে। আসীদতিষ্ঠৎ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৯॥

মদ্রদেশে ধর্ম্মাত্মা, ন্যায়পরায়ণ, বেদহিতৈষী, শরণাগতরক্ষক, সত্যপ্রতিজ্ঞ, জিতেন্দ্রিয়, যাজ্ঞিক, দাতা, কার্য্যদক্ষ, পৌর-জানপদপ্রিয় এবং সর্ব্বভূতের হিতে নিরত 'অশ্বপতি'—নামে এক রাজা ছিলেন ॥৫—৬॥

যৌবন অতীত হইল, অথচ সন্তান হইল না বলিয়া সেই ক্ষমাবান্, সত্য-বাদী ও জিতেন্দ্রিয় রাজা সন্তাপ ভোগ করিতে লাগিলেন ॥৭॥

তাহার পর তিনি সন্তান উৎপাদনের জন্য যথাকালে হবিষ্যান্নভোজী, ব্রহ্মচারী ও জিতেন্দ্রিয় হইয়া কঠোর নিয়ম অবলম্বন করিলেন ॥৮॥

রাজশ্রেষ্ঠ অশ্বপতি তখন সাবিত্রীদেবীর উদ্দেশে লক্ষহোমের সঙ্কল্প করিয়া প্রতিদিন যথাসম্ভব হোম করিতেন এবং প্রত্যহ ষষ্ঠ যামার্দ্ধে পরিমিত ভোজন করিতেন। এই নিয়মে তিনি আঠার বৎসর থাকিলেন ॥৯॥

(৫)…ব্রহ্মণ্যশ্চ মহাত্মা চ…বা ব কা নি। (৮)…কালে পরিমিতাহারঃ…পি নি।

অগ্নিহোত্রাৎ সমুত্থায় হর্ষেণ মহতান্বিতা ।
উবাচ চৈনং বরদা বচনং পার্থিবং তদা ॥১১॥

সাবিত্র্যুবাচ ।

ব্রহ্মচর্য্যেণ শুদ্ধেন দমেন নিয়মেন চ ।
সর্ব্বাত্মনা চ ভক্ত্যা চ তুষ্টাস্মি তব পার্থিব ! ॥১২॥
বরং বৃণীষ্বাশ্বপতে ! মদ্ররাজ ! যদীপ্সিতম্ ।
ন প্রমাদশ্চ ধর্ম্মেষু কর্ত্তব্যস্তে কথঞ্চন ॥১৩॥

অশ্বপতিরুবাচ ।

অপত্যার্থঃ সমারম্ভঃ কৃতো ধর্ম্মেপ্সয়া ময়া ।
পুত্রা মে বহবো দেবি ! ভবেয়ুঃ কুলভাবনাঃ ॥১৪॥
তুষ্টাসি যদি মে দেবি ! বরমেতং বৃণোম্যহম্ ।
সন্তানঃ পরমো ধর্ম্ম ইত্যাহুর্মাং দ্বিজাতয়ঃ ॥১৫॥

ভারতকৌমুদী

পূর্ণ ইতি । রূপিণী মূর্ত্তিমতী সতী, দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ ॥১০॥
অগ্নীতি । অগ্নিহোত্রাদগ্নিহোত্রহোমকুণ্ডাৎ । এনং পার্থিবমশ্বপতিম্ ॥১১॥
ব্রহ্মেতি । দমেন ইন্দ্রিয়দমনেন । সর্ব্বাত্মনা সর্ব্বপ্রযত্নেন ॥১২॥
বরমিতি । প্রমাদঃ অনবধানতা । তে ত্বয়া ॥১৩॥
অপত্যেতি । ধর্ম্মমেব মুখ্যমুদ্দেশ্যম্ অপত্যন্তু তদুৎপাদকতয়া গৌণমিতি ভাবঃ ॥১৪॥
তুষ্টেতি । এতং পূর্ব্বচনোক্তম্ । ধর্ম্মস্তৎকারণম্ । দ্বিজাতয়ো ব্রাহ্মণাঃ ॥১৫॥

যুধিষ্ঠির ! আঠার বৎসর পূর্ণ হইলে, সাবিত্রীদেবী সন্তুষ্ট হইলেন এবং তিনি মূর্ত্তিমতী হইয়া রাজাকে দেখা দিলেন ॥১০॥

এবং বরদা সাবিত্রীদেবী তখনই অত্যন্ত আনন্দিত হইয়া হোমকুণ্ড হইতে উঠিয়া রাজাকে এই কথা বলিলেন ॥১১॥

সাবিত্রী বলিলেন—'রাজা ! আপনার নির্দ্দোষ ব্রহ্মচর্য্য, ইন্দ্রিয়দমন, নিয়ম এবং সর্ব্বপ্রকার ভক্তির জন্য আমি আপনার উপরে সন্তুষ্ট হইয়াছি ॥১২॥

মদ্ররাজ অশ্বপতি ! আপনার যাহা অভীষ্ট, সেইরূপ বর গ্রহণ করুন। আপনি কোন প্রকারেই ধর্ম্মের প্রতি অনবধানতা করিবেন না' ॥১৩॥

অশ্বপতি বলিলেন—'দেবি ! আমি ধর্ম্মের জন্যই সন্তানোদ্দেশে এই কার্য্য আরম্ভ করিয়াছিলাম। অতএব আমার বংশরক্ষক বহুতর পুত্র হউক ॥১৪॥

দেবি ! আপনি যদি আমার প্রতি সন্তুষ্ট হইয়া থাকেন, তবে আমি এই

সাবিত্র্যুবাচ।

পূর্ব্বমেব ময়া রাজন্নভিপ্রায়মিমং তব।
জ্ঞাত্বা পুত্রার্থমুক্তো বৈ ভগবাংস্তে পিতামহঃ ॥১৬॥
প্রসাদাচ্চৈব তস্মাত্তে স্বয়ম্ভূবিহিতাদ্ভুবি।
কন্যা তেজস্বিনী সৌম্য! ক্ষিপ্রমেব ভবিষ্যতি ॥১৭॥
উত্তরঞ্চ ন তে কিঞ্চিদ্ব্যাহর্ত্তব্যং কথঞ্চন।
পিতামহনিয়োগেন তুষ্টা হ্যেতদ্ব্রবীমি তে ॥১৮॥

মার্কণ্ডেয় উবাচ।

স তথেতি প্রতিজ্ঞায় সাবিত্র্যা বচনং নৃপঃ।
প্রসাদয়ামাস পুনঃ ক্ষিপ্রমেতদ্ভবিষ্যতি ॥১৯॥

ভারতকৌমুদী

পূর্ব্বমিতি। তে তব পুত্রার্থম্। পিতামহো ব্রহ্মা ॥১৬॥
প্রসাদাদিতি। স্বয়ম্ভূবিহিতাৎ ব্রহ্মণা কৃতাৎ। তেজস্বিনী সতীত্বপ্রভাববতী ॥১৭॥
উত্তরমিতি। উত্তরমিতঃ পরম্। ব্যাহর্ত্তব্যং বক্তব্যম্ ॥১৮॥
স ইতি। প্রতিজ্ঞায় অঙ্গীকৃত্য। প্রসাদয়ামাস সাবিত্রীম্, এতৎ কন্যাজন্ম ॥১৯॥

ভারতভাবদীপঃ

নাম্মানমিতি ॥১—৮॥ সাবিত্র্যা সাবিত্রী সবিতৃকন্যা তদ্দৈবত্যয়া ঋচা, সা চ। সোমো বধূয়ুরভবদশ্বিনাস্তামুভা বরা সূর্য্যাং যৎপত্যে শংসন্তীং মনসা সবিতাদদাদিতি যদা সবিত্রা ত্বষ্ট্রা সাবিত্রী স্বকন্যা সূর্য্যা সূর্য্যস্য স্ত্রী সূর্য্যায় দত্তা তদা সোমোঽস্যা বধূয়ুর্বধ্বা অনুচরোঽভূৎ সবিতা চ সূর্য্যাং পত্যে পত্যুঃ কল্যাণার্থং শংসন্তীং কথয়ন্তীং মনসা উভৌ বরৌ পুত্ররূপাবশ্বিনৌ অদদাদিতি মন্ত্রার্থঃ; ইত এব বাক্যাদেতস্য মন্ত্রস্য লক্ষহোমাদপত্যপ্রাপ্তির্ভবতীতি গম্যতে। ষষ্ঠে কালেঽষ্টধা বিভক্তস্যাহ্নঃ ষষ্ঠেঽংশে ॥৯—১৭॥ উত্তরং

বরই প্রার্থনা করি। কারণ, ব্রাহ্মণেরা আমাকে বলিয়া থাকেন যে, সন্তানই ধর্ম্মের প্রধান হেতু' ॥১৫॥

সাবিত্রী বলিলেন—'রাজা! আমি পূর্ব্বেই আপনার এই অভিপ্রায় জানিয়া আপনার পুত্রের জন্য ভগবান্ ব্রহ্মার নিকট বলিয়াছিলাম ॥১৬॥

তখন ব্রহ্মা আপনার প্রতি অনুগ্রহ করিলেন; সেই অনুগ্রহে সত্বরই আপনার একটী তেজস্বিনী কন্যা জন্মগ্রহণ করিবে ॥১৭॥

আমি সন্তুষ্ট হইয়া ব্রহ্মার আদেশ অনুসারে আপনাকে বলিতেছি যে, আপনি ইহার পরে কোনপ্রকারেই আর কিছু বলিবেন না' ॥১৮॥

(১৬)…জ্ঞাত্বা পুত্রার্থমুক্তোঽসৌ তব হেতোঃ পিতামহঃ—পি। (১৭)…স্বয়ম্ভূবিহিতানঘ! …পি। (১৮)… পিতামহনিসর্গেণ…বা ব কা পি।

অন্তর্হিতায়াং সাবিত্র্যাং জগাম স্বপুরং নৃপঃ।
স্বরাজ্যে চাবসদ্বীরঃ প্রজা ধর্ম্মেণ পালয়ন্ ॥২০॥
কস্মিংশ্চিত্তু গতে কালে স রাজা নিয়তব্রতঃ।
জ্যেষ্ঠায়াং ধর্ম্মচারিণ্যাং মহিষ্যাং গর্ভমাদধে ॥২১॥
রাজপুত্র্যাস্তু গর্ভঃ স মালব্যাং ভরতর্ষভ !।
ব্যবর্দ্ধত তদা শুক্লে তারাপতিরিবাম্বরে ॥২২॥
প্রাপ্তে কালে তু সুষুবে কন্যাং রাজীবলোচনাম্।
ক্রিয়াশ্চ তস্যা মুদিতশ্চক্রে স নৃপসত্তমঃ ॥২৩॥
সাবিত্র্যা প্রীতয়া দত্তা সাবিত্র্যা হুতয়া হ্যপি।
সাবিত্রীত্যেব নামাস্যাশ্চক্রুর্বিপ্রাস্তথা পিতা ॥২৪॥

ভারতকৌমুদী

অন্তরিতি। এতেন স্থানান্তর এব পূর্বোক্তং তপশ্চরিতমিতি সূচিতম্ ॥২০॥
কস্মিন্নিতি। নিয়তব্রতঃ সাবিত্র্যুপাসনারূপনিয়মবান্। আদধে জনয়ামাস ॥২১॥
রাজেতি। মালব্যাং মালবদেশজাতায়াম্। শুক্লে পক্ষে, তারাপতিশ্চন্দ্রঃ ॥২২॥
প্রাপ্ত ইতি। রাজীবলোচনাং পদ্মনয়নাম্। ক্রিয়া জাতকর্ম্মাদিকাঃ ॥২৩॥

মার্কণ্ডেয় বলিলেন—তখন 'তাহাই হউক' এই ভাবে সাবিত্রীর বাক্য স্বীকার করিয়া রাজা, সত্বর কন্যা হওয়ার জন্য পুনরায় সাবিত্রীকে প্রসন্ন করিলেন ॥১৯॥

তাহার পর সাবিত্রী অন্তর্হিত হইলে, রাজা আপন রাজধানীতে গমন করিলেন এবং ন্যায় অনুসারে প্রজা পালন করিতে থাকিয়া আপন রাজ্যেই বাস করিতে থাকিলেন ॥২০॥

কিছু কাল অতীত হইলে, নিয়তব্রতধারী সেই রাজা জ্যেষ্ঠা ধর্ম্মমহিষীর গর্ভ উৎপাদন করিলেন ॥২১॥

ভরতশ্রেষ্ঠ। শুক্লপক্ষে আকাশে চন্দ্র যেমন বৃদ্ধি পায়, সেইরূপ মালব-রাজনন্দিনীর সেই গর্ভ ক্রমে বৃদ্ধি পাইতে লাগিল ॥২২॥

তাহার পর যথাসময়ে রাজমহিষী, পদ্মনয়না একটী কন্যা প্রসব করিলেন। তখন রাজশ্রেষ্ঠ অশ্বপতি আনন্দিত হইয়া সেই কন্যাটীর জাতকর্ম্মাদি কার্য্য সম্পাদন করিলেন ॥২৩॥

সাবিত্রীমন্ত্রে হোম করায় সাবিত্রীদেবী প্রসন্ন হইয়া সেই কন্যাটী দান করিয়াছিলেন বলিয়া পিতা ও ব্রাহ্মণেরা তাহার নাম করিলেন—'সাবিত্রী' ॥২৪॥

(২২) রাজপুত্র্যাস্ত গর্ভঃ স মালব্যা ভরতর্ষভ।...বা ব কা নি।

সা বিগ্রহবতীব শ্রীর্ব্যবর্দ্ধত নৃপাত্মজা।
কালেন চাপি সা কন্যা যৌবনস্থা বভূব হ ॥২৫॥
তাং সুমধ্যাং পৃথুশ্রোণীং প্রতিমাং কাঞ্চনীমিব।
প্রাপ্তেয়ং দেবকন্যেতি দৃষ্ট্বা সংমেনিরে জনাঃ ॥২৬॥
তাং তু পদ্মপলাশাক্ষীং জ্বলন্তীমিব তেজসা।
ন কশ্চিদ্বরয়ামাস তেজসা প্রতিবাধিতঃ ॥২৭॥
অথোপোষ্য শিরঃস্নাতা দেবতামভিগম্য সা।
হুত্বাগ্নিং বিধিবদ্বিপ্রান্ বাচয়ামাস পর্ব্বণি ॥২৮॥
ততঃ সুমনসঃ শেষাঃ প্রতিগৃহ্য মহাত্মনঃ।
পিতুঃ সমীপমগমদ্দেবী শ্রীরিব রূপিণী ॥২৯॥
সাভিবাদ্য পিতুঃ পাদৌ শেষাঃ পূর্ব্বং নিবেদ্য চ।
কৃতাঞ্জলির্বরারোহা নৃপতেঃ পার্শ্বমাস্থিতা ॥৩০॥

ভারতকৌমুদী

সাবিত্র্যেতি। সাবিত্র্যা দেব্যা, সাবিত্র্যা সাবিত্রীমন্ত্রেণ ॥২৪॥

সেতি। বিগ্রহবতী মূর্ত্তিমতী, শ্রীর্লক্ষ্মীঃ ॥২৫॥

তামিতি। পৃথুশ্রোণীং বিশালনিতম্বাম্, কাঞ্চনীং স্বর্ণময়ীম্ ॥২৬॥

তামিতি। বরয়ামাস স্বয়ং প্রার্থয়ামাস, প্রতিবাধিতঃ অভিভূতঃ ॥২৭॥

অথেতি। শিরঃস্নাতা সশিরোমগ্না। বাচয়ামাস স্বস্তিবচনমিতি শেষঃ ॥২৮॥

তত ইতি। সুমনস ইষ্টদেবতায়াঃ, "সুমনাঃ পুষ্পমালত্যোঃ স্ত্রিয়াং না ধীরদেবয়োঃ" ইতি মেদিনী। শেষা দত্তনির্মাল্যানি, "শেষা নির্মাল্যদানে স্যাৎ" ইতি হেমচন্দ্রঃ ॥২৯॥

মূর্ত্তিমতী লক্ষ্মীর ন্যায় সেই রাজকন্যাটী ক্রমে বৃদ্ধি পাইতে লাগিল, পরে যথাকালে সে যৌবনে পদার্পণ করিল ॥২৫॥

তখন স্বর্ণময়ী প্রতিমার ন্যায় সেই সুমধ্যমা ও বিশালনিতম্বা রাজকন্যাকে দেখিয়া 'ইনি দেবকন্যাই আসিয়াছেন' এইরূপ লোকেরা মনে করিতে লাগিল ॥২৬॥

কিন্তু তাহার তেজে অভিভূত হইয়া কোন যুবাই সেই পদ্মপলাশাক্ষী ও তেজস্বিনী কন্যাটীকে প্রার্থনা করিল না ॥২৭॥

তাহার পর সাবিত্রী কোন পর্ব্বতিথিতে মজ্জনস্নান করিয়া ইষ্টদেবতার গৃহে যাইয়া যথাবিধানে হোম করিয়া ব্রাহ্মণগণদ্বারা স্বস্তিপাঠ করাইলেন ॥২৮॥

তাহার পর মূর্ত্তিমতী লক্ষ্মীর ন্যায় পরমসুন্দরী সাবিত্রী ইষ্টদেবতার নির্ম্মাল্য লইয়া মহাত্মা পিতার নিকট গমন করিলেন ॥২৯॥

যৌবনস্থাং তু তাং দৃষ্ট্বা স্বাং সুতাং দেবরূপিণীম্ ।
অযাচ্যমানাঞ্চ বরৈর্নৃপতিঃদুর্খিতোঽভবৎ ॥৩১॥

রাজোবাচ ।

পুত্রি ! প্রদানকালস্তে ন চ কশ্চিদ্বৃণোতি মাম্ ।
স্বয়মন্বিচ্ছ ভর্ত্তারং গুণৈঃ সদৃশমাত্মনঃ ॥৩২॥
প্রার্থিতঃ পুরুষো যশ্চ স নিবেদ্যস্ত্বয়া মম ।
বিমৃশ্যাহং প্রদাস্যামি বরয় ত্বং যথেপ্সিতম্ ॥৩৩॥
শ্রুতং হি ধর্ম্মশাস্ত্রেষু পঠ্যমানং দ্বিজাতিভিঃ ।
তথা ত্বমপি কল্যাণি ! গদতো মে বচঃ শৃণু ॥৩৪॥

ভারতকৌমুদী

সেতি । শেষা নির্ম্মাল্যানি । বরারোহা সুন্দরনিতম্বা সাবিত্রী ॥৩০॥
যৌবনেতি । দেবরূপিণীং দেবীবৎ সুন্দরীম্ ॥৩১॥
পুত্রীতি । বৃণোতি মাং প্রার্থয়তে । অন্বিচ্ছ মার্গয়, গুণৈর্বিদ্যাশীলাদিভিঃ ॥৩২॥
প্রেতি । প্রার্থিতঃ অভিমতঃ । বিমৃশ্য বিবিচ্য । বরয় বরত্বেন নিরূপয় ॥৩৩॥
শ্রুতমিতি । দ্বিজাতিভির্ব্রাহ্মণৈঃ । গদতস্তুবদতঃ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

পুত্রার্থং প্রার্থনাবচনং নিসর্গেণাজয়া ॥১৮॥ প্রতিজ্ঞায়াঙ্গীকৃত্য ॥১৯—২১॥ মানব্যা মনু-পুত্র্যাঃ ॥২২—২৬॥ প্রতিবারিতোঽভিভূতঃ ॥২৭—২৮॥ সুমনস ইষ্টদেবতায়াঃ । "সুপর্ব্বাণঃ সুমনসস্ত্রিদিবেশাঃ" ইত্যমরঃ । শেষাঃ প্রসাদপূর্ব্বকং দত্তানি মাল্যানি প্রসাদভূতা মালা ইত্যর্থঃ । "প্রসাদান্নিজনির্ম্মাল্যদানে শেষানুকীর্ত্তিতা" ইতি বিশ্বঃ ॥২৯—৩২॥ প্রার্থিত

সুন্দরনিতম্বা সাবিত্রী প্রথমে নির্ম্মাল্য দান করিয়া পরে পিতার চরণযুগলে নমস্কার করিয়া তৎপরে কৃতাঞ্জলি হইয়া তাঁহার পার্শ্বে দাঁড়াইলেন ॥৩০॥

তখন রাজা দেবরূপিণী নিজ কন্যাকে যুবতি দেখিয়া এবং বরগণ তাঁহাকে প্রার্থনা করিতেছে না জানিয়া দুঃখিত হইলেন ॥৩১॥

পরে রাজা বলিলেন—'পুত্রি ! তোমার সম্প্রদানকাল উপস্থিত হইয়াছে; অথচ কোন ব্যক্তিই আমার নিকট তোমাকে প্রার্থনা করিতেছে না। অতএব তুমি নিজেই নিজের উপযুক্ত গুণবান্ পতির অন্বেষণ কর ॥৩২॥

তুমি যে পুরুষকে মনোনীত করিবে, তাহার বিষয় আমাকে জানাইবে। তা'র পর আমি বিবেচনা করিয়া তোমাকে দান করিব। অতএব তুমি অভীষ্ট বর নিরূপণ কর ॥৩৩॥

কল্যাণি ! ব্রাহ্মণেরা ধর্ম্মশাস্ত্রের বচন পড়িবার সময়ে আমি যেমন শুনিয়াছি, তেমনই তাহা বলিতেছি, তুমিও শ্রবণ কর ॥৩৪॥

অপ্রদাতা পিতা বাচ্যো বাচ্যশ্চানুপযন্ পতিঃ।
মৃতে ভর্ত্তরি পুত্রশ্চ বাচ্যো মাতুররক্ষিতা ॥৩৫॥
ইদং মে বচনং শ্রুত্বা ভর্ত্তুরন্বেষণে ত্বর।
দেবতানাং যথা বাচ্যো ন ভবেয়ং তথা কুরু ॥৩৬॥

মার্কণ্ডেয় উবাচ।

এবমুক্ত্বা দুহিতরং তথা বৃদ্ধাংশ্চ মন্ত্রিণঃ।
ব্যাদিদেশানুযাত্রঞ্চ গম্যতামিত্যচোদয়ৎ ॥৩৭॥
সাভিবাদ্য পিতুঃ পাদৌ ব্রীড়িতেব মনস্বিনী।
পিতুর্ব্বচনমাজ্ঞায় নির্জ্জগামাবিচারিতম্ ॥৩৮॥
সা হৈমং রথমাস্থায় স্থবিরৈঃ সচিবৈর্বৃতা।
তপোবনানি রম্যাণি রাজর্ষীণাং জগাম হ ॥৩৯॥

ভারতকৌমুদী

অপ্রেতি। অপ্রদাতা কন্যায়াঃ, বাচ্যো নিন্দনীয়ঃ, অনুপযন্ ঋতৌ ভার্য্যামগচ্ছন্ ॥৩৫॥
ইদমিতি। ত্বর ত্বরস্ব। বাচ্যো নিন্দনীয়ঃ, যথাকালং কন্যায়া অদানাদিত্যাশয়ঃ ॥৩৬॥
এবমিতি। অনুযাত্রং যানবাহনাদিকম্। অচোদয়ৎ প্রেরিতবান্ ॥৩৭॥
সেতি। আজ্ঞায় শ্রুত্বা। অবিচারিতং যথা স্যাত্তথা, পিতুরাদেশগৌরবাৎ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

ইঙ্গিতঃ ॥৩৩—৩৪॥ বাচ্যো নিন্দ্যঃ, অনুপযন্ ঋতাবগচ্ছন্ ॥৩৫—৩৬॥ অনুযাত্রং যাত্রোপকরণং বাহনাদি ॥৩৭—৪১॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪৭॥

যে পিতা কন্যাদান না করেন, তিনি নিন্দনীয় পিতা; যে ভর্ত্তা ঋতুকালে ভার্য্যাগমন না করেন, তিনি নিন্দনীয় ভর্ত্তা এবং পিতার মৃত্যু হইলে যে পুত্র মাতাকে রক্ষা না করে সেও নিন্দনীয় পুত্র ॥৩৫॥

আমার এই কথা শুনিয়া সত্বর ভর্ত্তার অন্বেষণ কর; যাহাতে দেবতারা আমার নিন্দা না করেন, তাহা কর' ॥৩৬॥

মার্কণ্ডেয় বলিলেন—'রাজা এইরূপ বলিয়া সাবিত্রীকে ও বৃদ্ধমন্ত্রিগণকে যাইবার আদেশ করিলেন, যানবাহনাদির ব্যবস্থা করিলেন এবং 'যাও' বলিয়া অনুমতি করিলেন ॥৩৭॥

তখন মনস্বিনী সাবিত্রী পিতার বাক্য শুনিয়া যেন লজ্জিত হইয়া তাঁহার চরণযুগলে নমস্কার করিয়া অবিচারিতভাবে নির্গত হইলেন ॥৩৮॥

---

(৩৮)…ব্রীড়িতেব তপস্বিনী…বা ব ক।

মান্যানাং তত্র বৃদ্ধানাং কৃত্বা পাদাভিবন্দনম্।
বনানি ক্রমশস্তাত! সর্ব্বাণ্যেবাভ্যগচ্ছত ॥৪০॥
এবং তীর্থেষু সর্ব্বেষু ধনোৎসর্গং নৃপাত্মজা।
কুর্ব্বতী দ্বিজমুখ্যানাং তং তং দেশং জগাম হ ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে সাবিত্র্যুপাখ্যানে সপ্তচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:(*):—

ভারতকৌমুদী

সেতি। হৈমং স্বর্ণময়ম্। রাজর্ষীণাং সবর্ণত্বাত্তত্র গমনস্যৈবৌচিত্যাৎ ॥৩৯॥
মান্যানামিতি। তাতেতি যুধিষ্ঠিরসম্বোধনম্। অভ্যগচ্ছত অভ্যগচ্ছৎ ॥৪০॥
এবমিতি। ধনোৎসর্গং ধনদানম্। দ্বিজমুখ্যানাং ব্রাহ্মণেভ্যঃ ॥৪১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে সপ্তচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—০:*:০—

তিনি স্বর্ণময় রথে আরোহণ করিয়া বৃদ্ধমন্ত্রিগণে পরিবেষ্টিত হইয়া প্রথমে রাজর্ষিগণের মনোহর তপোবনগুলিতে গমন করিলেন ॥৩৯॥

বৎস যুধিষ্ঠির! সাবিত্রী সেখানে মাননীয় বৃদ্ধগণের চরণে নমস্কার করিয়া ক্রমশঃ সকল বনে গমন করিলেন ॥৪০॥

এইভাবে রাজনন্দিনী সাবিত্রী সমস্ত তীর্থে যাইয়া ব্রাহ্মণগণকে ধনদান করিতে থাকিয়া সেই সেই দেশে গমন করিলেন ॥৪১॥

—:০:—

* '…ঊনাশীত্যধিকদ্বিশততমঃ' পি, '…দ্বিনবত্যধিকদ্বি…' বা ব, '… ত্রিনবত্যধিকদ্বি…' কা, '…চতুর্নবত্যধিকদ্বি…' নি।

অষ্টচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

———:*:———

মার্কণ্ডেয় উবাচ।

অথ মদ্রাধিপো রাজা নারদেন সমাগতঃ।
উপবিষ্টঃ সভামধ্যে কথাযোগেন ভারত ! ॥১॥
ততোঽভিগম্য তীর্থানি সর্বাণি চাশ্রমাংশ্চ সা।
আজগাম পিতুর্বেশ্ম সাবিত্রী সহ মন্ত্রিভিঃ ॥২॥
নারদেন সহাসীনং সা দৃষ্ট্বা পিতরং শুভা।
উভয়োরেব শিরসা চক্রে পাদাভিবন্দনম্ ॥৩॥

নারদ উবাচ।

ক গতাভূৎ সুতেয়ং তে কুতশ্চৈবাগতা নৃপ !।
কিমর্থং যুবতীং ভর্ত্রে ন চৈনাং সম্প্রযচ্ছসি ॥৪॥

অশ্বপতিরুবাচ।

কার্য্যেণ খল্বনেনৈব প্রেষিতাদ্যৈব চাগতা।
তদস্যাঃ শৃণু দেবর্ষে ! ভর্ত্তা বৈ যোঽনয়া বৃতঃ ॥৫॥

ভারতকৌমুদী

অথেতি। সমাগতঃ সম্মিলিতঃ সন্। কথাযোগেন নানাকথাপ্রসঙ্গেন ॥১॥
তত ইতি। ততস্তদা। আশ্রমাংশ্চ সর্ব্বানিতি লিঙ্গবিপরিণামেনান্বয়ঃ ॥২॥
নারদেনেতি। আসীনমুপবিষ্টম্। উভয়োর্নারদপিত্রোঃ ॥৩॥
কেতি। যুবত্যবস্থায়ামপি কন্যায়া অদানং বিশেষকারণং বিনা ন সম্ভবতীতি ভাবঃ ॥৪॥

মার্কণ্ডেয় বলিলেন—'ভরতনন্দন ! তাহার পর একদা মদ্ররাজ অশ্বপতি নারদের সহিত মিলিত হইয়া নানাকথার প্রসঙ্গে সভামধ্যে উপবিষ্ট ছিলেন ॥১॥

সেই সময়ে সাবিত্রী সমস্ত তীর্থ ও আশ্রম বিচরণ করিয়া মন্ত্রিগণের সহিত পিতৃভবনে আগমন করিলেন ॥২॥

তখন কল্যাণী সাবিত্রী, নারদের সহিত পিতাকে উপবিষ্ট দেখিয়া মস্তক-দ্বারা উভয়ের চরণেই নমস্কার করিলেন' ॥৩॥

নারদ বলিলেন—'রাজা ! আপনার এই কন্যাটী কোথায় গিয়াছিল ? কোথা হইতেই বা আসিয়াছে ? এবং কি জন্যই বা আপনি এই যুবতি কন্যাকে পতিহস্তে দান করিতেছেন না ? ॥৪॥

(৫)…এতস্যাঃ শৃণু দেবর্ষে ! ভর্ত্তারং যোঽনয়া বৃতঃ—বা ব কা নি।

মার্কণ্ডেয় উবাচ।

সা ব্রূহি বিস্তরেণেতি পিত্রা সংচোদিতা শুভা।
দৈবতস্যেব বচনং প্রতিগৃহ্যেদমব্রবীৎ ॥৬॥

সাবিত্র্যুবাচ।

আসীচ্ছাল্বেষু ধর্ম্মাত্মা ক্ষত্রিয়ঃ পৃথিবীপতিঃ।
দ্যুমৎসেন ইতি খ্যাতঃ পশ্চাদন্ধো বভূব সঃ ॥৭॥
বিনষ্টচক্ষুষস্তস্য বালপুত্রস্য ধীমতঃ।
সামীপ্যেন হৃতং রাজ্যং ছিদ্রেঽস্মিন্ পূর্ব্ববৈরিণা ॥৮॥
স বালবৎসয়া সার্দ্ধং ভার্য্যয়া প্রস্থিতো বনম্।
মহারণ্যগতশ্চাপি তপস্তেপে মহাব্রতঃ ॥৯॥
তস্য পুত্রঃ পুরে জাতঃ সংবৃদ্ধশ্চ তপোবনে।
সত্যবানমুরূপো মে ভর্ত্তেতি মনসা বৃতঃ ॥১০॥

ভারতকৌমুদী

কার্য্যেণেতি। কার্য্যেণ প্রয়োজনেন। অস্যাঃ সাবিত্র্যাঃ সকাশাৎ ॥৫॥
সেতি। সংচোদিতা বক্তুং প্রণোদিতা। দৈবতস্যেবেত্যাদরাতিশয়ার্থমুক্তম্ ॥৬॥
আসীদিতি। শাল্বেষু শাল্বদেশে। পৃথিবীপতিঃ রাজা ॥৭॥
বিনষ্টেতি। বালঃ পুত্রো যস্য তস্য। ছিদ্রে অন্ধত্বরূপেঽবকাশে ॥৮॥
স ইতি। বালো বৎসঃ পুত্রো যস্যাস্তয়া। মহাব্রতো বিশেষনিয়মবান্ ॥৯॥

অশ্বপতি বলিলেন—'দেবর্ষি! এই প্রয়োজনেই উহাকে পাঠাইয়াছিলাম এবং অদ্যই আসিয়াছে; আর এ, যাহাকে পতিত্বে বরণ করিয়াছে, তাহার বিষয় উহার নিকটই শুনুন' ॥৫॥

মার্কণ্ডেয় বলিলেন—'বিস্তরক্রমে বল' এইরূপ পিতা আদেশ করিলে, কল্যাণী সাবিত্রী দেবতার বাক্যের ন্যায় পিতার বাক্য গ্রহণ করিয়া বলিতে লাগিলেন' ॥৬॥

সাবিত্রী বলিলেন—'শাল্বদেশে 'দ্যুমৎসেন'—নামে এক ধর্ম্মাত্মা ক্ষত্রিয় রাজা ছিলেন; তিনি পরে অন্ধ হইয়া গিয়াছেন ॥৭॥

সে রাজা বুদ্ধিমান্ বটেন, তবে তাঁহার চক্ষু নষ্ট হইয়াছিল এবং পুত্রও বালক ছিল বলিয়া সেই ফাঁকে নিকটবর্ত্তী পূর্ব্বশত্রু তাঁহার রাজ্য হরণ করিয়া নিয়াছে ॥৮॥

তাই তিনি বালপুত্রা ভার্য্যার সহিতই বনে গিয়াছেন এবং সে মহাবনে যাইয়াও বিশেষ নিয়ম অবলম্বন করিয়া তপস্যা করিতেছেন ॥৯॥

নারদ উবাচ

অহোবত মহৎপাপং সাবিত্র্যা নৃপতে ! কৃতম্।
অজানন্ত্যা যদনয়া গুণবান্ সত্যবান্ বৃতঃ ॥১১॥
সত্যং বদত্যস্য পিতা সত্যং মাতা প্রভাষতে।
ততোঽস্য ব্রাহ্মণাশ্চক্রুর্নামৈতৎ সত্যবানিতি ॥১২॥
বালস্যাশ্বাঃ প্রিয়াশ্চাস্য করোত্যশ্বাংশ্চ মৃন্ময়ান্।
চিত্রেঽপি বিলিখত্যশ্বাংশ্চিত্রাশ্ব ইতি চোচ্যতে ॥১৩॥

রাজোবাচ।

অপীদানীং স তেজস্বী বুদ্ধিমান্ বা নৃপাত্মজঃ।
ক্ষমাবানপি বা শূরঃ সত্যবান্ পিতৃবৎসলঃ ॥১৪॥

নারদ উবাচ।

বিবস্বানিব তেজস্বী বৃহস্পতিসমো মতৌ।
মহেন্দ্র ইব শূরশ্চ বসুধেব ক্ষমান্বিতঃ ॥১৫॥

ভারতকৌমুদী

তস্যেতি। সংবৃদ্ধঃ সম্যগ্‌বৃদ্ধিং প্রাপ্তঃ। সত্যবান্ নাম ॥১০॥
অহো ইতি। পাপং পাপঘটিতমাত্মনোঽনিষ্টম্। অজানন্ত্যেতি নলোপাভাব আর্ষঃ ॥১১॥
নামকারণং নির্ব্বক্তি সত্যমিতি। মাতৃপিতৃসত্যবত্ত্বসম্বন্ধেন সত্যবত্ত্বাদিতি ভাবঃ ॥১২॥
নামান্তরকারণমাহ বালস্যেতি। বিলিখতি বাহুল্যেন চিত্রয়তি স্ম ॥১৩॥
অপীতি। অপিশব্দঃ প্রশ্নে। পিতৃবৎসলঃ পিতৃভক্তঃ ॥১৪॥

তাঁহার পুত্র রাজধানীতেই জন্মিয়াছিলেন, কিন্তু তপোবনে আসিয়া বৃদ্ধি পাইয়াছেন; তাঁহার নাম—'সত্যবান্'। তিনি আমার সম্পূর্ণ অনুরূপ; তাই আমি মনে মনে তাঁহাকেই পতিত্বে বরণ করিয়াছি' ॥১০॥

নারদ বলিলেন—'হায় রাজা! সাবিত্রী নিজের গুরুতর অনিষ্ট করিয়াছে। যে হেতু এ, না জানিয়া গুণবান্ হইলেও সত্যবান্‌কে বরণ করিয়াছে ॥১১॥

উঁহার পিতা সত্য বলেন, মাতাও সত্য বলেন; সেই জন্যই ব্রাহ্মণেরা উঁহার নাম করিয়াছেন—'সত্যবান্' ॥১২॥

আর শৈশব অবস্থায় অশ্ব উঁহার প্রিয় ছিল, মৃন্ময় অশ্ব নির্ম্মাণ করিত এবং চিত্রেও বিশেষরূপে অশ্ব চিত্রিত করিত; এই কারণে উঁহাকে 'চিত্রাশ্ব' ও বলে' ॥১৩॥

রাজা অশ্বপতি বলিলেন—'রাজপুত্র সত্যবান্ এখন তেজস্বী, বুদ্ধিমান্, ক্ষমাবান্, বীর ও পিতৃভক্ত হইয়াছেন ত?' ॥১৪॥

অশ্বপতিরুবাচ।

অপি রাজাত্মজো দাতা ব্রহ্মণ্যশ্চাপি সত্যবান্।
রূপবানপ্যুদারো বাঽপ্যথবা প্রিয়দর্শনঃ ॥১৬॥

নারদ উবাচ।

সাঙ্কৃতে রন্তিদেবস্য স্বশক্ত্যা দানতঃ সমঃ।
ব্রহ্মণ্যঃ সত্যবাদী চ শিবিরৌশীনরো যথা ॥১৭॥
যযাতিরিব চোদারঃ সোমবৎ প্রিয়দর্শনঃ।
রূপেণান্যতমোঽশ্বিভ্যাং দ্যুমৎসেনসুতো বলী ॥১৮॥
স দান্তঃ স মৃদুঃ শূরঃ স সত্যঃ সংযতেন্দ্রিয়ঃ।
স মৈত্রঃ সোঽনসূয়শ্চ স হ্রীমান্ দ্যুতিমাংশ্চ সঃ ॥১৯॥
নিত্যশশ্চার্জবং তস্মিন্ স্থিতিস্তস্যৈব চ ধ্রুবা।
সংক্ষেপতস্তপোবৃদ্ধৈঃ শীলবৃদ্ধৈশ্চ কথ্যতে ॥২০॥

ভারতকৌমুদী

বিবস্বানিতি। তেজস্বী অনভিভবনীয়স্বভাবঃ। মতৌ বুদ্ধৌ ॥১৫॥

অপীতি। ব্রহ্মণ্যো ব্রাহ্মণহিতঃ, সত্যবান্ সত্যপরায়ণঃ, "সত্যবাদী" ইতি পরোক্তেঃ ॥১৬॥

সাঙ্কৃতেরিতি। সঙ্কৃতেরপত্যং সাঙ্কৃতিস্তস্য। স্বশক্ত্যা স্বেচ্ছয়ৈব, ন তু পরপ্রয়োগেণ ॥১৭॥

যযাতিরিতি। রূপেণাশ্বিভ্যামন্যতমঃ অশ্বিনীকুমারতুল্যরূপবানিত্যর্থঃ ॥১৮॥

স ইতি। দান্তো বহিরিন্দ্রিয়দমনশীলঃ। সত্যঃ সত্যব্যবহারী, সংযতেন্দ্রিয়ো জিতচিত্তঃ। মৈত্রো মিত্রহিতৈষী, হ্রীমান্ লজ্জাশীলঃ, দ্যুতিমান্ কান্তিমান্ ॥১৯॥

নিত্যশ ইতি। আর্জবং সরলতা, স্থিতিঃ মান্যজনমাননাদিরূপা মর্য্যাদা ॥২০॥

নারদ বলিলেন—'সত্যবান্ এখন সূর্য্যের ন্যায় তেজস্বী, বৃহস্পতির ন্যায় বুদ্ধিমান্, ইন্দ্রের ন্যায় বীর এবং পৃথিবীর ন্যায় ক্ষমাবান্ হইয়াছেন' ॥১৫॥

অশ্বপতি বলিলেন—'সে রাজপুত্র—দাতা, ব্রাহ্মণহিতৈষী, সত্যপরায়ণ, রূপবান্, উদারস্বভাব এবং প্রিয়দর্শন হইয়াছেন কি না?' ॥১৬॥

নারদ বলিলেন—'সত্যবান্ আপন ইচ্ছাকৃত দানে সঙ্কৃতিপুত্র রন্তিদেবের তুল্য এবং উশীনরপুত্র শিবির ন্যায় ব্রাহ্মণহিতৈষী ও সত্যবাদী হইয়াছেন ॥১৭॥

আর তিনি—যযাতির ন্যায় উদারস্বভাব, চন্দ্রের ন্যায় প্রিয়দর্শন এবং অশ্বিনীকুমারদের ন্যায় রূপবান্ হইয়াছেন ॥১৮॥

এবং তিনি—দান্ত, কোমল, বীর, সত্যব্যবহারী, সংযতচিত্ত, বন্ধুহিতৈষী, অসূয়াশূন্য, লজ্জাশীল ও লাবণ্যশালী হইয়াছেন ॥১৯॥

---

(১৬)…ব্রহ্মণ্যশ্চাপি বীর্য্যবান্…পি।

অশ্বপতিরুবাচ।

গুণৈরুপেতং সর্ব্বৈস্তং ভগবান্ প্রব্রবীতি মে।
দোষানপ্যস্য মে ব্রূহি যদি সন্তীহ কেচন ॥২১॥

নারদ উবাচ।

এক এবাস্য দোষো হি গুণানাক্রম্য তিষ্ঠতি।
স চ দোষঃ প্রযত্নেন ন শক্যঃ পরিবর্ত্তিতুম্ ॥২২॥
একো দোষোঽস্তি নান্যোঽস্য সোঽদ্যপ্রভৃতি সত্যবান্।
সংবৎসরেণ ক্ষীণায়ুর্দেহন্যাসং করিষ্যতি ॥২৩॥

রাজোবাচ।

এহি সাবিত্রি! গচ্ছস্ব অন্যং বরয় শোভনে!।
তস্য দোষো মহানেকো গুণানাক্রম্য তিষ্ঠতি ॥২৪॥

ভারতকৌমুদী

গুণৈরিতি। দোষানপি ব্রূহি, অন্যথা "অহোবত মহৎ পাপম্" ইতি শ্লোক্তির্ন যুজ্যতে ॥২১॥
এক ইতি। আক্রম্য অভিভূয়। পরিবর্ত্তিতুং পরিবর্ত্তয়িতুম্ ॥২২॥
এক ইতি। দেহন্যাসং দেহত্যাগম্। দেহন্যাসকরণমেব স দোষ ইত্যর্থঃ ॥২৩॥
এহীতি। দোষঃ অল্পায়ুষ্ট্বম্। মরণেনৈব সর্বগুণাবসানাদিতি ভাবঃ ॥২৪॥

আর তপোবৃদ্ধ ও স্বভাববৃদ্ধেরা সংক্ষেপে বলিয়া থাকেন যে, সত্যবানে সর্ব্বদাই সরলতা ও মর্য্যাদাজ্ঞান রহিয়াছে' ॥২০॥

অশ্বপতি বলিলেন—'আপনি আমার নিকট সত্যবান্‌কে সর্ব্বগুণসম্পন্ন বলিতেছেন; কিন্তু উহার যদি কোন দোষ থাকে, তাহাও আমার নিকট বলুন' ॥২১॥

নারদ বলিলেন—'সত্যবানের একটা দোষই সমস্ত গুণকে অভিভূত করিয়া রহিয়াছে। সে দোষকে কেহ বিশেষ চেষ্টা করিয়াও পরিবর্ত্তন করিতে সমর্থ হইবে না ॥২২॥

সত্যবানের একটা দোষই আছে, অন্য দোষ নাই। সে দোষ এই—যে, আজ হইতে একবৎসরের সময়ে সত্যবানের আয়ুঃশেষ হইবে এবং সে তখন দেহত্যাগ করিবে' ॥২৩॥

অশ্বপতি বলিলেন—'আয় সাবিত্রি! তুই যা, যেয়ে অন্য বর পছন্দ কর্। কারণ, সত্যবানের সেই একটা গুরুতর দোষই সমস্ত গুণকে অভিভূত করিয়া রহিয়াছে ॥২৪॥

(২১)…ভগবন্! প্রব্রবীতি মে…বা ব কা। (২২)…ন শক্যস্তাতিবর্ত্তিতুম্—বা ব কা নি।

যথা মে ভগবানাহ নারদো দেবসৎকৃতঃ।
সংবৎসরেণ সোঽল্পায়ুর্দেহন্যাসং করিষ্যতি ॥২৫॥

সাবিত্র্যুবাচ।

সকৃদংশো নিপততি সকৃৎ কন্যা প্রদীয়তে।
সকৃদাহ দদানীতি ত্রীণ্যেতানি সকৃৎ সকৃৎ ॥২৬॥
দীর্ঘায়ুরথবাল্পায়ুঃ সগুণো নির্গুণোঽপি বা।
সকৃদ্‌বৃতো ময়া ভর্ত্তা ন দ্বিতীয়ং বৃণোম্যহম্ ॥২৭॥

ভারতকৌমুদী

যথেতি। দেবৈরপি সৎকৃতঃ সর্ব্বজ্ঞত্বাদাদৃতঃ। নারদবচনং মিথ্যা ভবিতুং নার্হতীত্যাশয়ঃ ॥২৫॥

সকৃদিতি। অংশিভিঃ সোদরাদিভিঃ সম্যক্ ক্রিয়মাণঃ অংশঃ পৈতৃকাদিধনভাগঃ, সকৃৎ একবারমেব, নিপততি অংশিবিশেষে বর্ত্ততে, ন দ্বিতীয়বারম্, সুব্যবস্থয়া অংশিবিশেষে সকৃন্নিপাতেনৈব অংশান্তরস্য স্বত্বনাশাৎ বিভাগস্য চ স্বত্বমূলকত্বাদিতি ভাবঃ। কন্যা সকৃদেব প্রদীয়তে, পিত্রাদিনা কন্যয়া আত্মনা বা, ন দ্বিতীয়বারম্। দ্রব্যান্তরদানেঽপি দাতা সকৃদেব দদানীত্যাহ, ন দ্বিতীয়বারম্, সকৃদ্দানেন দানবচনেন চ দাতুঃ স্বত্বনাশাৎ দানস্যাপি স্বত্বমূলকত্বাদিত্যাশয়ঃ। ত্রীণ্যেতানি ত্রয়াণামেতেষাং প্রত্যেকমেব সকৃৎ সকৃদেব ভবতি, ন পুনর্বিবাহাদি। তথা চ ময়া মনসা সত্যবত এব সকৃদাত্মদানেন বরান্তরায় তদ্দানং ন সম্ভবতি তেনৈব ময়ি মৎস্বত্বনাশাদিতি সমুদায়াশয়ঃ। নবমাধ্যায়ে মনুবচনমপ্যবিকলমীদৃশমেব। উদ্বাহতত্ত্বাদৌ স্মার্ত্তাদিনাপীদং ধৃতম্ ॥২৬॥

ফলিতার্থমাহ দীর্ঘেতি। বৃতো মনসা, ভর্ত্তা সত্যবান্ ॥২৭॥

ভারতভাবদীপঃ

অথেতি। কথাযোগেন কথাপ্রসঙ্গেন ॥১—৭॥ সামীপ্যেন সমীপবাসিনা, ছিদ্রে অন্ধত্বে সতি ॥৮—৯॥ সত্যবাগাযত্তঃ ॥১০—১৩॥ তেজস্বী প্রতাপবান্ বুদ্ধিমান্ বা, বা শব্দশ্চার্থে ॥১৪—১৬॥ সাস্কৃতেঃ সঙ্কৃতিপুত্রস্য ॥১৭—২১॥ আক্রম্যাভিভূয় ॥২২—২৫॥ অংশঃ কাষ্ঠ-

দেবগণেরও সম্মানিত ভগবান্ নারদ আমাকে যাহা বলিলেন, তাহাতে অল্পায়ু সেই সত্যবান্ একবৎসর পূর্ণ হইলেই দেহত্যাগ করিবে' ॥২৫॥

সাবিত্রী বলিলেন—'অংশীর অংশে একবারমাত্রই ধনের ভাগ পড়ে, একবারমাত্রই কন্যাদান করা হয় এবং অন্যবস্তুদানের সময়েও একবারমাত্রই 'দদানি' শব্দ বলা হয়। সুতরাং এই তিনটা কার্য্যের প্রত্যেকটাই এক একবারমাত্রই হইয়া থাকে ॥২৬॥

অতএব সত্যবান্ দীর্ঘায়ুই হউন বা অল্পায়ুই হউন, কিংবা সগুণই হউন বা নির্গুণই হউন; আমি একবার তাঁহাকে পতিরূপে বরণ করিয়াছি বলিয়া অন্য পুরুষকে আর বরণ করিতে পারি না ॥২৭॥

মনসা নিশ্চয়ং কৃত্বা ততো বাচাভিধীয়তে।
ক্রিয়তে কর্ম্মণা পশ্চাৎ প্রমাণং মে মনস্ততঃ ॥২৮॥

নারদ উবাচ।

স্থিরা বুদ্ধির্নরশ্রেষ্ঠ! সাবিত্র্যা দুহিতুস্তব।
নৈষা বারয়িতুং শক্যা ধর্ম্মাদস্মাৎ কথঞ্চন ॥২৯॥
নান্যস্মিন্ পুরুষে সন্তি যে সত্যবতি বৈ গুণাঃ।
প্রদানমেব তস্মান্মে রোচতে দুহিতুস্তব ॥৩০॥

রাজোবাচ।

অবিচার্য্যমেতদুক্তং তথ্যঞ্চ ভবতা বচঃ।
করিষ্যাম্যেতদেবঞ্চ গুরুর্হি ভগবান্ মম ॥৩১॥

নারদ উবাচ।

অবিঘ্নমস্তু সাবিত্র্যাঃ প্রদানে দুহিতুস্তব।
সাধয়িষ্যাম্যহং তাবৎ সর্ব্বেষাং ভদ্রমস্তু বঃ ॥৩২॥

ভারতকৌমুদী

অথ মনসা বরণমকিঞ্চিৎকরমিত্যাহ মনসেতি। মনসা বরণস্যৈব মূলত্বমিতি ভাবঃ ॥২৮॥
স্থিরেতি। স্থিরা সত্যবতো বরণ এব নিশ্চলা। তৎফলমাহ নেতি ॥২৯॥
নেতি। প্রদানমেব সত্যবতে ইতি শেষঃ ॥৩০॥
অবীতি। অবিচার্য্যং ন্যায্যান্যায্যতয়া ন বিচারণীয়ম্, তথ্যং সত্যঞ্চ ॥৩১॥
অবিঘ্নমিতি। বিঘ্নস্যাভাবঃ অবিঘ্নম্। সাধয়িষ্যামি গমিষ্যামি, "প্রায়েণ গ্রন্থকঃ সাধির্গমেঃ স্থানে প্রযুজ্যতে" ইতি সাহিত্যদর্পণাৎ। ভদ্রং মঙ্গলম্ ॥৩২॥

মানুষ প্রথমে মনে মনে কার্য্য স্থির করিয়া পরে মুখে বলে এবং তাহার পর সে কার্য্য করে। সুতরাং আমার মনই এবিষয়ে প্রমাণ ॥২৮॥

নারদ বলিলেন—'নরশ্রেষ্ঠ! আপনার কন্যা সাবিত্রীর বুদ্ধি স্থির হইয়াছে। সুতরাং ইহাকে কোন প্রকারেই এ ধর্ম্ম হইতে নিবারণ করিতে পারা যাইবে না ॥২৯॥

বস্তুতও সত্যবানের যে সকল গুণ আছে, তাহা অন্য পুরুষের নাই। অতএব আপনার কন্যাকে সত্যবানের হস্তে দান করাই আমার অভিপ্রেত ॥৩০॥

রাজা বলিলেন—'আপনি এটা অবিচার্য্য সত্য কথাই বলিয়াছেন। অতএব আমি এইরূপই ইহা করিব। কারণ, আপনি আমার গুরু' ॥৩১॥

নারদ বলিলেন—'কন্যা সাবিত্রীর প্রদানে যেন আপনার কোন বিঘ্ন হয় না; আমি যাইব, আপনাদের সকলের মঙ্গল হউক' ॥৩২॥

---

(৩১) অবিচাল্যমেতদুক্তম্···বা ব কা নি।

মার্কণ্ডেয় উবাচ।

এবমুক্ত্বা খমুৎপত্য নারদাস্ত্রিদিবং গতঃ।
রাজাপি দুহিতুঃ সজ্জং বৈবাহিকমকারয়ৎ ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদী-হরণে সাবিত্র্যুপাখ্যানে অষ্টচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

ঊনপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

মার্কণ্ডেয় উবাচ।

অথ কন্যাপ্রদানে স তমেবার্থং বিচিন্তয়ন্।
সমানিন্যে চ তৎ সর্ব্বং ভাণ্ডং বৈবাহিকং নৃপঃ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। সজ্জং সংগৃহীতম্, বৈবাহিকং বিবাহোপকরণম্ ॥৩৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্বণি দ্রৌপদীহরণে অষ্টচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——০:*:০——

অথেতি। তমেবার্থং নারদোক্তমেব বিষয়ং সত্যবতোঽল্পায়ুষ্ট্বম্। ভাণ্ডমুপকরণম্ ॥১॥

ভারতভাবদীপঃ

পাষাণাদেঃ শকলঃ, শকুন্নিপতন্তি কৃতস্ত করণং নাস্তীত্যর্থঃ ॥২৬—৩০॥ যত্তু সাবিত্র্যা বচনমবিচাল্যং ভবতা চ তথামুক্তম্ ॥৩১॥ সাধয়িষ্যামি গমিষ্যামি, ধাতূনামনেকার্থত্বাদ্-গত্যর্থোঽয়ম্ ॥৩২—৩৩॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টচত্বারিংশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৪৮॥

মার্কণ্ডেয় বলিলেন—'এইরূপ বলিয়া নারদ আকাশে উঠিয়া স্বর্গে চলিয়া গেলেন; রাজাও কন্যাবিবাহের সমস্ত উপকরণ সংগ্রহ করাইলেন' ॥৩৩॥

——:০:——

মার্কণ্ডেয় বলিলেন—'তাহার পর রাজা অশ্বপতি কন্যাদানের বিষয়ে সত্যবানের অল্প আয়ুর বিষয়ই চিন্তা করিতে থাকিয়া বিবাহের সমস্ত দ্রব্য সংগ্রহ করিলেন ॥১॥

* '...অশীত্যধিকদ্বিশততমঃ...' পি, '...ত্রিনবত্যধিকদ্বি...' বা ব, '...চতুর্নবত্যধিকদ্বি...' কা, '...পঞ্চনবত্যধিকদ্বি...' নি।

ততো বৃদ্ধান্ দ্বিজান্ সর্বানৃত্বিজঃ সপুরোহিতান্।
সমাহূয় দিনে পুণ্যে প্রযযৌ সহ কন্যয়া ॥২॥
মেধ্যারণ্যং স গত্বা চ দ্যুমৎসেনাশ্রমং নৃপঃ।
পদ্ভ্যামেব দ্বিজৈঃ সার্দ্ধং রাজর্ষিং তমুপাগমৎ ॥৩॥
তত্রাপশ্যন্মহাভাগং শালবৃক্ষমুপাশ্রিতম্।
কৌশ্যাং বৃস্যাং সমাসীনং চক্ষুর্হীনং নৃপং তদা ॥৪॥
স রাজা তস্য রাজর্ষেঃ কৃত্বা পূজাং যথার্হতঃ।
বাচা সুনিয়তো ভূত্বা চকারাত্মনিবেদনম্ ॥৫॥
তস্যার্ঘমাসনঞ্চৈব গাঞ্চাবেদ্য স ধর্ম্মবিৎ।
কিমাগমনমিত্যেবং রাজা রাজানমব্রবীৎ ॥৬॥

অশ্বপতিরুবাচ।

সাবিত্রী নাম রাজর্ষে! কন্যেয়ং মম শোভনা।
তাং স্বধর্ম্মেণ ধর্ম্মজ্ঞ! স্নুষার্থে ত্বং গৃহাণ মে ॥৭॥

ভারতকৌমুদী

তত ইতি। ঋত্বিজঃ শ্রৌতকর্ম্মকরাঃ, পুরোহিতাশ্চ স্মার্ত্তাদিকর্ম্মকরাঃ ॥২॥
মেধ্যেতি। মেধ্যং পবিত্রমরণ্যং যত্র তম্। নৃপঃ অশ্বপতিঃ ॥৩॥
তত্রেতি। শালবৃক্ষং তত্তলম্। কৌশ্যাং কুশময্যাম্, বৃস্যাম্ ঋষ্যাসনে ॥৪॥
স ইতি। রাজা অশ্বপতিঃ, রাজর্ষেদ্যুমৎসেনস্য। সুনিয়তোঽতীববিনয়ী ॥৫॥
তস্যেতি। তস্য অশ্বপতেঃ। রাজা দ্যুমৎসেনঃ, রাজানমশ্বপতিম্ ॥৬॥

তদনন্তর তিনি সকল বৃদ্ধ ব্রাহ্মণ, ঋত্বিক্ ও পুরোহিতকে নিমন্ত্রণ করিয়া কন্যা সাবিত্রীর সহিত শুভ দিনে দ্যুমৎসেনের আশ্রমে প্রস্থান করিলেন ॥২॥

ক্রমে রাজা অশ্বপতি পবিত্র তপোবনে দ্যুমৎসেনের আশ্রমে যাইয়া ব্রাহ্মণদের সহিত পাদচারেই রাজর্ষি দ্যুমৎসেনের নিকট উপস্থিত হইলেন ॥৩॥

* অয়ং পাঠঃ পিতামহপুস্তকে নাস্তি। ইতঃ পরঞ্চ—'সুচিরং ত্বং প্রসুপ্তোঽসি মমাঙ্কে পুরুষর্ষভ ! । গতঃ স ভগবান্ দেবঃ প্রজাসংযমনো যমঃ ॥' অয়ং শ্লোকশ্চাধিকঃ—বা ব কা নি।

ত্বয়োপগূঢ়স্য চ মে নিদ্রয়াপহৃতং মনঃ।
ততোঽপশ্যং তমো ঘোরং পুরুষঞ্চ মহৌজসম্ ॥৬৪॥
তদ্‌যদি ত্বং বিজানাসি কিং তদ্‌ব্রূহি সুমধ্যমে!।
স্বপ্নেন যদি বা দৃষ্টো যদি বা সত্যমেব তৎ ॥৬৫॥
তমুবাচাথ সাবিত্রী রজনী ব্যবগাহতে।
শ্বস্তে সর্বং যথাবৃত্তমাখ্যাস্যামি নৃপাত্মজ! ॥৬৬॥
উত্তিষ্ঠোত্তিষ্ঠ ভদ্রং তে পিতরৌ পশ্য সুব্রত!।
বিগাঢ়া রজনী চেয়ং নিবৃত্তশ্চ দিবাকরঃ ॥৬৭॥
নক্তঞ্চরাশ্চরন্ত্যেতে হৃষ্টাঃ ক্রূরাভিভাষিণঃ।
শ্রূয়ন্তে পর্ণশব্দাশ্চ মৃগাণাং চরতাং বনে ॥৬৮॥

ভারতকৌমুদী

ত্বয়েতি। উপগূঢ়স্য আলিঙ্গিতস্য। তমঃ অন্ধকারম্ ॥৬৪॥

তদিতি। যমেন সত্যবতো লিঙ্গশরীরহরণকালে তচ্ছরীরে পঞ্চজ্ঞানেন্দ্রিয়সত্ত্বেঽপি তেষামভিমন্যমানাধিষ্ঠানভূতগোলকাভাবাচ্চ তস্য যমদর্শনতদালাপশ্রবণাসম্ভব আসীদিতি ভাবঃ। অতএবেদৃশং পৃষ্টমিতি বোধ্যম্ ॥৬৫॥

তমিতি। ব্যবগাহতে আধিক্যেন বর্ত্ততে। শ্বঃ পরদিনে ॥৬৬॥

উত্তিষ্ঠেতি। তে তব ভদ্রং মঙ্গলমস্ত্বিতি শেষঃ। নিবৃত্তঃ চিরমেবাস্তং গতঃ ॥৬৭॥

নক্তমিতি। নক্তঞ্চরা রাত্রিচরাঃ প্রাণিনঃ, ক্রূরাভিভাষিণঃ নিষ্ঠুররবকারিণঃ ॥৬৮॥

তুমি যখন আমাকে আলিঙ্গন করিয়াছিলে, তখন আমার মন নিদ্রায় অভিভূত হইয়াছিল; তৎপরে আমি ভয়ঙ্কর অন্ধকার ও মহাতেজা একটা পুরুষকে দেখিয়াছিলাম ॥৬৪॥

সুমধ্যমে! তুমি যদি সে বৃত্তান্ত জান, তবে তাহা বল; আমি কি স্বপ্নে সেই পুরুষটাকে দেখিয়াছিলাম? না তাহা সত্যই ছিল?' ॥৬৫॥

তাহার পর সাবিত্রী সত্যবান্‌কে বলিলেন—'রাজপুত্র। রাত্রি অধিক হইতেছে। অতএব কল্য আপনার নিকট যথাবৎ বৃত্তান্ত সমস্ত বলিব ॥৬৬॥

সুব্রত! উঠুন উঠুন, আপনার মঙ্গল হউক। সূর্য্য অস্ত গিয়াছেন, রাত্রিও অধিক হইতেছে। অতএব যাইয়া পিতা-মাতার সহিত সাক্ষাৎ করুন ॥৬৭॥

কর্কশভাষী এই সকল রাত্রিচর প্রাণীরা আনন্দিত হইয়া বিচরণ করিতেছে এবং পশুরাও বনে বিচরণ করিতেছে, তাহাতে পাতার শব্দ শুনা যাইতেছে ॥৬৮॥

এতা ঘোরান্ শিবা নাদান্ দিশং দক্ষিণপশ্চিমাম্।
আস্থায় বিরুবন্ত্যগ্রাঃ কম্পয়ন্ত্যো মনো মম ॥৬৯॥

সত্যবানুবাচ।

বনং প্রতিভয়াকারং ঘনেন তমসা বৃতম্।
ন বিজ্ঞাস্যসি পন্থানং গন্তুঞ্চৈব ন শক্ষ্যসি ॥৭০॥

সাবিত্র্যুবাচ।

অস্মিন্নদ্য বনে দগ্ধে শুষ্কবৃক্ষঃ স্থিতো জ্বলন্।
বায়ুনা ধম্যমানোঽত্র দৃশ্যতেঽগ্নিঃ কচিৎ কচিৎ ॥৭১॥
ততোঽগ্নিমানয়িত্বেহ জ্বালয়িষ্যামি সর্বতঃ।
কাষ্ঠানীমানি সন্তীহ জহি সন্তাপমাত্মনঃ ॥৭২॥
যদি নোৎসহসে গন্তুং সরুজং ত্বাং হি লক্ষয়ে।
ন চ জ্ঞাস্যসি পন্থানং তমসা সংবৃতে বনে ॥৭৩॥
শ্বঃ প্রভাতে বনে দৃশ্যে যাস্যাবোঽনুমতে তব।
বসাবেহ ক্ষপামেকাং রুচিতং যদি তেঽনঘ ! ॥৭৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এতা ইতি। শিবাঃ শৃগালাঃ। আস্থায় আশ্রিতা, নাদান্ রুবন্তি কুর্বন্তি ॥৬৯॥
বনমিতি। প্রতিভয়াকারং ভয়ঙ্কররূপম্। বিজ্ঞাস্যসি প্রজ্ঞাস্যসি ॥৭০॥
অস্মিন্নিতি। ধম্যমানঃ জ্বল্যমানঃ। কর্মণি ধমাদেশ আর্ষঃ ॥৭১॥
তত ইতি। আনয়িত্বা আনীয়। জহি ত্যজ, সন্তাপমুদ্বেগম্ ॥৭২॥
যদীতি। নোৎসহসে ন শক্লোষি। তদেতি শেষঃ, শ্বঃ পরদিনে ॥৭৩—৭৪॥

এই ভয়ঙ্কর শৃগালগুলি দক্ষিণ-পশ্চিম দিকে যাইয়া, আমার মন কাঁপাইতে থাকিয়া ভয়ঙ্কর রব করিতেছে' ॥৬৯॥

সত্যবান্ বলিলেন—'একে ভয়ঙ্করমূর্ত্তি বন, তাহাতে আবার নিবিড় অন্ধকারে আবৃত; এ অবস্থায় তুমি পথ দেখিতে পাইবে না, গমন করিতেও পারিবে না' ॥৭০॥

সাবিত্রী বলিলেন—'আজ এই বন দগ্ধ হইয়াছে, তাহাতে এখনও একটা শুষ্কবৃক্ষ জ্বলিতেছে এবং কোথাও কোথাও বায়ু অগ্নি জ্বালাইয়া রাখিয়াছে, দেখা যাইতেছে ॥৭১॥

অতএব সেই সকল স্থান হইতে অগ্নি আনয়ন করিয়া এখানে সকল দিকে অগ্নি জ্বালাইব; এই কাষ্ঠগুলি এখানে রহিয়াছে। অতএব আপনি আপনার উদ্বেগ ত্যাগ করুন ॥৭২॥

সত্যবানুবাচ।

শিরোরুজা নিবৃত্তা মে স্বস্থান্যঙ্গানি লক্ষয়ে।
মাতাপিতৃভ্যামিচ্ছামি সঙ্গমং ত্বৎপ্রসাদজম্ ॥৭৫॥
ন কদাচিদ্বিকালে হি গতপূর্ব্বোঽহমাশ্রমান্।
অনাগতায়াং সন্ধ্যায়াং মাতা মে প্ররুণদ্ধি মাম্ ॥৭৬॥
দিবাপি ময়ি নিষ্ক্রান্তে সন্তপ্যেতে গুরূ মম।
বিচিনোতি হি মাং তাতঃ সহৈবাশ্রমবাসিভিঃ ॥৭৭॥
মাত্রা পিত্রা চ সুভৃশং দুঃখিতাভ্যামহং পুরা।
উপালব্ধশ্চ বহুশশ্চিরেণাগচ্ছসীতি হি ॥৭৮॥

ভারতকৌমুদী

শির ইতি। লক্ষয়ে অনুভবামি। সঙ্গমং সম্মেলনম্ ॥৭৫॥
নেতি। বিকালে অসময়ে। অনাগতায়াম্ অচিরাভবিষ্যন্ত্যাম্ ॥৭৬॥
দিবেতি। গুরূ মাতাপিতরৌ। বিচিনোতি অন্বিষ্যতি ॥৭৭॥
মাত্রেতি। উপালব্ধস্তিরস্কৃতঃ, চিরেণাতিবিলম্বেন, আগচ্ছসীতি কৃত্বা ॥৭৮॥

আপনাকে এখনও রুগ্নের মতই দেখিতেছি এবং বনটাও অন্ধকারাবৃত হইয়াছে। অতএব আপনি যদি পথ দেখিতে না পান, কিংবা গমন করিতে সমর্থ না হন, তবে আপনার অনুমতি হইলে, কল্য প্রভাতে বন দেখা যাইতে থাকিলে আমরা যাইব। হে নিষ্পাপ। আপনার যদি ইচ্ছা হয়, তবে আমরা এক রাত্রি এইখানেই বাস করিব' ॥৭৩—৭৪॥

সত্যবান্ বলিলেন—'আমার শিরঃপীড়া গিয়াছে এবং শরীরটাকেও সুস্থ বলিয়াই বোধ করিতেছি। অতএব তোমার ইচ্ছা হইলে, আমি আমার মাতা ও পিতার সহিত মিলিত হইতে ইচ্ছা করি ॥৭৫॥

কারণ, আমি পূর্ব্বে কখনও অসময়ে আশ্রমে যাই নাই এবং সন্ধ্যা সন্নি-হিত হইলে, আমার মাতা আমাকে রুদ্ধ করেন ॥৭৬॥

এমন কি আমি দিনেও নির্গত হইলে, আমার মাতা ও পিতা দুই জনই উদ্বিগ্ন হন। তা'র পর আমার পিতা আশ্রমবাসীদের সহিত মিলিত হইয়া আমাকে অন্বেষণ করিতে থাকেন ॥৭৭॥

মাতা ও পিতা অত্যন্ত দুঃখিত হইয়া পূর্ব্বে বহুবার আমাকে এইরূপ তিরস্কার করিয়াছেন যে, 'তুই বড় বিলম্ব করিয়া আসিস্' ॥৭৮॥

(৭৫) স্বস্থাঙ্গজানি লক্ষয়ে···বা ব কা নি। (৭৬) ন কদাচিদ্বি কালং হি গতপূর্ব্বো মযাশ্রমঃ···বা ব কা, ন কদাচিদ্বি কালে হি·· পি। (৭৮)···উপলব্ধঃ সুবহুশঃ···কা।

কা ত্ববস্থা তয়োরদ্য মদর্থমিতি চিন্তয়ে।
তয়োরদৃষ্টে ময়ি চ মহদ্দুঃখং ভবিষ্যতি ॥৭৯॥
পুরা মামূচতুশ্চৈব রাত্রাবস্রায়মাণকৌ।
ভৃশং সুদুঃখিতৌ বৃদ্ধৌ বহুশঃ প্রীতিসংযুতৌ ॥৮০॥
ত্বয়া হীনৌ ন জীবাব মুহূর্ত্তমপি পুত্রক!।
যাবদ্ধরিষ্যসে পুত্র! তাবন্নৌ জীবিতং ধ্রুবম্ ॥৮১॥
বৃদ্ধয়োরন্ধয়োর্যষ্টিস্ত্বয়ি বংশঃ প্রতিষ্ঠিতঃ।
ত্বয়ি পিণ্ডশ্চ কীর্ত্তিশ্চ সন্তানশ্চাবয়োরিতি ॥৮২॥
মাতা বৃদ্ধা পিতা বৃদ্ধস্তয়োর্যষ্টিরহং কিল।
তৌ রাত্রৌ মামপশ্যন্তৌ কামবস্থাং গমিষ্যতঃ ॥৮৩॥
নিদ্রায়াশ্চাভ্যসূয়ামি যস্যা হেতোঃ পিতা মম।
মাতা চ সংশয়ং প্রাপৎ মৎকৃতেঽনপকারিণৌ ॥৮৪॥

ভারতকৌমুদী

কেতি। অবস্থা জাতেতি শেষঃ ॥৭৯॥
পুরেতি। অস্রং নয়নজলমুৎমন্তাবিতি অস্রায়মাণকৌ ক্রন্দন্তাবিত্যর্থঃ ॥৮০॥
ত্বয়েতি। ধরিষ্যসে অবস্থাস্যসে। নৌ আবয়োঃ ॥৮১॥
বৃদ্ধয়োরিতি। যষ্টিঃরিবদবলম্বনম্। সন্তানো বংশবিস্তারঃ ॥৮২॥
মাতেতি। কামবস্থাং গমিষ্যতঃ, উদ্বেগেনাতীবদুরবস্থাং গমিষ্যত ইত্যর্থঃ ॥৮৩॥

আজ আমার জন্য তাঁহাদের যে কিরূপ অবস্থা হইয়াছে, ইহাই আমি চিন্তা করিতেছি। (বোধ হয়—) আমাকে না দেখায় তাঁহাদের গুরুতর দুঃখ হইয়া থাকিবে ॥৭৯॥

পূর্ব্বে একদিন রাত্রিতে বৃদ্ধ,* অতিদুঃখিত ও স্নেহপরায়ণ পিতা ও মাতা রোদন করিতে করিতে আমাকে বলিয়াছিলেন—॥৮০॥

'পুত্র! তোমাকে ছাড়িয়া আমরা মুহূর্ত্তকালও বাঁচিব না। সুতরাং তুমি যতকাল থাকিবে, আমাদের জীবনও ততকালই থাকিবে ॥৮১॥

আমরা বৃদ্ধ ও অন্ধ হইয়াছি। সুতরাং তুমি আমাদের যষ্টি, তোমার উপরে আমাদের বংশপ্রতিষ্ঠা ও বংশবিস্তার এবং তোমার উপরেই আমাদের পিণ্ড ও কীর্ত্তির প্রত্যাশা রহিয়াছে' ॥৮২॥

মাতা বৃদ্ধ হইয়াছেন, পিতাও বৃদ্ধ হইয়াছেন। সুতরাং আমি তাঁহাদের যষ্টি। অতএব আমাকে না দেখিয়া এই রাত্রিতে তাঁহারা কি অবস্থা ভোগ করিবেন ॥৮৩॥

(৮৪)…মাতা চ সংশয়ং প্রাপ্তা—বা ব কা।

অহঞ্চ সংশয়ং প্রাপ্তঃ কৃচ্ছ্রামাপদমাস্থিতঃ।
মাতাপিতৃভ্যাং হি বিনা নাহং জীবিতুমুৎসহে ॥৮৫॥
ব্যক্তমাকুলয়া বুদ্ধ্যা প্রজ্ঞাচক্ষুঃ পিতা মম।
একৈকমস্যাং বেলায়াং পৃচ্ছত্যাশ্রমবাসিনম্ ॥৮৬॥
নাত্মানমনুশোচামি যথাহং পিতরং শুভে!।
ভর্ত্তারঞ্চাপ্যনুগতাং মাতরং পরিদুর্ব্বলাম্ ॥৮৭॥
মৎকৃতেন হি তাবদ্য সন্তাপং পরমেষ্যতঃ।
জীবন্তাবনুজীবামি ভর্ত্তব্যৌ তৌ ময়েতি হ।
তয়োঃ প্রিয়ং মে কর্ত্তব্যমিতি জানামি চাপ্যহম্ ॥৮৮॥

ভারতকৌমুদী

নিদ্রায়া ইতি। অভ্যসূয়ামি সর্ব্বথা দোষমাধিকরোমি। মৎকৃতে মন্নিমিত্তে ॥৮৪॥
অহমিতি। সংশয়ং জীবনসন্দেহম্, কৃচ্ছ্রাং কৃচ্ছ্রজনিকাম্। উৎসহে শক্নোমি ॥৮৫॥
ব্যক্তমিতি। ব্যক্তং ধ্রুবম্। প্রজ্ঞা বুদ্ধিরেব চক্ষুর্যস্য সঃ অন্ধ ইত্যর্থঃ ॥৮৬॥
নেতি। ভর্ত্তারমনুগতামিত্যনেন ইয়মপি গান্ধারীবদেব চক্ষুর্বেষ্টনেনান্ধীভূতেতি সূচিতম্ ॥৮৭॥
মদিতি। মৎকৃতেন মন্নিমিত্তেন। পরমত্যন্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৮॥

অতএব আমি নিদ্রার উপরেই দোষারোপ করিতেছি; যাহার জন্য আমার পিতা ও মাতা আমার কারণে জীবনসন্দেহে উপস্থিত হইয়াছেন; অথচ তাঁহারা আমার অপকারী নহেন ॥৮৪॥

এবং আমিও এই কষ্টকর বিপদে পতিত হইয়া জীবনসন্দেহে উপস্থিত হইয়াছি। কারণ, আমিও, মাতা এবং পিতাকে ছাড়িয়া জীবিত থাকিতে পারিব না ॥৮৫॥

নিশ্চয়ই আমার অন্ধ পিতা বিহ্বল চিত্তে এই সময়ে আশ্রমবাসী এক এক জনকে আমার বিষয় জিজ্ঞাসা করিতেছেন ॥৮৬॥

কল্যাণি! আমি যেমন আমার পিতার বিষয়ে এবং ভর্ত্তার অনুগামিনী ও অতিদুর্ব্বলা মাতার বিষয়ে শোক করি, নিজের বিষয়ে তেমন শোক করি না ॥৮৭॥

হায়! আজ আমার জন্য তাঁহারা গুরুতর কষ্ট ভোগ করিতেছেন। তাঁহারা বাঁচিয়া আছেন, তাই তাঁহাদিগকে লক্ষ্য করিয়া আমিও বাঁচিয়া আছি; তাঁহাদিগকে আমার ভরণ-পোষণ করিতে হইবে এবং তাঁহাদের প্রিয়কার্য্য আমার করিতে হইবে; ইহাই আমি জানি' ॥৮৮॥

মার্কণ্ডেয় উবাচ।

এবমুক্ত্বা স ধর্ম্মাত্মা গুরুভক্তো গুরুপ্রিয়ঃ।
উচ্ছ্রিত্য বাহূ দুঃখার্ত্তঃ সস্বরং প্ররুরোদ হ ॥৮৯॥
ততোঽব্রবীত্তথা দৃষ্ট্বা ভর্ত্তারং শোককর্ষিতম্।
বিমৃজ্যাশ্রূণি নেত্রাভ্যাং সাবিত্রী ধর্ম্মচারিণী ॥৯০॥
যদি মেঽস্তি তপস্তপ্তং যদি দত্তং হুতং যদি।
শ্বশ্রূশ্বশুরভর্ত্তৄণাং মম পুণ্যাঽস্তু শর্ব্বরী ॥৯১॥
ন স্মরাম্যুক্তপূর্ব্বাং বৈ স্বৈরেম্বপ্যনৃতাং গিরম্।
তেন সত্যেন তাবদ্য ধ্রিয়েতাং শ্বশুরৌ মম ॥৯২॥

সত্যবানুবাচ।

কাময়ে দর্শনং পিত্রোর্যাহি সাবিত্রি! মা চিরম্।
পুরা মাতুঃ পিতুর্ব্বাপি যদি পশ্যামি বিপ্রিয়ম্।
ন জীবিষ্যে বরারোহে! সত্যেনাত্মানমালভে ॥৯৩॥

ভারতকৌমুদী

এবমিতি। উচ্ছ্রিত্য উত্তোল্য। সস্বরং মুক্তকণ্ঠম্ ॥৮৯॥

তত ইতি। নেত্রাভ্যাং সত্যবতো নয়নযুগলাৎ অশ্রূণি বিমৃজ্যেতি সম্বন্ধঃ ॥৯০॥

যদীতি। পুণ্যা পুণ্যবশাৎ মঙ্গলময়ী ॥৯১॥

নেতি। স্বৈরেম্বপি স্বচ্ছন্দালাপেম্বপি। ধ্রিয়েতাং সুস্থাববতিষ্ঠেয়াতাম্ ॥৯২॥

কাময় ইতি। পুরা আগামিনি কালে, বিপ্রিয়ং ভাবম্। আলভে স্পৃশামি। ষট্পাদো-ঽয়ং শ্লোকঃ ॥৯৩॥

মার্কণ্ডেয় বলিলেন—গুরুভক্ত, গুরুপ্রিয় ও ধর্ম্মাত্মা সত্যবান্ এইরূপ বলিয়া, দুঃখার্ত্ত হইয়া, বাহুযুগল উত্তোলন করিয়া, মুক্তকণ্ঠে রোদন করিতে লাগিলেন ॥৮৯॥

তাহার পর ধর্ম্মচারিণী সাবিত্রী স্বামীকে সেইরূপ শোকার্ত্ত দেখিয়া, তাঁহার নয়নযুগল হইতে অশ্রুজল মার্জন করিয়া বলিলেন—॥৯০॥

'আমি যদি তপস্যা করিয়া থাকি, যদি দান করিয়া থাকি এবং যদি হোম করিয়া থাকি, তবে আমার শ্বশুর, শাশুরী ও স্বামীর পক্ষে এই রাত্রি মঙ্গলময় হউক ॥৯১॥

আমি পূর্ব্বে স্বেচ্ছালাপের সময়েও যে মিথ্যা কথা বলিয়াছি, এমন মনে পড়ে না। সেই সত্যধর্ম্মবশতঃ আজ আমার শ্বশুর ও শাশুরী সুস্থ থাকুন' ॥৯২॥

যদি ধর্ম্মে চ তে বুদ্ধির্মাঞ্চেজ্জীবন্তমিচ্ছসি।
মম প্রিয়ং বা কর্ত্তব্যং গচ্ছাবাশ্রমমন্তিকাৎ ॥৯৪॥

মার্কণ্ডেয় উবাচ।

সাবিত্রী তত উত্থায় কেশান্ সংযম্য ভাবিনী।
পতিমুত্থাপয়ামাস বাহুভ্যাং পরিগৃহ্য বৈ ॥৯৫॥
উত্থায় সত্যবাংশ্চাপি প্রমৃজ্যাঙ্গানি পাণিনা।
সর্ব্বা দিশঃ সমালোক্য কঠিনে দৃষ্টিমাদধে ॥৯৬॥
তমুবাচাথ সাবিত্রী শ্বঃ ফলানি হরিষ্যসি।
যোগক্ষেমার্থমেতং তে নেষ্যামি পরশুং ত্বহম্ ॥৯৭॥

ভারতকৌমুদী

যদীতি। কর্ত্তব্যং যদ্যা। অন্তিকাদস্মাদ্দেশাৎ ॥৯৪॥
সাবিত্রীতি। সংযম্য বদ্ধা, ভাবিনী আশ্রমগমনায় চেষ্টাশালিনী ॥৯৫॥
উত্থায়েতি। কঠিনে প্রাকৃফলপূরিতবস্ত্রস্থাল্যাম্, আদধে অর্পয়ামাস ॥৯৬॥

ভারতভাবদীপঃ

যমাযবেযাঃ সাবিত্র্যা ইতি ॥৫৫—৫৭॥ শাবং শ্রামম্ ॥৫৮—৭৯॥ অপ্রায়মাণকৌ রুদন্তৌ ॥৮০॥ নৌ আবয়োঃ ॥৮১—৮৫॥ প্রজ্ঞাচক্ষুষঃ ॥৮৭—৯১॥ খ্রিয়েতাং জীবেতাম্, শ্বশুরৌ শ্বশ্রূশ্বশুরৌ ॥৯২—৯৫॥ কঠিনে ফলপূর্ণে পাত্রে ॥৯৬—১০৩॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫১॥

সত্যবান্ বলিলেন—'সাবিত্রি! আমি আমার পিতা ও মাতার দর্শন কামনা করি। অতএব চল, বিলম্ব করিও না। বরারোহে! আমি যদি পরে পিতার বা মাতার কোন অপ্রিয় অবস্থা দেখি, তবে জীবন ধারণ করিতে পারিব না। শপথ করিয়া হৃদয় স্পর্শ করিতেছি ॥৯৩॥

তোমার যদি ধর্ম্মে মতি থাকে, আমাকে যদি জীবিত রাখিতে ইচ্ছা কর এবং আমার প্রিয়কার্য্য যদি তোমার কর্ত্তব্য হয়, তবে চল, আমরা এস্থান হইতে আশ্রমে যাই' ॥৯৪॥

মার্কণ্ডেয় বলিলেন—তাহার পর সাবিত্রী আশ্রমগমনের জন্য উদ্যোগিনী হইয়া গাত্রোত্থানপূর্ব্বক কেশবন্ধন করিয়া বাহুযুগলদ্বারা ধরিয়া সত্যবান্কে উত্তোলন করিলেন ॥৯৫॥

সত্যবান্ও উঠিয়া হস্তদ্বারা অঙ্গ মার্জ্জন করিয়া, সকল দিক্ দেখিয়া, ফল-পূর্ণ সেই থলিয়ার উপরে দৃষ্টিপাত করিলেন ॥৯৬॥

---

(৯৭)...শ্বঃ ফলানীহ নেষ্যসি...পি।

কৃত্বা কঠিনভারং সা বৃক্ষশাখাবলম্বিনম্ ।
গৃহীত্বা পরশুং ভর্ত্তুঃ সকাশে পুনরাগমৎ ॥৯৮॥
বামে স্কন্ধে তু বামোরুর্ভর্ত্তুর্বাহুং নিবেশ্য চ ।
দক্ষিণেন পরিষ্বজ্য জগাম গজগামিনী ॥৯৯॥

সত্যবানুবাচ ।

অভ্যাসগমনাদ্ভীরু ! পন্থানো বিদিতা মম ।
বৃক্ষান্তরালোকিতয়া জ্যোৎস্নয়া চাপি লক্ষয়ে ॥১০০॥
আগতৌ স্বঃ পথা যেন ফলান্যবচিতানি চ ।
যথাগতং শুভে ! গচ্ছ পন্থানং মা বিচারয় ॥১০১॥

ভারতকৌমুদী

শ্বমিতি শ্বঃ পরদিনে। যোগক্ষেমার্থং সাংসারিককার্য্যসম্পাদনার্থম্ ॥৯৭॥

কৃত্বেতি। কঠিনভারং ফলভারবৎ কঠিনং ফলপূর্ণাং বস্ত্রস্থালীমিতি যাবৎ ॥৯৮॥

বাম ইতি। বামৌ সুন্দরৌ উরূ যস্যাঃ সা বামোরুঃ গজগামিনী চ সাবিত্রী, ভর্ত্তুঃ সত্যবতো বামং বাহুং প্রসার্য্য আত্মনো বামে স্কন্ধে নিবেশ্য চ, আত্মনো দক্ষিণেন বাহুনা ভর্ত্তারং পরিষ্বজ্য আলিঙ্গনপ্রকারেণ ধৃত্বা, জগাম গন্তুমারেভে ॥৯৯॥

অভ্যাসেতি। হে ভীরু! অভ্যাসেন পৌনঃপুন্যেন গমনেন, আগমনেনাপি পন্থানো মম বিদিতাঃ। কিঞ্চ বৃক্ষান্তরাণি আলোকিতানি যয়া তয়া জ্যোৎস্নয়াপি, লক্ষয়ে পথঃ পশ্যামি। ততশ্চানায়াসেনৈব গন্তুং শক্নোমীতি ভাবঃ ॥১০০॥

আগতাবিতি। স্ব আবামিতি শেষঃ। অবচিতানি আবাভ্যাং গৃহীতানি ॥১০১॥

তাহার পর সাবিত্রী তাঁহাকে বলিলেন—'কাল ফলগুলি লইয়া যাইবেন; আমি এখন সাংসারিককার্য্য নির্ব্বাহের জন্য আপনার এই কুড়ুলখানা লইয়া যাইব' ॥৯৭॥

এই কথা বলিয়া সাবিত্রী সেই ফলের থলিয়াটাকে গাছের ডালে ঝুলাইয়া রাখিয়া, কুড়ুলখানা লইয়া পুনরায় স্বামীর নিকটে আসিলেন ॥৯৮॥

তাহার পর সুন্দরোরুযুগলশালিনী ও গজগামিনী সাবিত্রী সত্যবানের বাম বাহু নিজের বামস্কন্ধে স্থাপনপূর্ব্বক নিজের দক্ষিণ বাহুদ্বারা সত্যবান্‌কে জড়াইয়া ধরিয়া যাইতে লাগিলেন' ॥৯৯॥

সত্যবান্ বলিলেন—'ভীরু! বার বার যাতায়াত করায় এই পথগুলি আমার জানা আছে; বিশেষতঃ জ্যোৎস্না আসিয়া বৃক্ষের অন্তরালদেশ আলোকিত করিতে থাকায় পথগুলি দেখাও যাইতেছে ॥১০০॥

অতএব কল্যাণি! আমরা যে পথে আসিয়াছিলাম এবং আসিয়া ফল

(৯৯) বামে স্কন্ধে তু সাবিত্রী ভর্ত্তুর্বাহুং নিগৃহ্য সা…পি।

পলাশষণ্ডেরেতস্মিন্ পন্থা ব্যাবর্ত্ততে দ্বিধা।
তস্যোত্তরেণ যঃ পন্থাস্তেন গচ্ছ ত্বরস্ব চ ॥১০২॥
স্বস্থোঽস্মি বলবানস্মি দিদৃক্ষুঃ পিতরাবুভৌ।
ব্রুবন্নেবং ত্বরাযুক্তঃ স প্রায়াদাশ্রমং প্রতি ॥১০৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে সাবিত্র্যুপাখ্যানে সত্যবদাশ্রমাগমনে একপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

মার্কণ্ডেয় উবাচ।

এতস্মিন্নেব কালে তু দ্যুমৎসেনো মহাবলঃ।
লব্ধচক্ষুঃ প্রসন্নায়াং দৃষ্ট্যাং সর্ব্বং দদর্শ হ ॥১॥

ভারতকৌমুদী

পলাশেতি। পলাশষণ্ডৈঃ পলাশবৃক্ষসমূহৈঃ, এতস্মিন্ স্থানে ॥১০২॥

স্বস্থ ইতি। স্বস্থোঽস্মি বলবানস্মি, পিত্রোর্দিদৃক্ষাবশাদেবেতি ভাবঃ ॥১০৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্বণি দ্রৌপদীহরণে একপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

চয়ন করিয়াছিলাম, সেই যথাগত পথেই গমন করিতে থাক, কোন ইতস্ততঃ করিও না ॥১০১॥

এইখানে পলাশবন থাকায় পথটা দুইভাগে বিভক্ত হইয়া গিয়াছে। সুতরাং এই পলাশবনের উত্তরদিক্ দিয়া যে পথটা গিয়াছে, সেই পথে চল এবং দ্রুত চল ॥১০২॥

আমি সুস্থ হইয়াছি, সবলও হইয়াছি এবং পিতা ও মাতা উভয়কেই দেখিতে ইচ্ছা করিতেছি'। এইরূপ বলিতে বলিতে সত্যবান্ সত্বর আশ্রমের দিকে গমন করিতে লাগিলেন' ॥১০৩॥

(১০২) পলাশষণ্ডে চৈতস্মিন্…বা ব কা নি। (১০৩) স্বস্থোঽস্মি বলবানস্মি…বা ব কা নি। * '…চতুরশীত্যধিকদ্বিশততমঃ…' পি, '…ষণ্ণবত্যধিকদ্বি…' বা ব, '…সপ্তনবত্যধিকদ্বি…' কা, '…অষ্টনবত্যধিকদ্বি…' নি।

(১)…দ্যুমৎসেনো মহাবলে…পি।

স সর্ব্বানাশ্রমান্ গত্বা শৈব্যয়া সহ ভার্য্যয়া।
পুত্রহেতোঃ পরামার্ত্তিং জগাম ভরতর্ষভ ! ॥২॥
তাবাশ্রমান্ নদীশ্চৈব বনানি চ সরাংসি চ।
তস্যাং দিশি বিচিন্বন্তৌ দম্পতী পরিজগ্মতুঃ ॥৩॥
শ্রুত্বা শব্দন্তু যং কঞ্চিদুন্মুখৌ সুতশঙ্কয়া।
সাবিত্রীসহিতোঽভ্যেতি সত্যবানিত্যধাবতাম্ ॥৪॥
ভিন্নৈশ্চ পরুষৈঃ পাদৈঃ সব্রণৈঃ শোণিতোক্ষিতৈঃ।
কুশকণ্টকবিদ্ধাঙ্গাবুন্মত্তাবিব ধাবতঃ ॥৫॥
ততোঽভিস্থত্য তৈর্বিপ্রৈঃ সর্ব্বৈরাশ্রমবাসিভিঃ।
পরিবার্য্য সমাশ্বাস্য তাবানীতৌ স্বমাশ্রমম্ ॥৬॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। দৃষ্ট্যাং চক্ষুষি, প্রসন্নায়াং নির্ম্মলতয়া কার্য্যক্ষমায়াং সত্যাম্ ॥১॥
স ইতি। সর্ব্বানাশ্রমান্ গত্বাপি পুত্রমপ্রাপ্যেত্যর্থঃ, শৈব্যয়া তদাখ্যয়া ॥২॥
তাবিতি। বিচিন্বন্তৌ অন্বিষ্যন্তৌ, দম্পতী শৈব্যাদ্যুমৎসেনৌ ॥৩॥
শ্রুত্বেতি। সুতশঙ্কয়া সুতস্য পদশব্দোঽয়মিতি সম্ভাবনয়া ॥৪॥
ভিন্নৈরিতি। ভিন্নৈঃ কণ্টকাদিবিদীর্ণৈঃ, পরুষৈর্ধূলিরূক্ষৈঃ। ধাবতস্তৌ ॥৫॥
তত ইতি। অভিসৃত্য উপগম্য। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৬॥

মার্কণ্ডেয় বলিলেন—'এই সময়েই মহাবল দ্যুমৎসেন চক্ষু লাভ করিলেন এবং সে চক্ষু প্রসন্ন হওয়ায় সমস্তই দেখিতে লাগিলেন ॥১॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর তিনি ভার্য্যা শৈব্যার সহিত সকল আশ্রমে যাইয়াও পুত্রকে না পাইয়া পুত্রের জন্য অত্যন্ত উদ্বেগ ভোগ করিতে লাগিলেন ॥২॥

ক্রমে তাঁহারা সাবিত্রী ও সত্যবান্‌কে অন্বেষণ করিতে থাকিয়া সেই দিকের আশ্রম, নদী, বন ও সরোবরগুলিতে বিচরণ করিতে থাকিলেন ॥৩॥

তাঁহারা যে কোন শব্দ শুনিয়া উদ্গ্রীব হইয়া পুত্রের পদশব্দ মনে করিয়া 'সাবিত্রীর সহিত সত্যবান্ আসিতেছে' এইরূপ বলিতে লাগিলেন ॥৪॥

ক্রমে তাঁহারা—বিদীর্ণ, ক্ষত-বিক্ষত, রক্তাক্ত ও ধূলিপূর্ণ চরণে এবং কুশ ও কণ্টক-বিদ্ধ দেহে উন্মত্তের ন্যায় দৌড়াইতে থাকিলেন ॥৫॥

তাহার পর আশ্রমবাসী সেই সকল ব্রাহ্মণেরা যাইয়া পরিবেষ্টনপূর্ব্বক আশ্বস্ত করিয়া তাঁহাদিগকে আপন আশ্রমে আনয়ন করিলেন ॥৬॥

তত্র ভার্য্যাসহায়ঃ স বৃতো বৃদ্ধৈস্তপোধনৈঃ।
আশ্বাসিতো বিচিত্রার্থৈঃ পূর্ব্বরাজ্ঞাং কথাশ্রয়ৈঃ ॥৭॥
ততস্তৌ পুনরাশ্বস্তৌ বৃদ্ধৌ পুত্রদিদৃক্ষয়া।
বাল্যবৃত্তানি পুত্রস্য স্মরন্তৌ ভৃশদুঃখিতৌ ॥৮॥
পুনরুক্ত্বা চ করুণাং বাচং তৌ শোককর্ষিতৌ।
হা পুত্র! হা সাধ্বি! বধু! কাসি কাসীত্যরোদতাম্ ॥৯॥

সুবর্চ্চা উবাচ।

যথাস্য ভার্য্যা সাবিত্রী তপসা চ দমেন চ।
আচারেণ চ সংযুক্তা তথা জীবতি সত্যবান্ ॥১০॥

গৌতম উবাচ।

বেদাঃ সাঙ্গা ময়াধীতাস্তপো মে সঞ্চিতং মহৎ।
কৌমারং ব্রহ্মচর্য্যঞ্চ গুরবোঽগ্নিশ্চ তোষিতাঃ ॥১১॥

ভারতকৌমুদী

তত্রেতি। ভার্য্যাসহায়ঃ শৈব্যায়া সহিতঃ, স দ্যুমৎসেনঃ ॥৭॥
তত ইতি। পুত্রস্য দিদৃক্ষয়া দ্রষ্টুমিচ্ছয়া পুনর্ভৃশদুঃখিতৌ অভবতামিতি শেষঃ ॥৮॥
পুনরিতি। হা পুত্র! কাসি, হা সাধ্বি! বধু! কাসীত্যেবম্ ॥৯॥
যথেতি। যথা যতঃ, তথা ততঃ। ঈদৃশী ধর্মচারিণী বিধবা ন ভবতীতি ভাবঃ ॥১০॥
বেদা ইতি। অঙ্গৈর্ব্যাকরণাদিভিঃ সহেতি সাঙ্গাঃ। ব্রহ্মচর্য্যঞ্চ কৃতমিতি শেষঃ ॥১১॥

তখন বৃদ্ধ তপস্বীরা ভার্য্যার সহিত দ্যুমৎসেন রাজাকে পরিবেষ্টন করিয়া প্রাচীন রাজাদের বিচিত্র উপাখ্যান বলিয়া আশ্বস্ত করিতে লাগিলেন ॥৭॥

তাহার পর সেই বৃদ্ধ রাজদম্পতি আশ্বস্ত হইয়াও পুত্রকে দেখিবার ইচ্ছায় এবং তাহার শৈশবের বৃত্তান্ত স্মরণ করিয়া আবার অত্যন্তদুঃখিত হইয়া পড়িলেন ॥৮॥

তাঁহারা করুণ বাক্য বলিয়া পুনরায় শোকে অধীর হইলেন এবং 'হা পুত্র। তুমি কোথায়? হা সাধ্বি। বধু। তুমি কোথায়?' এই ভাবে রোদন করিতে লাগিলেন ॥৯॥

তখন 'সুবর্চ্চা'—নামে এক ব্রাহ্মণ বলিলেন—'ইহার ভার্য্যা সাবিত্রী যখন তপস্যা, ইন্দ্রিয়দমন ও আচারশালিনী, তখন সত্যবান্ জীবিত আছে' ॥১০॥

গৌতম বলিলেন—'আমি সাঙ্গ বেদ অধ্যয়ন করিয়াছি, গুরুতর তপস্যা করিয়াছি, কৌমারবয়সে ব্রহ্মচর্য্য করিয়াছি এবং গুরুগণ ও অগ্নির সন্তোষ-বিধান করিয়াছি ॥১১॥

(৯) শ্লোকাৎ পরম্ 'ব্রাহ্মণঃ সত্যবাক্ তেষামুবাচেদং তয়োর্বচঃ…' বা ব কা নি।

সমাহিতেন চীর্ণানি সর্ব্বাণ্যেব ব্রতানি মে।
বায়ুভক্ষোপবাসশ্চ কৃতো মে বিধিবৎ সদা ॥১২॥
অনেন তপসা বেদ্মি সর্ব্বং পরচিকীর্ষিতম্।
সত্যমেতন্নিবোধ ত্বং ধ্রিয়তে সত্যবানিতি ॥১৩॥
শিষ্য উবাচ।
উপাধ্যায়স্য মে বক্ত্রাদ্‌যথা বাক্যং বিনিঃসৃতম্।
নৈব জাতু ভবেন্মিথ্যা তথা জীবতি সত্যবান্ ॥১৪॥
ঋষয় ঊচুঃ।
যথাস্য ভার্য্যা সাবিত্রী সর্ব্বৈরেব সুলক্ষণৈঃ।
অবৈধব্যকরৈর্যুক্তা তথা জীবতি সত্যবান্ ॥১৫॥
দাল্‌ভ্য উবাচ। *
যথা দৃষ্টিঃ প্রবৃত্তা তে সাবিত্র্যাশ্চ যথা ব্রতম্।
গত্বাহারমকৃত্বা তু তথা জীবতি সত্যবান্ ॥১৬॥

ভারতকৌমুদী

সমিতি। মে ময়া। বায়োরেব ভক্ষো ভক্ষণং যস্মিন্ স তাদৃশ উপবাসঃ ॥১২॥
অনেনেতি। পরেণ চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্। ধ্রিয়তে অবতিষ্ঠতে জীবতীত্যর্থঃ ॥১৩॥
উপেতি। উপাধ্যায়স্য গৌতমস্য। জাতু কদাচিৎ ॥১৪॥
যথেতি। যথা যতঃ। অবৈধব্যকরৈঃ অবৈধব্যসূচকৈঃ। তথা ততঃ ॥১৫॥

আর আমি সমাহিত চিত্তে সকল ব্রত এবং সর্ব্বদা যথাবিধানে বায়ুমাত্র ভোজনে উপবাস করিয়াছি ॥১২॥

এই তপস্যার বলে আমি পরের সমস্ত অভিপ্রেত বিষয় জানিতে পারি। অতএব রাজা! আপনি এই ঘটনা সত্য জানুন যে, সত্যবান্ জীবিত আছে' ॥১৩॥

গৌতমের শিষ্য বলিল—'আমার অধ্যাপকের মুখ হইতে যখন এইরূপ বাক্য নির্গত হইয়াছে, তখন কখনও উহা মিথ্যা হইবে না। সুতরাং সত্যবান্ নিশ্চয়ই জীবিত আছেন' ॥১৪॥

অন্যান্য ঋষিরা বলিলেন—'সত্যবানের ভার্য্যা সাবিত্রী যখন অবৈধব্যসূচক সমস্ত সুলক্ষণসম্পন্ন, তখন সত্যবান্ জীবিত আছে' ॥১৫॥

(১৫) শ্লোকাৎ পরম্ 'ভারদ্বাজ উবাচ। যথাস্য ভার্য্যা সাবিত্রী তপসা চ দমেন চ। আচারেণ চ সংযুক্তা তথা জীবতি সত্যবান্ ॥' ইতি দ্বয়র্দ্ধ উক্তশ্লোকস্য অনুরূপঃ শ্লোকঃ পুনঃ বা ব কা সি। * দাল্ভ্য উবাচ—পি।

আপস্তম্ব উবাচ। †

যথা নদন্তি শান্তায়াং দিশি বৈ মৃগপক্ষিণঃ।
পার্থিবৈষা প্রবৃত্তিস্তে তথা জীবতি সত্যবান্ ॥১৭॥

ধৌম্য উবাচ।

সর্ব্বৈর্গুণৈরুপেতস্তে যথা পুত্রো জনপ্রিয়ঃ।
দীর্ঘায়ুর্লক্ষণোপেতস্তথা জীবতি সত্যবান্ ॥১৮॥

মার্কণ্ডেয় উবাচ।

এবমাশ্বাসিতস্তৈস্তু সত্যবাগ্ভিস্তপস্বিভিঃ।
তাংস্তান্ বিগণয়ন্ সর্ব্বাংস্ততঃ স্থির ইবাভবৎ ॥১৯॥
ততো মুহূর্ত্তাৎ সাবিত্রী ভর্ত্রা সত্যবতা সহ।
আজগামাশ্রমং রাত্রৌ প্রহৃষ্টা প্রবিবেশ হ ॥২০॥

ভারতকৌমুদী

যথেতি। প্রবৃত্তা সঞ্জাতা। আহারমকৃত্বা গতা সা সাবিত্রীতি শেষঃ ॥১৬॥
যথেতি। শান্তায়াং দাহশূন্যায়াম্। প্রবৃত্তিঃ নয়নলাভেনোন্নতিঃ ॥১৭॥
সর্ব্বৈরিতি। দীর্ঘায়ুষো লক্ষণৈঃ সামুদ্রিকোক্তচিহ্নবিশেষৈরুপেতঃ ॥১৮॥
এবমিতি। বিগণয়ন্ মনসা চিন্তয়ন্, অভবৎ দ্যুমৎসেন ইতি শেষঃ ॥১৯॥
তত ইতি। মুহূর্ত্তাৎ অত্যল্পকালাৎ পরমেব ॥২০॥

দাল্ভ্যমুনি কহিলেন—'রাজা! আপনার যখন দৃষ্টিশক্তি জন্মিয়াছে, সাবিত্রী যখন ব্রত করিয়াছেন এবং আহার না করিয়া গিয়াছেন, তখন সত্যবান্ জীবিত আছে' ॥১৬॥

আপস্তম্ব বলিলেন—'রাজা! দাহশূন্য দিকে যখন পশু-পক্ষীরা রব করিতেছে এবং আপনার দৃষ্টিশক্তি ফিরিয়া আসিয়াছে, তখন সত্যবান্ জীবিত আছে' ॥১৭॥

ধৌম্য কহিলেন—'আপনার পুত্র সত্যবান্ যখন সর্ব্বগুণসম্পন্ন, লোকপ্রিয় এবং দীর্ঘায়ুর লক্ষণযুক্ত, তখন সে নিশ্চয়ই জীবিত আছে' ॥১৮॥

মার্কণ্ডেয় বলিলেন—সেই সত্যবাদী তপস্বীরা এইরূপে আশ্বস্ত করিলে, দ্যুমৎসেন সেই সমস্ত বিষয় চিন্তা করিয়া স্থিরের ন্যায় হইলেন ॥১৯॥

তাহার পর মুহূর্ত্ত পরেই সাবিত্রী—স্বামী সত্যবানের সহিত রাত্রিতে আশ্রমে আসিলেন এবং হৃষ্টচিত্তে তথায় প্রবেশ করিলেন' ॥২০॥

† মাণ্ডব্য উবাচ—কা। (১৭) যথা বদন্তি শান্তায়াম্...পার্থিবী চ প্রবৃত্তিস্তে... বা ব কা।

ব্রাহ্মণা ঊচুঃ।

পুত্রেণ সঙ্গতং ত্বাদ্য চক্ষুষ্মন্তং নিরীক্ষ্য চ।
সর্ব্বে বয়ং বৈ পৃচ্ছামো বৃদ্ধিং তে পৃথিবীপতে। ॥২১॥
সমাগমেন পুত্রস্য সাবিত্র্যা দর্শনেন চ।
সর্বৈরস্মাভিরুক্তং যত্তথা তন্নাত্র সংশয়ঃ।
ভূয়ো ভূয়ঃ সমৃদ্ধিস্তে ক্ষিপ্রমেব ভবিষ্যতি ॥২২॥

মার্কণ্ডেয় উবাচ।

অথাগ্নিং তত্র সংজ্বাল্য দ্বিজাস্তে সর্ব্ব এব হি।
উপাসাঞ্চক্রিরে পার্থ! দ্যুমৎসেনং মহীপতিম্ ॥২৩॥
শৈব্যা চ সত্যবাংশ্চৈব সাবিত্রী চৈকতঃ স্থিতাঃ।
সর্বৈস্তৈরভ্যনুজ্ঞাতা বিশোকাঃ সমুপাবিশন্ ॥২৪॥

ভারতকৌমুদী

পুত্রেণেতি। সঙ্গতং সম্মিলিতম্, ত্বা ত্বাম্। বৃদ্ধিমুন্নতিম্ ॥২১॥

সমিতি। সমাগমেন সম্মেলনেন। তত্তথা সত্যমেব জাতমিত্যর্থঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

অথেতি। অগ্নিসংজ্বালনমস্ককারে সর্বেষাং দর্শনার্থম্। উপাসাঞ্চক্রিরে উপবিবিশুঃ ॥২৩॥

শৈব্যেতি। শৈব্যা দ্যুমৎসেনভার্য্যা। বিশোকাঃ সর্ব্বসম্মেলনান্নিরুদ্বেগাঃ ॥২৪॥

তখন ব্রাহ্মণেরা বলিলেন—'রাজা! আমরা সকলে আজ আপনাকে পুত্রের সহিত মিলিত এবং চক্ষুষ্মান্ দেখিয়া জিজ্ঞাসা করিতেছি—আপনি উন্নতি লাভ করিয়াছেন ত?' ॥২১॥

পুত্রের সম্মেলনে এবং সাবিত্রীর দর্শনে আমরা সকলে যাহা বলিয়াছিলাম, তাহা হইয়াছে; এ বিষয়ে কোন সন্দেহ নাই। তা'র পর শীঘ্রই আপনার অতিপ্রচুর সমৃদ্ধি হইবে' ॥২২॥

মার্কণ্ডেয় বলিলেন—যুধিষ্ঠির! তাহার পর সেই ব্রাহ্মণেরা সকলেই সেই স্থানে অগ্নি প্রজ্বালিত করিয়া দ্যুমৎসেন রাজার নিকটে উপবেশন করিলেন ॥২৩॥

আর শৈব্যা, সত্যবান্ ও সাবিত্রী একদিকে দাঁড়াইয়াছিলেন; তাঁহারাও সেই সকলের অনুমতিক্রমে নিরুদ্বেগ হইয়া উপবেশন করিলেন ॥২৪॥

(২১) পুত্রেণ সঙ্গতং ত্বাত্র···বা ব কা, বৃদ্ধিং বৈ পৃথিবীপতেঃ—পি। (২২) প্রথমচরণদ্বয়াৎ পরম্ 'চক্ষুষশ্চাত্মনো লাভাদ্ভিত্তির্দিষ্ট্যা বিবর্দ্ধসে' ইতি চরণদ্বয়মধিকং বা ব কা নি। (২৩) ততোঽগ্নিম্···বা ব কা নি।

ততো রাজ্ঞা সহাসীনাঃ সর্ব্বে তে বনবাসিনঃ ।
জাতকৌতূহলাঃ পার্থ ! পপ্রচ্ছুর্নৃপতেঃ সুতম্ ॥২৫॥

ঋষয় ঊচুঃ ।

প্রাগেব নাগতং কস্মাৎ সভার্য্যেণ ত্বয়া বিভো ! ।
বিরাত্রে চাগতং কস্মাৎ কোঽনুবন্ধস্তবাভবৎ ॥২৬॥
সন্তাপিতঃ পিতা মাতা বয়ঞ্চৈব নৃপাত্মজ ! ।
কস্মাদিতি ন জানীমস্তৎ সর্ব্বং বক্তুমর্হসি ॥২৭॥

সত্যবানুবাচ ।

পিত্রাহমভ্যনুজ্ঞাতঃ সাবিত্রীসহিতো গতঃ ।
অথ মেঽভূচ্ছিরোদুঃখং বনে কাষ্ঠানি ভিন্দতঃ ॥২৮॥
সুপ্তশ্চাহং বেদনয়া চিরমিত্যুপলক্ষয়ে ।
তাবৎ কালং ন চ ময়া সুপ্তপূর্ব্বং কদাচন ॥২৯॥

ভারতকৌমুদী

তত ইতি। আসীনা উপবিষ্টাঃ। নৃপতেঃ সুতং সত্যবন্তম্ ॥২৫॥

প্রাগিতি। বিরাত্রে বিশেষেণাধিকোন রাত্রৌ ভূতায়াম্, অনুবন্ধো বিঘ্নঃ ॥২৬॥

সমিতি। কস্মাৎ কারণাৎ সন্তাপিতস্ত্বয়া উদ্বেজিতঃ ॥২৭॥

পিত্রেতি। গতো বনমিতি শেষঃ। শিরসো দুঃখং পীড়া, ভিন্দতঃ পাটয়তঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

এতস্মিন্নেবেতি ॥১—৪॥ ভিন্নৈর্বিদীর্ণৈঃ, পরুষৈঃ কর্কশৈঃ ॥৫—১৬॥ শান্তায়াং প্রসন্নায়াম্, পার্থিবী পার্থিবত্বযোগ্যা, প্রবৃত্তির্বর্ত্মঃ ॥১৭—২৫॥ বিরাত্রে বহুরাত্রে কালে, আগন্তমাগমনম্ ॥২৬—৪২॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫২॥

যুধিষ্ঠির ! তদনন্তর রাজার সহিত উপবিষ্ট সেই বনবাসীরা সকলে কৌতুকাবিষ্ট হইয়া সত্যবানের নিকট জিজ্ঞাসা করিলেন ॥২৫॥

ঋষিরা বলিলেন—'সত্যবান্ ! তুমি তোমার ভার্য্যার সহিত পূর্ব্বেই কেন আগমন কর নাই ? অধিক রাত্রিতেই বা কেন আগমন করিলে ? এবং তোমার কি প্রতিবন্ধকই বা হইয়াছিল ? ॥২৬॥

রাজপুত্র ! তুমি কি জন্য পিতাকে, মাতাকে এবং আমাদিগকে উদ্বিগ্ন করিলে, তাহা আমরা জানি না। অতএব তুমি সেই সকল বল' ॥২৭॥

সত্যবান্ বলিলেন—'আমি পিতার অনুমতিক্রমে সাবিত্রীর সহিত বনে গিয়াছিলাম ; পরে কাঠ কাঁড়িবার সময়ে আমার শিরঃপীড়া হইয়াছিল ॥২৮॥

---

(২৬) ··চিরান্তবাগতং কস্মাৎ—পি। (২৭)···নাকস্মাদিব জানীমঃ···পি।

সর্ব্বেষামেব ভবতাং সন্তাপো মা ভবেদিতি।
অতো বিরাত্রাগমনং নাম্যদস্তীহ কারণম্ ॥৩০॥
গৌতম উবাচ।
অকস্মাচ্চক্ষুষঃ প্রাপ্তির্দ্যুমৎসেনস্য তে পিতুঃ।
নাস্য ত্বং কারণং বেৎসি সাবিত্রী বক্তুমর্হতি ॥৩১॥
শ্রোতুমিচ্ছামি সাবিত্রি! ত্বং হি বেত্থ পরাবরম্।
ত্বাং হি জানামি সাবিত্রি! সাবিত্রীমিব তেজসা ॥৩২॥
ত্বমত্র হেতুং জানীষে তস্মাৎ সত্যং নিরুচ্যতাম্।
রহস্যং যদি তে নাস্তি কিঞ্চিদেব বদস্ব নঃ ॥৩৩॥
সাবিত্র্যুবাচ।
এবমেতদ্যথৈবাত্থ সঙ্কল্পো নান্যথা হি বঃ।
নহি কিঞ্চিদ্রহস্যং মে শ্রূয়তাং তথ্যমত্র যৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

সুপ্ত ইতি। সুপ্তো নিদ্রিতঃ, বেদনয়া শিরঃপীড়য়া, উপলক্ষয়ে মন্তে ॥২৯॥
তর্হি কথমাগত ইত্যাহ সর্ব্বেষামিতি। বিরাত্রে অধিকরাত্রে আগমনম্ ॥৩০॥
অকস্মাদিতি। নাস্য ত্বং কারণং বেৎসীত্যনুবাদঃ সাবিত্রী বক্তুমর্হতীতি চ সম্ভাবনা ॥৩১॥
শ্রোতুমিতি। পরাবরম্ উত্তমাধমং সর্ব্বং বিষয়ম্। সাবিত্রীং ব্রহ্মণঃ পত্নীম্ ॥৩২॥
ত্বমিতি। রহস্যং গোপনীয়ম্। কিঞ্চিদেবেতি সাকল্যাসম্ভবপক্ষে ॥৩৩॥
এবমিতি। যথৈব সত্যমেব আত্থ ব্রবীষি, সঙ্কল্পঃ সম্ভাবনা ॥৩৪॥

সেই শিরঃপীড়াবশতঃ আমি দীর্ঘকাল নিদ্রিত ছিলাম; ইহাই আমি ধারণা করি। কিন্তু পূর্ব্বে কখনও আমি ততকাল নিদ্রা যাই নাই ॥২৯॥

তা'র পর আপনাদের সকলের উদ্বেগ না হয়, এই জন্যই অধিক রাত্রিতে আসিয়াছি; কিন্তু এতদ্ভিন্ন এবিষয়ে অন্য কোন কারণ নাই' ॥৩০॥

গৌতম বলিলেন—'তোমার পিতা দ্যুমৎসেনের অকস্মাৎ চক্ষুলাভ হইয়াছে; ইহার কারণ তুমি জান না, সম্ভবতঃ সাবিত্রী বলিতে পারেন ॥৩১॥

সাবিত্রি! আমি তোমার নিকট ইহার কারণ শুনিতে ইচ্ছা করি। কেন না, তুমি উত্তমাধম সমস্ত বিষয়ই জান। যে হেতু, সাবিত্রি! তোমাকে আমি তেজে সাবিত্রীদেবীর তুল্যই মনে করি ॥৩২॥

সুতরাং তুমি এ বিষয়ের হেতু জান। অতএব সত্য বল। তোমার যদি গোপনীয় না হয়, তবে আমাদের নিকট কিছু বল' ॥৩৩॥

(৩০)…অতো চিরাদাগমনম্…পি। (৩৪) এবমেতদ্যথা বেত্থ…বা ব কা নি।

মৃত্যুর্মে পত্যুরাখ্যাতো নারদেন মহাত্মনা।
স চাদ্য দিবসঃ প্রাপ্তস্ততো নৈনং জহাম্যহম্ ॥৩৫॥
সুপ্তঞ্চৈনং যমঃ সাক্ষাদুপাগচ্ছৎ সকিঙ্করঃ।
স এনমনয়দ্বদ্ধা দিশং পিতৃনিষেবিতাম্ ॥৩৬॥
অস্তৌষং তমহং দেবং সত্যেন বচসা বিভুম্।
পঞ্চ বৈ তেন মে দত্তা বরাঃ শৃণুত তান্ মম ॥৩৭॥
চক্ষুষী চ স্বরাজ্যঞ্চ দ্বৌ বরৌ শ্বশুরস্য মে।
লব্ধং পিতুঃ পুত্রশতং পুত্রাণামাত্মনঃ শতম্ ॥৩৮॥
চতুর্ব্বর্ষশতায়ুর্মে ভর্ত্তা লব্ধশ্চ সত্যবান্।
ভর্ত্তুর্হি জীবিতার্থন্তু ময়া চীর্ণমিদং ব্রতম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

মৃত্যুরিতি। আখ্যাতঃ পরিণয়াৎ প্রাগেবোক্তঃ। প্রাপ্ত উপস্থিতঃ, এনং পতিম্ ॥৩৫॥
সুপ্তমিতি। এনম্ এতস্য সত্যবতো লিঙ্গদেহম্। পিতৃনিষেবিতাং দক্ষিণাম্ ॥৩৬॥
অস্তৌষমিতি। অস্তৌষং স্তুতবতী। তেন যমেন ॥৩৭॥
চক্ষুষী ইতি। পিতুরশ্বপতেঃ। আত্মনো মম ॥৩৮॥
চতুরিতি। ইদং ত্রিরাত্রোপবাসাত্মকং ব্রতং ময়া চীর্ণমাচরিতম্ ॥৩৯॥

সাবিত্রী বলিলেন—'আপনি যাহা বলিলেন, তাহা এইরূপই বটে। কেন না, আপনাদের ধারণা অন্যরূপ হয় না। সে যাহা হউক, এ বিষয়ে আমার গোপনীয় কিছু নাই। সুতরাং যাহা সত্য, তাহা শ্রবণ করুন ॥৩৪॥

মহাত্মা নারদ আমার পতির মৃত্যুর কথা বলিয়াছিলেন, সে দিন আজ ছিল। সেই জন্যই আমি ইঁহাকে পরিত্যাগ করি নাই ॥৩৫॥

ইনি নিদ্রিত হইলে, সাক্ষাৎ যম তাঁহার ভৃত্যগণের সহিত উপস্থিত হইলেন এবং তিনি ইঁহাকে বন্ধন করিয়া দক্ষিণদিকে লইয়া চলিলেন ॥৩৬॥

তখন আমি সত্যবাক্যে সেই প্রভাবশালী দেবতার স্তব করিতে লাগিলাম; পরে তিনি আমাকে পাঁচটী বর দিলেন; তাহা আমার নিকট শ্রবণ করুন ॥৩৭॥

প্রথম দুই বরে আমার শ্বশুরের চক্ষু দুইটী ও আপন রাজ্যলাভ, তৃতীয় বরে আমার পিতার একশত পুত্র লাভ এবং চতুর্থ বরে আমার নিজের একশত পুত্র লাভ ॥৩৮॥

আর পঞ্চম বরে আমার স্বামী চারিশত বৎসর আয়ু লাভ করিয়াছেন এবং আমি স্বামীর জীবনের জন্যই এই ব্রত করিয়াছিলাম ॥৩৯॥

এতৎ সর্ব্বং ময়াখ্যাতং কারণং বিস্তরেণ বঃ।
যথা বৃত্তং সুখোদর্কমিদং দুঃখং মহন্মম ॥৪০॥

ঋষয় উচুঃ।

নিমজ্জমানং ব্যসনৈরভিদ্রুতং কুলং নরেন্দ্রস্য তমোময়ে হ্রদে।
ত্বয়া সুশীলব্রতপুণ্যযুক্তয়া সমুদ্ধৃতং সাধ্বি ! পুনঃ কুলীনয়া ॥৪১॥

মার্কণ্ডেয় উবাচ।

তথা প্রশস্য হ্যভিপূজ্য চৈব বরস্ত্রিয়ং তামৃষয়ঃ সমাগতাঃ।
নরেন্দ্রমামন্ত্র্য সপুত্রমঞ্জসা শিবেন জগ্মুর্মুদিতাঃ স্বমালয়ম্ ॥৪২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
দ্রৌপদীহরণে সাবিত্র্যুপাখ্যানে সাবিত্রীকথায়াং
দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এতদিতি। কারণং শ্বশুরস্য চক্ষুর্লাভস্য। সুখোদর্কং সুখোত্তরফলকম্ ॥৪০॥

নিমজ্জেতি। হে সাধ্বি ! সাবিত্রি ! সুশীলব্রতপুণ্যযুক্তয়া কুলীনয়া চ ত্বয়া, ব্যসনৈঃ পুত্রাভাবরূপাদিভির্বিপদ্ভিঃ, অভিদ্রুতম্ আক্রান্তম্, অতএব তমোময়ে হ্রদে নিমজ্জমানম্, পিণ্ডলোপাদিত্যাশয়ঃ, নরেন্দ্রস্য দ্যুমৎসেনস্য অশ্বপতেশ্চ রাজ্ঞঃ কুলম্, সমুদ্ধৃতম্ ঈদৃশবর-গ্রহণেন উত্তোলিতম্ ॥৪১॥

তথেতি। তাং সাবিত্রীম্। অঞ্জসা দ্রুতম্, শিবেন মঙ্গলেন ॥৪২॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে দ্বিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

আমি বিস্তরক্রমে আপনাদের নিকট এই সকল কারণ বলিলাম ; যাহাতে আমার এই গুরুতর কষ্টের সুখজনক ফল হইতে আরম্ভ করিয়াছে' ॥৪০॥

ঋষিরা বলিলেন—'সাধ্বি ! তুমি—সচ্চরিত্র ও ব্রতপুণ্যশালিনী এবং সদ্বংশজাতা ; তাই তুমি—বিপদাক্রান্ত ও অন্ধকারময় হ্রদে নিমগ্নপ্রায় রাজকুল উদ্ধার করিয়াছ' ॥৪১॥

মার্কণ্ডেয় বলিলেন—'সমাগত ঋষিরা উত্তমস্ত্রী সাবিত্রীর সেইভাবে প্রশংসা ও গৌরব করিয়া, সত্যবানের সহিত দ্যুমৎসেনরাজার অনুমতি লইয়া, আনন্দিত হইয়া কুশলে আপন আপন ভবনে সত্বর গমন করিলেন' ॥৪২॥

---

(৪০)···ইদং দুঃসহং মম—পি। * '···পঞ্চাশীত্যধিকদ্বিশততমঃ···' পি, '···সপ্তনবত্যধিকদ্বি···' বা, ব, '···অষ্টনবত্যধিকদ্বি···' কা, '···একোননবত্যধিকদ্বি···' নি।

ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

---:*:---

মার্কণ্ডেয় উবাচ।

তস্যাং রাত্র্যাং ব্যতীতায়ামুদিতে সূর্য্যমণ্ডলে।
কৃতপূর্ব্বাহ্ণিকাঃ সর্বে সমীয়ুস্তে তপোধনাঃ ॥১॥
তদেব সর্ব্বং সাবিত্র্যা মহাভাগ্যং মহর্ষয়ঃ।
দ্যুমৎসেনায় নাতৃপ্যন্ কথয়ন্তঃ পুনঃ পুনঃ ॥২॥
ততঃ প্রকৃতয়ঃ সর্বাঃ শাম্বেভ্যোঽভ্যাগতা নৃপ !।
আচখ্যুর্নিহতঞ্চৈব স্বেনামাত্যেন তং দ্বিষম্ ॥৩॥
তং মন্ত্রিণা হতং শ্রুত্বা সসহায়ং সবান্ধবম্।
ন্যবেদয়ন্ যথা বৃত্তং বিদ্রুতঞ্চ দ্বিষদ্বলম্ ॥৪॥
ঐকমত্যঞ্চ সর্ব্বস্য জনস্যাথ নৃপং প্রতি।
সচক্ষুর্ব্বাপ্যচক্ষুর্বা স নো রাজা ভবত্বিতি ॥৫॥

ভারতকৌমুদী

তস্যামিতি। কৃতানি পূর্বাহ্ণিকানি পূর্বাহ্ণবিহিতানি দেবপূজাদীনি যৈস্তে ॥১॥
তদিতি। মহাভাগ্যং পূর্বব্যাখ্যানাৎ মাহাত্ম্যম্ ॥২॥
তত ইতি। প্রকৃতয়ঃ প্রজাঃ, শাম্বেভ্যঃ দ্যুমৎসেনপূর্বাধিকৃতশাম্বদেশাৎ ॥৩॥
তমিতি। ন্যবেদয়ন্ প্রকৃতয় ইত্যনুবৃত্তিঃ। বিদ্রুতং পলায়িতম্ ॥৪॥
ঐকেতি। নৃপং দ্যুমৎসেনম্। স দ্যুমৎসেনঃ, নঃ অস্মাকম্ ॥৫॥

মার্কণ্ডেয় বলিলেন—'সেই রাত্রি অতীত হইলে এবং সূর্য্য উঠিলে, সেই তপস্বীরা সকলে পূর্ব্বাহ্ণবিহিত কার্য্য করিয়া উপস্থিত হইলেন ॥১॥

এবং সেই মহর্ষিরা দ্যুমৎসেনের নিকট সাবিত্রীর সেই সকল মাহাত্ম্যের কথা বার বার বলিয়াও তৃপ্তিলাভ করিলেন না ॥২॥

রাজা যুধিষ্ঠির! তা'র পর প্রজারা সকলে শাম্বদেশ হইতে আসিয়া দ্যুমৎসেনের নিকট বলিল যে, তাঁহার মন্ত্রী সেই শত্রুকে বধ করিয়াছেন ॥৩॥

তাহারা আরও এই যথাবৎ বৃত্তান্ত জানাইল যে, 'মন্ত্রী—সহায় ও বন্ধুগণের সহিত শত্রুকে বধ করিয়াছেন শুনিয়া সেই শত্রুসৈন্যেরা পলায়ন করিয়াছে ॥৪॥

---

(১)···সমেয়ুস্তে তপোধনাঃ—বা ব কা নি।

অনেন নিশ্চয়েনেহ বয়ং প্রস্থাপিতা নৃপ ।
প্রাপ্তানীমানি যানানি চতুরঙ্গঞ্চ তে বলম্ ॥৬॥
প্রয়াহি রাজন্ ! ভদ্রং তে ঘুষ্টস্তে নগরে জয়ঃ ।
অধ্যাস্ব চিররাত্রায় পিতৃপৈতামহং পদম্ ॥৭॥

মার্কণ্ডেয় উবাচ । +

চক্ষুষ্মন্তঞ্চ তং দৃষ্ট্বা রাজানং বপুষান্বিতম্ ।
মূর্দ্ধ্না নিপতিতাঃ সর্ব্বে বিস্ময়োৎফুল্ললোচনাঃ ॥৮॥
ততোঽভিবাদ্য তান্ বৃদ্ধান্ দ্বিজানাশ্রমবাসিনঃ ।
তৈশ্চাভিপূজিতঃ সর্বৈঃ প্রযযৌ নগরং প্রতি ॥৯॥

ভারতকৌমুদী

অনেনেতি । প্রস্থাপিতাঃ প্রকৃতিভিরেব প্রেরিতাঃ । প্রাপ্তানি উপস্থিতানি ॥৬॥

প্রয়াহীতি । ভদ্রং তে ভবিষ্যতীতি শেষঃ, ঘুষ্টঃ প্রচারিতঃ । অধ্যাস্ব অধিতিষ্ঠ, চিররাত্রায় চিরায়, "চিরায় চিররাত্রায় চিরস্যাদ্যাশ্চিরার্থকাঃ" ইত্যমরঃ ॥৭॥

চক্ষুষ্মন্তমিতি । বপুষা প্রশস্তয়া আকৃত্যা, "বপুঃ শস্তাকৃতৌ দেহে" ইতি হেমচন্দ্রঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

তস্যামিতি ॥১—৬॥ চিররাত্রায় বহুকালম্ ॥৭—১৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫৩॥

এবং দ্যুমৎসেনরাজার প্রতি সকল লোকেরই এইরূপ একমত হইয়াছে যে, দ্যুমৎসেনরাজা চক্ষুষ্মানই হউন বা অন্ধই হউন, তিনিই আমাদের রাজা হউন ॥৫॥

রাজা ! এইরূপ নিশ্চয় করিয়াই সেই প্রজারা আমাদিগকে পাঠাইয়া দিয়াছে এবং আপনার এই সকল যান ও চতুরঙ্গ বল আসিয়াছে ॥৬॥

রাজা ! আপনার রাজধানীতে আপনার জয়ঘোষণা করা হইয়াছে। অতএব চলুন এবং চিরকালের জন্য পিতৃপৈতামহপদে অধিষ্ঠান করুন; আপনার মঙ্গল হইবে' ॥৭॥

মার্কণ্ডেয় বলিলেন—তাহার পর প্রজারা সকলে রাজাকে চক্ষুষ্মান্ ও সুন্দরাকৃতি দেখিয়া তাঁহার চরণে পতিত ও বিস্ময়ে উৎফুল্লনয়ন হইল ॥৮॥

তদনন্তর দ্যুমৎসেন রাজা, আশ্রমবাসী সেই বৃদ্ধব্রাহ্মণগণকে অভিবাদন করিয়া এবং তাঁহাদের দ্বারা সম্মানিত হইয়া রাজধানীর দিকে প্রস্থান করিলেন ॥৯॥

+ অয়ং পাঠঃ ব া ব ক া পি নাস্তি।

শৈব্যা চ সহ সাবিত্র্যা স্বাস্তীর্ণেন সুবর্চ্চসা।
নরযুক্তেন যানেন প্রযযৌ সেনয়া বৃতা ॥১০॥
ততোঽভিষিষিচুঃ প্রীত্যা দ্যুমৎসেনং পুরোহিতাঃ।
পুত্রঞ্চাস্য মহাত্মানং যৌবরাজ্যেঽভ্যষেচয়ন্ ॥১১॥
ততঃ কালেন মহতা সাবিত্র্যাঃ কীর্ত্তিবর্দ্ধনম্।
তদ্বৈ পুত্রশতং জজ্ঞে শূরাণামনিবর্ত্তিনাম্ ॥১২॥
ভ্রাতৄণাং সোদরাণাঞ্চ তথৈবাস্যাভবচ্ছতম্।
মদ্রাধিপস্যাশ্বপতের্মালব্যাং সুমহাবলম্ ॥১৩॥ (যুগ্মকম্)
এবমাত্মা পিতা মাতা শ্বশ্রূঃ শ্বশুর এব চ।
ভর্ত্তুঃ কুলঞ্চ সাবিত্র্যা সর্ব্বং কৃচ্ছ্রাৎ সমুদ্ধৃতম্ ॥১৪॥
তথৈবৈষাপি কল্যাণী দ্রৌপদী শীলসম্পদা।
তারয়িষ্যতি বঃ সর্ব্বান্ সাবিত্রীব কুলাঙ্গনা ॥১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। অভিপূজিতঃ সম্মানিতঃ, দ্যুমৎসেন ইতি শেষঃ ॥৯॥
শৈব্যেতি। শোভনম্ আস্তীর্ণমাস্তরণবস্ত্রং যত্র তেন। যানেন শিবিকয়া ॥১০॥
তত ইতি। অভিষিষিচুঃ, রাজ্যে ইত্যর্থঃ। পুত্রং সত্যবন্তম্ ॥১১॥
তত ইতি। তদ্বরপ্রাপ্যম্। মালব্যাং তদাখ্যায়াং তস্যার্য্যায়াম্ ॥১২—১৩॥
এবমিতি। কৃচ্ছ্রাৎ বৈধব্যরূপাৎ অপুত্রকত্বাদিরূপাচ্চ কষ্টাৎ ॥১৪॥

শৈব্যাও সাবিত্রীর সহিত সুন্দর আস্তরণযুক্ত, উজ্জ্বলকান্তি ও নরযুক্ত যানে আরোহণ করিয়া এবং সৈন্যগণে পরিবেষ্টিত হইয়া গমন করিলেন ॥১০॥

তাহার পর পুরোহিতেরা আনন্দের সহিত দ্যুমৎসেনরাজাকে রাজ্যে অভিষিক্ত করিলেন এবং উঁহার পুত্র মহাত্মা সত্যবান্‌কে যৌবরাজ্যে অভিষিক্ত করাইলেন ॥১১॥

তদনন্তর বহুকালপরে সাবিত্রীর কীর্ত্তিবর্দ্ধক সেই একশত পুত্র জন্মিল এবং মদ্ররাজ অশ্বপতির ঔরসে ও মালবীর গর্ভে সাবিত্রীর একশত সহোদর ভ্রাতা জন্মিল; তাহারা কালক্রমে অতিমহাবল, বীর ও যুদ্ধ হইতে অনিবর্ত্তী হইয়াছিল ॥১২—১৩॥

সাবিত্রী এই ভাবে আপনি, পিতা, মাতা, শ্বশুর, শাশুড়ী এবং স্বামিকুল এই সমস্তকেই বিপদ্ হইতে উদ্ধার করিয়াছিলেন ॥১৪॥

এই কুলবধূ কল্যাণী দ্রৌপদীও সাবিত্রীর ন্যায় সেই ভাবেই চরিত্রের গুণে তোমাদের সকলকে বিপদ্ হইতে উদ্ধার করিবেন' ॥১৫॥

বৈশম্পায়ন উবাচ।

এবং স পাণ্ডবস্তেন অনুনীতো মহাত্মনা।
বিশোকো বিজ্বরো রাজন্! কাম্যকে স্বম্বসত্তদা ॥১৬॥
যশ্চেদং শৃণুয়াদ্ভক্ত্যা সাবিত্র্যাখ্যানমুত্তমম্।
স সুখী সর্ব্বসিদ্ধার্থো ন দুঃখং প্রাপ্নুয়ান্নরঃ ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি দ্রৌপদীহরণে সাবিত্র্যুপাখ্যানে দ্যুমৎসেনরাজ্যলাভে ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:(*):——

(১৮। কুণ্ডলাহরণপর্ব্ব।)

চতুঃপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:*:——

জনমেজয় উবাচ।

যত্তদা মহাব্রহ্মন্! লোমশো বাক্যমব্রবীৎ।
ইন্দ্রস্য বচনাদেব পাণ্ডুপুত্রং যুধিষ্ঠিরম্ ॥১॥

ভারতকৌমুদী

তথেতি। শীলসম্পদা চরিত্রগুণেন। যো যুষ্মান্ ॥১৫॥

এবমিতি। তেন মার্কণ্ডেয়েন, অনুনীতঃ প্রবোধিতঃ। বিজ্বরো নিঃসন্তাপঃ ॥১৬॥

য ইতি। সর্ব্বে সিদ্ধা নিষ্পন্না অর্থাঃ প্রয়োজনানি যস্য সঃ ॥১৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্বণি দ্রৌপদীহরণে ত্রিপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! সেই মহাত্মা মার্কণ্ডেয় এইভাবে প্রবোধ দিলে, তখন পাণ্ডবগণ শোক ও সন্তাপশূন্য হইয়া কাম্যকবনে বাস করিতে লাগিলেন ॥১৬॥

যে লোক ভক্তিপূর্ব্বক এই উত্তম সাবিত্র্যুপাখ্যান শ্রবণ করে, সে লোক সুখী হয়, তাহার সকল উদ্দেশ্য সিদ্ধ হয় এবং সে, কোন দুঃখ পায় না ॥১৭॥

---

* 'ষড়শীত্যধিকদ্বিশততমঃ…পি, 'অষ্টনবত্যধিকদ্বি…' বা ব, '…নবনবত্যধিকদ্বি…' কা, '… ত্রিশততমঃ…' নি।

(১) যত্তদা মহদ্ব্রহ্মন্…বা ব কা.নি।

যচ্চাপি তে ভয়ং তীব্রং ন চ কীর্ত্তয়সে ক্বচিৎ।
তচ্চাপ্যপহরিষ্যামি ধনঞ্জয় ইতো গতে ॥২॥
কিন্নু তজ্জপতাং শ্রেষ্ঠ! কর্ণং প্রতি মহদ্ভয়ম্।
আসীন্ন চ স ধর্ম্মাত্মা কথয়ামাস কস্যচিৎ ॥৩॥ (বিশেষকম্)

বৈশম্পায়ন উবাচ।

অথ তে রাজশার্দ্দূল! কথয়ামি কথামিমাম্।
পৃচ্ছতো ভরতশ্রেষ্ঠ! শুশ্রূষস্ব গিরং মম ॥৪॥
দ্বাদশে সমতিক্রান্তে বর্ষে প্রাপ্তে ত্রয়োদশে।
পাণ্ডূনাং হিতকৃচ্ছক্রঃ কর্ণং ভিক্ষিতুমুদ্যতঃ ॥৫॥

ভারতকৌমুদী

যদিতি। হে মহাব্রহ্মন্! ব্রাহ্মণশ্রেষ্ঠ!। ন চ "শঙ্খে তৈলে তথা মাংসে বৈদ্যে জ্যোতিষিকে দ্বিজে। যাত্রায়াং পথি নিদ্রায়াং মহচ্ছব্দো ন দীয়তে।" ইতি বচনান্মহচ্ছব্দপ্রয়োগেণ নিকৃষ্টব্রাহ্মণপ্রতীতিরিতি বাচ্যম্, উদাহৃতশব্দেভ্যঃ পূর্ব্বমেব মহচ্ছব্দপ্রয়োগে তত্তদর্থপ্রতীতেঃ স্বাভাবিকত্বাৎ অত্র তু ব্রহ্মশব্দাৎ পূর্ব্বং মহচ্ছব্দপ্রয়োগে ন নিকৃষ্টব্রাহ্মণপ্রতীতিঃ। অতএব ভট্টাবপি "পুণ্যো মহাব্রহ্মসমূহজুষ্টঃ" ইত্যুক্তম্। তদা যুধিষ্ঠিরাদীনাং তীর্থযাত্রা প্রারম্ভে, লোমশো মুনিঃ, ইন্দ্রস্য বচনাদেব পাণ্ডুপুত্রং যুধিষ্ঠিরম্, তৎ যৎ বাক্যমব্রবীৎ। কিং তদ্বাক্যমিত্যাকাঙ্ক্ষায়াং তদর্থমনুবদতি যচ্চেতি। হে যুধিষ্ঠির! যচ্চাপি তে মানসিকং তীব্রং ভয়ং কচিদপি ন কীর্ত্তয়সে, ধনঞ্জয়ে ইতঃ স্বর্গাদ্গতে সতি, তচ্চাপ্যহমপহরিষ্যামি। তত্রত্যবচনন্তু—"যচ্চাপি তে ভয়ং কর্ণান্মনসিস্থমরিন্দম!। তচ্চাপ্যপহরিষ্যামি সব্যসাচিন্যতো গতে।" ইতি। হে জপতাং শ্রেষ্ঠ! বৈশম্পায়ন! কর্ণং প্রতি যুধিষ্ঠিরস্য কিং নু তন্মহদ্ভয়মাসীৎ। স ধর্ম্মাত্মা যুধিষ্ঠিরঃ, কস্যচিদপি জনস্য সকাশে ন চ তৎ কথয়ামাস। অতএবাশ্রবণাদহং ত্বাং পৃচ্ছামীতি ভাবঃ ॥১—৩॥

অথেতি। পৃচ্ছতস্তে ইতি সম্বন্ধঃ। শুশ্রূষস্ব ঐকাগ্র্যেণ শ্রোতুমিচ্ছ ॥৪॥

জনমেজয় বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ! সেই সময়ে লোমশমুনি ইন্দ্রের বাক্য অনুসারে পাণ্ডুপুত্র যুধিষ্ঠিরকে সেই যে কথা বলিয়াছিলেন—'যুধিষ্ঠির! কর্ণের প্রতি তোমার মনে যে তীব্র ভয় রহিয়াছে, যাহা তুমি কোথাও বলিতেছ না; অর্জ্জুন এ স্থান হইতে চলিয়া গেলে, তাহা আমি দূর করিব'। জপিশ্রেষ্ঠ বৈশম্পায়ন! কর্ণের প্রতি যুধিষ্ঠিরের সে মহাভয়টা কি ছিল? সে ধর্ম্মাত্মা ও তাহা কাহারও নিকট বলেন নাই' ॥১—৩॥

বৈশম্পায়ন বলিলেন—রাজশ্রেষ্ঠ ভরতপ্রধান! আপনি জিজ্ঞাসা করিয়াছেন বলিয়া আপনার নিকট আমি একথা বলিতেছি; আপনি শ্রবণ করুন ॥৪॥

অভিপ্রায়মথো জ্ঞাত্বা মহেন্দ্রস্য বিভাবসুঃ।
কুণ্ডলার্থে মহারাজ! সূর্য্যঃ কর্ণমুপাগতঃ ॥৬॥
মহার্হে শয়নে বীরং স্পর্দ্ধ্যাস্তরণসংবৃতে।
শয়ানমতিবিশ্বস্তং ব্রহ্মণ্যং সত্যবাদিনম্।
স্বপ্নান্তে নিশি রাজেন্দ্র! দর্শয়ামাস রশ্মিবান্ ॥৭॥
কৃপয়া পরয়াবিষ্টঃ পুত্রস্নেহাচ্চ ভারত!।
ব্রাহ্মণো বেদবিদ্ভূত্বা সূর্য্যো যোগাদ্ধি রূপবান্।
হিতার্থমব্রবীৎ কর্ণং সান্ত্বপূর্ব্বমিদং বচঃ ॥৮॥
কর্ণ! মদ্বচনং তাত! শৃণু সত্যভৃতাং বর!।
ব্রুবতোঽদ্য মহাবাহো! সৌহৃদাৎ পরমং হিতম্ ॥৯॥

ভারতকৌমুদী

দ্বাদশ ইতি। প্রাপ্তে উপস্থিতপ্রায়ে। ভিক্ষিতুং কুণ্ডলং যাচিতুম্ ॥৫॥

অভীতি। বিভাবসুঃ কিরণধনঃ। কুণ্ডলার্থে কুণ্ডলরক্ষার্থে ॥৬॥

মহেতি। মহার্হে মহামূল্যে, শয়নে শয্যায়াম্, স্পর্দ্ধিনা উত্তমেন আস্তরণেন বস্ত্রেণ সংবৃতে। ব্রহ্মণ্যং ব্রাহ্মণহিতম্। দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ, রশ্মিবান্ সূর্য্যঃ, যোপধ-স্নাবন্তঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

কৃপয়েতি। যোগাদ্ যোগবলাৎ, রূপবান্ সুন্দরঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

যত্তদিতি ॥১—৫॥ বিভাবসুঃ বিশিষ্টা ভাঃ দীপ্তিঃ সৈব বসু ধনং যস্য তাদৃশঃ সূর্য্যঃ ॥৬॥ স্বপ্নান্তে স্বপ্নমধ্যে ॥৭—৩৪॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৫৪॥

বনবাসের দ্বাদশ বৎসর প্রায় অতীত এবং ত্রয়োদশ বৎসর প্রায় আগত হইলে, পাণ্ডবগণের হিতকারী ইন্দ্র কর্ণের নিকট তাঁহার কুণ্ডল ভিক্ষা করিতে উদ্যত হইলেন ॥৫॥

মহারাজ! তাহার পর বিভাবসু সূর্য্য ইন্দ্রের অভিপ্রায় বুঝিয়া কুণ্ডল-রক্ষার জন্য কর্ণের নিকট উপস্থিত হইলেন ॥৬॥

রাজশ্রেষ্ঠ! বীর, ব্রাহ্মণহিতৈষী ও সত্যবাদী কর্ণ—উত্তম আস্তরণবস্ত্রে আবৃত ও মহামূল্য শয্যার উপরে অতিবিশ্বস্তভাবে রাত্রিতে শয়ন করিয়া-ছিলেন, এমন সময়ে সূর্য্য যাইয়া স্বপ্নে তাঁহাকে দেখা দিলেন ॥৭॥

ভরতনন্দন! সূর্য্য পুত্রস্নেহবশতঃ অত্যন্ত কৃপাবিষ্ট হইয়া, যোগবলে বেদবিৎ ও রূপবান্ ব্রাহ্মণের রূপ ধারণ করিয়া, হিতের জন্য কর্ণকে এই কোমল বাক্য বলিলেন—॥৮॥

উপায়াস্ততি শক্রস্থাং পাণ্ডবানাং হিতেপ্সয়া।
ব্রাহ্মণচ্ছদ্মনা কর্ণ! কুণ্ডলাপজিহীর্ষয়া ॥১০॥
বিদিতং তেন তে শীলং সর্বস্য জগতস্তথা।
যথা ত্বং ভিক্ষিতঃ সদ্ভির্দদাস্যেব ন যাচসে ॥১১॥
ত্বাস্তু চৈবংবিধং জ্ঞাত্বা স্বয়ং বৈ পাকশাসনঃ।
আগন্তা কুণ্ডলার্থায় কবচঞ্চৈব ভিক্ষিতুম্ ॥১২॥
তস্মৈ প্রযাচমানায় ন দেয়ে কুণ্ডলে ত্বয়া।
অনুনেয়ঃ পরং শক্ত্যা শ্রেয় এতদ্ধি তে পরম্ ॥১৩॥
কুণ্ডলার্থে ব্রুবংস্তাত! কারণৈর্বহুভিস্ত্বয়া।
অন্যৈর্বহুবিধৈর্বিত্তৈঃ স নিবার্য্যঃ পুনঃ পুনঃ ॥১৪॥

ভারতকৌমুদী

কর্ণেতি। সত্যভৃতাং সত্যবাদসত্যব্যবহারশালিনাম্। সৌহৃদাৎ স্নেহাৎ ॥৯॥
উপেতি। তব কুণ্ডলস্য কবচস্য চ পরোক্তেঃ অপজিহীর্ষয়া অপহরণেচ্ছয়া ॥১০॥
বিদিতমিতি। তেন শক্রেণ। দদাস্যেবেত্যেবশব্দেন প্রত্যাখ্যানব্যাবৃত্তিঃ ॥১১॥
ত্বামিতি। আগন্তা আগমিষ্যতি, কুণ্ডলার্থায় কুণ্ডলয়োর্গ্রহণায় ॥১২॥
তস্মা ইতি। কুণ্ডলে কুণ্ডলদ্বয়ম্। শ্রেয়ো মঙ্গলম্ ॥১৩॥

'মহাবাহু সত্যবাদিশ্রেষ্ঠ বৎস কর্ণ! আমি আজ স্নেহবশতঃ তোমার পরম হিতকর বাক্য বলিতেছি; তুমি তাহা শ্রবণ কর ॥৯॥

কর্ণ! দেবরাজ ইন্দ্র পাণ্ডবগণের হিতের জন্য তোমার কুণ্ডল ও কবচ হরণ করিবার ইচ্ছায় ব্রাহ্মণবেশে তোমার নিকট আসিবেন ॥১০॥

তিনি তোমার এবং জগতের সমস্ত লোকের স্বভাব জানেন যে, সজ্জনেরা তোমার নিকট প্রার্থনা করিলে, তুমি দান করিয়াই থাক, কিন্তু প্রত্যাখ্যান কর না, বা কাহারও নিকট কিছু প্রার্থনা কর না ॥১১॥

তোমাকে এইরূপ জানিয়া স্বয়ং ইন্দ্রই তোমার কবচ ও কুণ্ডল ভিক্ষা করিবার জন্য আগমন করিবেন ॥১২॥

তিনি আসিয়া প্রার্থনা করিলে, তুমি কবচ ও কুণ্ডল দিও না, তুমি শক্তি অনুসারে তাঁহার বিশেষ অনুনয় করিও, ইহাই তোমার পক্ষে পরম মঙ্গল ॥১৩॥

(১১) শ্লোকাৎ পরম্ 'ত্বং হি তাত! দদাস্যেব ব্রাহ্মণেভ্যঃ প্রযাচিতম্। বিত্তং যচ্চান্যদপ্যাহুর্ন প্রত্যাখ্যাসি কস্যচিৎ ॥' অয়মুক্তার্থকোঽধিকঃ শ্লোকঃ—বা ব কা নি।

(১৪) শ্লোকাৎ পরম্ 'রত্নৈঃ স্ত্রীভিস্তথা ভোগৈর্ধনৈর্বহুবিধৈরপি। নিদর্শনৈশ্চ বহুভিঃ কুণ্ডলেপ্সুঃ পুরন্দরঃ ॥' ইতি প্রায়েণ পূর্ব্বশ্লোকৈকার্থকং শ্লোকান্তরম্—বা ব কা নি।

যদি দাস্যসি কর্ণ ! ত্বং সহজে কুণ্ডলে শুভে ।
আয়ুষঃ প্রক্ষয়ং গত্বা মৃত্যোর্বশমুপৈষ্যসি ॥১৫॥
কবচেন সমাযুক্তঃ কুণ্ডলাভ্যাঞ্চ মানদ ! ।
অবধ্যস্ত্বং রণেঽরীণামিতি বিদ্ধি বচো মম ॥১৬॥
অমৃতাদুত্থিতং হ্যেতদ্বয়ং রত্নসম্ভবম্ ।
তস্মাদ্রক্ষ্যং ত্বয়া কর্ণ ! জীবিতঞ্চেৎ প্রিয়ং তব ॥১৭॥

কর্ণ উবাচ ।

কো মামেবং ভগবান্ প্রাহ দর্শয়ন্ সৌহৃদং পরম্ ।
কাময়া ভগবন্ ! ব্রূহি কো ভবান্ দ্বিজবেশধৃক্ ॥১৮॥

ব্রাহ্মণ উবাচ ।

অহং তাত ! সহস্রাংশুঃ সৌহৃদাত্ত্বাং নিদর্শয়ে ।
কুরুষ্বৈতদ্বচো মে ত্বমেতচ্ছ্রেয়ঃ পরং হি তে ॥১৯॥

ভারতকৌমুদী

কুণ্ডলেতি । বিত্তৈর্ধনৈর্ধনদানাঙ্গীকারৈঃ, স শক্রঃ ॥১৪॥
যদীতি । সহজে আজন্মলব্ধে । গত্বা প্রাপ্য ॥১৫॥
কবচকুণ্ডলরক্ষণে কিং ফলমিত্যাহ কবচেনেতি । বিদ্ধি সত্যং জানীহি ॥১৬॥
অমৃতাদিতি । রক্ষ্যম্ ইন্দ্রাদ্রক্ষণীয়ম্ ॥১৭॥
ক ইতি । কাময়া ইচ্ছয়া, অনিচ্ছা চেন্ন ব্রূহীতি ভাবঃ ॥১৮॥

বৎস ! তিনি কুণ্ডলের জন্য বলিতে লাগিলে, তুমি নানাবিধ কারণ দেখাইয়া এবং অন্য বহুবিধ ধনদানের অঙ্গীকার করিয়া তাঁহাকে বার বার নিবারণ করিবে ॥১৪॥

কর্ণ ! যদি তুমি সহজাত কবচ ও কুণ্ডল দান কর, তবে আয়ুঃক্ষয় হওয়ায় তুমি মৃত্যুর অধীন হইবে ॥১৫॥

পক্ষান্তরে তুমি কবচ-কুণ্ডল-যুক্ত থাকিলে, যুদ্ধে শত্রুগণের অবধ্যই থাকিবে ; আমার এই বাক্য সত্য বলিয়াই জানিয়া রাখ ॥১৬॥

কারণ, রত্নসম্ভূত এই কবচ ও কুণ্ডল অমৃত হইতে উঠিয়াছিল । অতএব কর্ণ ! তোমার জীবন যদি তোমার প্রিয় হয়, তবে উহা রক্ষণীয়' ॥১৭॥

কর্ণ বলিলেন—'কে আপনি পরম সৌহার্দ্দ দেখাইতে থাকিয়া আমাকে এইরূপ বলিতেছেন ! ! ভগবন্ ! আপনি আপনার ইচ্ছানুসারেই বলুন যে, ব্রাহ্মণবেশধারী আপনি কে ?' ॥১৮॥

(১৯)···সৌহৃদাত্ত্বাং নিয়চ্ছে···পি ।

কর্ণ উবাচ।

শ্রেয় এব মমাত্যন্তং যস্য মে গোপতিঃ প্রভুঃ।
প্রবক্তাস্য হিতান্বেষী শৃণু চেদং বচো মম ॥২০॥
প্রসাদয়ে ত্বাং বরদং প্রণয়াচ্চ ব্রবীম্যহম্।
ন নিবার্য্যো ব্রতাদস্মাদহং যদ্যস্মি তে প্রিয়ঃ ॥২১॥
ব্রতং বৈ মম লোকোঽয়ং বেত্তি কৃৎস্নং বিভাবসো!।
যথাহং দ্বিজমুখ্যেভ্যো দদ্যাং প্রাণানপি ধ্রুবম্ ॥২২॥
যদ্যাগচ্ছতি মাং শক্রো ব্রাহ্মণচ্ছদ্মনাবৃতঃ।
হিতার্থং পাণ্ডুপুত্রাণাং খেচরোত্তম! ভিক্ষিতুম্।
দাস্যামি বিবুধশ্রেষ্ঠ! কুণ্ডলে বর্ম্ম চোত্তমম্ ॥২৩॥

ভারতকৌমুদী

অহমিতি। সহস্রাংশুঃ সূর্য্যঃ। সৌহৃদাৎ স্নেহাৎ, নিদর্শয়ে আত্মানং দর্শয়ামি ॥১৯॥

শ্রেয় ইতি। গোপতিঃ কিরণাধিপতিঃ সূর্য্যঃ "ষণ্ডঃ সূর্য্যশ্চ গোপতিঃ" ইতি ত্রিকাণ্ড-শেষঃ ॥২০॥

প্রেতি। প্রসাদয়ে অনুনয়েন প্রসন্নীকরোমি। অস্মাৎ দানরূপাৎ ॥২১॥

ব্রতমিতি। লোকঃ সর্ব্বো জনঃ। দ্বিজমুখ্যেভ্যো ব্রাহ্মণেভ্যঃ ॥২২॥

যদীতি। হে খেচরোত্তম! গ্রহশ্রেষ্ঠ!। দাস্যামি তস্মৈ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

ব্রাহ্মণরূপী সূর্য্য বলিলেন—'বৎস! আমি সূর্য্য; স্নেহবশতই আমি তোমাকে দেখা দিয়াছি। তুমি আমার এই বাক্য রক্ষা কর, ইহাতে তোমার পরম মঙ্গল হইবে' ॥১৯॥

কর্ণ কহিলেন—'আমার পরম মঙ্গলই হইবে, (এ বিষয়ে কোন সন্দেহ নাই)। কারণ, প্রভাবশালী সূর্য্যদেবই যখন আমার হিতৈষী হইয়া আজ এইরূপ বলিতেছেন। তবে আমার এই বাক্য শ্রবণ করুন ॥২০॥

আপনি বরদাতা; সুতরাং আপনাকে আমি প্রসন্ন করিতেছি এবং প্রণয়-বশতঃ বলিতেছি—আমি যদি আপনার প্রিয় হই, তবে আপনি আমাকে এই ব্রত হইতে নিবারণ করিবেন না ॥২১॥

সূর্য্যদেব! জগতের লোক আমার এই ব্রতের বিষয় জানে যে, আমি নিশ্চয়ই ব্রাহ্মণদিগকে প্রাণও দিয়া থাকি ॥২২॥

গ্রহশ্রেষ্ঠ দেবতাপ্রধান! তাহাতে ইন্দ্র যদি পাণ্ডবগণের হিতের জন্য ব্রাহ্মণবেশে ভিক্ষা করিতে আমার নিকট আগমন করেন, তবে তাঁহাকে আমি কুণ্ডল দুইটী ও উত্তম বর্ম্মটী দান করিব ॥২৩॥

ন মে কীর্ত্তিঃ প্রণশ্যেত ত্রিষু লোকেষু বিশ্রুতা।
মদ্বিধস্যাযশস্যং হি ন যুক্তং প্রাণরক্ষণম্ ॥২৪॥
যুক্তং হি যশসা যুক্তং মরণং লোকসম্মতম্।
সোঽহমিন্দ্রায় দাস্যামি কুণ্ডলে সহ বর্ম্মণা ॥২৫॥
যদি মাং বলবৃত্রঘ্নো ভিক্ষার্থমুপযাস্যতি।
হিতার্থং পাণ্ডুপুত্রাণাং কুণ্ডলে মে প্রযাচিতুম্।
তন্মে কীর্ত্তিকরং লোকে তস্যাকীর্ত্তির্ভবিষ্যতি ॥২৬॥
বৃণোমি কীর্ত্তিং লোকেঽস্মিন্ জীবিতেনাপি ভানুমন্!।
কীর্ত্তিমানশ্নুতে স্বর্গং হীনকীর্ত্তিস্তু নশ্যতি ॥২৭॥
কীর্ত্তির্হি পুরুষং লোকে সঞ্জীবয়তি মাতৃবৎ।
অকীর্ত্তির্জীবিতং হন্তি জীবতোঽপি শরীরিণঃ ॥২৮॥
অয়ং পুরাণঃ শ্লোকো হি স্বয়ং গীতো বিভাবসো!।
ধাত্রা লোকেশ্বর! যথা কীর্ত্তিরায়ুর্নরস্য হ ॥২৯॥

ভারতকৌমুদী

নেতি। বিশ্রুতা বিখ্যাতা। অযশস্যং নিন্দাজনকম্ ॥২৪॥
যুক্তমিতি। যুক্তং সঙ্গতম্, যুক্তমবিতর্থম্। কুণ্ডলে কুণ্ডলদ্বয়ম্ ॥২৫॥
যদীতি। বলং বৃত্রঞ্চ নামাসুরং হতবানিতি বলবৃত্রঘ্ন ইন্দ্রঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥
বৃণোমীতি। জীবিতেন জীবনেনাপি, হে ভানুমন্! রশ্মিবন্! সূর্য্য! ॥২৭॥
কীর্ত্তেঃ প্রাধান্যমাহ কীর্ত্তিরিতি। অকীর্ত্তিঃ কীর্ত্তিবিরোধিনী নিন্দা ॥২৮॥
অত্রার্থে মহাপুরুষবচনং প্রমাণয়তি অয়মিতি। কীর্ত্তিরিত্যাদির্যাতৃবচনার্থোক্তিঃ ॥২৯॥

তাহা হইলে আমার ত্রিভুবনবিখ্যাত কীর্ত্তি নষ্ট হইবে না। কারণ, আমার মত লোকের পক্ষে নিন্দাজনক প্রাণরক্ষা করা সঙ্গত নহে ॥২৪॥

কিন্তু লোকসম্মত যশোযুক্ত মরণই সঙ্গত। অতএব আমি কবচের সহিত কুণ্ডল দুইটী ইন্দ্রকে দান করিব ॥২৫॥

ইন্দ্র যদি ভিক্ষার জন্য—অর্থাৎ পাণ্ডবগণের হিতার্থে আমার কুণ্ডল দুইটী প্রার্থনা করিতে আমার নিকট আগমন করেন, তবে তাহা জগতে আমার কীর্ত্তিজনক এবং তাঁহার অকীর্ত্তিজনক হইবে ॥২৬॥

সূর্য্যদেব! আমি প্রাণ দিয়াও এই জগতে কীর্ত্তি বরণ করি। কারণ, কীর্ত্তিশালী লোক স্বর্গ লাভ করে, আর কীর্ত্তিহীন লোক নষ্ট হয় ॥২৭॥

কীর্ত্তি মাতারই তুল্য জগতে মৃতপ্রায় ব্যক্তিকেও সঞ্জীবিত করে; আর অকীর্ত্তি জীবিত ব্যক্তিরও জীবন নষ্ট করে ॥২৮॥

পুরুষস্য পরে লোকে কীর্ত্তিরেব পরায়ণম্।
ইহলোকে বিশুদ্ধা চ কীর্ত্তিরায়ুর্বিবর্দ্ধনী ॥৩০॥
সোঽহং শরীরজে দত্ত্বা কীর্ত্তিং প্রাপ্স্যামি শাশ্বতীম্।
দত্ত্বা চ বিধিবদ্দানং ব্রাহ্মণেভ্যো যথাবিধি ॥৩১॥
হুত্বা শরীরং সংগ্রামে কৃত্বা কর্ম্ম সুদুষ্করম্।
বিজিত্য চ পরানাজৌ যশঃ প্রাপ্স্যামি কেবলম্ ॥৩২॥ (যুগ্মকম্)
ভীতানামভয়ং দত্ত্বা সংগ্রামে জীবিতার্থিনাম্।
বৃদ্ধান্ বালান্ দ্বিজাতীংশ্চ মোক্ষয়িত্বা মহাভয়াৎ ॥৩৩॥
প্রাপ্স্যামি পরমং লোকে যশঃ স্বর্গমনুত্তমম্।
জীবিতেনাপি মে রক্ষ্যা কীর্ত্তিস্তদ্বিদ্ধি মে ব্রতম্ ॥৩৪॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলা-
হরণে সূর্য্যকর্ণসংবাদে চতুঃপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ধাতৃগীতশ্লোকমুদাহরতি পুরুষস্যেতি। পরায়ণং পরমাশ্রয়ঃ, তস্যা এব তৎস্থাপকত্বাৎ ॥৩০॥

স ইতি। শরীরজে সহজে কবচকুণ্ডলে। শাশ্বতীং চিরস্থায়িনীম্। বিধিবৎ শাস্ত্রোক্তম্। যথাবিধি শাস্ত্রোক্তপরিপাট্যা। পরান্ শত্রূন্, আজৌ যুদ্ধে ॥৩১—৩২॥

ভীতানামিতি। ইহলোকে পরমং যশঃ, পরলোকে চানুত্তমং স্বর্গম্ ॥৩৩—৩৪॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে চতুঃপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

জগদীশ্বর সূর্য্যদেব! স্বয়ং বিধাতাই এই প্রাচীন শ্লোক গাহিয়াছেন যে, কীর্ত্তিই মানুষের আয়ু; (যথা—) ॥২৯॥

'কীর্ত্তিই পরলোকে মানুষের পরম গতি এবং নির্ম্মল কীর্ত্তি ইহলোকে মানুষের আয়ু বৃদ্ধি করে' ॥৩০॥

অতএব আমি সহজাত কবচ ও কুণ্ডল ইন্দ্রকে দান করিয়া চিরস্থায়ী কীর্ত্তি লাভ করিব। তাহার পর ব্রাহ্মণদিগকে যথানিয়মে শাস্ত্রোক্ত দান করিয়া, যুদ্ধে অতিদুষ্কর কার্য্য এবং শত্রুগণকে পরাভূত করিয়া, তৎপরে যুদ্ধেই দেহত্যাগ করিয়া, অদ্বিতীয় যশ লাভ করিব ॥৩১—৩২॥

---

(৩৪) শ্লোকাৎ পরম্ 'সোঽহং দত্ত্বা মঘবতে ভিক্ষামেতামনুত্তমাম্। ব্রাহ্মণচ্ছদ্মিনে দেবলোকে গত্বা পরাং গতিম্'। ইতি পুনরুক্তার্থকঃ শ্লোকঃ—বা ব পি নি। * '…সপ্ত-ষষ্ট্যধিকদ্বিশততমঃ…' পি, 'একোনশতাধিকদ্বিশততমঃ…' বা ব, 'ত্রিশততমঃ…' কা, '…একাধিকত্রিশততমঃ…' বি।

পঞ্চপঞ্চাশদধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—— :*: ——

সূর্য্য উবাচ।

মাঽহিতং কর্ণ! কার্ষীস্ত্বমাত্মনঃ সুহৃদাং তথা।
পুত্রাণামথ ভার্য্যাণামথো মাতুরথো পিতুঃ ॥১॥
শরীরস্যাবিরোধেন প্রাণিভিঃ প্রাণভৃদ্বর!।
ইষ্যতে যশসঃ প্রাপ্তিঃ কীর্ত্তিশ্চ ত্রিদিবে স্থিরা ॥২॥
যস্ত্বং প্রাণবিরোধেন কীর্ত্তিমিচ্ছসি শাশ্বতীম্।
সা তে প্রাণান্ সমাদায় গমিষ্যতি ন সংশয়ঃ ॥৩॥
জীবতঃ কুরুতে কার্য্যং পিতা মাতা সুতস্তথা।
যে চান্যে বান্ধবাঃ কেচিল্লোকেঽস্মিন্ পুরুষর্ষভ!।
রাজানশ্চ নরব্যাঘ্র! পৌরুষেণ নিবোধ তৎ ॥৪॥

ভারতকৌমুদী

মেতি। হে কর্ণ! ত্বমাত্মাদীনামহিতং কার্য্যং মা কার্ষীরিতি সম্বন্ধঃ ॥১॥
কথমিত্যাহ শরীরস্যেতি। অবিরোধেন হানিমকৃত্বা। ত্রিদিবে স্বর্গে ॥২॥
য ইতি। প্রাণবিরোধেন প্রাণহানিসম্ভাবনয়া। গমিষ্যতি লোপমিতি শেষঃ ॥৩॥

যুদ্ধে ভীত ও জীবনার্থীদিগকে অভয় দান করিয়া এবং বালক, বৃদ্ধ ও ব্রাহ্মণদিগকে মহাভয় হইতে মুক্ত করিয়া ইহলোকে উত্তম যশ এবং পরলোকে উত্তম স্বর্গ লাভ করিব। অতএব আমি প্রাণ দিয়াও কীর্ত্তি রক্ষা করিব। আপনি সেইটাকেই আমার ব্রত বলিয়া জানুন' ॥৩৩—৩৪॥

——:*:——

সূর্য্য বলিলেন—'কর্ণ! তুমি নিজের, বন্ধুবর্গের, পুত্রদের, ভার্য্যাগণের, মাতার এবং পিতার অহিত কার্য্য করিও না ॥১॥

হে প্রাণিশ্রেষ্ঠ! প্রাণীরা শরীরের অবিরোধেই যশ লাভ এবং স্বর্গে চিরস্থায়িনী কীর্ত্তি লাভ করিবার ইচ্ছা করিয়া থাকে ॥২॥

যে তুমি প্রাণের বিরোধেও চিরস্থায়িনী কীর্ত্তি লাভ করিবার ইচ্ছা করিতেছ, সে তোমার প্রাণ লইয়াই সেই কীর্ত্তি লোপ পাইবে; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৩॥

(২)…প্রাণিনাং প্রাণভৃদ্বর!…পি। (৪) জীবতাং কুরুতে কার্য্যম্… বা ব কা নি।

কীর্ত্তিশ্চ জীবতঃ সাধ্বী পুরুষস্য মহাদ্যুতে।।
মৃতস্য কীর্ত্ত্যা কিং কার্য্যং ভস্মীভূতস্য দেহিনঃ ॥৫॥
মৃতঃ কীর্ত্তিং ন জানীতে জীবন্ কীর্ত্তিং সমশ্নুতে।
মৃতস্য কীর্ত্তির্মর্ত্ত্যস্য যথা মালা গতায়ুষঃ ॥৬॥
অহন্তু ত্বাং ব্রবীম্যেতদ্ভক্তোঽসীতি হিতেপ্সয়া।
ভক্তিমন্তো হি মে রক্ষ্যা ইত্যেতেনাপি হেতুনা ॥৭॥
ভক্তোঽয়ং পরয়া ভক্ত্যা মামিত্যেব মহাভুজ।।
মমাপি ভক্তিরুৎপন্না স ত্বং কুরু বচো মম ॥৮॥
অস্তি চাত্র পরং কিঞ্চিদধ্যাত্মং দৈবনির্ম্মিতম্।
অতশ্চ ত্বাং ব্রবীম্যেতৎ ক্রিয়তামবিশঙ্কয়া ॥৯॥

ভারতকৌমুদী

জীবত ইতি। পৌরুষেণ কার্য্যং কুরুতে ইতি সম্বন্ধঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥
কীর্ত্তিরিতি। সাধ্বী প্রশস্তা। কার্য্যং প্রয়োজনম্ ॥৫॥
মৃত ইতি। কীর্ত্তিং কীর্ত্তিনিবন্ধনং সুখম্, সমশ্নুতে অনুভবতি ॥৬॥
নত্বপ্রার্থিতো ভবান্ কথমীদৃশমুপদিশতীত্যাহ অহমিতি। রক্ষ্যা রক্ষণীয়াঃ ॥৭॥
ভক্ত ইতি। ভক্ত্যা গৌরবাকর্ষণেন, মাং প্রতি। ভক্তিঃ ত্বয়ি স্নেহঃ ॥৮॥

হে পুরুষশ্রেষ্ঠ! তুমি জান যে, পিতা, মাতা পুত্র এবং এই জগতে যে কিছু বন্ধু আছে, তাহারা ও রাজারা আপন আপন পুরুষকারদ্বারা জীবিত ব্যক্তিরই কার্য্য করিয়া থাকেন ॥৪॥

মহাতেজা! জীবিত পুরুষের কীর্ত্তিই ভাল। কেন না, মৃত ও ভস্মীভূত প্রাণীর কীর্ত্তিদ্বারা কি প্রয়োজন আছে? ॥৫॥

মৃত ব্যক্তি কীর্ত্তির বিষয় জানিতে পারে না, জীবিত ব্যক্তিই কীর্ত্তির সুখ অনুভব করে। সুতরাং মৃত মানুষের মালাও যেমন, কীর্ত্তিও তেমন ॥৬॥

তুমি আমার ভক্ত এই জন্য তোমার হিতৈষিতাবশতঃ এবং ভক্তলোক-দিগকে আমার রক্ষা করা উচিত এই কারণেও তোমাকে আমি এই কথা বলিতেছি ॥৭॥

মহাবাহু! তুমি পরম ভক্তি সহকারে আমার ভক্ত হইয়াছ; এই জন্য আমারও তোমার প্রতি স্নেহ জন্মিয়াছে। সুতরাং সেই তুমি আমার বাক্য রক্ষা কর ॥৮॥

---

(৯)···অধ্যাত্মং দেবনির্ম্মিতম্···পি নি।

দেবগুহ্যং ত্বয়া জ্ঞাতুং ন শক্যং পুরুষর্ষভ ! ।
তস্মান্নাখ্যামি তে গুহ্যং কালে বেৎস্যতি তদ্ভবান্ ॥১০॥
পুনরুক্তঞ্চ বক্ষ্যামি ত্বং রাধেয় ! নিবোধ তৎ ।
মাঽস্মৈ তে কুণ্ডলে দদ্যা ভিক্ষিতে বজ্রপাণিনা ॥১১॥
শোভসে কুণ্ডলাভ্যাঞ্চ রুচিরাভ্যাং মহাদ্যুতে ! ।
বিশাখয়োর্মধ্যগতঃ শশীব বিমলে দিবি ॥১২॥
কীর্ত্তিশ্চ জীবতঃ সাধ্বী পুরুষস্যেতি বিদ্ধি তৎ ।
প্রত্যাখ্যেয়স্ত্বয়া তাত ! কুণ্ডলার্থে সুরেশ্বরঃ ॥১৩॥

ভারতকৌমুদী

উপদেশে কারণান্তরমাহ অস্তীতি। অত্রোপদেশে, কিঞ্চিৎ কারণম্, অধ্যাত্মম্ অধ্যাত্মবিষয়বৎ দুরূহমিতি বাচ্যার্থঃ, আত্মাশ্রিতঃ পিতৃপুত্রসম্বন্ধ ইতি তু ব্যঙ্গ্যার্থঃ ॥৯॥

অথ দুরূহমপি তৎ কারণং ব্রূহীত্যাহ দেবেতি। দেবেষ্বপি গুহ্যং তৎ কারণম্ ॥১০॥

পুনরিতি। পুনরুক্তমনর্থকমপি নার্ত্যায়েতি ভাবঃ। অস্মৈ বজ্রপাণয়ে ॥১১॥

কুণ্ডলাদানে হেত্বন্তরমাহ শোভস ইতি। বিশাখয়োর্নক্ষত্রয়োঃ ॥১২॥

কীর্ত্তিরিতি। জীবত এব ন মৃতস্যেত্যাশয়ঃ। তত্তস্মাদ্ধেতোঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

মাঽহিতমিতি। অহিতমিতি ছেদঃ ॥১—৩॥ জীবতাং পুত্রাদীনাম্, কার্য্যং প্রয়োজনম্, পরিষ্বজাদিজং সুখং পিত্রাদিঃ কুরুতে লভতে যদি মৃতে ত্বৎপিত্রাদীনাং কিং সুখং স্যাদিতি ভাবঃ ॥৪—১১॥ বিশাখয়োঃ বিশাখানক্ষত্রস্য যে তারকে তারে তয়োর্মধ্যে গতঃ পূর্ণচন্দ্রঃ

বিশেষতঃ এ বিষয়ে দৈববিহিত এবং অধ্যাত্মবিষয়ের ন্যায় দুরূহ অন্য কোন কারণ আছে ; এই জন্যও আমি একথা তোমাকে বলিতেছি। সুতরাং নিঃশঙ্কচিত্তে আমার বাক্য রক্ষা কর॥৯॥

অদিত্যেতি। হে রাজ্ঞি! রাজকন্তে! মত্তেন যৌবনমদেন কাশতে শোভত ইতি মত্তকাশিনী, তৎসম্বোধনম্। তস্মৈ ত্বৎপুত্রায়। ইদমিত্যঙ্গুল্যা আত্মবর্ম্মপ্রদর্শনম্ ॥২১॥

সূর্য্য বলিলেন—'ভদ্রে! তোমার পুত্র মহাবাহু এবং কুণ্ডল ও দিব্যবর্ম্ম-ধারী হইবে; আর সে দুইটাই তাহার অমৃতময় হইবে' ॥১৮॥

কুন্তী বলিলেন—'দেব! আপনি আমার গর্ভে যে পুত্র উৎপাদন করিবেন, আমার সেই পুত্রের কুণ্ডল ও উত্তম বর্ম্ম এই দুইটা বস্তুই যদি অমৃত হইতে উৎপন্ন হইয়া থাকে, তবে আপনার সহিত আমার উক্তরূপ সঙ্গম হউক। তাহা হইলে সেই পুত্র আপনারই তুল্য বীর্য্যবান্, রূপবান্, অধ্যব-সায়ী, তেজস্বী এবং ধার্ম্মিক হইবে' ॥১৯—২০॥

সূর্য্য বলিলেন—'রাজকন্তে! মত্তকাশিনি! বামোরু! অদিতিদেবী আমাকে দুইটা কুণ্ডল এবং এই উত্তম বর্ম্মটা দিয়াছিলেন, আমি ইহা তাহাকে দিব' ॥২১॥

---

(১৮)···অভেদ্যকায়মমৃতময়ম্···বা ব কা। (২১)···তেনৈতদ্ দাস্যামি বৈ ভীরু।···বা ব কা।

কুন্ত্যুবাচ।

পরমং ভগবন্নেবং সঙ্গমিষ্যে ত্বয়া সহ।
যদি পুত্রো ভবেদেবং যথা বদসি গোপতে! ॥২২॥

বৈশম্পায়ন উবাচ।

তথেত্যুক্ত্বা তু তাং কুন্তীমাবিবেশ বিহঙ্গমঃ।
স্বর্ভানুশত্রুর্যোগাত্মা নাভ্যাং পস্পর্শ চৈব তাম্ ॥২৩॥
ততঃ সা বিহ্বলেবাসীৎ কন্যা সূর্য্যস্য তেজসা।
পপাত চাথ সা দেবী শয়নে মূঢ়চেতনা ॥২৪॥

সূর্য্য উবাচ।

সাধয়িষ্যামি সুশ্রোণি! পুত্রং বৈ জনয়িষ্যসি।
সর্বশস্ত্রভৃতাং শ্রেষ্ঠং কন্যা চৈব ভবিষ্যসি ॥২৫॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ সা ব্রীড়িতা বালা তদা সূর্য্যমথাব্রবীৎ।
এবমস্ত্বিতি রাজেন্দ্র! প্রস্থিতং ভূরিবর্চ্চসম্ ॥২৬॥

ভারতকৌমুদী

পরমমিতি। পরমং সঙ্গমিষ্যে ইতি সম্বন্ধঃ। হে গোপতে! সূর্য্য! ॥২২॥

তথেতি। বিহঙ্গমো গগনচারী, স্বর্ভানুশত্রুঃ অমৃতপরিবেশনকালে বিষ্ণবে প্রদর্শনাৎ রাহুশত্রুঃ, যোগাত্মা যোগবলেন ধৃতমানুষদেহঃ সূর্য্যঃ, তথা ইত্যুক্ত্বা, তাং কুন্তীম্, আবিবেশ আলিলিঙ্গ, করাভ্যাং তাং নাভ্যাং পস্পর্শ চ, বসনমোচনায়েত্যাশয়ঃ ॥২৩॥

তত ইতি। শয়নে শয্যায়াম্, মূঢ়চেতনা কামাতিরেকেণ লুপ্তপ্রায়চৈতন্যা ॥২৪॥

সাধেতি। সাধয়িষ্যামি রমণং নিষ্পাদয়িষ্যামীতি কাকুঃ। কন্যা মৎপ্রসাদাৎ ॥২৫॥

কুন্তী বলিলেন—'ভগবন্ সূর্য্যদেব! আপনি যেরূপ বলিতেছেন, সেইরূপ পুত্রই যদি আমার হয়, তবে আমি আপনার সহিত উত্তমরূপে সঙ্গম করিব' ॥২২॥

বৈশম্পায়ন বলিলেন—'তাহাই হইবে' এই কথা বলিয়া গগনচারী অথচ মানুষরূপধারী রাহুশত্রু সূর্য্যদেব কুন্তীকে আলিঙ্গন করিয়া তাঁহার নাভিদেশ স্পর্শ করিলেন ॥২৩॥

তাহার পর কুন্তী সূর্য্যের তেজে বিহ্বল হইয়া পড়িলেন এবং অচেতনপ্রায় হইয়া শয্যায় উপরে পতিত হইলেন ॥২৪॥

তখন সূর্য্য বলিলেন—'সুনিতম্বে! তুমি, সকল-শস্ত্রধারী-শ্রেষ্ঠ পুত্র জন্মাইবে এবং কন্যাও হইবে; সুতরাং আমি এখন কার্য্য সাধন করি?' ॥২৫॥

ইতি শ্মোক্তা কুন্তিভোজাত্মজা সা বিবস্বন্তং যাচমানা সলজ্জা।
তস্মিন্ পুণ্যে শয়নীয়ে পপাত মোহাবিষ্টা ভজ্যমানা লতেব ॥২৭॥
তিগ্মাংশুস্তাং তেজসা মোহয়িত্বা যোগেনাবিশ্যাত্মসংস্থাং চকার।
ন চৈবৈনাং দূষয়ামাস ভানুঃ সংজ্ঞাং লেভে ভূয় এবাথ বালা ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে পৃথাসূর্য্যসঙ্গমে একষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। প্রস্থিতং রক্তমুক্তং, ভূরিবর্চ্চসম্ অতিতেজসম্ ॥২৬॥

ইতীতি। উক্তা উক্তবতী। যাচমানা পুত্রমিতি শেষঃ। পুণ্যে অদূষিতপূর্ব্বে ॥২৭॥

তিগ্মাংশুরিতি। তিগ্মাংশুর্ভানুঃ, তেজসা তাং কুন্তীং মোহয়িত্বা আবিশ্য আলিঙ্গ্য, যোগেন অঙ্গসংযোগেন, আত্মসংস্থাং তদুদরে স্ববীর্য্যসংস্থিতিং চকার। কিন্তু এনাং কুন্তীম্, কন্যাত্বলোপেন ন দূষয়ামাস, অপি তু পুনঃ কন্যাত্বমেব দদাবিত্যর্থঃ। অথ রমণাৎ পরম্, বালা কুন্তী, ভূয় এব পুনরপি, সংজ্ঞাং চৈতন্যং প্রকৃতিং লেভে ॥২৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে একষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

নিয়মাদিবিকারঃ ॥১৫—১৭॥ অমৃতময়ং সহজং বর্ম ॥১৮—২৫॥ প্রস্থিতং সঙ্গমায়োপক্রান্তম্ ॥২৬—২৭॥ আত্মসংস্থাং বচনবশাৎ এনাং ন দূষয়ামাস কন্যাত্বস্থাপনেনেতি শেষঃ ॥২৮॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৬১॥

বৈশম্পায়ন বলিলেন—রাজশ্রেষ্ঠ! তাহার পর তখনই বালিকা কুন্তী লজ্জিত হইয়া রমণোদ্যত বিশালতেজা সূর্য্যকে কহিলেন—'এইরূপই হউক' ॥২৬॥

এই কথা বলিয়া কুন্তী সলজ্জভাবে সূর্য্যের নিকট পুত্র প্রার্থনা করিতে থাকিয়া মোহাবিষ্ট হইয়া ভগ্না লতার ন্যায় সেই পবিত্র শয্যার উপরে পতিত হইলেন ॥২৭॥

তখন তীক্ষ্ণকিরণ সূর্য্য আপন তেজে কুন্তীকে মোহিত করিয়া আলিঙ্গনপূর্ব্বক অঙ্গসংযোগদ্বারা তাঁহার গর্ভাধান করিলেন; কিন্তু কন্যাত্বলোপ না করায় তাঁহাকে দূষিত করিলেন না। পরে কুন্তী পুনরায় প্রকৃতিস্থ হইলেন ॥২৮॥

---

* '…চতুর্নবত্যধিকদ্বিশততমঃ…' পি, '…ষড়ধিকত্রিশততমঃ…' বা ব, '…সপ্তাধিকত্রিশততমঃ…' কা, '…অষ্টাধিকত্রিশততমঃ…' নি।

দ্বিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ।

তেতো গর্ভঃ সমভবৎ পৃথায়াঃ পৃথিবীপতে। ।
শুক্লে দশোত্তরে পক্ষে তারাপতিরিবাম্বরে ॥১॥
সা বান্ধবভয়াদ্বালা গর্ভং তং বিনিগূহতী।
ধারয়ামাস সুশ্রোণী ন চৈনাং বুবুধে জনঃ ॥২॥
নহি তাং বেদ নার্য্যন্যা কাচিদ্ধাত্রেয়িকামৃতে।
কন্যাপুরগতাং বালাং নিপুণাং পরিরক্ষণে ॥৩॥
ততঃ কালেন সা গর্ভং সুষুবে বরবর্ণিনী।
কন্যৈব তস্য দেবস্য প্রসাদাদমরপ্রভম্ ॥৪॥
তথৈবাবদ্ধকবচং কনকোজ্জ্বলকুণ্ডলম্।
হর্য্যক্ষং বৃষভস্কন্ধং যথাস্য পিতরং তথা ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। দশোত্তরে মার্গশীর্ষস্য অগ্রহায়ণস্যাত্তশুক্লপক্ষাবধিকে একাদশে আশ্বিনমাসীয়ে ইত্যর্থঃ শুক্লে পক্ষে, প্রাথমিকত্বাত্তৎপ্রতিপদি তিথাবিতি তাৎপর্য্যম্, অম্বরে আকাশে, তারাপতিশ্চন্দ্র ইব, পৃথায়া গর্ভঃ সমভবৎ। শরচ্চন্দ্রতয়া তস্য স্পষ্টতাসূচনার্থং দশোত্তরগ্রহণম্। নীলকণ্ঠস্য ব্যাখ্যোক্তিশ্চিন্ত্যা প্রমাণাভাবাৎ ॥১॥

সেতি। বিনিগূহতী কস্মৈচিদপ্যনিবেদনাদ্‌গোপয়ন্তী। সুশ্রোণী সুনিতম্বা ॥২॥

নহীতি। বেদ জানাতি স্ম। ধাত্রেয়িকাং ধাত্রীতনয়াম্, ঋতে বিনা ॥৩॥

তত ইতি। কন্যৈব তথাপি কন্যাবদবিকৃতাঙ্গ্যেবাসীৎ, তস্য সূর্য্যস্য। আবদ্ধকবচং ধৃতবর্ম্মাণম্। হরেঃ সিংহস্যেব অক্ষিণী যস্য তম্। পিতরং সূর্য্যম্ ॥৪—৫॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! তাহার পর আশ্বিনমাসের শুক্লপক্ষের প্রতিপদে আকাশে চন্দ্র যেমন উদিত হন, সেইরূপ কুন্তীর গর্ভ হইল ॥১॥

কিন্তু সুনিতম্বা কুন্তী বন্ধুজনের ভয়ে গোপনে সেই গর্ভ ধারণ করিতে লাগিলেন। সুতরাং কেহই তাঁহাকে গর্ভবতী বলিয়া বুঝিতে পারিত না ॥২॥

আর, তিনি কন্যান্তঃপুরে থাকিতেন এবং আত্মগোপনে নিপুণ ছিলেন। সুতরাং ধাত্রীকন্যা ব্যতীত অন্য কোন নারীও তাঁহাকে গর্ভবতী বলিয়া ধারণা করিতে পারিত না ॥৩॥

তাহার পর বরবর্ণিনী কুন্তী যথাকালে দেবতুল্য একটী পুত্র প্রসব

জাতমাত্রঞ্চ তং গর্ভং ধাত্র্যা সংমন্ত্র্য ভাবিনী।
মঞ্জুষায়াং সমাধায় স্বাস্তীর্ণায়াং সমন্ততঃ ॥৬॥
মধূচ্ছিষ্টস্থিতায়াং সা সুখায়াং রুদতী তদা।
শ্লক্ষ্ণায়াং সুপিধানায়ামশ্বনদ্যামবাসৃজৎ ॥৭॥ (যুগ্মকম্)
জানতী চাপ্যকর্ত্তব্যং কন্যায়া গর্ভধারণম্।
পুত্রস্নেহেন রাজেন্দ্র! করুণং পর্য্যদেবয়ৎ ॥৮॥
সমুৎসৃজন্তী মঞ্জুষামশ্বনদ্যাস্তদা জলে।
উবাচ রুদতী কুন্তী যানি বাক্যানি তচ্ছৃণু ॥৯॥

ভারতকৌমুদী

জাতেতি। মঞ্জুষায়াং বেত্রনির্ম্মিতপেটকে, স্বাস্তীর্ণা অভ্যন্তরে সম্যগাচ্ছাদিতস্য তস্যাম্। মধূচ্ছিষ্টানি সিক্থকানি স্থিতানি জলপ্রবেশনিবারণার্থং মসৃণতাসম্পাদনার্থঞ্চ অভ্যন্তরে লিপ্তানি যস্যাস্তস্যাম্, শোভনং পিধানমুপর্য্যাবরণং যস্যাস্তস্যাম্। অশ্বনদ্যাং সন্নিহিতায়াং তদাখ্যায়াং কস্যাঞ্চিৎ সরিতি, অবাসৃজৎ অত্যজৎ ॥৬—৭॥

জানতীতি। গর্ভধারণং তন্নাশাদৌ বিলাপঞ্চ। তথাপি পুত্রস্নেহেন ॥৮॥

সমিতি। সমুৎসৃজন্তী ত্যজন্তী। তৎ বাক্যবৃন্দম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

ভত্ত ইতি। দশোত্তরে একাদশে, শুক্লে পক্ষে প্রতিপদি চন্দ্র ইব বাল উদ্ভূতঃ ম.. শুক্লপ্রতিপদি কর্ণনিবেশজন্মেত্যর্থঃ ॥১—৪॥ হর্য্যক্ষং সিংহনেত্রম্ ॥৫—৬॥ মধূচ্ছিষ্ট

করিলেন; তাহার গাত্রে কবচ, কর্ণে স্বর্ণকুণ্ডল, সিংহের ন্যায় নয়ন, বৃষের ন্যায় স্কন্ধ এবং উহার পিতা সূর্য্যদেবের ন্যায় আকৃতি হইয়াছিল। এহেন পুত্র প্রসব করিয়াও কুন্তী সূর্য্যদেবের অনুগ্রহে কন্যাই রহিলেন ॥৪—৫॥

পুত্র জন্মিবামাত্রই বুদ্ধিমতী কুন্তী ধাত্রীর সহিত পরামর্শ করিয়া, একটি পেট্রার ভিতরে সকল দিকে মোম লেপিয়া ভাল করিয়া পালিস্ করিয়া তাহার উপরে বেশ করিয়া কাপড় পাতিয়া, তাহাতে সেই বালকটীকে রাখিয়া, সুন্দরভাবে ঢাকনি দিয়া, কাঁদিতে কাঁদিতে নিকটবর্ত্তী অশ্বনদীতে সেই পেট্রাটী ভাসাইয়া দিলেন ॥৬—৭॥

রাজশ্রেষ্ঠ! কন্যার গর্ভধারণ করা বা সেই জন্য বিলাপ করা কর্ত্তব্য নহে, ইহা বুঝিয়াও কুন্তী পুত্রস্নেহেই করুণ বিলাপ করিতে লাগিলেন ॥৮॥

কুন্তী অশ্বনদীর জলে পেট্রাটী ভাসাইয়া দিবার সময়ে রোদন করিতে থাকিয়া যে সকল বাক্য বলিয়াছিলেন, তাহা আপনি শ্রবণ করুন— ॥৯॥

স্বস্তি তেঽস্ত্বান্তরীক্ষেভ্যঃ পার্থিবেভ্যশ্চ পুত্রক।।
দিব্যেভ্যশ্চৈব ভূতেভ্যস্তথা তোয়চরাশ্চ যে ॥১০॥
শিবাস্তে সন্তু পন্থানো মা চ তে পরিপন্থিনঃ।
আগতাশ্চ তথা পুত্র! ভবন্ত্বদ্রোহচেতসঃ ॥১১॥
পাতু ত্বাং বরুণো রাজা সলিলে সলিলেশ্বরঃ।
অন্তরীক্ষেঽন্তরীক্ষস্থঃ পবনঃ সর্বগস্তথা ॥১২॥
পিতা ত্বাং পাতু সর্ব্বত্র তপনস্তপতাং বরঃ।
যেন দত্তোঽসি মে পুত্র! দিব্যেন বিধিনা কিল ॥১৩॥
আদিত্যা বসবো রুদ্রাঃ সাধ্যা বিশ্বে চ দেবতাঃ।
মরুতশ্চ সহেন্দ্রেণ দিশশ্চ সদিগীশ্বরাঃ।
রক্ষন্তু ত্বাং সুরাঃ সর্ব্বে সমেষু বিষমেষু চ ॥১৪॥

ভারতকৌমুদী

স্বস্তীতি। স্বস্তি মঙ্গলম্। পার্থিবেভ্যো ভূচরেভ্যঃ। দিব্যেভ্যঃ স্বর্গীয়েভ্যঃ ॥১০॥
শিবা ইতি। শিবা মঙ্গলময়াঃ। পরিপন্থিনঃ শত্রবঃ ॥১১॥
পাত্বিতি। পাতু রক্ষতু। সর্বগত্বাদেব সর্বত্র তে পবনেন রক্ষণসম্ভবঃ ॥১২॥
পিতেতি। তপনঃ সূর্য্যঃ। দিব্যেন অলৌকিকেন অতিচমৎকারিণেত্যর্থঃ ॥১৩॥
আদিত্যা ইতি। বিশ্বে তদাখ্যাঃ। বিষমেষু সঙ্কটেষু। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

'পুত্র! স্বর্গচর, আকাশচর, ভূচর ও জলচর যে সকল প্রাণী আছে, তাহাদের নিকট হইতে তোমার মঙ্গল হউক ॥১০॥

পুত্র! সেই সকল প্রাণী আসিয়া তোমার যেন শত্রু বা অপকারী হয় না এবং পথগুলিও তোমার মঙ্গলময় হউক ॥১১॥

জলের রাজা বরুণ তোমাকে জলে রক্ষা করুন এবং আকাশচারী ও সর্ব্বত্রগামী বায়ু তোমাকে আকাশে রক্ষা করুন ॥১২॥

পুত্র! যিনি অলৌকিকবিধানে তোমাকে আমায় দিয়াছেন, তোমার পিতা সেই তেজস্বিশ্রেষ্ঠ সূর্য্যদেব তোমাকে সর্ব্বত্র রক্ষা করুন ॥১৩॥

আদিত্যগণ, বসুগণ, রুদ্রগণ, সাধ্যগণ, বিশ্বেদেবগণ, ইন্দ্রের সহিত বায়ুগণ, দিক্‌পালদিগের সহিত সকল দিক্ এবং অন্য সকল দেবতা, সম অবস্থায় ও বিষম অবস্থায় তোমাকে রক্ষা করুন ॥১৪॥

(১০) স্বস্তি তে চান্তরীক্ষেভ্যঃ...বা ব কা, স্বস্তি তে ত্বন্তরীক্ষেভ্যঃ...পি।

বেৎস্যামি ত্বাং বিদেশেঽপি কবচেনাভিসূচিতম্।
ধন্যস্তে পুত্র! জনকো দেবো ভানুর্বিভাবসুঃ।
যস্ত্বাং দ্রক্ষ্যতি দিব্যেন চক্ষুষা বাহিনীগতম্ ॥১৫॥
ধন্যা সা প্রমদা যা ত্বাং পুত্রত্বে কল্পয়িষ্যতি।
যস্যাস্ত্বং তৃষিতঃ পুত্র! স্তনং পাস্যসি দেবজ! ॥১৬॥
কো নু স্বপ্নস্তয়া দৃষ্টো যা ত্বামাদিত্যবর্চ্চসম্।
দিব্যবর্ম্মসমাযুক্তং দিব্যকুণ্ডলভূষিতম্ ॥১৭॥
পদ্মায়তবিশালাক্ষং পদ্মতাম্রদলোজ্জ্বলম্।
সুললাটং সুকেশান্তং পুত্রত্বে কল্পয়িষ্যতি ॥১৮॥ (যুগ্মকম্)
ধন্যা দ্রক্ষ্যন্তি পুত্র! ত্বাং ভূমৌ সংসর্পমাণকম্।
অব্যক্তকলবাক্যানি বদন্তং রেণুগুণ্ঠিতম্ ॥১৯॥

ভারতকৌমুদী

বেৎস্যামীতি। অভিসূচিতং পরিচায়িতম্। বাহিনীগতং নদীস্থিতম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৫॥

ধন্যেতি। ধন্যা পুণ্যবতী, প্রমদা স্ত্রী। দেবজঃ সূর্য্যজত্বাৎ ॥১৬॥

ক ইতি। ত্বাদৃশপুত্রলাভে পূর্ব্বং তৎসূচকস্বপ্নদর্শনস্য সম্ভবপরত্বাদিত্যাশয়ঃ। পদ্মতাম্রদলোজ্জ্বলং কান্তৌ, সদ্যোজাতশিশূনাং প্রায়েণৈব তাদৃশত্বাদিতি ভাবঃ ॥১৭—১৮॥

পুত্র! তুমি বিদেশে থাকিলেও এই কবচটীই তোমাকে আমায় পরিচিত করাইয়া দিবে; সুতরাং সেখানেও তোমাকে আমি চিনিতে পারিব। পুত্র! তোমার পিতা সূর্য্যদেবই ধন্য; যিনি দিব্য চক্ষুদ্বারা নদীস্থিত অবস্থায় তোমাকে দেখিতে পাইবেন ॥১৫॥

হে দেবজাত পুত্র! সে নারীই ধন্য, যিনি তোমাকে পুত্র কল্পনা করিবেন এবং তুমি পিপাসার্ত্ত হইয়া যাঁহার স্তন পান করিবে ॥১৬॥

পুত্র! তুমি সূর্য্যের ন্যায় তেজস্বী, দিব্য কবচে আবৃতদেহ ও দিব্যকুণ্ডল ভূষিত হইয়াছ; আর তোমার নয়ন দুইটী পদ্মদলের ন্যায় বিশাল, দেহের কান্তিও পদ্মদলের ন্যায় তাম্রবর্ণ, ললাটদেশ সুন্দর এবং কেশপাশও সুন্দর হইয়াছে। সুতরাং তোমাকে যিনি পুত্ররূপে কল্পনা করিবেন, সেই নারী কিরূপ সুস্বপ্ন দেখিয়াছেন? ॥১৭—১৮॥

পুত্র! তুমি যখন জানুযুগলদ্বারা ভূতলে বিচরণ করিবে, অস্পষ্ট-মধুর বাক্য বলিবে এবং ধূলিধূসরিত হইবে, তখন পুণ্যবান্ লোকেরাই তোমাকে দেখিবেন ॥১৯॥

ধন্যা দ্রক্ষ্যন্তি পুত্র ! ত্বাং পুনর্যৌবনগোচরম্ ।
হিমবদ্বনসম্ভূতং সিংহং কেশরিণং যথা ॥২০॥
এবং বহুবিধং রাজন্ ! বিলপ্য করুণং পৃথা ।
অবাসৃজত মঞ্জুষামশ্বনদ্যাং তদা জলে ॥২১॥
রুদতী পুত্রশোকার্ত্তা নিশীথে কমলেক্ষণা ।
ধাত্র্যা সহ পৃথা রাজন্ ! পুত্রদর্শনলালসা ॥২২॥
বিসর্জয়িত্বা মঞ্জুষাং সংবোধনভয়াৎ পিতুঃ ।
বিবেশ রাজভবনং পুনঃ শোকাতুরা ততঃ ॥২৩॥ (যুগ্মকম্)
মঞ্জুষা ত্বশ্বনদ্যাঃ সা যযৌ চর্ম্মণ্বতীং নদীম্ ।
চর্ম্মণ্বত্যাশ্চ যমুনাং ততো গঙ্গাং জগাম হ ॥২৪॥
গঙ্গায়াঃ সূতবিষয়ং চম্পামনুযযৌ পুরীম্ ।
স মঞ্জুষাগতো গর্ভস্তরঙ্গৈরুহ্যমানকঃ ॥২৫॥

ভারতকৌমুদী

ধন্যা ইতি। সংসর্পমাণকং জানুভ্যাং বিচরন্তম্ ॥১৯॥
ধন্যা ইতি। হিমবতঃ পর্ব্বতস্য বনসম্ভূতম্, কেশরিণং প্রশস্তকেশরযুক্তম্ ॥২০॥
এবমিতি। পৃথা কুন্তী। অবাসৃজত ত্যক্তবতী ॥২১॥
রুদতীতি। নিশীথে অর্দ্ধরাত্রসময়ে। সংবোধনভয়াদবগতিভয়াৎ ॥২২—২৩॥
মঞ্জুষেতি। যযৌ জলস্রোতসা চালিতেত্যাশয়ঃ ॥২৪॥
গঙ্গায়া ইতি। সূতবিষয়ম্ আদাবঙ্গরাজ্যম্। গর্ভঃ শিশুঃ ॥২৫॥

পুত্র ! আবার তুমি যখন যৌবনে পদার্পণ করিয়া হিমালয়-বন-সম্ভূত প্রশস্তকেশরধারী সিংহের ন্যায় হইবে, তখনও ধন্য লোকেরাই তোমাকে দেখিবেন ॥২০॥

রাজা ! কুন্তী তখন এইরূপ নানাবিধ করুণ বিলাপ করিয়া অশ্বনদীর জলে সেই পেট্রাটীকে ভাসাইয়া দিলেন ॥২১॥

রাজা ! তাহার পর পুত্রশোকার্ত্তা ও পুত্রদর্শনার্থিনী পদ্মনয়না পৃথা পেট্রাটী ভাসাইয়া দিয়া পিতার জানার ভয়ে সে স্থান হইতে আবার শোকাতুর অবস্থায় রোদন করিতে করিতে অর্দ্ধরাত্রসময়ে ধাত্রীর সহিত রাজভবনে প্রবেশ করিলেন ॥২২—২৩॥

কিন্তু সেই পেট্রাটী অশ্বনদী হইতে চর্ম্মণ্বতীনদীতে গেল ; পরে চর্ম্মণ্বতী-নদী হইতে যমুনায় এবং যমুনা হইতে গঙ্গায় যাইয়া উপস্থিত হইল ॥২৪॥

তৎপরে মঞ্জুষাস্থিত সেই বালকটী তরঙ্গদ্বারা সঞ্চালিত হইয়া গঙ্গা দিয়া

অমৃতাদুত্থিতং দিব্যং তত্র বর্ম্ম সকুণ্ডলম্।
ধারয়ামাস তং গর্ভং দৈবঞ্চ বিধিনির্ম্মিতম্ ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে পৃথামঞ্জুষাক্ষেপণে দ্বিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০:(০):০——

ত্রিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

——:০:——

বৈশম্পায়ন উবাচ।
এতস্মিন্নেব কালে তু ধৃতরাষ্ট্রস্য বৈ সখা।
সূতোঽধিরথ ইত্যেব সদারো জাহ্নবীং যযৌ ॥১॥

ভারতকৌমুদী

অথাহারাদ্যভাবে কঃ খলু তং শিশুং জীবয়ামাসেত্যাহ অমৃতাদিতি। তত্র তদানীম্, অমৃতাদুত্থিতং সকুণ্ডলং দিব্যং বর্ম্ম, দৈবমদৃষ্টঞ্চ কর্ত্তৃ, বিধিনির্ম্মিতং বিধাতৃকৃততদবস্থম্, তং গর্ভং শিশুম্, ধারয়ামাস জীবয়ামাস ॥২৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে দ্বিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(:০:)——

এতস্মিন্নিতি। ইত্যেব নাম, দারৈর্ভার্য্যয়া সহেতি সদারঃ ॥১॥

ভারতভাবদীপঃ

সিকৃথকং মদনমিতি ভাষায়াং তেন স্থিতায়াং সর্ব্বতো লিপ্তায়াং মঞ্জুষায়াং জলপ্রবেশো ন ভবেদিত্যর্থঃ ॥৭—২৫॥ দৈবং দেবজম্, বিধিনা ঈশ্বরেণ নির্ম্মিতম্ ॥২৬॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৬২॥

——:(০):——

প্রথমে অঙ্গদেশে, তাহার পর তত্রত্য চম্পানগরীর নিকটে যাইয়া উপস্থিত হইল ॥২৫॥

বিধাতাই সেই বালকটীর সেই অবস্থা করিয়াছিলেন; তথাপি অমৃত হইতে উৎপন্ন দিব্য বর্ম্ম ও কুণ্ডল এবং দৈব—ইহারাই তাহাকে জীবিত রাখিয়াছিল ॥২৬॥

(২৬)···তদ্বর্ম্ম সকুণ্ডলম্···বা ব কা নি। * '···পঞ্চনবত্যধিকদ্বিশততমঃ···' পি, '···সপ্তাধিকত্রিশততমঃ···' বা ব, 'অষ্টাধিকত্রিশততমঃ···' কা, '···নবাধিকত্রিশততমঃ·' নি।

তস্য ভার্য্যাভবদ্রাজন্! রূপেণাসদৃশী ভুবি।
রাধা নাম মহাভাগা ন সা পুত্রমবিন্দত ॥২॥
অপত্যার্থে পরং যত্নমকরোচ্চ বিশেষতঃ।
সা দদর্শাথ মঞ্জূষামুহ্যমানাং যদৃচ্ছয়া ॥৩॥
দত্তরক্ষাপ্রতিসরাং মাল্যালভনশোভিতাম্।
ঊর্ম্মীতরঙ্গৈর্জাহ্নব্যাঃ সমানীতামুপহ্বরম্ ॥৪॥ (যুগ্মকম্)
সা তাং কৌতূহলাৎ প্রাপ্তাং গ্রাহয়ামাস ভাবিনী।
ততো নিবেদয়ামাস সূতস্যাধিরথস্য বৈ ॥৫॥
স তামুদ্ধৃত্য মঞ্জূষামুৎসার্য্য জলমন্তিকাৎ।
যন্ত্রৈরুদ্‌ঘাটয়ামাস সোঽপশ্যত্তত্র বালকম্ ॥৬॥
তরুণাদিত্যসঙ্কাশং হৈমবর্ম্মধরং তথা।
মৃষ্টকুণ্ডলযুক্তেন বদনেন বিরাজতা ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্যেতি। অসদৃশী অতুলনীয়া। অবিন্দত অলভত ॥২॥

অপত্যেতি। সা রাধা, বিশেষতো বাহুল্যেন দেবপূজাদিভিঃ, অপত্যার্থে পুত্রলাভবিষয়ে পরং যত্নমকরোচ্চ। অথ যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া, স্রোতসা উহ্যমানাম্, দত্তো রক্ষায়ৈ প্রতিসরো লতাবিশেষমালা যস্যাং তাম্, অথ মাল্যালভনেন রক্ষার্থমেব সিন্দূরলেপনেন শোভিতাম্, জাহ্নব্যা ঊর্ম্মীতরঙ্গৈঃ প্রবলস্রোতোবেগাগততরঙ্গৈঃ, উপহ্বরং সমীপম্, সমানীতাং তাং মঞ্জূষাং দদর্শ। অভিধানমূহ্যম্ ॥৩—৪॥

সেতি। গ্রাহয়ামাস হস্তেন স্বগ্রাহ। স্বার্থে ইন্‌প্রত্যয় আর্ষঃ ॥৫॥

স ইতি। অন্তিকাজ্জলমুৎসার্য্য তন্মধ্যে হস্তচালনার্থমপসার্য্য। যন্ত্রৈঃ পিধানোদ্‌ঘাটনলৌহশলাকাবিশেষৈঃ। বদনেনোপলক্ষিতমিতি বিশেষণে তৃতীয়া ॥৬—৭॥

বৈশম্পায়ন বলিলেন—এই সময়েই ধৃতরাষ্ট্রের সখা 'অধিরথ—' নামে এক সারথি আপন ভার্য্যার সহিত গঙ্গায় গিয়াছিল ॥১॥

রাজা! তাহার সেই ভার্য্যাটীর রূপ ভূতলে অতুলনীয় ছিল এবং তাহার নাম ছিল—'রাধা'। সেই রাধার পুত্র ছিল না ॥২॥

অতএব রাধা বিশেষরূপে দেবার্চ্চনাপ্রভৃতিদ্বারা পুত্রলাভের জন্য গুরুতর যত্ন করিত। সেই রাধা দেখিল—ঈশ্বরেচ্ছাক্রমে গঙ্গার তরঙ্গ একটী পেটরাকে নিকটে আনিয়াছে; রক্ষার জন্য তাহাতে কুমুরিয়ালতা জড়ান আছে এবং সিন্দূর লেপা রহিয়াছে ॥৩—৪॥

তখন রাধা কৌতুকবশতঃ সেই পেটরাটীকে ধরিল এবং তাহা অধিরথকে জানাইল ॥৫॥

স সূতো ভার্য্যয়া সার্দ্ধং বিস্ময়োৎফুল্ললোচনঃ।
অঙ্কমারোপ্য তং বালং ভার্য্যাং বচনমব্রবীৎ ॥৮॥
ইদমত্যদ্ভুতং ভীরু! যতো জাতোঽস্মি ভাবিনি!।
দৃষ্টবান্ দেবগর্ভোঽয়ং মন্যেঽস্মাকমুপাগতঃ ॥৯॥
অনপত্যস্য পুত্রোঽয়ং দেবৈর্দত্তো ধ্রুবং মম।
ইত্যুক্ত্বা তং দদৌ পুত্রং রাধায়ৈ স মহীপতে! ॥১০॥
প্রতিজগ্রাহ তং রাধা বিধিবদ্দিব্যরূপিণম্।
পুত্রং কমলগর্ভাভং দেবগর্ভং শ্রিয়াবৃতম্ ॥১১॥
পুপোষ চৈনং বিধিবদ্ববৃধে স চ বীর্য্যবান্।
ততঃ প্রভৃতি চাপ্যন্যে প্রাভবন্নৌরসাঃ সুতাঃ ॥১২॥

ভারতকৌমুদী

স ইতি। সূতঃ অধিরথঃ, বিস্ময়েন উৎফুল্ললোচনো বিস্ফারিতনেত্রঃ ॥৮॥
ইদমিতি। যতঃ কালাৎ। তৎকালমধ্যে ইদমত্যদ্ভুতং দৃষ্টবান্। গর্ভঃ শিশুঃ ॥৯॥
অনেতি। অনপত্যস্য নিঃসন্তানস্য। ধ্রুবং নিশ্চিতম্ ॥১০॥
প্রতীতি। বিধিবৎ জননীনিয়মেন। দেবগর্ভং দেবশিশুমিব ॥১১॥

ভারতভাবদীপঃ

এতস্মিন্নিতি ॥১—৩॥ যত্নো মঞ্জুষাং প্রতিসরো দূর্বাকঙ্কণাদিরূপো যস্যাং তাম্, অবালক্ষনং কুঙ্কুমহস্তদানম্, উপহ্বরং সমীপম্ ॥৪—৫॥ উৎসার্য্য পরতো নীত্বা ॥৬—৮॥ যতো

তখন অধিরথ নিকটের জল সরাইয়া, সেই পেটরাটাকে তুলিয়া, লোহার শলা দিয়া তাহার ঢাকনি খুলিল, পরে তাহার ভিতরে দেখিল—নবীন সূর্য্যের ন্যায় তাম্রবর্ণ একটা বালক রহিয়াছে, তাহার গাত্রে স্বর্ণময় বর্ম এবং সুন্দর মুখমণ্ডলে দুইটা মার্জিত কুণ্ডল শোভা পাইতেছে ॥৬—৭॥

অধিরথ তখন ভার্য্যার সহিত বিস্ময়ে বিস্ফারিতনেত্র হইয়া সেই বালকটাকে কোলে লইয়া ভার্য্যাকে এই কথা বলিল—॥৮॥

ভীরু! ভাবিনি! আমার জন্ম হইতে এই একটাই অত্যাশ্চর্য্য ঘটনা দেখিলাম। আমি মনে করি—এটা দেববালক আমাদের নিকট আসিয়াছে ॥৯॥

আমি নিঃসন্তান কি না; তাই নিশ্চয়ই দেবতারা এই পুত্রটী আমাকে দিয়াছেন'। রাজা! এই কথা বলিয়া অধিরথ সেই পুত্রটা রাধার নিকট সমর্পণ করিল ॥১০॥

রাধাও পদ্মগর্ভসদৃশবর্ণ এবং দেবশিশুর ন্যায় কান্তিসম্পন্ন ও অলৌকিকরূপশালী সেই পুত্রটাকে যথানিয়মে গ্রহণ করিল ॥১১॥

বসুবর্ম্মধরং দৃষ্ট্বা তং বালং হেমকুণ্ডলম্।
নামাস্য বসুষেণেতি ততশ্চক্রুর্দ্বিজাতয়ঃ ॥১৩॥
এবং স সূতপুত্রত্বং জগামামিতবিক্রমঃ।
বসুষেণ ইতি খ্যাতো বৃষ ইত্যেব চ প্রভুঃ ॥১৪॥
সূতস্য ববৃধেঽঙ্গেষু জ্যেষ্ঠঃ পুত্রঃ স বীর্য্যবান্।
চারেণ বিদিতশ্চাসীৎ পৃথায়া দিব্যবর্ম্মভৃৎ ॥১৫॥
সূতস্ত্বধিরথঃ পুত্রং বিবৃদ্ধং সময়েন তম্।
দৃষ্ট্বা প্রস্থাপয়ামাস পুরং বারণসাহ্বয়ম্ ॥১৬॥
তত্রোপসদনং চক্রে দ্রোণস্যেষ্বস্ত্রকর্ম্মণি।
সখ্যং দুর্য্যোধনেনৈবমগমৎ স চ বীর্য্যবান্ ॥১৭॥

ভারতকৌমুদী

পুপোষেতি। অন্যে ঔরসাঃ সুতা অপি তয়োঃ প্রাভবন্নিতি সম্বন্ধঃ ॥১২॥
বস্বিতি। বসুবর্ম্মধরং স্বর্ণকবচধারিণম্, "বসু হাটকে চ" ইতি বিশ্বঃ ॥১৩॥
এবমিতি। বৃষ ইত্যেব চ নাম, বাল্যাদেব ধার্ম্মিকত্বাৎ। প্রভুর্বলপ্রভাববান্ ॥১৪॥
সূতস্যেতি। সূতস্য অধিরথস্য, অঙ্গেষু অঙ্গদেশে। চারেণ গুপ্তচরেণ ॥১৫॥
সূত ইতি। প্রস্থাপয়ামাস ধনুর্বেদশিক্ষার্থং প্রেরয়ামাস, বারণসাহ্বয়ং হস্তিনাম্ ॥১৬॥
তত্রেতি। উপসদনম্ অন্তেবাসিত্বম্, ইষ্বস্ত্রকর্ম্মণি ধনুর্বেদশিক্ষায়াম্ ॥১৭॥

এবং (বাড়ীতে নিয়া) যথানিয়মে তাহাকে পোষণ করিতে লাগিল; ক্রমে বালকটীও বৃদ্ধি পাইল এবং বলবান্ হইয়া উঠিল। আর তদবধি রাধা ও অধিরথের আরও কতকগুলি ঔরস পুত্র জন্মিল ॥১২॥

তাহার পর ব্রাহ্মণেরা সেই বালকটীর স্বর্ণময় কবচ ও কুণ্ডল দেখিয়া উহার নাম করিলেন—'বসুষেণ' ॥১৩॥

এইভাবে অমিতবিক্রম ও প্রভাবশালী কর্ণ সূতপুত্র হইয়াছিলেন এবং 'বসুষেণ—' ও 'বৃষ—' নামে প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন ॥১৪॥

দিব্যবর্ম্মধারী কর্ণ অঙ্গদেশে অধিরথের জ্যেষ্ঠপুত্র হইয়া বৃদ্ধি পাইয়াছেন এবং বলবান্ হইয়াছেন, এই ঘটনা কুন্তী গুপ্তচরদ্বারা জানিয়াছিলেন ॥১৫॥

সূত অধিরথ পুত্র কর্ণকে যথাকালে বিবৃদ্ধ দেখিয়া, অস্ত্রশিক্ষার জন্য তাঁহাকে হস্তিনানগরে পাঠাইয়া দিল ॥১৬॥

বলবান্ কর্ণ হস্তিনায় যাইয়া ধনুর্ব্বেদশিক্ষায় দ্রোণের শিষ্য হইলেন এবং সেই সুযোগে দুর্য্যোধনের সখ্য লাভ করিলেন ॥১৭॥

দ্রোণাৎ কৃপাচ্চ রামাচ্চ সোঽস্ত্রগ্রামং চতুর্বিধম্।
লব্ধ্বা লোকেঽভবৎ খ্যাতঃ পরমেষ্বাসতাং গতঃ ॥১৮॥
সন্ধায় ধার্ত্তরাষ্ট্রেণ পার্থানাং বিপ্রিয়ে রতঃ।
যোদ্ধুমাশংসতে নিত্যং ফাল্গুনেন মহাত্মনা ॥১৯॥
সদা হি তস্য স্পর্দ্ধাসীদর্জ্জুনেন বিশাংপতে!।
অর্জ্জুনস্য চ কর্ণেন যতো দৃষ্টো বভূব সঃ ॥২০॥
এতদ্গুহ্যং মহারাজ! সূর্য্যস্যাসীন্ন সংশয়ঃ।
যৎ সূর্য্যসম্ভবঃ কর্ণঃ কুন্ত্যাং সূতকুলে তদা ॥২১॥
তং তু কুণ্ডলিনং দৃষ্ট্বা বর্ম্মণা চ সমন্বিতম্।
অবধ্যং সমরে মত্বা পর্য্যতপ্যদ্যুধিষ্ঠিরঃ ॥২২॥

ভারতকৌমুদী

দ্রোণাদিতি। চতুর্বিধম্ আসন্ন-দূরাদৃশ্য-শব্দবেধ্য- শত্রুনাশকম্ ॥১৮॥
সন্ধায়েতি। আশংসতে ইচ্ছতি স্ম, ফাল্গুনেন অর্জ্জুনেন সহ ॥১৯॥
সদেতি। যতঃ কালাদর্জ্জুনেন স দৃষ্টঃ, ততঃ কালাদেব তস্যার্জ্জুনেন স্পর্দ্ধাসীৎ ॥২০॥
এতদিতি। কুন্ত্যাং সূর্য্যসম্ভবঃ কর্ণঃ তদা যৎ সূতকুলে অবসৎ, এতদ্গুহ্যম্ ॥২১॥

ভারতভাবদীপঃ

জাতোঽস্মি উৎপত্তিদিনাদারভ্যাস্ত্বৈবেদমভুতং দৃষ্টম্ ॥৯—১২॥ বসুবর্ম্ম স্বর্ণকবচম্ ॥১৩—১৬॥ অঙ্গেষু জনপদবিশেষেষু, উপসদনং গুরূপসদনম্ ॥১৭॥ পরমেষ্বাসতাং মহাধনুর্দ্ধরতাম্ ॥১৮—১৯॥ যতঃ কালে দৃষ্টঃ ॥২০—২৫॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৬৩॥

তিনি—দ্রোণ, কৃপ ও পরশুরাম হইতে চতুর্বিধ অস্ত্র লাভ করিয়া মহাধনুর্দ্ধর হইয়া জগতে বিখ্যাত হইলেন ॥১৮॥

এবং তিনি দুর্য্যোধনের সহিত মিলিত হইয়া, পাণ্ডবগণের অপ্রিয়াচরণে ব্যাপৃত থাকিয়া সর্ব্বদাই মহাত্মা অর্জ্জুনের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিতেন ॥১৯॥

নরনাথ! অর্জ্জুন যে সময়ে কর্ণকে প্রথম দেখিয়াছিলেন, তদবধিই অর্জ্জুনের সহিত কর্ণের এবং কর্ণের সহিত অর্জ্জুনের স্পর্দ্ধা জন্মিয়াছিল ॥২০॥

মহারাজ! কুন্তীর গর্ভে এবং সূর্য্যের ঔরসে জন্ম গ্রহণ করিয়া কর্ণ যে তখন সারথির বাড়ীতে বাস করিতেছিলেন, সেই বিষয়টাই কর্ণের নিকটে সূর্য্যের গোপনীয় ছিল ; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥২১॥

---

(২১)…যঃ সূর্য্যসম্ভবঃ কর্ণঃ…বা ব কা নি।

যদা চ কর্ণো রাজেন্দ্র! ভানুমন্তং দিবাকরম্।
স্তৌতি মধ্যন্দিনে প্রাপ্তে প্রাঞ্জলিঃ সলিলোত্থিতঃ ॥২৩॥
তত্রৈনমুপতিষ্ঠন্তি ব্রাহ্মণা ধনহেতুনা।
নাদেয়ং তস্য তৎকালে কিঞ্চিদস্তি দ্বিজাতিষু ॥২৪॥ (যুগ্মকম্)
তমিন্দ্রো ব্রাহ্মণো ভূত্বা ভিক্ষাং দেহীত্যুপস্থিতঃ।
স্বাগতঞ্চেতি রাধেয়স্তমথ প্রত্যভাষত ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে রাধাকর্ণপ্রাপ্তৌ ত্রিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——•:(*):•——

ভারতকৌমুদী

তমিতি। শক্রসখেন কর্ণেন সহাবশ্যং যুদ্ধং ভাবীতি সম্ভাব্যেত্যাশয়ঃ ॥২২॥

যদেতি। ভানুমন্তং তীব্রকিরণম্। উপতিষ্ঠন্তি আগচ্ছন্তি স্ম ॥২৩—২৪॥

পরাধ্যায়ং সূচয়িতুমাহ তমিতি। রাধেয়ঃ কর্ণঃ, রাধয়া পুত্রত্বেন গৃহীতত্বাৎ ॥২৫॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে ত্রিষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(:*:)———

যুধিষ্ঠির কর্ণকে স্বভাবতই কবচ ও কুণ্ডলধারী দেখিয়া তাঁহাকে যুদ্ধে অবধ্য মনে করিয়া পরিতপ্ত হইতেন ॥২২॥

রাজশ্রেষ্ঠ! কর্ণ যখন দ্বিতীয় প্রহরের সময়ে জল হইতে উঠিয়া কৃতাঞ্জলি হইয়া তীক্ষ্ণকিরণ সূর্য্যের স্তব করিতেন, সেই সময়ে ব্রাহ্মণেরা ধনপ্রার্থনার জন্য তাঁহার নিকট উপস্থিত হইতেন। তৎকালে ব্রাহ্মণদিগকে তাঁহার অদেয় কিছুই থাকিত না ॥২৩—২৪॥

তাহার পর একদিন ইন্দ্র ব্রাহ্মণের রূপ ধারণ করিয়া 'ভিক্ষা দিন' বলিয়া তাঁহার নিকট উপস্থিত হইলেন; তখন 'আপনার শুভাগমন হইয়াছে ত?' বলিয়া কর্ণ তাঁহার সম্ভাষণ করিলেন ॥২৫॥

———:•:———

(২৩) সদা তু কর্ণো রাজেন্দ্র!…পি। * '…ষষ্ঠ্যধিকদ্বিশততমঃ…' পি, '…অষ্টাধিকত্রিশততমঃ…' বা ব, '… নবাধিকত্রিশততমঃ…' কা, '…দশাধিকত্রিশততমঃ-' নি।

চতুঃষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—— :•: ——

বৈশম্পায়ন উবাচ।

দেবরাজমনুপ্রাপ্তং ব্রাহ্মণচ্ছদ্মনাবৃতম্।
দৃষ্ট্বা স্বাগতমিত্যাহ ন বুবোধাস্য মানসম্ ॥১॥
হিরণ্যকণ্ঠীঃ প্রমদা গ্রামান্ বা বহুগোকুলান্।
কিং দদানীতি তং বিপ্রমুবাচাধিরথিস্ততঃ ॥২॥

ব্রাহ্মণ উবাচ।

হিরণ্যকণ্ঠ্যঃ প্রমদা যচ্চান্যৎ প্রীতিবর্দ্ধনম্।
নাহং দত্তমিহেচ্ছামি তদর্থিভ্যঃ প্রদীয়তাম্ ॥৩॥
যদেতৎ সহজং বর্ম্ম কুণ্ডলে চ তবানঘ!।
এতদুৎকৃত্য মে দেহি যদি সত্যব্রতো ভবান্ ॥৪॥

ভারতকৌমুদী

দেবেতি। অনুপ্রাপ্তমুপস্থিতম্। মানসমভিপ্রায়ং ন বুবোধ কর্ণ ইতি শেষঃ ॥১॥
হিরণ্যেতি। বহুগোকুলান্ প্রচুরগোসমূহান্। আধিরথিঃ কর্ণঃ ॥২॥
হিরণ্যেতি। দত্তম্ এতৎ সর্ব্বং ত্বয়া দত্তং নেচ্ছামি ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—দেবরাজ ব্রাহ্মণবেশে উপস্থিত হইয়াছেন দেখিয়া কর্ণ তাঁহার নিকট স্বাগতপ্রশ্ন করিলেন, কিন্তু উঁহার অভিপ্রায় বুঝিলেন না ॥১॥

তাহার পর তিনি সেই ব্রাহ্মণকে বলিলেন—'স্বর্ণমালালঙ্কৃত রমণী, গ্রাম, বা বহুতর গরু, ইহার মধ্যে আপনাকে কি দিব?' ॥২॥

ব্রাহ্মণ বলিলেন—'স্বর্ণমালালঙ্কৃত রমণী বা অন্য যাহা প্রীতিবর্দ্ধক আছে, তাহা আপনি দান করেন ইহা আমি ইচ্ছা করি না; সেগুলি আপনি অন্য প্রার্থীদিগকে দিন ॥৩॥

কিন্তু নিষ্পাপ কর্ণ! আপনি যদি সত্যপরায়ণ হন, তাহা হইলে আপনার এই যে স্বাভাবিক কবচ ও কুণ্ডল রহিয়াছে, ইহা ছেদন করিয়া আমাকে দিন' ॥৪॥

---

(৩) শ্লোকাৎ পরম্ 'এতদিচ্ছাম্যহং ক্ষিপ্রং ত্বয়া দত্তং পরন্তপ।। এষ মে সর্ব্বলাভানাং লাভঃ পরমকো মতঃ ॥' ইতি প্রাচ্যেশ পূর্ব্বসমানার্থঃ শ্লোকঃ—বা ব কা নি।

কর্ণ উবাচ।

অবনিং প্রমদা গাশ্চ নিবাসং বহুবার্ষিকম্।
তত্তে বিপ্র! প্রদাস্যামি ন তু বর্ম্ম সকুণ্ডলম্ ॥৫॥

বৈশম্পায়ন উবাচ।

এবং বহুবিধৈর্বাক্যৈর্যাচ্যমানঃ স তু দ্বিজঃ।
কর্ণেন ভরতশ্রেষ্ঠ! নান্যং বরমযাচত ॥৬॥
যদা নান্যং প্রবৃণুতে বরং বৈ দ্বিজসত্তমঃ।
তদৈনমব্রবীদ্ভূয়ো রাধেয়ঃ প্রহসন্নিব ॥৭॥
সহজং বর্ম্ম মে বিপ্র! কুণ্ডলে চামৃতোদ্ভবে।
তেনাবধ্যোঽস্মি লোকেষু ততো নৈতজ্জহাম্যহম্ ॥৮॥
বিশালং পৃথিবীরাজ্যং ক্ষেমং নিহতকণ্টকম্।
প্রতিগৃহ্লীষ মত্তস্ত্বং সাধু ব্রাহ্মণপুঙ্গব! ॥৯॥

ভারতকৌমুদী

যদিতি। কুণ্ডলে কুণ্ডলদ্বয়ম্। উৎকৃত্য ছিত্বা, সত্যব্রতঃ সত্যনিরতঃ ॥৪॥
অবনিমিতি। নিবাসমস্মদ্‌গৃহে স্থিতিম্। তৎ সর্ব্বম্ ॥৫॥
এবমিতি। যাচ্যমানঃ অভ্যর্থ্যমানঃ। বরং বরণীয়ং বস্তু ॥৬॥
যদেতি। বরমভীষ্টম্। প্রহসন্নিব, কৌতুকোদয়াদিতি ভাবঃ ॥৭॥
সহজমিতি। কুণ্ডলে চ সহজে। জহামি ত্যজামি ॥৮॥
বিশালমিতি। পৃথিবীরাজ্যং বিজয়েন ময়া লব্ধমিত্যাশয়ঃ। মত্তো মম সকাশাৎ ॥৯॥

কর্ণ বলিলেন—'ভূমি, রমণী, গরু, বা বহুবৎসর বাস, এই সকলই আপনাকে দিতে পারি, কিন্তু কবচ ও কুণ্ডল নহে ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতশ্রেষ্ঠ! কর্ণ এইরূপ বহুতর বাক্যদ্বারা অনুরোধ করিলেও সে ব্রাহ্মণ অন্য বস্তু প্রার্থনা করিলেন না ॥৬॥

ব্রাহ্মণ যখন অন্য বস্তু প্রার্থনা করিলেন না, তখন কর্ণ হাসিতে হাসিতেই যেন পুনরায় তাঁহাকে বলিলেন—॥৭॥

ব্রাহ্মণ! আমার বর্ম্ম ও কুণ্ডল অমৃত হইতে উৎপন্ন এবং সহজাত; তাহাতেই আমি জগতে অবধ্য হইয়াছি। সুতরাং আমি ইহা ত্যাগ করিতে পারি না ॥৮॥

(৫)…নিবাসং বহুবার্ষিকম্…বা ব কা নি। (৬) শ্লোকাৎ পরম্ 'সান্ত্বিতশ্চ যথাশক্তি পূজিতশ্চ যথাবিধি। ন চান্যং স দ্বিজশ্রেষ্ঠঃ কাময়ামাস বৈ বরম্।' অয়মপি পূর্বসমানার্থঃ শ্লোকঃ…বা ব কা নি।

কুণ্ডলাভ্যাং বিমুক্তোঽহং বর্ম্মণা সহজেন চ।
গমনীয়ো ভবিষ্যামি শত্রূণাং দ্বিজসত্তম ! ॥১০॥

বৈশম্পায়ন উবাচ।

যদা নান্যং বরং বব্রে ভগবান্ পাকশাসনঃ।
ততঃ প্রহস্য কর্ণস্তং পুনরিত্যব্রবীদ্বচঃ ॥১১॥
বিদিতো দেবদেবেশ ! প্রাগেবাসি মম প্রভো ! ।
ন তু ন্যায্যং ময়া দাতুং তব শক্র ! বৃথা বরম্ ॥১২॥
ত্বং হি দেবেশ্বরঃ সাক্ষাত্ত্বয়া দেয়ো বরো মম।
অন্যেষাঞ্চৈব ভূতানামীশ্বরো হ্যসি ভূতকৃৎ ॥১৩॥
যদি দাস্যামি তে দেব ! কুণ্ডলে কবচং তথা।
বধ্যতামুপযাস্যামি ত্বঞ্চ শক্রাবহাস্যতাম্ ॥১৪॥

ভারতকৌমুদী

কুণ্ডলাভ্যামিতি। গমনীয়ো বশতাং নেয়ঃ ॥১০॥
যদেতি। পাকশাসনো ব্রাহ্মণবেশধারী ইন্দ্রঃ ॥১১॥
বিদিত ইতি। প্রাগেব ত্বমে সূর্য্যসমীপাদিতি ভাবঃ। বৃথা বরং নিষ্ফলম্ ॥১২॥
ত্বমিতি। ঈশ্বরো নিয়ন্তা, ভূতকৃৎ পরিপালনেন ॥১৩॥
যদীতি। হে শক্র ! ত্বঞ্চ সর্বেষামবহাস্যতামুপযাস্যসীত্যর্থঃ, অন্যায়েন গ্রহণাৎ ॥১৪॥

অতএব ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আপনি আমার নিকট হইতে সম্যক্‌রূপে বিশাল, নিষ্কণ্টক ও মঙ্গলময় পৃথিবীর রাজ্য গ্রহণ করুন ॥৯॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আমি সহজাত কুণ্ডল ও কবচ-বিহীন হইলে শত্রুগণের বশীভূত হইব' ॥১০॥

বৈশম্পায়ন বলিলেন—ভগবান্ (ব্রাহ্মণরূপী) ইন্দ্র যখন অন্য বর প্রার্থনা করিলেন না, তখন কর্ণ হাস্য করিয়া পুনরায় তাঁহাকে এই কথা বলিলেন—॥১১॥

প্রভু দেবাধিদেব ইন্দ্র ! আমি আপনাকে পূর্ব্বেই জানিয়াছি। সুতরাং আপনাকে নিষ্ফল বর দেওয়া আমার উচিত নহে ॥১২॥

আপনি দেবগণের ও অন্য প্রাণিগণের অধীশ্বর এবং লোকপালক সাক্ষাৎ ইন্দ্র ; সুতরাং আপনারও আমাকে বর দেওয়া উচিত ॥১৩॥

দেব ! আমি যদি আপনাকে কবচ ও কুণ্ডল দান করি, তবে আমি শত্রুর বধ্য হইব, আপনিও লোকের উপহাস্য হইবেন ॥১৪॥

তস্মাদ্বিনিময়ং কৃত্বা কুণ্ডলে বর্ম্ম চোত্তমম্।
হরস্ব শক্র! কামং মে ন দদ্যামহমন্যথা ॥১৫॥

শক্র উবাচ।

বিদিতোঽহং রবেঃ পূর্ব্বমায়ানেব তবান্তিকম্।
তেন তে সর্ব্বমাখ্যাতমেবমেতন্ন সংশয়ঃ ॥১৬॥
কামমস্তু তথা তাত! তব কর্ণ! যথেচ্ছসি।
বর্জ্জয়িত্বা তু মে বজ্রং প্রবৃণীষ যথেচ্ছসি ॥১৭॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কর্ণঃ প্রহৃষ্টস্তমুপসঙ্গম্য বাসবম্।
অমোঘাং শক্তিমভ্যেত্য বব্রে সম্পূর্ণমানসঃ ॥১৮॥

কর্ণ উবাচ।

বর্ম্মণা কুণ্ডলাভ্যাঞ্চ শক্তিং মে দেহি বাসব!।
অমোঘাং শত্রুসংঘানাং ঘাতিনীং পৃতনামুখে ॥১৯॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। বিনিময়ং দ্রব্যান্তরেণ পরিবর্ত্তনম্। কামং যথেচ্ছম্ ॥১৫॥
বিদিত ইতি। অহং তবান্তিকম্, আয়ান্ আগচ্ছন্নেব পূর্ব্বং রবেবিদিতঃ ॥১৬॥
কামমিতি। কামমিত্যনুমতৌ, "কামকামমতৌ স্বতম্" ইত্যাদি মেদিনী ॥১৭॥
তত ইতি। উপসঙ্গম্য তদাসন্নীভূয়। অভ্যেত্য তদুক্তিমঙ্গীকৃত্য ॥১৮॥
বর্ম্মণেতি। বর্ম্মণা কুণ্ডলাভ্যাঞ্চ তদুভয়বিনিময়েন। পৃতনামুখে সেনামুখে ॥১৯॥

অতএব দেবরাজ! আপনার ইচ্ছা হইলে আপনি কোন বস্তুর বিনিময়ে আমার উত্তম কবচ ও কুণ্ডল গ্রহণ করুন; অন্যথা আমি উহা দিব না' ॥১৫॥

ইন্দ্র বলিলেন—'আমি তোমার নিকট আসিবার পূর্ব্বেই সূর্য্য তাহা জানিয়াছিলেন; সুতরাং তিনিই তোমার নিকট এইরূপ ইহা বলিয়াছেন। এবিষয়ে কোন সন্দেহ নাই ॥১৬॥

সে যাহা হউক; বৎস কর্ণ! তুমি যাহা ইচ্ছা কর, তাহাই হউক। সুতরাং আমার বজ্র ব্যতীত তোমার যাহা ইচ্ছা, তাহাই গ্রহণ কর' ॥১৭॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর কর্ণ মনোরথ পূর্ণ হওয়ায় সন্তুষ্ট হইয়া ইন্দ্রের বাক্যে অনুমোদন করিয়া তাঁহার নিকট যাইয়া তাঁহার অব্যর্থ শক্তি প্রার্থনা করিলেন ॥১৮॥

(১৬)...আগতাজ্ঞ তবান্তিকে· পি। (১৮) ততঃ কর্ণঃ প্রহৃষ্টস্ত···বা ব কা।

ততঃ সঞ্চিন্ত্য মনসা মুহূর্ত্তমিব বাসবঃ।
শক্ত্যর্থং পৃথিবীপাল! কর্ণং বাক্যমথাব্রবীৎ ॥২০॥
কুণ্ডলে মে প্রযচ্ছস্ব বর্ম্ম চৈব শরীরজম্।
গৃহাণ শক্তিং কর্ণ! ত্বমনেন সময়েন চ ॥২১॥
অমোঘা হন্তি শতশঃ শত্রূন্ মম করচ্যুতা।
পুনশ্চ পাণিমভ্যেতি মম দৈত্যান্ বিনিঘ্নতঃ ॥২২॥
সেয়ং তব করপ্রাপ্তা হত্বৈকং রিপুমূর্জ্জিতম্।
গর্জ্জন্তং প্রতপন্তঞ্চ মামেবৈষ্যতি সূতজ! ॥২৩॥

কর্ণ উবাচ।

একমেবাহমিচ্ছামি রিপুং হন্তুং মহাহবে।
গর্জ্জন্তং প্রতপন্তঞ্চ যতো মম ভয়ং ভবেৎ ॥২৪॥

ভারতকৌমুদী

তত ইতি। শক্ত্যর্থং সঞ্চিন্ত্যেত্যন্বয়ঃ। বাসব ইন্দ্রঃ ॥২০॥
কুণ্ডলে ইতি। শক্তিং নাম মমাস্ত্রবিশেষম্। সময়েন নিয়মেন ॥২১॥
তস্যাঃ শক্তেঃ শক্তিমাহ অমোঘেতি। সা শক্তিরিতি শেষঃ ॥২২॥
সময়মাহ সেতি। ঊর্জ্জিতং বলবন্তম্। প্রতপন্তং স্বপক্ষসংহারেণ ব্যথয়ন্তম্ ॥২৩॥
একমিতি। রিপুম্ অর্জ্জুনমিত্যাশয়ঃ, মহাহবে মহাযুদ্ধে ॥২৪॥

কর্ণ বলিলেন—'দেবরাজ! আমার কবচ ও কুণ্ডলের পরিবর্তে সৈন্যসম্মুখে শত্রুসমূহনাশিনী আপনার অব্যর্থ শক্তি আমাকে দান করুন' ॥১৯॥

রাজা! তাহার পর ইন্দ্র মুহূর্ত্তকালই যেন মনে মনে শক্তির বিষয় চিন্তা করিয়া পরে কর্ণকে এই কথা বলিলেন—॥২০॥

'কর্ণ! তুমি তোমার সহজাত কবচ ও কুণ্ডল দান কর এবং এই নিয়মে আমার শক্তি গ্রহণ কর ॥২১॥

আমি যখন অসুর বধ করি, তখন এই অব্যর্থ শক্তি আমার হস্তচ্যুত হইয়া শত শত শত্রু সংহার করে, পুনরায় আমারই হস্তে আগমন করে ॥২২॥

কর্ণ! আমার এই সেই শক্তি তোমার হাতে যাইয়া গর্জন ও সন্তাপকারী বলবান্ একজনমাত্র শত্রুকে বধ করিয়া পুনরায় আমারই নিকটে আসিবে' ॥২৩॥

কর্ণ বলিলেন—'আমার যাহা হইতে ভয় হয়, গর্জন ও সন্তাপকারী সেই একজনমাত্র শত্রুকেই আমি মহাযুদ্ধে বধ করিতে ইচ্ছা করি' ॥২৪॥

ইন্দ্র উবাচ।

একং হনিষ্যসি রিপুং গর্জ্জন্তং বলিনং রণে।
ত্বন্তু যং প্রার্থয়স্যেকং রক্ষ্যতে স মহাত্মনা ॥২৫॥
যমাহুর্বেদবিদ্বাংসো বরাহমজিতং হরিম্।
নারায়ণমচিন্ত্যঞ্চ তেন কৃষ্ণেন রক্ষ্যতে ॥২৬॥

কর্ণ উবাচ।

এবমপ্যস্তু ভগবন্নেকবীরবধে মম।
অমোঘাং দেহি মে শক্তিং যয়া হন্যাং প্রতাপিনম্ ॥২৭॥
উৎকৃত্য তু প্রদাস্যামি কুণ্ডলে কবচঞ্চ তে।
নিকৃত্তেষু তু গাত্রেষু ন মে বীভৎসতা ভবেৎ ॥২৮॥

ইন্দ্র উবাচ।

ন তে বীভৎসতা কর্ণ! ভবিষ্যতি কথঞ্চন।
ব্রণশ্চৈব ন গাত্রেষু যত্ত্বং নানৃতমিচ্ছসি ॥২৯॥

ভারতকৌমুদী

একমিতি। মহাংশ্চাসৌ আত্মা চেতি তেন পরমাত্মস্বরূপেণেত্যর্থঃ ॥২৫॥
অথ কোঽসৌ মহাত্মেত্যাহ যমিতি। বরাহং তদ্রূপেণ পৃথিব্যুদ্ধারকম্ ॥২৬॥
এবমিতি। একবীরবধে তদ্বিষয়ে। প্রতাপিনং ভীমং যং কঞ্চিদন্যং বা ॥২৭॥
উদিতি। উৎকৃত্য ছিত্ত্বা। নিকৃত্তেষু ছিন্নেষু। বীভৎসতা আকৃতের্বিকৃতিঃ ॥২৮॥

ইন্দ্র বলিলেন—'কর্ণ! তুমি যুদ্ধে গর্জনকারী বলবান্ একজন শত্রুকে বধ করিবে বটে, তবে তুমি যাহার বিষয় প্রার্থনা করিতেছ, তাহাকে পরমাত্মাই রক্ষা করেন ॥২৫॥

বেদবিদ্বান্ লোকেরা যাঁহাকে বরাহ, অজিত, হরি ও অচিন্তনীয় নারায়ণ বলেন, সেই কৃষ্ণই তাহাকে রক্ষা করেন' ॥২৬॥

কর্ণ বলিলেন—'হউক না এইরূপ; কিন্তু ভগবন্! আমার একজনমাত্র-বীর-শত্রু-বধের জন্য আমাকে অব্যর্থ শক্তি দান করুন, যাহাদ্বারা আমি প্রতাপশালী শত্রুকে বধ করিতে পারি ॥২৭॥

কিন্তু দেবরাজ! আমি কবচ ও কুণ্ডল ছেদন করিয়া আপনাকে দিব বটে, তবে অঙ্গচ্ছেদন করায় আমার যেন আকৃতির কোন বিকৃতি না হয়' ॥২৮॥

---

(২৬)···বরাহমপরাজিতম্···বা ব কা মি।

যাদৃশস্তে পিতুর্বর্ণস্তেজশ্চ বদতাং বর !।
তাদৃশেনৈব বর্ণেন ত্বং কর্ণ ! ভবিতা পুনঃ ॥৩০॥
বিদ্যমানেষু শস্ত্রেষু যদ্যমোঘামসংশয়ে।
প্রমত্তো মোক্ষ্যসে বাপি ত্বয্যেবৈষা পতিষ্যতি ॥৩১॥

কর্ণ উবাচ।

সংশয়ং পরমং প্রাপ্য বিমোক্ষ্যে বাসবীমিমাম্।
যথা মামাত্থ শক্র ! ত্বং সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৩২॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ শক্তিং প্রজ্বলিতাং প্রতিগৃহ্য বিশাংপতে !।
শস্ত্রং গৃহীত্বা নিশিতং সর্বগাত্রাণ্যকৃন্তত ॥৩৩॥

ভারতকৌমুদী

নেতি। ব্রণঃ ক্ষতম্। অনৃতং মিথ্যা, বক্তুং ব্যবহর্ত্তুং বেতি শেষঃ ॥২৯॥

যাদৃশ ইতি। পিতুঃ সূর্য্যস্যেতি ইন্দ্রাভিপ্রায়ঃ, অধিরথস্যেতি চ কর্ণেন বুদ্ধম্ ॥৩০॥

বিদ্যেতি। অস্ত্রেষু শস্ত্রেষু বিদ্যমানেষু, অসংশয়ে জীবনাসন্দেহে বা, স্বয়ং বাপি প্রমত্তঃ অসাবধানঃ সন্, এনামমোঘাং শক্তিং যদি মোক্ষ্যসে, তদৈষা ত্বয্যেব পতিষ্যতি ॥৩১॥

সংশয়মিতি। বাসবীমৈন্দ্রীম্। আত্থ ব্রবীষি ॥৩২॥

তত ইতি। প্রতিগৃহ্য ইন্দ্রাদিতি শেষঃ। অকৃন্তত কবচকুণ্ডলদানায় অচ্ছিনৎ ॥৩৩॥

ইন্দ্র বলিলেন—'কর্ণ ! তুমি যখন মিথ্যা বলিতে বা ব্যবহার করিতে ইচ্ছা কর না, তখন তোমার অঙ্গে কোনপ্রকার বিকৃতি বা ক্ষত হইবে না ॥২৯॥

বাগ্মিশ্রেষ্ঠ কর্ণ ! তোমার পিতার যেমন বর্ণ ও তেজ রহিয়াছে, তোমারও তেমনই বর্ণ ও তেজ আবার হইবে ॥৩০॥

তবে, অন্য অস্ত্র বিদ্যমান থাকিতে, কিংবা প্রাণসংশয় না হইলে, অথবা নিজে অসাবধান হইয়া যদি এই অব্যর্থ শক্তি নিক্ষেপ কর, তাহা হইলে ইহা তোমার উপরেই আসিয়া পড়িবে' ॥৩১॥

কর্ণ বলিলেন—'দেবরাজ ! আপনি আমাকে যেরূপ বলিলেন, তাহাতে আমি অত্যন্ত প্রাণসংশয়স্থলেই এই ঐন্দ্রী শক্তি নিক্ষেপ করিব ; ইহা আপনার নিকট আমি সত্য বলিলাম' ॥৩২॥

বৈশম্পায়ন বলিলেন—নরনাথ ! তাহার পর কর্ণ ইন্দ্রের নিকট হইতে সেই উজ্জ্বল শক্তি গ্রহণ করিয়া সুধার অস্ত্র লইয়া নিজের সমস্ত অঙ্গ ছেদন করিতে লাগিলেন ॥৩৩॥

ততো দেবা মানবা দানবাশ্চ নিকৃন্তন্তং কর্ণমাত্মানমেবম্ ।
দৃষ্ট্বা সর্ব্বে সিংহনাদান্ প্রণেদুর্ন হ্যস্যাসীন্মুখজো বৈ বিকারঃ ॥৩৪॥
ততো দিব্যা দুন্দুভয়ঃ প্রণেদুঃ পপাতোচ্চৈঃ পুষ্পবর্ষঞ্চ দিব্যম্ ।
দৃষ্ট্বা কর্ণং শস্ত্রসংকৃত্তগাত্রং মুহুশ্চাপি স্ময়মানং নৃবীরম্ ॥৩৫॥
ততশ্ছিত্ত্বা কবচং দিব্যমঙ্গাত্তথৈবার্দ্রং প্রদদৌ বাসবায় ।
তথোৎকৃত্য প্রদদৌ কুণ্ডলে তে কর্ণাত্তস্মাৎ কর্ম্মণা তেন কর্ণঃ ॥৩৬॥
ততঃ শক্রঃ প্রহসন্ বঞ্চয়িত্বা কর্ণং লোকে যশসা যোজয়িত্বা ।
কৃতং কার্য্যং পাণ্ডবানাং হি মেনে ততঃ পশ্চাদ্দিবমেবোৎপপাত ॥৩৭॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রণেদুর্বিস্ময়েন চক্রুঃ। অস্য কর্ণস্য মুখজোঽপি বিকারো নাসীৎ দৃঢ়ত্বাৎ ॥৩৪॥
তত ইতি। উচ্চৈরূর্দ্ধাৎ। শস্ত্রেণ সংকৃত্তানি ছিন্নানি গাত্রাণি যেন তম্ ॥৩৫॥
তত ইতি। উৎকৃত্য ছিত্ত্বা। কর্ণাৎ শ্রবণযুগলাৎ। তেন কর্ম্মণা কর্ণযুগলতঃ কুণ্ডল-যুগলচ্ছেদনব্যাপারেণ হেতুনা, নাম্না কর্ণো বভূবেতি শেষঃ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

দেবরাজমিতি ॥১—৪॥ অবনিং গৃহার্থং নিবাপং শ্রাদ্ধং যৎ। বীজমস্মিন্নিতি ক্ষেত্রং বহুবার্ষিকং যাবজ্জীবিকবৃত্তিরূপম্ ॥৫—৮॥ গমনীয়ো বধ্যঃ ॥৯—১৫॥ আয়াসেব আগচ্ছন্নেব ॥১৬—৩৫॥ কৃণত্তি হিনস্তি কৃন্ততি ছিনত্তি বা অজ্ঞানীতি কর্ণ ইত্যর্থঃ ॥৩৬—৪১॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥২৬৪॥

তাহার পর সকল দেবতা, মনুষ্য ও দানব কর্ণকে এইভাবে আপন অঙ্গ ছেদন করিতে দেখিয়া বিস্ময়ে সিংহনাদ করিয়া উঠিলেন; কিন্তু কর্ণের তাহাতে একটু মুখবিকারও হইল না ॥৩৪॥

তদনন্তর কর্ণ আপন অঙ্গ ছেদন করিয়াও অনবরত হাস্য করিতেছেন ইহা দেখিয়া স্বর্গীয় দুন্দুভিধ্বনি হইতে লাগিল এবং উপর হইতে স্বর্গীয় পুষ্পবৃষ্টি পড়িতে থাকিল ॥৩৫॥

সূতপুত্র আপন অঙ্গ হইতে ছেদন করিয়া দিব্য কবচটী আর্দ্র অবস্থাতেই ইন্দ্রকে দিলেন এবং কর্ণযুগল হইতে ছেদন করিয়া কুণ্ডল দুইটীও তাঁহাকে দান করিলেন। সেই কার্য্যদ্বারাই তদবধি তাঁহার নাম হইল—'কর্ণ' ॥৩৬॥

তাহার পর ইন্দ্র কর্ণকে বঞ্চনা করিয়াও তাঁহাকে জগতে যশস্বী করিয়া হাস্য করতঃ পাণ্ডবগণের কার্য্য করিয়াছেন বলিয়া মনে করিলেন, পরে আকাশেই উঠিয়া গেলেন ॥৩৭॥

শ্রুত্বা কর্ণং মুষিতং ধার্ত্তরাষ্ট্রা দীনাঃ সর্ব্বে ভগ্নদর্পা ইবাসন্।
তাঞ্চাবস্থাং গমিতং সূতপুত্রং শ্রুত্বা পার্থা জহৃষুঃ কাননস্থাঃ ॥৩৮॥

জনমেজয় উবাচ।

কস্থা বীরাঃ পাণ্ডবাস্তে বভূবুঃ কুতশ্চৈতে শ্রুতবন্তঃ প্রিয়ং তৎ।
কিং বাঽকার্ষুর্দ্বাদশাব্দে ব্যতীতে তন্মে সর্ব্বং ভগবান্ ব্যাকরোতু ॥৩৯॥

বৈশম্পায়ন উবাচ।

লব্ধ্বা কৃষ্ণাং সৈন্ধবং দ্রাবয়িত্বা বিপ্রৈঃ সার্দ্ধং কাম্যকাদাশ্রমাত্তে।
মার্কণ্ডেয়াচ্ছ্রুতবন্তঃ পুরাণং দেবর্ষীণাং চরিতং বিস্তরেণ ॥৪০॥
প্রত্যাজগ্মুঃ সরথাঃ সানুযাত্রাঃ সর্বৈঃ সার্দ্ধং সূতপৌরোগবৈশ্চ।
ততঃ পুণ্যং দ্বৈতবনং নৃবীরা নিস্তীর্য্যোগ্রং বনবাসং সমগ্রম্ ॥৪১॥

(যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে কবচকুণ্ডলদানে চতুঃষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। পাণ্ডবানাং কার্য্যং প্রয়োজনং কৃতং মেনে, কর্ণস্য বধ্যত্বসম্ভবাৎ ॥৩৭॥

শ্রুত্বেতি। মুষিতং চোরিতম্ ইন্দ্রেণাপহৃতকবচকুণ্ডলমিত্যর্থঃ ॥৩৮॥

কেতি। কস্থাঃ কুত্র স্থিতাঃ। ব্যাকরোতু বিস্তরেণ ব্রবীতু ॥৩৯॥

লব্ধ্বেতি। কৃষ্ণাং দ্রৌপদীম্, সৈন্ধবং জয়দ্রথম্, দ্রাবয়িত্বা পরাভূয়। দেবাশ্চ ঋষয়শ্চ তেষাম্। সূতপৌরোগবৈঃ সারথিপাকাধ্যক্ষৈঃ। নৃবীরাঃ পাণ্ডবাঃ ॥৪০—৪১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি কুণ্ডলাহরণে চতুঃষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥

এদিকে কর্ণের কবচ ও কুণ্ডল অপহৃত হইয়াছে শুনিয়া ধৃতরাষ্ট্রের পুত্রেরা সকলেই বিষণ্ণ ও ভগ্নদর্পের ন্যায় হইলেন; আর কর্ণের সেই অবস্থা হইয়াছে শুনিয়া পাণ্ডবেরা বনে থাকিয়াই আনন্দিত হইলেন ॥৩৮॥

জনমেজয় বলিলেন—'বীর পাণ্ডবেরা তখন কোথায় ছিলেন এবং কোথা হইতেই বা সেই প্রিয় সংবাদ শুনিয়াছিলেন; আর দ্বাদশ বৎসর অতীত হইলে পরই বা তাঁহারা কি করিয়াছিলেন, সেই সকল বৃত্তান্ত আপনি আমার নিকট বিস্তরক্রমে বলুন' ॥৩৯॥

বৈশম্পায়ন বলিলেন—মহাবীর পাণ্ডবেরা জয়দ্রথকে পরাভূত করিয়া

---

* '...সপ্তনবত্যধিকদ্বিশততমঃ...' পি, '...নবাধিকত্রিশততমঃ...' বা ব, '...দশাধিকত্রিশততমঃ...' কা, '...একাদশাধিকত্রিশততমঃ...' নি।

পঞ্চষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—:•:—

বৈশম্পায়ন উবাচ। *

অম্বুভুক্তাঃ ফলাহারাঃ সর্ব এব মিতাশনাঃ।
ন্যবসন্ পাণ্ডবাস্তত্র কৃষ্ণয়া সহ ভার্য্যয়া ॥১॥
ব্রাহ্মণার্থে পরাক্রান্তা ধর্ম্মাত্মানো যতব্রতাঃ।
ক্লেশমার্চ্ছন্তি বিপুলং সুখোদর্কং পরন্তপাঃ ॥২॥

ভারতকৌমুদী

অম্বিতি। মিতাশনাশ্চিরমিতভোজিনঃ সর্ব্ব এব পাণ্ডবাঃ, ফলাহারা ফলাহরণকারিণঃ সন্তঃ, অম্বুভুক্তাঃ পশ্চাত্তান্যেব ফলানি ভুক্তবন্তশ্চ সন্তঃ, "ভুক্তা ব্রাহ্মণাঃ, পীতা গাবঃ" ইত্যাদিবৎ কর্ত্তরি ক্তঃ ভার্য্যয়া কৃষ্ণয়া সহ তত্র দ্বৈতবনে অবশিষ্টং কালং ন্যবসন্ ।১।

ব্রাহ্মণেতি। আর্চ্ছন্তি মৃগয়াদিনা প্রাপ্নবন্তি স্ম, সুখোদর্কং সুখোত্তরফলকম্ ।২।

দ্রৌপদীকে আনয়নপূর্ব্বক মার্কণ্ডেয়মুনির নিকট বিস্তরক্রমে দেবগণ ও ঋষিগণের প্রাচীন চরিত্র শ্রবণ করিয়া এবং ভয়ঙ্কর সমস্ত বনবাসকাল অতিক্রম করিয়া ব্রাহ্মণগণ, অনুচরগণ, সারথিগণ ও পাকাধ্যক্ষগণের সহিত রথারোহণে কাম্যকবনের আশ্রম হইতে পবিত্র দ্বৈতবনে প্রত্যাগমন করিলেন ॥৪০—৪১॥

—:০:—

বৈশম্পায়ন বলিলেন—চির-পরিমিতভোজী পাণ্ডবেরা সকলেই ফল আহরণপূর্ব্বক তাহা ভোজন করিয়াই ভার্য্যা দ্রৌপদীর সহিত সেই দ্বৈতবনে বনবাসের অবশিষ্ট কাল বাস করিতে লাগিলেন ।১।

পরাক্রমী, শত্রুসন্তাপী, ধর্ম্মাত্মা ও ব্রতপরায়ণ পাণ্ডবেরা ব্রাহ্মণদের জন্য

---

* ইতঃ পূর্ব্বম্ 'জনমেজয় উবাচ। এবং হৃতায়াং ভার্য্যায়াং প্রাপ্য ক্লেশমনুত্তমম্। প্রতিপদ্য ততঃ কৃষ্ণাং কিমকুর্ব্বত পাণ্ডবাঃ॥ বৈশম্পায়ন উবাচ। এবং হৃতায়াং কৃষ্ণায়াং প্রাপ্য ক্লেশমনুত্তমম্। বিহায় কাম্যকং রাজা সহ ভ্রাতৃভিরচ্যুতঃ। পুনর্দ্বৈতবনং রম্যমাজগাম যুধিষ্ঠিরঃ। স্বাদুমূলফলং রম্যং বিচিত্রবহুপাদপম্॥' ইতি পূর্ব্বাধ্যায়শেষশ্লোকত্রয়সমানার্থকমধিকং শ্লোকত্রয়ম্—বা ব কা নি। (১) শ্লোকাৎ পরম্—'বসন্ দ্বৈতবনে রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ। ভীমসেনার্জ্জুনশ্চৈব মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ।" অয়মপ্যধিকঃ শ্লোকঃ—ব কা নি।

অরণীসহিতং মন্থং ব্রাহ্মণস্য তপস্বিনঃ।
মৃগস্য ঘর্ষমাণস্য বিষাণে সমসজ্জত ॥৩॥
তদাদায় গতো রাজন্! ত্বরমাণো মহামৃগঃ।
আশ্রমান্তরিতঃ শীঘ্রং প্লবমানো মহাজবঃ ॥৪॥
হ্রিয়মাণন্তু তং দৃষ্ট্বা স বিপ্রঃ কুরুসত্তম!।
ত্বরিতোঽভ্যাগমত্তত্র অগ্নিহোত্রপরীপ্সয়া ॥৫॥
অজাতশত্রুমাসীনং ভ্রাতৃভিঃ সহিতং বনে।
আগম্য ব্রাহ্মণস্তূর্ণং সন্তপ্তশ্চেদমব্রবীৎ ॥৬॥

ভারতকৌমুদী

অরণীতি। কস্যচিত্তপস্বিনো ব্রাহ্মণস্য, অরণী অগ্ন্যুৎপাদনকাষ্ঠং তৎসহিতম্, মন্থং তন্মথনদণ্ডম্, ঘর্ষমাণস্য শৃঙ্গেণ চালয়তঃ, কস্যচিন্মৃগস্য, বিষাণে তত্র শৃঙ্গে, সমজ্জত সংশ্লিষ্টং তদুভয়ং সংলগ্নমভূৎ। "অরণির্বহ্নিমন্থেঽপি" ইতি বিশ্বঃ ॥৩॥

তদিতি। তৎ অরণী মন্থশ্চেত্যুভয়ম্। আশ্রমান্তরিত আশ্রমাদ্ব্যবহিতঃ ॥৪॥

হ্রিয়েতি। তমরণীসহিতং মন্থম্। অগ্নিহোত্রস্য পরীপ্সয়া অনুষ্ঠানেচ্ছয়া ॥৫॥

অজাতেতি। অজাতশত্রুং যুধিষ্ঠিরম্। সন্তপ্তো দুঃখিতঃ ॥৬॥

মৃগয়াপ্রভৃতি করিতে থাকায় প্রচুর কষ্টভোগ করিতেন; কিন্তু সে কষ্টের পরিণামে সুখই হইত ॥২॥

একদা একটা হরিণ শৃঙ্গদ্বারা কোন তপস্বী ব্রাহ্মণের অরণী ও মন্থ (অগ্নি উৎপাদনের কাষ্ঠের নাম—অরণী এবং তাহা ঘর্ষণ করিবার দণ্ডের নাম—মন্থ) সঞ্চালন করিতেছিল; তখন সেই অরণী ও মন্থ তাহার শৃঙ্গে সংলগ্ন হইয়া পড়িল ॥৩॥

রাজা! মহাবেগশালী সেই বিশাল হরিণ ব্রাহ্মণের সেই অরণী-মন্থ লইয়াই ব্যস্ত হইয়া লাফাইতে লাফাইতে সত্বর আশ্রম হইতে দূরে চলিয়া গেল ॥৪॥

কৌরবশ্রেষ্ঠ! সেই ব্রাহ্মণ, অরণী ও মন্থ হরণ করিতে দেখিয়া অগ্নিহোত্র করিবার ইচ্ছায় সত্বর যুধিষ্ঠির প্রভৃতির নিকটে আগমন করিলেন ॥৫॥

ব্রাহ্মণ দুঃখিত হইয়া সত্বর আসিয়া ভ্রাতাদের সহিত বনে উপবিষ্ট যুধিষ্ঠিরের নিকট এই কথা বলিলেন—॥৬॥

---

(৩) শ্লোকাৎ পরম্—"তস্মিন্ প্রতিবসৎস্বেবং যৎপ্রাহঃ কুরুসত্তমাঃ। বনে ক্লেশং সুখোদর্কং তৎ প্রবক্ষ্যামি তে শৃণু ॥" এষ শ্লোকোঽভ্যধিকঃ—ব. কা নি।

অরণীসহিতং মন্থং সমাসক্তং বনস্পতৌ।
মৃগস্য ঘর্ষমাণস্য বিষাণে সমসজ্জত ॥৭॥
তমাদায় গতো রাজন্! ত্বরমাণো মহামৃগঃ।
আশ্রমাত্তূর্ণিতঃ শীঘ্রং প্লবমানো মহাজবঃ ॥৮॥
তস্য গত্বা পদং রাজন্! আসাদ্য চ মহামৃগম্।
অগ্নিহোত্রং ন লুপ্যেত তদানয়ত পাণ্ডবাঃ! ॥৯॥
ব্রাহ্মণস্য বচঃ শ্রুত্বা সন্তপ্তোঽথ যুধিষ্ঠিরঃ।
ধনুরাদায় কৌন্তেয়ঃ প্রাদ্রবদ্‌ভ্রাতৃভিঃ সহ ॥১০॥
সন্নদ্ধা ধন্বিনঃ সর্বে প্রাদ্রবন্ নরপুঙ্গবাঃ।
ব্রাহ্মণার্থে যতন্তস্তে শীঘ্রমন্বগমন্ মৃগম্ ॥১১॥
কর্ণি-নালীক-নারাচানুৎসৃজন্তো মহারথাঃ।
নাবিধ্যন্ পাণ্ডবাস্তত্র পশ্যন্তো মৃগমন্তিকাৎ ॥১২॥

ভারতকৌমুদী

অরণীতি। সমাসক্তং শাখায়াং সংলগ্নম্, বনস্পতৌ আশ্রমবৃক্ষে ॥৭॥
তমিতি। তমরণীসহিতং মন্থম্। প্লবমানো লম্ফেন বিহায়সা গচ্ছন্ ॥৮॥
তস্যেতি। পদং পদাঙ্কম্। তদানয়ত, তদা চাগ্নিহোত্রং মে ন লুপ্যেত ॥৯॥
ব্রাহ্মণস্যেতি। প্রাদ্রবৎ দ্রুতং প্রাতিষ্ঠত ॥১০॥
সন্নদ্ধা ইতি। সন্নদ্ধা ধৃতকবচাদয়ঃ। যতন্তো যতমানাঃ ॥১১॥
কর্ণীতি। মৃগং পশ্যন্তোঽপি নাবিধ্যন্ তং ব্যদ্ধুং নাশক্নুবন্ ॥১২॥

'আমার অরণী ও মন্থ আশ্রমের বৃক্ষে সংলগ্ন ছিল; একটা হরিণ শৃঙ্গদ্বারা তাহা সঞ্চালন করিতে থাকায় তাহা তাহার শৃঙ্গে সংলগ্ন হইয়াছিল ॥৭॥

রাজা! মহাবেগশালী সেই বিশাল হরিণটা তাহা লইয়া লাফাইতে লাফাইতে সত্বর আশ্রমের দূরে চলিয়া গিয়াছে! ॥৮॥

রাজা! অপর পাণ্ডবগণ! আপনারা তাহার পদাঙ্ক অনুসরণ করিয়া তাহার নিকট যাইয়া আমার সেই অরণী ও মন্থ আনয়ন করুন; তাহা হইলে আর আমার অগ্নিহোত্রের ব্যাঘাত হইবে না' ॥৯॥

কুন্তীনন্দন যুধিষ্ঠির ব্রাহ্মণের সেই কথা শুনিয়া দুঃখিত হইয়া ধনু লইয়া ভ্রাতাদের সহিত দ্রুত প্রস্থান করিলেন ॥১০॥

নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা সকলেই কবচ পরিধান করিয়া ধনু লইয়া ব্রাহ্মণের জন্য যত্নবান্ হইয়া সত্বর সেই মৃগের অনুসরণ করিলেন ॥১১॥

(৮) আবশ্যকোঽপ্যয়ং শ্লোকঃ পি নাস্তি। (৯) শ্লোকাৎ পরম্—'বৈশম্পায়ন উবাচ' পি।

তেষাং প্রযতমানানাং নাদৃশ্যত মহামৃগঃ।
অপশ্যন্তো মৃগং শ্রান্তা দুঃখং প্রাপ্তা মনস্বিনঃ ॥১৩॥
শীতলচ্ছায়মাগম্য ন্যগ্রোধং গহনে বনে।
ক্ষুৎপিপাসাপরীতাঙ্গাঃ পাণ্ডবাঃ সমুপাবিশন্ ॥১৪॥
তেষাং সমুপবিষ্টানাং নকুলো দুঃখিতস্তদা।
অব্রবীদ্ভ্রাতরং জ্যেষ্ঠমমর্ষাৎ কুরুনন্দনম্ ॥১৫॥
নাস্মিন্ কুলে জাতু মমজ্জ ধর্ম্মো ন চালস্যাদর্থলোপো বভূব।
অনুত্তরাঃ সর্ব্বভূতেষু ভূয়ঃ সম্প্রাপ্তাঃ স্ম সংশয়ং কিম্ রাজন্! ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি আরণেয়ে মৃগান্বেষণে পঞ্চষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তেষামিতি। নাদৃশ্যত তৈরেব। দুঃখং প্রাপ্তাঃ, অরণীমপ্রাপ্তেঃ ॥১৩॥
শীতলেতি। ন্যগ্রোধং বটবৃক্ষম্। ক্ষুৎপিপাসাভ্যাং পরীতাঙ্গাঃ ক্লান্তদেহাঃ ॥১৪॥
তেষামিতি। তেষাং মধ্যে। অমর্ষাৎ দুঃখক্ষোভাৎ ॥১৫॥
নেতি। অস্মিন্ অস্মদীয়ে কুলে, জাতু কদাচিদপি, ধর্ম্মো ন মমজ্জ লয়ং প্রাপ্তো বভূব :

ভারতভাবদীপঃ

অথেতি। অহ্নুক্তাঃ ব্রতিনঃ, ফলাহারাঃ ফলান্বেবাহর্ত্তুং শীলাঃ ॥১—২॥ অরণী উত্তরাধরেঽগ্নিমথনকাষ্ঠে তাভ্যাং সহিতং মন্থং নির্ম্মথনদণ্ডম্ ॥৩॥ আশ্রমাস্থরিতঃ আশ্রম-দূরগতঃ ॥৪—৮॥ পদং মার্গে চিহ্নং গত্বা প্রাপ্য তেনৈব পথা তদানয়ত ॥৯—১৫॥ ধর্ম্মো

ক্রমে মহারথ পাণ্ডবেরা নিকটে হরিণটাকে দেখিয়া কর্ণী, নালীক ও নারাচ নিক্ষেপ করিয়াও তাহাকে বিদ্ধ করিতে পারিলেন না ॥১১॥

তাঁহারা সেইরূপ চেষ্টা করিতেছিলেন, সেই অবস্থাতেই সে মহাহরিণ অদৃশ্য হইয়া গেল। তখন পরিশ্রান্ত মনস্বী পাণ্ডবেরা সে হরিণ না দেখিয়া দুঃখিত হইলেন ॥১৩॥

তখন পাণ্ডবেরা ক্ষুধা ও পিপাসায় কাতর হইয়া সেই নিবিড়-বন-মধ্যেই শীতল-ছায়া-যুক্ত একটা বটবৃক্ষের নিকটে আসিয়া উপবেশন করিলেন ॥১৪॥

তখন তাঁহাদের মধ্যে নকুল দুঃখিত হইয়া ক্ষোভবশতঃ কুরুনন্দন জ্যেষ্ঠ ভ্রাতা যুধিষ্ঠিরকে বলিলেন—॥১৫॥

(১৫)…অব্রবীদ্ভ্রাতরং শ্রেষ্ঠম্…বা ব কা। * '…অষ্টনবত্যধিকদ্বিশততমঃ…পি, '…দশাধিকত্রিশততমঃ…' বা ব, 'একাদশাধিকত্রিশততমঃ…' কা, '…দ্বাদশাধিকত্রিশততমঃ…' নি।

ষট্‌ষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ

—— :*: ——

যুধিষ্ঠির উবাচ।

নাপদামস্তি মর্য্যাদা ন নিমিত্তং ন কারণম্।
ধর্ম্মস্তু বিভজত্যর্থমুভয়োঃ পুণ্যপাপয়োঃ ॥১॥

ভারতকৌমুদী

আলস্যাচ্চ অর্থলোপঃ কার্য্যনাশো ন বভূব। হে রাজন্! সর্বভূতেষু মমৈতৎ নিষ্পাদয়েতি প্রার্থয়মানেষু সর্বলোকেষু, অস্মত্তরা ন পারয়ামীত্যেবমুত্তরেণ রহিতা অপি বয়ম্, ইদানীং ভূয়ো বহুলম্, কিন্তু সংশয়ম্ অরণীমন্থাবানেতুং শক্নুমো ন বেত্তি সন্দেহং সম্প্রাপ্তাঃ। তদ্ব্রেহীত্যাশয়ঃ ।১৬।

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্বণি আরণেয়ে পঞ্চষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ।০।

———(:*:)———

নেতি। ঈদৃশীনাম্ আপদাং মর্য্যাদা সীমা নাস্তি, ইতোঽধিকাপি ভবিতুমর্হতীতি ভাবঃ। নিমিত্তং পরঘটিতো হেতুরপি নাস্তি, কারণম্ আত্মঘটিতো হেতুরপি নাস্তি। কিন্তু ধর্ম্মঃ প্রাক্তনকর্ম্মরূপমদৃষ্টম্, স্ববিশেষরূপেণ খ্যাতয়োঃ পুণ্যপাপয়োঃ, অর্থং ফলরূপং সুখদুঃখাত্মক-বিষয়ং বিভজতি বিভজ্য দদাতি। অদৃষ্টবশাদেবাস্মাকম্ অরণীমন্থপ্রাপ্তিবিষয়ে সংশয়রূপেয়-মাপদুপস্থিতেত্যাশয়ঃ ।১।

ভারতভাবদীপঃ

ন মমত্র ধর্ম্মলোপোঽর্থলোপশ্চ নাভূৎ, আলস্যাদিত্যুপচর্য্যতে ত্বয়ি অস্মত্তরাঃ প্রতিবাক্যরহিতাঃ সর্ব্বভূতেষু কার্য্যার্থে উপস্থিতে ওমিত্যেব বদামো ন তু বাক্যান্তরমিত্যর্থঃ। সংশয়ঃ ব্রাহ্মণস্য কর্ম্মলোপনিমিত্তং দোষম্ ।১৬।

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চষষ্ট্যধিকদ্বিশততমোঽধ্যায়ঃ ।২৬৫।

'রাজা! এই বংশে কখনও ধর্ম্মলোপ হয় নাই, আলস্যবশতঃ কার্য্যনাশও হয় নাই এবং যে কোন লোক আসিয়া কার্য্যসাধনের প্রার্থনা করিলে, আমরা 'পারিব না' বলিয়া উত্তরও করি নাই। কিন্তু এখন ব্রাহ্মণের কার্য্যসাধনবিষয়ে গুরুতর সংশয়াপন্ন হইলাম কেন?' ।১৬।

———:০:———

যুধিষ্ঠির বলিলেন—এইরূপ আপদের সীমা নাই, কিংবা ঐহিক পরঘটিত

ভীম উবাচ।

প্রাতিকাম্যনয়ৎ কৃষ্ণাং সভায়াং প্রেষ্যবত্তদা।
ন ময়া নিহতস্তত্র তেন প্রাপ্তাঃ স্ম সংশয়ম্ ॥২॥

অর্জ্জুন উবাচ।

বাচস্তীক্ষ্ণাস্থিভেদিন্যঃ সূতপুত্রেণ ভাষিতাঃ।
অতিতীব্রা ময়া ক্ষান্তাস্তেন প্রাপ্তাঃ স্ম সংশয়ম্ ॥৩॥

সহদেব উবাচ।

শকুনিস্ত্বাং যদাঽজৈষীদক্ষদ্যূতেন ভারত!।
স ময়া ন হতস্তত্র তেন প্রাপ্তাঃ স্ম সংশয়ম্ ॥৪॥

বৈশম্পায়ন উবাচ।

ততো যুধিষ্ঠিরো রাজা নকুলং বাক্যমব্রবীৎ।
আরুহ্য বৃক্ষং মাদ্রেয়! নিরীক্ষস্ব দিশো দশ ॥৫॥

ভারতকৌমুদী

প্রাতীতি। প্রাতিকামী তন্নিবৃত্তৌ দুঃশাসন ইত্যর্থঃ। প্রেষ্যবৎ দাসীমিব। কর্ত্তব্যাকরণ-পাপেনৈব জনিতেয়মস্মাকমাপদিতি ভাবঃ। পরয়োরপ্যেবমূহ্যঃ ॥২॥

বাচ ইতি। তীক্ষ্ণা রুক্ষাঃ, অস্থিভেদিন্যঃ অস্থিপর্য্যন্তবিদারিণ্যঃ ॥৩॥

শকুনিরিতি। ত্বাং যুধিষ্ঠিরম্। অক্ষৈর্দ্যূতং ক্রীড়া তেন ॥৪॥

তত ইতি। নিরীক্ষস্ব, জলান্বেষণার্থমিতি ভাবঃ ॥৫॥

হেতু নাই, অথবা ঐহিক আত্মঘটিত হেতুও নাই। কিন্তু পুণ্য ও পাপরূপ অদৃষ্টই লোকের এইরূপ সুখ ও দুঃখ দিয়া থাকে' ॥১॥

ভীম বলিলেন—'সেই সময়ে দুঃশাসন দাসীর ন্যায় দ্রৌপদীকে সভামধ্যে নিয়া গিয়াছিল, তাহাকে যে আমি তখন বধ করি নাই, সেই পাপেই আমরা এই সংশয় প্রাপ্ত হইয়াছি' ॥২॥

অর্জ্জুন বলিলেন—'কর্ণ তখন অস্থিবিদারক অতিতীব্র কটু বাক্য সকল বলিয়াছিল, তাহা যে আমি সহ্য করিয়াছিলাম, তাহাতেই এই সংশয় প্রাপ্ত হইয়াছি' ॥৩॥

সহদেব বলিলেন—'ভরতনন্দন! শকুনি যখন পাশাখেলায় আপনাকে জয় করিয়াছিল, তখন তাহাকে যে আমি বধ করি নাই, তাহাতেই এই সংশয় প্রাপ্ত হইয়াছি' ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর রাজা যুধিষ্ঠির নকুলকে বলিলেন—'মাদ্রীনন্দন! কোন বৃক্ষে আরোহণ করিয়া দশ দিক্ পর্য্যবেক্ষণ কর ॥৫॥

পানীয়মস্তিকে পশ্য বৃক্ষাংশ্চাপ্যুদকাশ্রিতান্।
এতে হি ভ্রাতরঃ শ্রান্তাস্তব তাত! পিপাসিতাঃ ॥৬॥
নকুলস্তু তথেত্যুক্ত্বা শীঘ্রমারুহ্য পাদপম্।
অব্রবীদ্‌ভ্রাতরং জ্যেষ্ঠমভিবীক্ষ্য সমন্ততঃ ॥৭॥
পশ্যামি বহুলান্ রাজন্! বৃক্ষানুদকসংশ্রয়ান্।
সারসানাঞ্চ নির্হ্রাদমত্রোদকমসংশয়ম্ ॥৮॥
ততোঽব্রবীৎ সত্যধৃতিঃ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
গচ্ছ সৌম্য! ততঃ শীঘ্রং তূণৈঃ পানীয়মানয় ॥৯॥
নকুলস্তু তথেত্যুক্ত্বা ভ্রাতুর্জ্যেষ্ঠস্য শাসনাৎ।
প্রাদ্রবদ্‌যত্র পানীয়ং শীঘ্রঞ্চৈবাম্বপদ্যত ॥১০॥
স দৃষ্ট্বা বিমলং তোয়ং সারসৈঃ পরিবারিতম্।
পাতুকামস্ততো বাচমন্তরীক্ষাৎ স শুশ্রুবে ॥১১॥

ভারতকৌমুদী

পানীয়মিতি। পানীয়মস্তি ন বেতি পশ্যেত্যর্থঃ। উদকাশ্রিতান্ জলজীবিনঃ। জলাদর্শনেঽপি জলজীবিবৃক্ষদর্শনেনৈব জলসত্তানুমানসম্ভব ইতি ভাবঃ ॥৬॥

নকুল ইতি। পাদপং সান্নিধ্যাত্তং বটবৃক্ষম্। সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু ॥৭॥

পশ্যামীতি। সারসানাং জলাশ্রিতপক্ষিবিশেষাণাম্, নির্হ্রাদং রবম্ ॥৮॥

তত ইতি। সত্যধৃতির্যথার্থধৈর্য্যশালী। তূণৈঃ শূন্যতূণীরৈঃ ॥৯॥

নকুল ইতি। শাসনাদাদেশাৎ অম্বপদ্যত অলভত ॥১০॥

স ইতি। স প্রসিদ্ধঃ। পরিবারিতং পরিবেষ্টিতম্। স নকুলঃ ॥১১॥

নিকটে জল বা জলজীবী বৃক্ষ আছে কি না দেখ। কারণ, বৎস! তোমার এই ভ্রাতারা পরিশ্রান্ত ও পিপাসার্ত্ত হইয়াছেন ॥৬॥

'তাহাই হউক' এই কথা বলিয়া নকুল সত্বরই সেই বটবৃক্ষে আরোহণ করিয়া এবং সকল দিকে দৃষ্টিপাত করিয়া যুধিষ্ঠিরকে বলিলেন—॥৭॥

'রাজা! জলাশ্রিত বহুতর বৃক্ষ দেখিতেছি এবং সারসপক্ষীর রবও শুনিতেছি। সুতরাং নিশ্চয়ই এইখানে জল আছে' ॥৮॥

তাহার পর প্রকৃতধৈর্য্যশালী কুন্তীনন্দন যুধিষ্ঠির বলিলেন—'সৌম্য! সত্বর গমন কর এবং তূণে করিয়া তথা হইতে জল আনয়ন কর' ॥৯॥

'তাহাই হউক' এই কথা বলিয়া নকুল জ্যেষ্ঠ ভ্রাতার আদেশ অনুসারে যেখানে জল ছিল, সেই খানে সত্বরই গেলেন এবং জলও পাইলেন ॥১০॥

---

(১১) শ্লোকাৎ পরম্ 'বক উবাচ'—বা ব কা নি।

মা তাত ! সাহসং কার্ষীর্মম পূর্ব্বপরিগ্রহঃ ।
প্রশ্নানুক্ত্বা তু মাদ্রেয় ! ততঃ পিব হরস্ব চ ॥১২॥
অনাদৃত্য তু তদ্বাক্যং নকুলঃ সুপিপাসিতঃ ।
অপিবচ্ছীতলং তোয়ং পীত্বা চ নিপপাত হ ॥১৩॥
চিরায়মাণে নকুলে কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ।
অব্রবীদ্‌ভ্রাতরং বীরং সহদেবমরিন্দমম্ ॥১৪॥
ভ্রাতা হি চিরযাতো নঃ সহদেব ! তবাগ্রজঃ ।
তঞ্চৈবানয় সোদর্য্যং পানীয়ঞ্চ সমানয় ॥১৫॥
সহদেবস্তথেত্যুক্ত্বা তাং দিশং প্রত্যপদ্যত ।
দদর্শ চ হতং ভূমৌ ভ্রাতরং নকুলং তদা ॥১৬॥

ভারতকৌমুদী

মেতি। সাহসং জলপানায় হঠকারিতাম্। পূর্ব্বপরিগ্রহঃ পূর্ব্বাধিকৃতমিদং জলম্ ॥১২॥
অনেতি। সুপিপাসিতত্বাদেব অনাদৃত্যেতি ভাবঃ। নিপপাত ভূমৌ ॥১৩॥
চিরেতি। বীরত্বাদেবারিন্দমঃ, অরিন্দমত্বাদেব চ তৎপ্রেষণে উদ্বেগাভাব ইতি ভাবঃ ॥১৪॥
ভ্রাতেতি। অস্মাকং ভ্রাতৃত্বাত্তব চাগ্রজসোদর্য্যত্বাত্তদানয়নং সর্বথৈবোচিতমিত্যাশয়ঃ ॥১৫॥
সহেতি। অপদ্যত অগচ্ছৎ। হতং হতমিব ভূমৌ শয়িতমিত্যর্থঃ ॥১৬॥

তখন নকুল সারসপক্ষি-পরিবেষ্টিত নির্ম্মল জল দেখিয়া তাহা পান করিবার ইচ্ছা করিলেন, তখন আকাশ হইতে এই বাক্য শুনিলেন— ॥১১॥

'বৎস ! এই জল পূর্ব্ব হইতেই আমার অধিকারে রহিয়াছে; সুতরাং সাহস করিও না। তবে, মাদ্রীনন্দন ! আমার প্রশ্নের উত্তর দিয়া পরে পান কর এবং হরণ কর' ॥১২॥

নকুল অত্যন্ত পিপাসার্ত্ত ছিলেন বলিয়া সেই কথা অগ্রাহ্য করিয়া সেই শীতল জল পান করিলেন এবং পান করিয়াই ভূতলে পতিত হইলেন ॥১৩॥

নকুল বিলম্ব করিতে থাকিলে কুন্তীনন্দন যুধিষ্ঠির, বীর ও শত্রুদমনকারী ভ্রাতা সহদেবকে বলিলেন— ॥১৪॥

'সহদেব ! আমাদের ভ্রাতা এবং তোমার অগ্রজ সহোদর নকুল অনেক ক্ষণ গিয়াছেন ; অতএব তাঁহাকে আনয়ন কর এবং জলও আনয়ন কর' ॥১৫॥

'তাহাই হউক' এই কথা বলিয়া সহদেব সেই দিকে গেলেন এবং যাইয়া দেখিলেন—ভ্রাতা নকুল নিহতের ন্যায় ভূতলে শয়ন করিয়া রহিয়াছেন ॥১৬॥

(১৫)…তথৈবানয় সোদর্য্যম্…বা ব কা,…পানীয়ঞ্চ সমানয়…বা ব কা নি।

ভ্রাতৃশোকাভিসন্তপ্তস্তৃষয়া চ প্রপীড়িতঃ।
অভিদুদ্রাব পানীয়ং ততো বাগভ্যভাষত ॥১৭॥
মা তাত! সাহসং কার্ষীর্মম পূর্বপরিগ্রহঃ।
প্রশ্নানুক্ত্বা যথাকামং পিবস্ব চ হরস্ব চ ॥১৮॥
অনাদৃত্য তু তদ্বাক্যং সহদেবঃ পিপাসিতঃ।
অপিবচ্ছীতলং তোয়ং পীত্বা চ নিপপাত হ ॥১৯॥
অথাব্রবীৎ স বিজয়ং কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
ভ্রাতরৌ তে চিরগতৌ বীভৎসো! শত্রুকর্ষণ! ॥২০॥
তৌ চৈবানয় ভদ্রং তে পানীয়ঞ্চ ত্বমানয়।
ত্বং হি নস্তাত! সর্ব্বেষাং দুঃখিতানামুপাশ্রয়ঃ ॥২১॥
এবমুক্তো গুড়াকেশঃ প্রগৃহ্য সশরং ধনুঃ।
আমুক্তখড়্গো মেধাবী তৎ সরঃ প্রত্যপদ্যত ॥২২॥

ভারতকৌমুদী

ভ্রাত্রিতি। পানানন্তরমপ্রাহুসন্ধানং স্যাদিতি বিভাব্য প্রাক্ পানীয়াভিদ্রবণম্ ॥১৭॥
মেতি। পিবস্ব চ হরস্ব চ জলমিতি শেষঃ ॥১৮॥
অনাদৃত্যেতি। পিপাসা অস্য সঞ্জাতেতি পিপাসিতঃ তারকাদিত্বাদিতচ্ ॥১৯॥
অথেতি। বিজয়মর্জ্জুনম্। সম্বোধনদ্বয়েন তস্যাশ্রয়ত্বং সূচিতম্ ॥২০॥
তাবিতি। তে তব ভদ্রং মঙ্গলমস্তু। উপাশ্রয়ঃ অবলম্বনম্ ॥২১॥

তখন সহদেব ভ্রাতৃশোকে অত্যন্ত সন্তপ্ত এবং তৃষ্ণায় প্রপীড়িত হইয়া জলের দিকে ধাবিত হইলেন; তাহার পর একটা বাক্য ইহা বলিল—॥১৭॥

'বৎস! এই জল পূর্ব্ব হইতেই আমার অধিকারে রহিয়াছে; সুতরাং সাহস করিও না। তবে, আমার প্রশ্নের উত্তর বলিয়া ইচ্ছানুসারে জল পান কর এবং জল লইয়া যাও' ॥১৮॥

পিপাসার্ত্ত সহদেব সে বাক্য অগ্রাহ্য করিয়া শীতল জল পান করিলেন এবং পান করিয়াই ভূতলে পতিত হইলেন ॥১৯॥

তাহার পর কুন্তীনন্দন যুধিষ্ঠির অর্জ্জুনকে বলিলেন—'বীভৎসু! শত্রুদমন! তোমার ভ্রাতারা অনেকক্ষণ গিয়াছে ॥২০॥

তুমি তাহাদিগকে আনয়ন কর এবং জলও আনয়ন কর। বৎস! আমরা দুঃখী; সুতরাং তুমিই আমাদের সকলের আশ্রয়। তোমার মঙ্গল হউক' ॥২১॥

